(১০) সাধারণ সভা করিবার পূর্ব্বে অতি ন্যূন সাত দিন থাকিতে সংভূয়কারিদিগকে উক্ত প্রকার সভা করিবার স্থানের ও দিনের ও ঘন্টার সম্বাদ এবং যদি বিশেষ কর্ম্ম থাকে, তবে সেই কর্ম্মের সাধারণ ভাব নিম্ন লিখিত প্রকারে কিম্বা কোম্পানি সাধারণ সভা করিয়া অন্য যে নিয়ম নির্দ্ধার্য্য করেন সেই নিয়মানুসারে সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু কোন সংভূয়কারী সেই সম্বাদপ্রাপ্ত হন নাই বলিয়া কোন সাধারণ সভাকৃত কার্য্য অসিদ্ধ হইবে না।

(১১) অতিরিক্ত সভাতে যে কার্য্য সম্পাদন হয় তাহা বিশেষ জ্ঞান হইবে। নিয়মিত সভাতেও হিসাব ও উদ্বর্তপত্র ও কার্য্যাধ্যক্ষদের নিয়মিত রিপোর্ট ভিন্ন যে কার্য্য করা যায় তাহাও বিশেষ জ্ঞান হইবে।

(১২) যত জন সভাগত হইলে কার্য্যসম্পাদনের ক্ষমতা বর্ত্তে কার্য্যের প্রারম্ভে তত জন উপস্থিত না হইলে, কোন সভাতে ডিবিডেণ্ড অর্থাৎ ভাগ্য টাকা নিরূপণ ভিন্ন কোন কার্য্য সম্পাদন হইবে না। যত জনের উপস্থানে কার্য্য সম্পাদন হইতে পারিবে, তাহা নির্ণয়ের বিধি এই। সভাকরণ সময়ে যদি কোম্পানির দশ জনের অধিক সংভূয়কারী না থাকেন, তবে পাচ জন, যদি দশজনের অধিক থাকেন, তবে তদূর্দ্ধ পঞ্চাশ পর্য্যন্ত পাঁচ২ জন প্রতি এক জন, ও পঞ্চাশের ঊর্দ্ধ দশ জন প্রতি এক জন উপস্থিত হইলে কার্য্য সাধন হইতে পারিবে। কিন্তু কর্ম্মসম্পাদনের জন্যে কোন গতিকে ত্রিশ জনের অধিক উপস্থিত হইবার আবশ্যক হইবে না।

(১৩) যত জনের উপস্থানে কার্য্য সাধন হইতে পারে, যদি সভা করিবার নিরূপিত সময়াবধি এক ঘন্টার মধ্যে তত জন উপস্থিত না হন, তবে সংভূয়কারিদের আদেশমতে সভা হইলে সেই সভা ভঙ্গ হইবে। অন্য স্থলে, আগামি সপ্তাহের সেই দিনে সেই সময়ে সেই স্থানে পুনশ্চ সভা হইবে। সেই অন্য দিনেও যদি কার্য্যসাধনের উপযুক্ত সংখ্যার লোক উপস্থিত না হন, তবে অনির্দ্দিষ্ট দিনপর্য্যন্ত সভা স্থগিত থাকিবে।

(১৪) কার্য্যাধ্যক্ষদের সভাপতি থাকিলে তিনি কোম্পানির প্রত্যেক সাধারণ সভায় আধিপত্য করিবেন।

(১৫) যদি সভাপতি না থাকেন কিম্বা থাকিলেও যদি সভা করণ কালে তিনি উপস্থিত না হন, তবে যে সংভূয়কারিগণ উপস্থিত থাকেন তাঁহারা সভার আধিপত্য করণার্থে আপনারদের এক জনকে মনোনীত করিবেন।

(১৬) সভাপতি সভাগত ব্যক্তিদের অনুমতি লইয়া সভার কার্য্য স্থগিত রাখিয়া তৎসম্পাদনের অন্য সময় ও স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু পূর্ব্বসভার যে কার্য্য স্থগিত হইয়াছে তদ্ভিন্ন উক্ত দিনান্তরের নিরূপিত সভায় অন্য কার্য্য সম্পাদন হইবে না।

(17.) At any General Meeting, unless a poll is demanded by at least five members, a declaration by the Chairman that a Resolution has been carried, and an entry to that effect in the book of proceedings of the Company, shall be sufficient evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favour or against such Resolution.

(18.) If a poll is demanded in manner aforesaid, the same shall be taken in such manner as the Chairman directs; and the rusult of such poll shall be deemed to be the Resolution of the Company in General Meeting.

Votes of Members.

(19.) Every member shall have one vote and no more.

(20.) If any member is a lunatic or idiot, he may vote by his Committee or other legal Curator: if any member is a minor, he may vote by his guardian or any one of his guardians if more than one.

(21.) No member shall be entitled to vote at any meeting unless all monies due from him to the Company have been paid.

(22.) Votes may be given either personally or by proxies. A proxy shall be appointed in writing under the hand of the appointor, or if such appointor is a Corporation, under its common seal.

(23.) No person shall be appointed a proxy who is not a member, and the instrument appointing him shall be deposited at the registered Office of the Company not less than forty-eight hours before the time of holding the meeting at which he proposes to vote.

(24.) Any instrument appointing a proxy shall be in the following form:—

COMPANY LIMITED.

I of
being a member of the
Company Limited, hereby appoint
of as my proxy, to vote for me and on my behalf at the [Ordinary or Extraordinary, *as the case may be*] General Meeting of the Company to be held on the day of , and at any adjournment thereof to be held on the day of next [*or* at any meeting of the Company that may be held in the year .]

As witness my hand, this
day of

Signed by the said in the presence of

(১৭) কোন সাধারণ সভাতে যদি অন্যূন পাঁচ জন সংভূয়কারী কোন কার্য্যের সপক্ষ ও বিপক্ষ লোক সংখ্যা করিবার আদেশ না করেন, তবে কোন নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে সভাপতির এই উক্তি এবং কোম্পানির নির্ব্বাহিত কর্ম্মপুস্তকে সেই মর্ম্মের লিখিত কথা ঐ বিষয়ের প্রচুর প্রমাণ হইবে। সেই নির্দ্ধারণের সপক্ষ বিপক্ষ কত জন হইয়াছে ও কত অভিমত প্রকাশ হইল ইহার প্রমাণ লওয়া আবশ্যক নাই।

(১৮) যদি পাঁচ কি অধিক জন সংভূয়কারী কোন নির্দ্ধারণের সপক্ষ ও বিপক্ষ লোকেরদের সংখ্যা গ্রহণ করিবার আদেশ করেন, তবে সভাপতি যদ্রূপে আজ্ঞা করেন লোক সংখ্যা তদ্রূপে গৃহীত হইবে এবং সাধারণ সভাতে ঐ লোক সংখ্যা গ্রহণের উত্তরফল কোম্পানির নির্দ্ধারণ জ্ঞান হইবে।

সংভূয়কারিদের অভিমতের কথা।

(১৯) প্রত্যেক সংভূয়কারির একি অভিমত প্রকাশ করিবার ক্ষমতা থাকিবে অধিক নয়।

(২০) যদি কোন সংভূয়কারী ক্ষিপ্ত কি জড় হন, তবে আপন কমিটী কি আইনমতে নিযুক্ত অন্য রক্ষকের দ্বারা অভিমত জ্ঞাত করিতে পারিবেন, যদি কোন সংভূয়কারী অপ্রাপ্ত বয়স্ক হন, তবে স্বীয় অভিভাবকদ্বারা কিম্বা দুই কি অধিক অভিভাবক থাকিলে কোন এক জনের দ্বারা অভিমত জ্ঞাত করিতে পারিবেন।

(২১) সংভূয়কারির নিকটে কোম্পানির প্রাপ্য সমস্ত টাকা শোধ না হইলে তিনি কোন সভাতে অভিমত জ্ঞাত করিতে পারিবেন না।

(২২) অভিমত স্বয়ং কি প্রতিনিধির দ্বারা জ্ঞাত করা যাইতে পারিবে। প্রতিনিধিকে নিযুক্ত করিবার লেখ্য লিখিত হইয়া নিয়োগ কর্ত্তার দ্বারা স্বাক্ষরিত হইবে। যদি নিযোগকর্ত্তৃগণ সমবায়িত লোক হন তবে তাঁহারদের সাধারণ মোহরাঙ্কিত হইবে।

(২৩) যে ব্যক্তি কোম্পানির সংভূয়কারী না হন তিনি প্রতিনিধিস্বরূপে নিযুক্ত হইতে পারিবেন না। প্রতিনিধিকে নিযুক্ত করণার্থ লেখ্যতে যে ব্যক্তির নাম ব্যক্ত হইয়াছে তিনি যে সভাতে অভিমত জ্ঞাত করিতে ইচ্ছুক আছেন, সেই সভা হইবার সময়ের পূর্ব্বে অন্যূন ৪৮ ঘন্টা থাকিতে সেই লেখ্য কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ে অর্পিত হইবে।

(২৪) প্রতিনিধি নিযুক্ত করণার্থ লেখ্য এই পাঠে লিখিতব্য।

অমুক কোম্পানি লিমিটেড।

দায়ের সীমাবদ্ধ অমুক কোম্পানির সংভূয়কারি অমুক স্থানবাসি আমি শ্রীঅমুক এই পত্রদ্বারা অমুক স্থানবাসি শ্রীঅমুককে আমার প্রতিনিধি নিযুক্ত করিলাম। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কোম্পানির (নিয়মিত কি বিষয় বিশেষে অতিরিক্ত) যে সাধারণ সভা হইবে, কিম্বা সেই দিন স্থগিত হইয়া আগামি অমুক মাসের অমুক তারিখে যে সভা হইবে কিম্বা অমুক সালের মধ্যে কোম্পানির অন্য যে সভা হইবে, তাহাতে তিনি আমার নিমিত্তে ও আমার পক্ষ হইয়া অভিমত জ্ঞাত করিতে পারিবেন।

ইহার সাক্ষিস্বরূপ আমার এই স্বাক্ষর অমুক সালের অমুক মাসের অমুক তারিখে করা গেল।

উক্ত শ্রীঅমুক নিম্ন লিখিত ব্যক্তিদের সাক্ষাতে স্বাক্ষর করিলেন।

Directors.

(25.) The number of the Directors and the names of the first Directors shall be determined by the subscribers of the memorandum of association.

(26.) Until Directors are appointed, the subscribers of the memorandum of association shall be deemed to be Directors.

Powers of Directors.

(27.) The business of the Company shall be managed by the Director, who may exercise all such powers of the Company as are not hereby required to be exercised by the Company in General Meeting; but no regulation made by the Company in General Meeting shall invalidate any prior act of the Directors which would have been valid if such regulation had not been.

Election of Directors.

(28.) The Directors shall be elected annually by the Company in General Meeting.

Business of Company.

(Here insert rules as to mode in which business of insurance is to be conducted.)

Accounts.

(29.) The accounts of the Company shall be audited by a Committee of five members, to be called the Audit Committee.

(30.) The first Audit Committee shall be nominated by the Directors out of the body of members.

(31.) Subsequent Audit Committees shall be nominated by the members at the Ordinary General Meeting in each year.

(32.) The Audit Committee shall be supplied with a copy of the balance sheet, and it shall be their duty to examine the same with the accounts and vouchers relating thereto.

(33.) The Audit Committee shall have a list delivered to them of all books kept by the Company, and they shall at all reasonable times have access to the books and accounts of the Company. They may, at the expense of the Company, employ Accountants or other persons to assist them in investigating such accounts, and they may in relation to such accounts examine the Directors or any other Officers of the Company.

(34.) The Audit Committee shall make a report to the members upon the balance-sheet and accounts, and in every such report they shall state whether, in their opinion, the balance-sheet is a full and fair balance-sheet containing the particulars required by these regulations of of the Company, and properly drawn up, so as to exhibit a true and correct view of the state of the Company's affairs, and in case

কার্য্যাধ্যক্ষগণের কথা।

(২৫) যত জন কর্ম্মাধ্যক্ষ হইবেন ও কেং হইবেন, এই কথা সংস্থিতিপত্রের স্বাক্ষরকারিগণ নির্দ্ধার্য্য করিবেন।

(২৬) কার্য্যাধ্যক্ষগণের নিযুক্ত না হওনপর্য্যন্ত সংস্থিতিপত্রের স্বাক্ষরকারিগণ কার্য্যাধ্যক্ষ জ্ঞান হইবেন।

কার্য্যাধ্যক্ষদের ক্ষমতার কথা।

(২৭) কার্য্যাধ্যক্ষেরা কোম্পানির কর্ম্মসম্পাদন করিবেন এবং এই আইনেতে কোম্পানির সাধারণ সভার যে ক্ষমতাক্রমে কার্য্য করিবার আদেশ হইয়াছে তদ্ভিন্ন তাঁহারা কোম্পানির সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু যদি কার্য্যাধ্যক্ষেরা কোন এক কর্ম্ম করেন ও পশ্চাৎ কোম্পানি সাধারণ সভা করিয়া কোন বিধি করেন, তবে সেই বিধি না হইলে ঐ কর্ম্ম যাদৃশ সিদ্ধ হয় তাদৃশ সিদ্ধ হইবে।

কার্য্যাধ্যক্ষদিগকে মনোনীত করণের কথা।

(২৮) কোম্পানি সাধারণ সভা করিয়া বৎসরেং কার্য্যাধ্যক্ষদিগকে মনোনীত করিবেন।

কোম্পানির কর্ম্মের কথা।

(জাহাজের ক্ষতির প্রতিবিধান যে নিয়মমতে করা যাইবে তাহার বিধি এই স্থলে লিখিতব্য।

হিসাবের কথা।

(২৯) পাঁচ জন সংভূয়কারী কমিটী হইয়া কোম্পানির হিসাবের পর্য্যালোচনা করিবেন। তাঁহারা আডিট কমিটী নামে খ্যাত হইবেন।

(৩০) কার্য্যাধ্যক্ষেরা সংভূয়কারিদের মধ্যহইতে প্রথম আডিট কমিটী মনোনীত করিবেন।

(৩১) তৎপশ্চাৎ যাঁহারা আডিট কমিটী হইবেন তাঁহাদিগকে সংভূয়কারিগণ নিয়মিত সাধারণ সভায় মনোনীত করিবেন।

(৩২) আডিট কমিটীকে উদ্বর্ত্ত টাকার পত্র দেওয়া যাইবে ও তাঁহারা তৎসম্পর্কীয় হিসাব ও প্রমাণপত্র সহিত ঐ উদ্বর্ত্ত টাকার পত্রের পর্য্যালোচন করিবেন।

(৩৩) কোম্পানি যে সকল বহী রাখেন তাহার নামাবলি আডিট কমিটীকে দেওয়া যাইবে, এবং তাঁহারা যুক্তিসিদ্ধ কোন সময়ে কোম্পানির বহী ও খাতা দেখিতে পাইবেন। আরো সেই হিসাবের অনুসন্ধান কার্য্যেতে তাঁহারা আপনাদের সাহায্য করণার্থে কোম্পানির অর্থব্যয়ে হিসাবিদিগকে কি অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে, এবং সেই হিসাব সম্পর্কে কর্ম্মাধ্যক্ষদের কি কোম্পানির অন্য কর্ম্মকারকের পরীক্ষা লইতে পারিবেন।

(৩৪) আডিটরেরা সংভূয়কারিদের নিকটে ঐ উদ্বর্ত্ত পত্র ও হিসাবের রিপোর্ট করিবেন, এবং ঐ উদ্বর্ত্তপত্র তাঁহাদের বিবেচনায় সম্পূর্ণ ও যথার্থ উদ্বর্ত্তপত্র, ও এই আইনেতে যেং বর্ণনার আদেশ হইয়াছে তাহা তাহাতে আছে, ও কোম্পানির বিষয়ব্যাপারের অবস্থার সত্য ও যথার্থ ভাব যাহাতে দৃষ্ট হয় এমতে ঐ উদ্বর্ত্তপত্র উপযুক্তরূপে প্রস্তুত হইয়াছে কি না ও যদি তাঁহারা কার্য্যাধ্যক্ষদের স্থানে কোন বিষয়ের ব্যাখ্যা কি সন্ধান চাহিয়া থাকেন, তবে কার্য্যাধ্যক্ষেরা সেই

they have called for explanations or information from the Directors, whether such explanations or information have been given by the Directors, and whether they have been satisfactory; and such report shall be read together with the report of the Directors at the Ordinary Meeting.

ব্যাখ্যা কি সন্ধান দিয়াছেন কি না, ও তাহা সন্তোষজনক হইয়াছে কি না, এই সকল কথাও তাঁহারা রিপোর্টে লিখিবেন। সেই রিপোর্ট কার্য্যাধ্যক্ষদের রিপোর্টসহিত নিয়মিত সভায় পাঠ হইবে।

Notices.

(35.) A notice may be served by the Company upon any member, either personally or by sending it through the Post in a letter addressed to such member at his registered place of abode.

(36.) Any notice, if served by Post, shall be deemed to have been served at the time when the letter containing the same would be delivered in the ordinary course of the Post; and in proving such service, it shall be sufficient to prove that the letter containing the notice was properly addressed and put in to the Post Office.

বিজ্ঞাপনের কথা।

(৩৫) কোন সংভুয়কারির প্রতি কোম্পানির জ্ঞাপনপত্র পর্য্যর্পণ করিতে হইলে তাহা স্বয়ং তাঁহাকেই দিয়া কিম্বা পত্রের শিরোনামায় তাহার নাম ও রেজিষ্টরী বাসস্থান লিখিয়া ডাকযোগে পাঠাইয়া তাঁহার প্রতি পর্য্যপণ করিবেন।

(৩৬) যদি জ্ঞাপনপত্র ডাকদ্বারা পর্য্যর্পিত হয়, তবে ডাকের পত্র রীতিমতে দেওনকালে ঐ বিজ্ঞাপনসূচক পত্র যে সময়ে দেওয়া যায় ঐ জ্ঞাপনপত্র সেই সময়ে পর্য্যর্পণ হইল জ্ঞান হইবে। এবং ঐ জ্ঞাপনপত্র যে খামে দেওয়া গিয়াছিল তাহার শিরোনামা উপযুক্তমতে লিখিত হইয়া ডাকে দেওয়া গিয়াছিল ইহার প্রমাণ ঐ পত্র পর্য্যর্পণ হইবার যথোচিত প্রমাণ হইবে।

Winding-up.

(37.) The Company shall be wound up voluntarily whenever an Extraordinary Resolution, as defined by the Indian Companies' Act, 1866, is passed, requiring the Company to be wound up voluntarily.

কর্ম্ম বন্দ করণের কথা।

(৩৭) ১৮৬৬ সালের ভারতবর্ষীয় কোম্পানির আইনেতে অতিরিক্ত নির্দ্ধারণ শব্দের যে অর্থ করা গিয়াছে সেই অর্থানুসারে কোম্পানি স্বেচ্ছাক্রমে স্বীয় কর্ম্ম বন্দ করণের নির্দ্ধারণ করিলে কোম্পানি স্বেচ্ছাক্রমে বন্দ করা যাইবে।

Names, Addresses, and Descriptions of Subscribers.

1.	A. B.	of	... ...	Merchant.
2.	C. D.	of	... ...	"
3.	E. F.	of	... ..	"
4.	G. H.	of	... ...	"
5.	I. J.	of	.. ...	"
6.	K. L.	of	... ...	"
7.	M. N.	of	... ...	"

Dated the day of 18 .

Witness to the above signatures.

O. P. of

স্বাক্ষরকারিদের নাম ও নিবাস ও ব্যবসায়াদি।

১।	ক খ	সাং	...	বণিক।
২।	গ ঘ	সাং	...	ঐ
৩।	চ ছ	সাং	...	ঐ
৪।	জ ঝ	সাং	...	ঐ
৫।	ট ঠ	সাং	...	ঐ
৬।	ড ঢ	সাং	...	ঐ
৭।	ত থ	সাং	...	ঐ

সাল তাং

উক্ত স্বাক্ষর করণের সাক্ষী।

দ ধ সাং।

FORM. C.

Memorandum and Articles of Association of a Company limited by guarantee, and having a capital divided into shares.

Memorandum of Association.

1st.—The name of the Company is "The Hotel Company, Limited."

2nd.—The registered Office of the Company will be situate in

3rd.—The objects for which the Company is established are "the facilitating travelling in by providing hotels and conveyances by sea and by land for the accommodation of travellers, and the doing all such other things as are incidental or conducive to the attainment of the above object."

C চিহ্নিত পাঠ।

প্রাতিভাব্যক্রমে দায়ের সীমাবদ্ধ যে কোম্পানির মূলধন অংশাংশে বিভক্ত হয় তাহার সংস্থিতিপত্র ও সংস্থিতির নিয়মপত্র।

সংস্থিতিপত্র।

১। কোম্পানির নাম এই "অমুক হোটেল কোম্পানি লিমিটেড।"

২। কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় অমুক স্থানে হইবে।

(৩) কোম্পানি সংস্থাপন করিবার অভিপ্রায় এই২। "পথিকেরদের বিশ্রামার্থে পান্থশালাকরণ এবং জল ও স্থলপথে তাহাদের গমনোপায় করণদ্বারা অমুক দেশে পথিকদিগের গমনাগমনের সুবিধা করণ ও সেই অভিপ্রায়ের সাধন সম্পর্কে ও তদর্থে যে সকল কার্য্য আবশ্যক হয় তৎসম্পাদন।"

4th. Every member of the Company undertakes to contribute to the assets of the Company, in the event of the same being wound up during the time that he is a member or within one year afterwards, for payment of the debts and liabilities of the Company contracted before the time at which he ceases to be a member, and the costs, charges and expenses of winding-up the same, and for the adjustment of the rights of the contributories amongst themselves, such amount as may be required not exceeding Rs. 200.

৪। প্রত্যেক সংভূয়কারী এই প্রতিজ্ঞা করিতেছেন যে, আমি যত কাল সংভূয়কারি পদে থাকি ততকালের কিম্বা তৎপরে এক বৎসরের মধ্যে যদি কোম্পানির কর্ম্ম বন্ধ করিতে হয়, তবে আমার সংভূয়কারিত্ব পদ বিরহিত হওনের পূর্ব্বে কোম্পানি যে সকল ঋণ ও দায়গ্রস্ত ছিল তাহার পরিশোধার্থে ও তাহা বন্ধ করিবার খরচ ও পারিশ্রমিক ও ব্যয় পরিশোধ এবং ঋণ দাতাদের পরস্পর স্বত্বের সামঞ্জস্য করিবার নিমিত্তে দুই শত টাকার অনধিক যত টাকা আমাকে দিবার আদেশ হয় আমি কোম্পানির স্থিত বর্দ্ধনার্থে তত টাকা দিব।

We, the several persons whose names and addresses are subscribed, are desirous of being formed into a Company in pursuance of this memorandum of association.

সংস্থিতিপত্রের উক্ত নিয়মানুসারে আমরা কোম্পানিস্বরূপ সম্বদ্ধ হইতে বাঞ্ছা করি। আমারদের নাম ও নিবাসাদি নিম্ন ভাগে লেখা যাইতেছে।

Names, Addresses, and Descriptions of Subscribers.

1. A. B. of
2. C. D. of
3. E. F. of
4. G. H. of
5. I. J. of
6. K. L. of
7. M. N. of

Dated the *day of* 18 .

Witness to the above signatures.

O. P. of

স্বাক্ষরকারিদের নাম ও নিবাস ও ব্যবসায়াদি।

১। শ্রী ক খ সাং
২। শ্রী গ ঘ সাং
৩। শ্রী চ ছ সাং
৪। শ্রী জ ঝ সাং
৫। শ্রী ট ঠ সাং
৬। শ্রী ড ঢ সাং
৭। শ্রী ত থ সাং

সাল তাং

উক্ত স্বাক্ষর করণের সাক্ষী

শ্রী দ ধ। সাং

Articles of the Association to accompany preceeding Memorandum of Association.

পূর্ব্বোক্ত সংস্থিতিপত্র সহিত সংস্থিতির যে নিয়মপত্র দিতে হইবে তাহা।

1. The capital of the Company shall consist of five lakhs of Rupees divided into five thousand shares of one hundred Rupees each.

১। কোম্পানির মূলধন পাঁচ লক্ষ টাকা, তাহা এক শত টাকা করিয়া পাঁচ সহস্র অংশে বিভক্ত হ

2. The Directors may, with the sanction of the Company in general meeting, reduce the amount of shares.

২। কার্য্যাধ্যক্ষেরা সাধারণ সভাগত কোম্পানির অনুমতিক্রমে অংশের সংখ্যা ন্যূন করিতে পারিবেন।

3. The Directors may, with the sanction of the Company in general meeting, cancel any shares belonging to the Company.

৩। কার্য্যাধ্যক্ষেরা সাধারণ সভাগত কোম্পানির অনুমতিক্রমে কোম্পানির কোন অংশ রহিত করিতে পারিবেন।

4. All the Articles of Table A shall be deemed to be incorporated with these Articles and to apply to the Company.

৪। A চিহ্নিত টেবিলের সকল নিয়ম এই নিয়মেতে সংযুক্ত হইয়া কোম্পানির প্রতি বর্ত্তে এমত জ্ঞান হইবে।

We, the several persons whose names and addresses are subscribed, agree to take the number of

আমরা আপনারদের নাম ও নিবাসাদি নিম্নে স্বাক্ষর করিলাম ও আমাদের নামের পার্শ্বে যত অংশ

shares in the capital of the Company set opposite our respective names.

Names, addresses, and descriptions of subscribers.	Number of shares taken by each subscriber.
1. A. B. of	
2. C. D. of	
3. E. F. of	
4. G. H. of	
5. I. J. of	
6. K. L. of	
7. M. N. of	

Total shares taken

Dated the *day of* 186 .

Witness to the above signatures.

O. P. of

Memorandum and Articles of Association of an unlimited Company having a capital divided into shares.

Memorandum of Association.

1*st.*—The name of the Company is "The Patent Company."

2*nd.*—The registered Office of the Company will be situated in

3*rd.*—The objects for which the Company is established are "the working of a patent method of , of which method O. P. of is the sole patentee."

We, the several persons whose names are subscribed, are desirous of being formed into a Company in pursuance of this Memorandum of Association.

Names, Addresses, and Descriptions of Subscribers.

1. A. B. of
2. C. D. of
3. E. F. of
4. G. H. of
5. I. J. of
6. K. L. of
7. M. N. of

Dated the *day of* 186 .

Witness to the above signatures.

Q. R. of

লেখা হইয়াছে আমরা কোম্পানির মূলধনের তত অংশ গ্রহণ করিতে সম্মত হইয়াছি।

স্বাক্ষরকারিদের নাম ও নিবাস ও ব্যবসায়াদি।	স্বাক্ষরকারি প্রত্যেক জন যত অংশ লইয়াছেন।
১ ক খ সাং	
২ গ ঘ ,,	
৩ চ ছ ,,	
৪ জ ঝ ,,	
৫ ট ঠ ,,	
৬ ড ঢ ,,	
৭ ত থ ,,	

মোটে যত অংশ লওয়া যায়।

সাল তাং

উক্ত স্বাক্ষরকরণের সাক্ষী।

দ ধ সাং

যে কোম্পানির দায় সীমা বদ্ধ নয় ও যাহার মূলধন অংশাংশে বিভক্ত হইয়াছে তাহার সংস্থিপত্র ও সংস্থির নিয়মপত্র।

সংস্থিপত্র এই।

১। কোম্পানির নাম এই "পেটেন্ট কোম্পানি।"

২। কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয় অমুক স্থানে হইবে।

৩। অমুক স্থানবাসি শ্রী দ ধ একক অমুক শিল্প কর্ম্ম করিবার কলের পেটেন্ট লইয়াছেন সেই পেটেন্ট নিয়মানুসারে ঐ কর্ম্ম সম্পাদন করা এই কোম্পানি সংস্থাপনের অভিপ্রায়।

নিম্নে স্বাক্ষরকারি আমরা এই সংস্থিপত্রানুসারে কোম্পানি হইতে চাছি।

স্বাক্ষরকারিদের নাম ও নিবাস ও ব্যবসায়াদি।

১। ক খ সাং
২। গ ঘ সাং
৩। চ ছ সাং
৪। জ ঝ সাং
৫। ট ঠ সাং
৬। ড ঢ সাং
৭। ত থ সাং

সাল তাং

উক্ত স্বাক্ষর করণের সাক্ষী।

প ফ সাং

Articles of Association to accompany the preceding memorandum of association.

Capital of the Company.

The capital of the Company is twenty thousand Rupees divided into twenty shares of one thousand Rupees each.

Application of Table A.

All the Articles of Table A shall be deemed to be incorporated with these Articles, and to apply to the Company.

We, the several persons whose names and addresses are subscribed, agree to take the number of shares in the capital of the Company set opposite our respective names.

Names, addresses, and descriptions of subscribers.	Number of shares taken by subscribers.
1. A. B. of	
2. C. D. of	
3. E. F. of	
4. G. H. of	
5. I. J. of	
6. K. L. of	
7. M. N. of	

Total shares taken

Dated the *day of* 186 .

Witness to the above signatures.

Q. R. of

পূর্ব্বোক্ত সংস্থাপিত্র সহিত সংস্থাপিত্র যে নিয়মপত্র দিতে হইবে তাহা এই।

কোম্পানির মূলধন।

কোম্পানির মূলধন ২০,০০০৲ টাকা। তাহা এক২ সহস্র টাকার বিশ অংশে বিভক্ত হইয়াছে।

A চিহ্নিত টেবিলের কথা বর্ত্তিবার কথা।

A চিহ্নিত টেবিলের সকল নিয়ম এই নিয়মে সংযুক্ত হইয়া কোম্পানির প্রতি বর্ত্তে এমত জ্ঞান হইবে।

নিম্নলিখিত আমরা আপন২ নামের পার্শ্বে যত অংশ লিখিয়াছি কোম্পানির মূলধনের তত অংশ লইতে সম্মত হইয়া নিম্নভাগে আপনাদের নাম ও বাসাদি স্বাক্ষর করিলাম।

স্বাক্ষরকারিদের নাম ও বাস ও ব্যবসায়াদি।	স্বাক্ষরকারিরা যত অংশ গ্রহণ করিয়াছেন।
১ ক খ সাং	
২ গ ঘ সাং	
৩ চ ছ সাং	
৪ জ ঝ সাং	
৫ ট ঠ সাং	
৬ ড ঢ সাং	
৭ ত থ সাং	

মোটে যত অংশ লওয়া গেল।

সাল তাং

উক্ত স্বাক্ষর করণের সাক্ষী।

প ফ সাং

FORM E. As required by the Second Part of the Act.

ummary of Capital and Shares of the Company made up to the day of

Nominal Capital Rs. divided into shares of Rs. each

Number of Shares taken up to the day of

There has been called up on each Share Rs.

Total amount of calls received Rs.

Total amount of calls unpaid Rs.

List of persons holding shares in the Company on the day of and of persons who have held Shares therein at any time during the year immediately preceding the said day of , showing their names and addresses and an account of the Shares so held.

Folio in Register Ledger containing particulars.	Names, Addresses and Occupations.					Account of Shares.				Remarks.
	Surname.	Christian Name.	Address.	Occupation.	Shares held by existing members on the day of	Additional Shares held by existing members during preceding year.		Shares held by person no longer members.		
						Number.	Date of transfer.	Number.	Date of transfer.	

E চিহ্নিত পাঠ। আইনের দ্বিতীয় খণ্ডের আদেশক্রমে।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত অমুক কোম্পানির মূলধনের ও অংশের সার সংক্ষেপ।

ব্যক্ত মূলধন টাকা। টাকা করিয়া অংশে বিভক্ত।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত যত অংশ লওয়া গিয়াছে।

প্রত্যেক অংশোপলক্ষে টাকা দিবার আদেশ হইয়াছে।

আদেশানুসারে প্রাপ্ত টাকা।

আদেশ হইলেও অদত্ত টকা।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যাঁহারা অমুক কেম্পানির অংশী হন, এবং উক্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্ব দ্বাদশ মাসের মধ্য কোন সময়ে যাঁহারা ঐ কোম্পানিতে অংশী হন তাঁহাদের নাম ও বাসাদি ও যত অংশের অংশী হন।

যে রেজিষ্টর লেজরে বর্ণনা লিখিত হইয়াছে তাহার কোলিও	নাম ও বাসস্থান ও ব্যবসায়াদি।				অংশের বর্ণনা।					মন্তব্য।
						গত বৎসরে বর্ত্তমান অংশিদের অধিক যেং অংশ ছিল।		যাঁহারা এখন অংশী নহেন তাঁহারদের অংশ।		
	উপনাম।	নাম	নিবাস।	ব্যবসায়াদি।	অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বর্ত্তমান অংশিদের যত অংশ।	নম্বর।	হস্তান্তর করিবার তারিখ।	নম্বর।	হস্তান্তর করিবার তারিখ।	

THIRD SCHEDULE.

Number and date of Act.	Title of Act.
No. XLIII of 1850	An Act for the Regulation of Joint Stock Companies.
No. XIX. of 1857	An Act for the Incorporation and Regulation of Joint Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.
No. VII of 1860	An Act to enable Joint Stock Banking Companies to be formed on the principle of limited liability.

THE INDIAN COMPANIES' ACT, 1866.

ARRANGEMENT of SECTIONS.

Preliminary.

Section.

1. Short title.
2. Commencement of Act.
3. Interpretation Clause.
4. Prohibition of partnerships exceeding certain number.
5. Division of Act.

PART I.

Constitution and Incorporation of Companies and Associations under this Act.

Memorandum of Association.

6. Mode of forming Company.
7. Mode of limiting liability of Members.
8. Memorandum of association of a Company limited by shares.
9. Memorandum of association of a Company limited by guarantee.
10. Memorandum of association of an unlimited Company.
11. Stamp, signature and effect of memorandum of association.
12. Power of certain Companies to alter memorandum of association.
13. Power of Companies to change name.

তৃতীয় তফসীল।

আইনের সাল ও নম্বর।	আইনের নাম।
১৮৫০ সা. ৪৩ আইন।	জাইন্টষ্টাক কোম্পানির নিয়ম নির্দ্ধারণের আইন।
১৮৫৭ সা. ১৯ আইন।	জাইন্টষ্টাক কোম্পানির ও অন্যং সমাজের অন্তঃপাতি লোকেরদের দায় সীমাযুক্ত করিয়া কি না করিয়া ঐং কোম্পানিকে ও সমাজকে চার্টর দিবার ও তাহারদের বিধান করিবার আইন।
১৮৬০ সা. ৭ আইন।	জাইন্টষ্টাক ব্যাঙ্কের কোম্পানিকে সীমাযুক্ত দায়ের নিয়মে বদ্ধ হইবার বিধান করিবার আইন।

ভারতবর্ষের কোম্পানির ১৮৬৬ সালের আইন।

নির্ঘন্ট।

পরিভাষা।

১। আইনের সংক্ষেপ নাম।
২। এই আইনের প্রারম্ভের কথা।
৩। অর্থ করণের ধারা।
৪। বিশেষ কএক জনের অধিক লইয়া সংভূয়সমুত্থানের নিষেধ।
৫। এই আইনের নানা খণ্ডের কথা।

প্রথম খণ্ড।

এই আইনমত কোম্পানির ও সংসৃষ্ট ব্যক্তিদের স্থিতি ও সমবায়ের বিধি।

সংসৃষ্টি পত্রের কথা।

৬। কোম্পানি স্থাপনের নিয়ম।
৭। সংভূয়কারির দায় সীমাযুক্ত করিবার নিয়মের কথা।
৮। অংশ ক্রমে সীমাবদ্ধ কোম্পানির সংসৃষ্টিপত্রের কথা।
৯। প্রতিজ্ঞাক্রমে সীমাবদ্ধ কোম্পানির সংসৃষ্টিপত্রের কথা।
১০। অসীমাবদ্ধ কোম্পানির সংসৃষ্টিপত্রের কথা।
১১। সংসৃষ্টিপত্রে ইষ্টাম্প ও স্বাক্ষর করণের ও তাহার ফলের কথা।
১২। কোনং কোম্পানির সংসৃষ্টিপত্র পরিবর্ত্তনের ক্ষমতার কথা।
১৩। কোম্পানির নাম পরিবর্ত্তনের ক্ষমতার কথা।

PART. III.

Management and Administration of Companies and Associations under this Act.

Provisions for Protection of Creditors.

38. Registered Office of Company.
39. Notice of situation of registered Office.
40. Publication of name by a limited Company.
41. Penalties on non-publication of name.
42. Contracts how made.
43. Register of mortgages.
44. Certain Companies to publish statement entered in Schedule.
45. List of Directors to be sent to Registrar.
46. Penalty on Company not keeping Register of Directors.
47. Promissory Notes, Bills of Exchange, and Húndís.
48. Prohibition against carrying on business with lees than seven Members.

Provisions for protection of Members.

49. General Meeting of Company. Balance-sheet Audit.
50. Power to alter regulations by Special Resolution.
51. Defination of Special Resolution.
52. Provision where no regulations as to Meetings.
53. Registry of Special Resolutions.
54. Copies of Special Resolutions.
55. Execution of deeds abroad.
56. Examination of affairs of Company by Inspectors.
57. Application for inspection to be supported by evidence.
58. Inspection of books.
59. Result of examination how dealt with.
60. Power of Company to appoint Inspectors.
61. Report of Inspectors to be evidence.

Notices.

62. Service of notices on Company.
63. Rules as to notices by letter.
64. Authentication of notices by Company.

Legal Proceedings.

65. Evidence of proceedings at meetings.

তৃতীয় খণ্ড।

এই আইনঅনুযারি কোম্পানির ও সংস্থষ্ট সমাবায়ের কার্য্য নির্ব্বাহ ও নিরূপণ করণের বিধি।

উত্তমর্ণদের রক্ষার্থ বিধি।

৩৮। কোম্পানির রেজিষ্টরী কার্য্যালয়ের কথা।
৩৯। রেজিষ্টরী কার্য্যালয় যে স্থানে হয় তাহার সম্বাদ দিবার কথা।
৪০। সীমাবদ্ধ কোম্পানির নাম প্রকাশ করণের কথা।
৪১। নাম প্রকাশ না করণের দণ্ডের কথা।
৪২। চুক্তিপত্র যেরূপে কর্ত্তব্য তাহার কথা।
৪৩। বন্ধকের রেজিস্টরী করণের কথা।
৪৪। কোন২ কোম্পানির তফসীলের নির্দ্দিষ্ট বর্ণনা প্রকাশ করিতে হইবার কথা।
৪৫। রেজিষ্ট্রারের নিকটে কর্ম্মাধ্যক্ষদিগের নামাবলি প্রেরণ করিবার কথা।
৪৬। কোন কোম্পানি কর্ম্মাধ্যক্ষদিগের রেজিষ্টর না রাখিলে দণ্ডের কথা।
৪৭। প্রমিসরি নোট ও বিল অফ একস্‌চেঞ্জ ও হুণ্ডীর কথা।
৪৮। সপ্ত জনের ন্যূন সংভূয়কারী লইয়া কর্ম্ম করণের নিষেধের কথা।

সংভূয়কারিদিগের রক্ষার্থ বিধি।

৪৯। কোম্পানির সাধারণ সভার কথা। ও বাকীর ফর্দ্দের ও আডিট হওয়ার কথা।
৫০। বিশেষ নির্দ্ধারণক্রমে বিধি পরিবর্ত্তনের ক্ষমতার কথা।
৫১। "বিশেষ নির্দ্ধারণ" এই কথার অর্থ।
৫২। সভা করিবার বিধি না হইলে সেই স্থলের বিধান।
৫৩। বিশেষ নির্দ্ধারণ রেজিস্টরী করণের কথা।
৫৪। বিশেষ নির্দ্ধারণের প্রতিলিপির কথা।
৫৫। ভিন্নদেশে নিদর্শনপত্র সম্পাদনের কথা।
৫৬। পরিদর্শকদিগের দ্বারা কোম্পানির ব্যাপার পরীক্ষিত হইবার কথা।
৫৭। পরিদর্শনের প্রার্থনা প্রমাণদ্বারা প্রতিপোষণের কথা।
৫৮। পুস্তক সমালোচনের কথা।
৫৯। পরীক্ষার ফলসম্পর্কে ইতিকর্ত্তব্যতার কথা।
৬০। পরিদর্শকদিগকে নিযুক্ত করিতে কোম্পানির ক্ষমতার কথা।
৬১। পরিদর্শকদিগের রিপোর্ট প্রমাণস্বরূপ হইবার কথা।

জ্ঞাপনপত্রের কথা।

৬২। কোম্পানির প্রতি জ্ঞাপনপত্র পর্য্যর্পণের কথা।
৬৩। পত্রদ্বারা জ্ঞাপনপত্র প্রেরণ হইলে তদ্বিষয়ের বিধি।
৬৪। কোম্পানির জ্ঞাপনপত্র সত্যীকরণের কথা।

ব্যবহারঘটিত কর্ম্মের বিধি।

৬৫। সভাকৃত কার্য্যের প্রমাণের কথা।

66. **Provision as to costs in suits brought by certain limited Companies.**	৬৬। দায়ের সীমাবদ্ধ কোনং কোম্পানি প্রাপ্য প্রাপণার্থে অভিযোগ করিলে সেই ব্যয়ের বিধানের কথা।
67. **Plaint in suits against Members.**	৬৭। সংভূয়কারিদের বিপক্ষ মোকদ্দমায় বাদের কথা।
Alteration of Forms.	পাঠ পরিবর্ত্তনের বিধি।
68. Governor General in Council may alter Forms in Schedule.	৬৮। তফসীলের লিখিত পাঠ পরিবর্ত্তন করিতে মন্ত্রিসভাধিষ্টিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতার কথা।
Arbitrations.	মধ্যস্থের বিধি।
69. Power for Companies to refer matters to arbitration.	৬৯। মধ্যস্থের প্রতি বিবাদ অর্পণ করিতে কোম্পানির ক্ষমতার কথা।
70. Power to alter or revoke agreements for reference.	৭০। বিবাদ সমর্পণের সম্মতিপত্র পরিবর্ত্তন কি রহিত করিবার ক্ষমতার কথা।
71. Agreements to be carried into effect.	৭১। সম্মতিপত্রানুসারে কার্য্য সম্পাদনের কথা।
72. Reference to Arbitrator.	৭২। মধ্যস্থের প্রতি অর্পণের কথা।
73. Reference to two or more Arbitrators.	৭৩। দুই কি অধিক জন মধ্যস্থের প্রতি সমর্পণের কথা।
74. Appointment of Arbitrators by Companies.	৭৪। কোম্পানিকর্ত্তৃক মধ্যস্থ নিযুক্ত হইবার কথা।
75. Appointment of Arbitrators by Local Government.	৭৫। স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক মধ্যস্থদিগের নিযুক্ত হইবার কথা।
76. Appointment of Arbitrators by Companies to supply vacancies.	৭৬। পদশূন্য হইলে কোম্পানির দ্বারা মধ্যস্থের নিযুক্ত হইবার কথা।
77. Appointment of Arbitrators by Local Government to supply vacancies.	৭৭। শূন্য পদে স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক মধ্যস্থ নিযুক্ত হইবার কথা।
78. Appointment of Arbitrator not revocable.	৭৮। মধ্যস্থের নিয়োগ নিবর্ত্ত হইতে না পারিবার কথা।
79. Appointment of Umpire by Arbitrators.	৭৯। মধ্যস্থদের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।
80. Appointment of Umpire by Local Government.	৮০। স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।
81. Appointment of Umpire by Arbitrators to supply vacancy.	৮১। পদশূন্য হইলে মধ্যস্থদিগের দ্বারা প্রমাণপুরুষ নিযুক্ত হইবার কথা।
82. Appointment of Umpire by Local Government to supply vacancy.	৮২। শূন্যপদে স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক প্রমাণ পুরুষ নিযুক্ত হইবার কথা।
83. Succeeding Arbitrators and Umpires to have powers of predecessors.	৮৩। পশ্চাৎ নিযুক্ত মধ্যস্থ ও প্রমাণপুরুষের ক্ষমতা পূর্ব্ব নিযুক্ত ব্যক্তিদের তুল্য হইবার কথা।
84. Reference to Umpire.	৮৪। প্রমাণপুরুষের প্রতি বিবাদার্পণের কথা।
85. Power for Arbitrators, &c., to call for books, &c., and administer oath.	৮৫। মধ্যস্থ প্রভৃতির পুস্তকাদি আনাইতে আজ্ঞা করিবার ও শপথ করাইবার ক্ষমতার কথা।
86. Procedure in the arbitration.	৮৬। বিচারকার্য্যে ইতিকর্ত্তব্যতার কথা।
87. Arbitration may proceed in absence of Companies.	৮৭। কোম্পানিদিগের অনুপস্থানেও বিচার চলিবার কথা।
88. Several awards may be made.	৮৮। অনেক নির্ণয়পাদ হইবার কথা।
89. Awards made in due time to bind all parties.	৮৯। উপযুক্ত সময়ে কৃত নির্ণয়পাদে সকল পক্ষের বদ্ধ হইবার কথা।
90. Power for Umpire to extend period for making his award.	৯০। প্রমাণপুরুষের নির্ণয়পাদ করিবার কাল বিস্তৃত করিবার ক্ষমতার কথা।
91. Awards not to be set aside for informality.	৯১। রীতির ব্যতিক্রম হেতুক নির্ণয়পাদ অসিদ্ধ না হইবার কথা।
92. Awards to be obeyed.	৯২। নির্ণয়পাদ মান্য হইবার কথা।

PART IV.

WINDING-UP OF COMPANIES AND ASSOCIATIONS UNDER THIS ACT.

Preliminary.

Winding-up by Court.

Official Liquidators.

চতুর্থ খণ্ড।

এই আইন অনুযায়ি কোম্পানিদিগের ও সংসৃষ্ট ব্যক্তিদিগের কর্ম্মবন্ধ করণের বিধি।

পরিভাষা।

আদালতকর্তৃক কর্ম্ম বন্দ করণের বিধি।

রাজকীয় সম্বিধায়কদিগের বিধি।

PART VI.

Application of Act to Companies Registered under the Joint Stock Companies' Acts.

191. Application of Act to Companies formed under Act XIX of 1857 or VII of 1860.

192. Application of Act to Companies registered under Act XIX of 1857 or VII of 1860.

193. Mode of transferring shares.

PART VII.

Companies authorized to register under this Act.

194. Companies capable of being registered

195. Regulations as to registration of existing Companies.

196. Definition of Joint Stock Company.

197. Requisitions for registration by Companies.

198. Requisitions for registration by existing Company not being a Joint Stock Company.

199. Power for existing Company to register amount of stock instead of shares.

200. Authentication of statements of existing Companies.

201. Registrar may require evidence as to nature of Company.

202. On registration of Banking Company with limited liability, notice to be given to customers.

203. Exemption of certain Companies from payment of fees.

204. Company to change name.

205. Certificate of registration of existing Companies.

206. Certificate to be evidence of compliance with Act.

207. Transfer of property to Company.

208. Registration under this Act not to affect obligations incurred previously to registration.

209. Continuation of existing suits.

210. Effect of registration under Act.

211. Powers of Court to restrain further proceedings.

ষষ্ঠ খণ্ড।

জাইণ্ট ষ্টাক কোম্পানির আইনমতে যেং কোম্পানি রেজিষ্টর হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার বিধি।

১৯১। ১৮৫৭ সালের ১৯ আইন কি ১৮৬০ সালের ৭ আইনমতে যে কোম্পানি স্থাপিত হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার কথা।

১৯২। ১৮৫৭ সালের ১৯ আইন কি ১৮৬০ সালের ৭ আইনমতে যে কোম্পানি রেজিষ্টর হইয়াছে তাহার প্রতি এই আইন বর্ত্তিবার কথা।

১৯৩। অংশ হস্তান্তর করণপত্রের কথা।

সপ্তম খণ্ড।

এই আইনমতে কোম্পানিদিগের রেজিষ্টর হইবার ক্ষমতার বিধি।

১৯৪। যেং কোম্পানি রেজিষ্টর হইতে পারে তাহার কথা।

১৯৫। বর্ত্তমান কোম্পানি রেজিষ্টর করিবার বিধানের কথা।

১৯৬। জাইণ্ট ষ্টাক কোম্পানি নির্ণয়ার্থক কথা।

১৯৭। কোম্পানিদের রেজিষ্টরী হইবার আদেশের কথা।

১৯৮। জাইণ্ট ষ্টাক কোম্পানি ভিন্ন বর্ত্তমান কোম্পানি রেজিষ্টর করিতে হইলে তাহার কথা।

১৯৯। বর্ত্তমান কোম্পানির অংশের বিনিময়ে স্থাপ্যের পরিমাণ রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।

২০০। বর্ত্তমান কোম্পানির বর্ণনাপত্র সত্যাকরণের কথা।

২০১। কোম্পানির স্বভাব বিষয়ে রেজিষ্ট্রারের প্রমাণ লইতে পারিবার কথা।

২০২। সীমাবদ্ধ দায় সহিত ব্যাঙ্কিং কোম্পানি রেজিষ্টরী হইলে নিত্যব্যবসায়িদিগকে সম্বাদ দিবার কথা।

২০৩। কোনং কোম্পানির শুল্ক দান হইতে মুক্তির কথা।

২০৪। কোম্পানির নাম পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

২০৫। বর্ত্তমান কোম্পানিদিগের রেজিষ্টরী হওনের সংশিতপত্রের কথা।

২০৬। ঐ সংশিতপত্র এই আইনঅনুযায়ি কার্য্য হইবার প্রমাণ হওয়ার কথা।

২০৭। কোম্পানির প্রতি সম্পত্তি বর্ত্তিবার কথা।

২০৮। রেজিষ্টরী হইবার পূর্ব্বে যে দায় বর্ত্তে তাহা এই আইনমতে রেজিষ্টরী কার্য্যদ্বারা নিবর্ত্ত না হইবার কথা।

২০৯। বর্ত্তমান মোকদ্দমা চলিবার কথা।

২১০। আইনমতে রেজিষ্টরী হওনের ফলের কথা।

২১১। অধিক কার্য্য স্থগিত করিতে আদালতের ক্ষমতার কথা।

212. Order for winding-up Company.

PART VIII.

APPLICATION OF ACT TO UNREGISTERED COMPANIES.

213. Winding-up of unregistered Companies.
214. Who to be deemed a contributory in the event of Company being wound up.
215. Power of Court to restrain further proceedings.
216. Effect of order for winding-up Company.
217. Provision in case of unregistered Company.
218. Provisions in this Part of Act cumulative.

PART IX.

REPEAL OF ACTS AND MISCELLANEOUS PROVISIONS.

219. Repeal of Acts.
220. Saving Clause as to repeal.
221. Saving of existing proceedings for winding-up.
222. Saving of Conveyance Deeds.
223. Compulsory registration of certain Companies.
224. Penalty on Company not registering.
225. Cognizance of offences under this Act.
226. Punishment of offences under this Act, committed within local limits of High Court.
227. Levy of fines by distress.
228. Procedure until return is made to distress warrant.
229. Imprisonment if no sufficient distress.
230. Construction of "Registrar of Joint Stock Companies" in Act XXI of 1860.
231. Act not to apply to Banks of Bengal, Madras or Bombay.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

২১২। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞার কথা।

অষ্টম খণ্ড।

রেজিষ্টর না হওয়া কোম্পানির প্রতি আইন বর্ত্তিবার বিধান।

২১৩। রেজিষ্টর না হওয়া কোম্পানির কর্ম্ম বন্দ করিবার কথা।
২১৪। কোম্পানির কর্ম্ম বন্দ হইলে কে ঋণদাতা জ্ঞান হইবেন তদ্বিষয়ের কথা।
২১৫। ব্যবহারঘটিত অধিক কার্য্য রহিত করিতে আদালতের ক্ষমতার কথা।
২১৬। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার আজ্ঞার ফলের কথা।
২১৭। রেজিষ্টর না হওয়া কোম্পানি বিষয়ক বিধান।
২১৮। এই আইনের এই খণ্ডের সকল বিধান অন্য বিধানের অতিরিক্ত হইবার কথা।

নবম খণ্ড।

আইন ও বিবিধ বিধান রহিত করিবার বিধি।

২১৯। আইন রহিত করিবার কথা।
২২০। রহিত করণ সম্পর্কীয় কএক কথা প্রবল রাখিবার প্রকরণ।
২২১। কর্ম্ম বন্দ করণ সম্পর্কীয় বর্ত্তমান কার্য্য প্রবল রাখিবার কথা।
২২২। হস্তান্তরকরণ পত্র রক্ষার কথা।
২২৩। কোনং কোম্পানির অবশ্য রেজিষ্টরী হইবার কথা।
২২৪। কোম্পানি রেজিষ্টরী না হইলে দণ্ডের কথা।
২২৫। এই আইনক্রমে অপরাধের বিচার করিবার কথা।
২২৬। হাই কোর্টের বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানে অপরাধ হইলে এই আইনক্রমে দণ্ডের কথা।
২২৭। দ্রব্য ধৃতিদ্বারা অর্থদণ্ড আদায় করিবার কথা।
২২৮। ধৃত করিবার আজ্ঞাপত্রের প্রত্যানয়ন না হওয়া পর্য্যন্ত ইতিকর্ত্তব্যতার কথা।
২২৯। ধৃত করিবার উপযুক্ত দ্রব্য না থাকিলে কারাদণ্ডের কথা।
২৩০। ১৮৬০ সালের ২১ আইনে "জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রার" এই কথার অর্থ।
২৩১। বাঙ্গাল কি মান্দ্রাজ কি বোম্বাই ব্যাঙ্কের প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।

উইটলী ষ্টোকস্,
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

1 B

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 26, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ২৬ জুন।

HOME DEPARTMENT.

Simla the 4th June 1866.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it, are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

A Bill to legalize Horse-racing in India.

[Preamble.]

WHEREAS it is expedient to exempt certain transactions connected with horse-racing from the operation of Act No. XXI of 1848 *(for avoiding wagers)* ; it is hereby enacted as follows :—

[Subscriptions or agreements to subscribe to plates, &c., may be lawful notwithstanding Act No. XXI of 1848.]

1. No subscription or contribution, or agreement to subscribe or contribute, made or entered into after the passing of this Act, for or toward any plate, prize, or sum of money, of the value or amount of five hundred Rupees or upwards, to be awarded to the winner or winners of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in the said Act No. XXI of 1848.

হোম ডিপার্টমেণ্ট।

সিমলা ১৮৬৬ সাল ৪ জুন।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশনকালীন কর্ম্ম-সম্পাদনের যে বিধি আছে তাহার ১৯ ধারামতে নিম্ন লিখিত পাণ্ডুলিপি ও তৎসহিত অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা-ক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাই-তেছে।

ভারতবর্ষের মধ্যে ঘোড়দৌড় আইনসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাজি রাখা ব্যর্থ করণের আইন নামে ১৮৪৮ সালের যে ২১ আইন প্রচলিত আছে ঘোড়দৌড় সম্পর্কীয় কোন২ ব্যাপার তাহার বিধান হইতেমুক্ত করা বিহিত। এহেতুক নিম্ন লিখিত বিধি করা যাইতেছে।

[১৮৪৮ সালের ২১ আইন প্রবল হইলেও টাকার কিম্বা রৌপ্য পাত্রাদি ক্রয় করণার্থ চাঁদা করিবার সম্মতির কথা।]

১ ধারা। কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকেএই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদিরপাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয়, কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের উক্ত ২১ আইনের কোন কথা হেতুক আইন-বিরুদ্ধ জ্ঞান হইবে না ইতি।

[Nothing in this Act to legalize lotteries.]

2. Nothing in this Act shall be deemed to legalize any transaction connected with horse-racing to which the provisions of Act No. V of 1844 *(for the suppression of all lotteries not authorised by Government)*, apply.

[এই আইনের কোন কথাদ্বারা শর্ত্তি খেলা আইনসিদ্ধ কার্য্য জ্ঞান না হইবার কথা।]

২ ধারা। গবর্ণমেণ্টের বিনানুমতির সকল শর্ত্তি নিবারণার্থ আইন নামে ১৮৪৪ সালের যে ৫ আইন প্রচলিত আছে, তাহার বিধান ঘোড়দৌড় সম্পর্কীয় যে কোন ব্যাপারের প্রতি বর্ত্তে, সেই ব্যাপার এই আইনের কোন কথাতে আইনসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

Statement of Objects and Reasons.

The object of this Bill is to assimilate the law of India on the subject of horse-racing to the law of England.

Statute 8 & 9 Vic., cap. 109, Section 18, provides that all contracts and agreements by way of gaming or wagering shall be null and void, and that no money deposited in the hands of any person to abide the event upon which any wager shall have been made, shall be recoverable. The section, however, contains a proviso that this enactment shall not apply to any subscription or agreement to subscribe for any plate, &c., to be awarded to the winner of any lawful game. There is no doubt that, under Statute 18 Geo. 2, cap. 34, Section 11, horse-racing for a prize worth £50 or upwards, is a lawful game within the meaning of the former Statute.

The first section of the Indian Act No. XXI of 1848, is copied from the section above recited; but it omits the proviso. Hence the Calcutta Turf Club has urgently represented to the Government that in India dishonourable persons evade with impunity promises to subscribe to prizes and stakes. The present Bill, which is modelled on the proviso above referred to, accordingly enacts that no subscription or contribution, or agreement to subscribe or contribute, for or toward any plate, prize or sum of money of the value or amount of Rupees 500 or upwards, to be awarded to the winners or winner of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in Act No. XXI of 1848. There is also a section suggested by the case of *Gatty* v. *Field*, 9 Q. B. 481, declaring that nothing contained in the Bill shall be deemed to legalize transactions connected

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ইংলণ্ডে ঘোড়দৌড়ের যে আইন আছে ভারতবর্ষের ঐ বিষয়ের আইন তৎসমান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

মহারাণী বিক্টরিয়ার ৮ ও ৯ বৎসরের ১০৯ অধ্যায়ের আইনের ১৮ ধারার এই বিধান, দ্যূত ক্রীড়ার কি বাজী রাখিবার যে সকল চুক্তি ও নিয়ম হয়, তাহা ব্যর্থ ও অসিদ্ধ হইবে। কোন ব্যাপারের যে ফল সম্ভাবনা তৎসম্পার্কে যদি কোন ব্যক্তির হাতে পণের টাকা রাখা যায়, তবে সেই টাকা আদালতদ্বারা পুনরাদায় হইতে পারিবে না। কিন্তু সেই ধারার মধ্যে এই উপবিধি। যে ব্যক্তি আইনসিদ্ধ কোন ক্রীড়াতে জয়ী হন তাঁহাকে রৌপ্যাদির পাত্রপ্রভৃতি পুরস্কার দিবার জন্যে যে কোন চাঁদা কি নিয়ম করা যায় তাহার প্রতি ঐ বিধান বর্ত্তে না। মৃত দ্বিতীয় জর্জ্জ রাজার ১৮ বৎসরের আইনের ৩৪ অধ্যায়ের ১১ ধারামতে ৫০ পৌণ্ডের কি তদধিক মূল্যের পুরস্কারের জন্যে যে ঘোড়দৌড় হয়, তাহা প্রথমোক্ত আইনঅনুসারে আইনসিদ্ধ ক্রীড়া, ইহার সন্দেহ নাই।

১৮৪৮ সালের ভারতবর্ষীয় ২১ আইনের প্রথম ধারা উপরোক্ত ধারাহইতে গৃহীত হইয়াছিল, কিন্তু উপবিধি ত্যাগ হইয়াছে। এহেতুক কলিকাতার টর্ফ ক্লবে ভুক্ত মহাশয়েরা গবর্ণমেণ্টকে অত্যন্ত আগ্রহপূর্ব্বক জ্ঞাত করিয়াছেন যে প্রতিজ্ঞাভঙ্গকারি লোকেরা পুরস্কার দিবার ও পণ রাখিবার জন্যে টাকা দিতে প্রতিজ্ঞা করিলেও, না দিয়া দণ্ডহীন হন। এই হেতুক পূর্ব্বোক্ত উপবিধির নিয়মানুসারে এই পাণ্ডুলিপির এই বিধান হইল যথা, কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকে এই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা, কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদির পাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয় কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের ২১ আইনের কোন কথা হেতুক আইনবিরুদ্ধ জ্ঞান হইবে না। আরো গাটি ও ফীল্ড সাহেবের যে মোকদ্দমা কুইন্স বেঞ্চের রিপোর্টের ৯ খণ্ডের ৪৩১ পৃষ্ঠায় প্রকাশ হয়, তদুপলক্ষে এই

with horse-racing which are obnoxious to the provisions of the Lottery Act (No. V of 1844).

H. S MAINE.

SIMLA,
The 29th May 1866.

WITHLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India, Home Dept. (*Legislative*).

পাণ্ডুলিপিতে অন্য এক ধারা দেওয়া গিয়াছে বিশেষতঃ ঘোড়দৌড়সম্পর্কীয় যে কোন ব্যাপার শর্ত্তি বিষয়ক ১৮৪৪ সালের ৫ আইনের বিধানের মধ্যে আইসে এই পাণ্ডুলিপির কোন কথাক্রমে তাহা আইনসিদ্ধ জ্ঞান হইবে না।

এচ এস মেন।

সিমলা। ১৮৬৬ সাল ২৯ মে।

উইৎলী ষ্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th April 1866, and having been assented to by His Excellency the Governor General on the 31st May 1866, is hereby promulgated for general information :—

ACT No. IX OF 1866.

An Act for the more effectual punishment of persons resisting lawful apprehension or escaping from legal custody, after having been charged with or convicted of offences punishable only under some special or local law.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the more effectual punishment of persons resisting lawful apprehension or escaping from legal custody, where such persons have been charged with or convicted of offences punishable only under some special or local law: It is enacted as follows :—

[Person resisting apprehension or escaping from lawful custody under charge or conviction of offence under local law, to be punished.]

I. If any person being charged with, or having been convicted of, an offence punishable under any special or local law, and which is not an offence punishable under the Indian Penal Code, shall intentionally offer any resistance or illegal obstruction to the lawful apprehension of himself for the offence with which he is so charged or of which he has been convicted, or shall escape or attempt to escape from any custody in which he

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই আইনেতে উক্ত মান্যবর সাহেব ১৮৬৬ সালের ৩০ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন, এবং মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ৩১ মে তারিখে তাহার অনুমোদন করেন। এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৬ সাল ৯ আইন।

যে অপরাধ কেবল বিশেষ কি স্থানীয় আইনমতে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে তদ্রূপ অপরাধের অভিযোগ কি অপরাধ নির্ণয় হইয়া সেই ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি সে বলপূর্ব্বক বাধা দেয়, কিম্বা আইনমতে আসিদ্ধ হইলে যদি পলায়ন করে তবে তাহার অপেক্ষাকৃত ফলজনকরূপে দণ্ড করিবার এই আইন।

[হেতুবাদ।]

যে অপরাধ কেবল বিশেষ কি স্থানীয় আইনক্রমে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে তদ্রূপ অপরাধের অভিযোগ কি অপরাধ নির্ণয় হইয়া সেই ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি সে বলপূর্ব্বক বাধা দেয়, কিম্বা আইনমতে আসেধ করা গেলে যদি পলায়ন করে, তবে তাহার অপেক্ষাকৃত ফলজনকরূপে দণ্ড করিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধি করা গেল।

[স্থানীয় আইন অনুসারে কোন ব্যক্তির অপরাধের অভিযোগ কি নির্ণয় হইয়া সে বলপূর্ব্বক ধৃত হইবার বাধা করিলে কি আসিদ্ধ হইয়া পলায়ন করিলে দণ্ডনীয় হইবার কথা।]

১ ধারা। যে অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন অনুসারে দণ্ডনীয় না হইয়া, বিশেষ কি স্থানীয় কোন আইনঅনুসারে দণ্ডনীয় হয়, কোন ব্যক্তির নামে সেই অপরাধের অভিযোগ হইলে কি তাহার সেই অপরাধ নির্ণয় হইলে, ও যে অপরাধহেতুক তাহার নামে অভিযোগ হয় কিম্বা তাহার যে অপরাধ নির্ণয় হয় তজ্জন্যে তাহাকে ধরিবার উপক্রম হইলে, যদি সেই ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক বলক্রমে বাধা করে কিম্বা আইন বিপরীতমতে বাধা দেয়, অথবা সেই অপরাধ-

lawfully detained for such offence, he shall be punished with simple imprisonment or imprisonment with hard labor for a term which may extend to two years, or with fine, or with both.

[The punishment is in addition to the punishment for the original offence]

II. The punishment in the preceding Section is in addition to the punishment to which the person to be apprehended or detained in custody was liable for the offence under the special or local law with or of which he was charged or convicted.

[Punishment of person offering resistance to lawful apprehension of other person charged with offence under local law, or rescuing such person.]

III. Whoever intentionally offers any resistance to the lawful apprehension of any other person for an offence punishable under any special or local law and not punishable under the Indian Penal Code, or rescues or attempts to rescue any other person from any custody in which that person is lawfully detained for any such offence as aforesaid, shall be punished with simple imprisonment or imprisonment with hard labor for a term which may extend to two years, or with fine, or with both.

A. EDEN,
Secy. to Govt. of Bengal.

হেতুক আইনঅনুযায়ি কোন আটকে রাখা গেলে যদি পলায়ন করে কি পলাইতে উদ্যোগ করে, তবে দুইবৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত তাহার সামান্য কারাদণ্ড কিম্বা কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[আদ্য অপরাধের নিমিত্তে যে দণ্ড হয়, এই দণ্ড তদতিরিক্ত হইবার কথা।]

২ ধারা। যে ব্যক্তিকে ধৃত কি আসিদ্ধ করিতে হয় বিশেষ কি স্থানীয় আইনঅনুসারে সেই ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ কি তাহার যে অপরাধ নির্ণয় হয় তদ্ধেতুক ঐ ব্যক্তি যে দণ্ডের যোগ্য, পূর্ব্ব ধারার লিখিত দণ্ড তদতিরিক্ত হইবে ইতি।

[স্থানীয় আইনক্রমে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইয়া তাহাকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি অন্য ব্যক্তি বলপূর্ব্বক তাহার ধৃত হইবার বাধা করে কি তাহাকে ছাড়াইয়া দেয়, তবে তাহার দণ্ডের কথা।]

৩ ধারা। যে অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনঅনুসারে দণ্ডনীয় না হইয়া বিশেষ কি স্থানীয় কোন আইনমতে দণ্ডনীয় হয়, এমত অপরাধহেতুক কোন ব্যক্তিকে আইনমতে ধরিবার উপক্রম হইলে যদি অন্য ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক বলক্রমে তাহার ধৃত হওয়ার বাধা করে, কিম্বা পূর্ব্বোক্ত কোন অপরাধহেতুক আইনমতে আসিদ্ধ হইলে যদি অন্য ব্যক্তি তাহাকে ছাড়াইয়া দেয় কি ছাড়াইয়া দিবার উদ্যোগ করে, তবে সেই ব্যক্তির দুই বৎসরের অনধিক কোন কাল পর্য্যন্ত সামান্য কারাদণ্ড কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengallee Translator.*

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts.

1. PLEADERS in the Mofussil Courts of the Regulation Provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

মফঃসল আদালতে উকীল ও মোখ্‌তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও ফর্দ্দে নাম লেখাইবার জন্যে ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামত এই এই বিধি।

১। আইনের অধীন প্রদেশের যে২ মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার অন্তর্গত আছে, সেই২ আদালতের উকীলেরা কার্য্যক্ষমতা সম্পর্কে দুই শ্রেণীবদ্ধ হইবেন।

২। উচ্চ শ্রেণীর উকীলেরা হাই কোর্টের সাধারণ বিচারাধিপত্যের অধীন ও তৎসীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে এবং রেবিনিউ বোর্ডের সম্মুখে কিম্বা উক্ত সীমার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর করিতে ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইতে কি উত্তরপ্রত্যুত্তর করিতে কি ওকালতী করিতে পারিবেন না।

৪৩ ধারা। প্রতি বৎসরের নবেম্বর মাসে বিশেষ সাধারণ সভা হইবে। সেই সভাতে অনুগামি জানুআরি মাসের প্রথম দিবসহইতে এক বৎসর পর্য্যন্ত এই আইনমতে ন্যাসের সম্পর্কে যত টাকার আয়ব্যয় সম্ভাবনা তাহা কমিটীর দ্বারা প্রস্তুত হইয়া সভাপতি সেই আয়ব্যয়পত্র জষ্টিসেরদের সম্মুখে অর্পণ করিবেন। সেই আয়ব্যয়পত্রে যে২ বিষয়ের উল্লেখ হইবে ও তাহা যে পাঠে প্রস্তুত করা যাইবে, জষ্টিসেরা সভাগত হইয়া তাহার আজ্ঞা করিবেন। তদনুসারে ঐ পত্র প্রস্তুত হইবে। কিন্তু ঐ আয়ব্যয়পত্র যে দিনে সভার সম্মুখে অর্পিত হইবে, তাহার পূর্ব্ব ন্যূনকল্পে সাত দিন থাকিতে ঐ আয়ব্যয়পত্র সমাপ্ত হইয়া মুদ্রিত হইবে, এবং গবর্ণমেন্ট হৌসহইতে বিশ মাইলের মধ্যে যত জষ্টিস বাস করেন তাঁহাদের প্রত্যেক জনের নিকট এক২ খানি পত্র ডাকদ্বারা কি অন্য সুযোগে প্রেরণ করা যাইবে ইতি।

[Budget of Expenditure.]

XLIV. The Budget shall show what expenditure it is proposed to incur for the purposes of this Act during the period to which it relates, and the manner in which it is proposed to meet such expenditure.

[Revision and passing of Estimates. No new work, the estimated cost of which exceeds 50 000 Rupees, to be commenced without the sanction of Government.]

XLV. It shall be in the discretion of the Justices to pass, or to reject, or to modify, the estimates of all or any sums entered in the Budget. No new work or series of works the entire estimated cost of which, as shewn in the Budget, shall exceed fifty thousand Rupees, shall be commenced without the sanction of the Lieutenant-Governor having been previously obtained.

[Accounts to be audited and examined. Proviso.]

XLVI. The accounts of the receipts and expenditure under this Act shall be audited and examined twice in every year for the purpose of being laid before the half-yearly Meetings under Section XV of this Act. The audit shall be made by such Auditors as shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal. For the purposes of any audit and examination of accounts under this Act, the Auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, accounts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same: and if any such person neglect or refuse so to do, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents, or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a penalty not exceeding one hundred Rupees. All Auditors acting under this Act shall, in respect of each audit, be paid by the Justices such reasonable remuneration as the Lieutenant-Governor of Bengal shall from time to time determine: Provided always that before each audit and examination of accounts under this Act, the Chairman shall give ten days' notice of the time and place at which the same will be made, by advertisement in the English Government Gazette, and in at least two of the daily English Newspapers published in Calcutta; and a copy of the accounts to be audited

[ব্যয়ের অনুমানপত্র।]

৪৪ ধারা। ঐ ব্যয়পত্র যে কালের নিমিত্তে হয় সেই কাল ব্যাপিয়া যত টাকা ব্যয় করিবার ও সেই টাকা যেরূপে তুলিবার প্রস্তাব হয় এই কথা ঐ ব্যয়পত্রে দর্শান যাইবে ইতি।

[অনুমানপত্র পুনরালোচনা ও গ্রাহ্য করিবার কথা যদি নূতন কার্য্যাদির মূল্য পঞ্চাশ হাজার টাকার অধিক হইবার সম্ভাবনা, তবে গবর্ণমেণ্টের অনুমতিবিনা তাহার আরম্ভ না হইবার কথা।]

৪৫ ধারা। আয়ব্যয়ের অনুমানপত্রে যে কার্য্যে যত টাকা আয় কি ব্যয় হইবার অনুমান হয় জষ্টিসেরা স্বীয় বিবেচনামতে তাহার সমস্ত কি কতক অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন। সেই অনুমানপত্রে যদি কোন নূতন বিষয় কি বিষয়শ্রেণীপ্রস্তুত করিবার প্রস্তাব হইয়া তাহাতে সর্ব্বসুদ্ধ পঞ্চাশ হাজার টাকার অধিক ব্যয় হইবার সম্ভাবনা, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি প্রথমে প্রাপ্ত না হওয়া গেলে সেই কার্য্যারম্ভ হইবে না ইতি।"

[হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা করিবার কথা ও উপবিধি।]

৪৬ ধারা। এই আইনঅনুসারে যত টাকা আয় ব্যয় হয় তাহার হিসাব এই আইনের ১৫ ধারামতে যে ষাণ্মাসিক সভা হইবে তাহার সম্মুখে অর্পণ করা যাইবার জন্যে বৎসরে দুইবার পর্য্যালোচনা ও পরীক্ষা হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে আডিটরদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারাই সেই হিসাবের পর্য্যালোচনা করিবেন। এই আইনক্রমে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা করণের অভিপ্রায়ে আডিটরেরা যে সকল পুস্তক ও লেখ্য ও চুক্তিপত্র ও হিসাব ও প্রমাণপত্র এবং অন্য যে সকল নিদর্শনপত্র ও লিপি দৃষ্টি করা আবশ্যক জ্ঞান করেন তাহা লিখিত আহ্বানপত্রদ্বারা আপনাদের সম্মুখে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন ও যে ব্যক্তিরা তদ্রূপ কোন পুস্তক কি লেখ্য কি চুক্তিপত্র কি হিসাব কি প্রমাণপত্র কি নিদর্শনপত্র কি লিপি রাখেন কি তজ্জন্যে দায়ী হন এমত কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত পর্য্যালোচনা ও পরীক্ষা সময়ে কিম্বা সেই কার্য্যের নিমিত্তে নিরূপিত দিনান্তরে তাঁহাদের সম্মুখে উপস্থিত হইবার এবং উক্ত লেখ্যাদির বিষয়ে প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি তদ্রূপ কোন ব্যক্তি তাহা না করেন কি করিতে অসম্মত হন কিম্বা তদ্রূপ কোন পুস্তক কি লেখ্য কি চুক্তিপত্র কি হিসাব কি প্রমাণপত্র কি নিদর্শনপত্র কি লিপি না আনেন কি আনিতে স্বীকার না করেন কিম্বা সেই প্রতিজ্ঞা করিতে কি স্বাক্ষর করিতে সম্মত না হন, তবে যত বার সেই কর্ম্ম না করেন কি করিতে অসম্মত হন তত বার তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এই আইনঅনুসারে যে সকল আডিটর কর্ম্ম করেন তাঁহাদের প্রত্যেক বার সেই কর্ম্ম করণ জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যুক্তিসিদ্ধ যে পারিশ্রমিক নিরূপণ করেন জষ্টিসেরা তাহা দিবেন। পরন্তু এই আইনঅনুসারে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার পূর্ব্বে সভাপতি ইংরাজী গবর্ণমেণ্ট গেজেটে এবং কলিকাতায় প্রকাশিত অতি ন্যূন দুই খান প্রাত্যাহিক ইংরাজী সংবাদপত্রে ন্যূন কল্পে দশ

and examined shall be deposited in the Office of the Justices, and be open during Office hours thereat to the inspection of all persons interested, for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of or extracts from the same, without the payment of any fee; and within fourteen days after the audit and examination shall have been completed, the Auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the Justices at a Meeting, who shall cause the same to be deposited in the Office of the Justices, and to be published in the Calcutta Gazette and in some one or more of the said Newspapers.

[Seagoing vessels may be ordered by Conservator of Port, on requisition of Justices, to resort to wharf for receiving or discharging cargo.]

XLVII. As and when any wharf, quay, stage, jetty, or pier erected under the provisions of this Act shall have been made and completed, together with such sufficient warehouses, sheds, cranes, and moorings for landing and shipping goods from and upon sea-going vessels, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to declare, by publication of notice to that effect in three consecutive numbers of the Calcutta Gazette, that such wharf, quay, stage, jetty, or pier is ready for receiving, landing, and shipping goods from and upon sea-going vessels. And from and after such notification and publication, it shall be lawful for the Chairman of the Committee, or the proper officer of the Justices in that behalf, to call upon the Conservator of the Port from time to time when there shall be room at such wharf, quay, stage, jetty, or pier, to order any vessel he may think fit alongside of the said wharf, quay, stage, jetty, or pier, for the purpose of being laden or unladen by the Justices. And if after such order of the Conservator of the Port, the Owner or Master of any such vessel shall either take in or discharge cargo, save and except at such wharf, quay, stage, jetty, or pier, to which such vessel shall have been so ordered, the Owner or Master thereof shall be liable to a penalty of one hundred Rupees for each day that he or they shall land or ship or attempt to land or ship any goods in contravention of such order.

[After notification all goods must be landed and shipped from and upon sea-going vessels at the wharves of the Justices.]

XLVIII. When a sufficient number of wharves, quays, stages, jetties, and piers, shall have been erected under this Act for the landing and shipping of the cargoes of all sea-going vessels resorting to the Port, it shall be lawful for the

দিন থাকিতে পর্য্যালোচনা হইবার সময়ের ও স্থানের সংবাদ প্রকাশ করিবেন। এবং যে হিসাবের পর্য্যালোচনা ও পরীক্ষা হইবে তাহার পর্য্যালোচনা ও পরীক্ষা হইবার দিনের পূর্ব্বে সাত দিন পর্য্যন্ত ঐ হিসাবের প্রতিলিপি জষ্টিসদের কার্য্যালয়ে অর্পিত হইবে ও তাহাতে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহারা কার্য্য চলিবার কোন সময়ে সেই কার্য্যালয়ে তাহা দৃষ্টি করিতে পারিবেন এবং বিনা ব্যয়ে তাহার প্রতিলিপি করিতে কিম্বা তাহাহইতে কোন কথা গ্রহণ করিতে পারিবেন। পর্য্যালোচনার ও পরীক্ষার কার্য্য সমাপ্ত হইলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে আডিটরেরা পর্য্যালোচিত ও পরীক্ষিত ঐ হিসাবের রিপোর্ট লিখিয়া সভাগত জষ্টিসদের নিকটে অর্পণ করিবেন তাঁহারা জষ্টিসদের কার্য্যালয়ে ঐ রিপোর্ট গচ্ছিত করাইবেন এবং কলিকাতা গেজেটে ও পূর্ব্বোক্ত এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ করাইবেন ইতি।

[জষ্টিসদের আজ্ঞা হইলে সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার কি নামাইবার জন্যে ঘাটের নিকট আসিতে বন্দর রক্ষকের আজ্ঞা করিবার কথা।]

৪৭ ধারা। এই আইনের বিধানমতে কোন ঘাট ও পোস্তাঘাট ও মঞ্চ ও কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু প্রস্তুত হইলে পর এবং সমুদ্রগামি জাহাজের যে মাল তুলিবার কি নামাইবার উপযুক্ত গুদাম ও শেড ও মাল তুলিবার কল ও জাহাজ বান্ধিবার বয়া প্রভৃতি প্রচুরমতে উপযুক্তরূপে প্রস্তুত হইলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিনবার এই মর্ম্মের সংবাদ প্রকাশ করিবেন যে সমুদ্রগামি জাহাজের মাল গ্রহণ করিবার ও জাহাজে তুলিবার ও নামাইবার জন্যে ঐ ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু প্রস্তুত হইয়াছে। সেই বিজ্ঞাপন দান ও প্রকাশ হওনের কাল অবধি যখন উক্ত প্রকার ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কিম্বা কাষ্ঠ কি ইষ্টকময় সেতুতে স্থান থাকে তখন কমিটীর সভাপতি কিম্বা তৎকর্ম্মার্থে জষ্টিসদের উপযুক্ত কার্য্যকারক বন্দররক্ষক সাহেবকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে জষ্টিসদের দ্বারা মাল তোলাইবার কি নামাইবার জন্যে তিনি যে জাহাজ চাহেন সেই জাহাজ উক্ত ঘাটের কি পোস্তাঘাটের কি মঞ্চের কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর নিকট আনান্। বন্দররক্ষক সাহেবের সেই প্রকার আজ্ঞা হইলে পর যে ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর নিকটে ঐ জাহাজ আনিবার আজ্ঞা হইয়াছে তদ্ভিন্ন যদি সেই জাহাজের স্বামী কি অধ্যক্ষ অন্য ঘাটাদিতে মাল তোলেন কি [illegible] সেই স্বামী কি অধ্যক্ষ সেই আজ্ঞা লঙ্ঘন পূর্ব্বক যত দিন কোন মাল জাহাজে তোলেন কি তুলিবার উদ্যোগ করেন কি জাহাজহইতে নামান কি নামাইতে উদ্যোগ করেন তাহার দিন প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

[বিজ্ঞাপন হইলে পর কেবল জষ্টিসদের ঘাটে সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার ও নামাইবার কথা।]

৪৮ ধারা। এই বন্দরে সমুদ্রগামি যে সকল জাহাজ আসিয়া থাকে সেই সমুদায় জাহাজের মাল তুলিবার ও নামাইবার জন্যে যত ঘাট ও পোস্তাঘাট ও মঞ্চ এবং কাষ্ঠময় ও ইষ্টকময় সেতু প্রচুর হয় তত ঘাটাদি এই আইনমতে প্রস্তুত হইলে পর বঙ্গদেশের

Lieutenant-Governor of Bengal to order, by publication of such order for one month in the Calcutta Gazette, that no goods shall be landed or shipped from or upon any sea-going vessel within the Port, save at such wharves, quays, stages, jetties, and piers. And whoever shall, after such order has been so notified as aforesaid, land or ship or attempt to land or ship any goods in contravention of such order, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every day that he shall so land or ship any goods in contravention of the said order. Provided always, and it is hereby declared that, notwithstanding any thing in this or the 51st Section contained, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by notice in the Calcutta Gazette from time to time, if he shall so think fit, to declare that certain specified vessels, goods, or cargoes, or class of goods or cargo, shall be permitted to be landed or shipped elsewhere and at such part of the Port of Calcutta, and for such time, as he may think fit.

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে এক মাস পর্যান্ত অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে সমুদ্রগামি যে কোন জাহাজ বন্দরে থাকে তাহার মাল উক্ত ঘাট কি পোস্তা ঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন কোন স্থানে তোলা কি নামান না যায়। সেই আজ্ঞা পূর্ব্বোক্ত প্রকারে প্রকাশ হইলে পর যদি কোন ব্যক্তি সেই আজ্ঞার বিপক্ষভাবে কোন জাহাজে মাল তোলেন কি তুলিবার উদ্যোগ করেন কি জাহাজহইতে মাল নামান কি নামাইবার উদ্যোগ করেন, তবে উক্ত আজ্ঞার বিপক্ষভাবে যত দিন জাহাজে মাল তোলেন কি নামান তাহার দিন প্রতি সেই ব্যক্তির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে। কিন্তু ইহাতে প্রকাশ হইল যে এই কিম্বা ৫১ ধারার লিখিত কোন কথার বিপরীত ভাব হইলেও যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উপযুক্ত বোধ করেন, তবে সময়ে২ কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে বিশেষ কোন২ জাহাজের মাল কি সেই জাহাজের বিশেষ প্রকারের মাল কলিকাতা বন্দরের অন্য স্থানে, ও তিনি যে স্থান যত কাল উচিত বোধ করেন তত কাল পর্য্যন্ত সেই স্থানে তোলা কি নামান যায় ইতি।

[After Notification, boats and country vessels prohibited from landing or shipping goods within prescribed limits, except at a wharf of the Justices.]

[তদ্রূপ সম্বাদ দেওয়া গেলে পর নির্দ্ধারিত সীমার মধ্যে জষ্টিসদের ঘাট ভিন্ন অন্য ঘাটে কোন নৌকার ও দেশীয় জাহাজের মাল তুলিবার কি নামাইবার নিষেধের কথা।]

XLIX. As and when any wharf, quay, stage, jetty, or pier, for the receiving, landing, or shipping of goods from boats and inland country vessels shall have been made and completed with all proper appliances in that behalf, it shall be lawful for the Lieutenant-Governor to declare, by publication of the same in three consecutive numbers of the Calcutta Gazette, that such wharf, quay, stage, jetty, or pier is ready for the receiving, landing, and shipping of goods from boats and inland country vessels, and in the same way to order that, within certain prescribed limits to be specified in that behalf, it shall not be lawful to land or ship any goods out of or into any such boat or inland country vessel except at such wharf, quay, stage, jetty, or pier. After such publication as aforesaid, it shall not be lawful for any boat or inland country vessel to land or ship any goods at any place within the limits so specified, except at such wharf, quay, stage, jetty, or pier; nor for any such boat or inland country vessel while within such limits to anchor, fasten, or lay within fifty yards of the ordinary low-water mark without the consent of the Justices. And if after such notification and publication any boat or inland country vessel shall while within such limits so anchor, fasten, or lay, it shall be lawful for the Officers of

৪৯ ধারা। নৌকা ও দেশের মধ্যগামি দেশীয় জাহাজের মাল গ্রহণ করিবার ও তুলিবার ও নামাইবার কোন ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ও তৎসংক্রান্ত কলাদি সমাপ্ত ও প্রস্তুত হইলে সেই ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু দেশের মধ্যগামি দেশীয় জাহাজের ও নৌকার মাল গ্রহণ করিবার ও তুলিবার ও নামাইবার জন্যে প্রস্তুত হইয়াছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন বার এই কথা প্রকাশ করিতে পারিবেন। আরো বিশেষ সীমা নির্দ্দিষ্ট করিয়া সেই সীমার মধ্যে উক্ত ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন কোন স্থানে দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজের কি নৌকার কোন মাল তোলা কি নামান যাইতে পারিবে না এমত আজ্ঞাও উক্ত প্রকারে করিতে পারিবেন। পূর্ব্বোক্ত আজ্ঞা প্রকাশ হইলে পর সেই ঘাট কি পোস্তা ঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু ভিন্ন সেই নির্দ্দিষ্ট সীমার মধ্যবর্ত্তি কোন স্থানে দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজের কি নৌকার মাল তুলিবার কি নামাইবার কার্য্য আইন বিপক্ষ হইবে। এবং দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি নৌকা সেই সীমার মধ্যবর্ত্তি থাকিলে জষ্টিসদের অনুমতি বিনা ভাটার সাধারণ জল চিহ্নহইতে এক শত হাতের মধ্যে লঙ্গর ফেলিতে কি বদ্ধ হইতে কি থাকিতে পাইবে না। তদ্রূপ বিজ্ঞাপন ও অনুজ্ঞাপত্র প্রকাশ হইলে পর যদি দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি কোন

the Justices in that behalf to remove or cause the same to be removed out of the said limits.

[Penalties in case of boat or inland country vessels landing goods or mooring within prohibited limits.]

L. If the owner, manjee, or person in charge of any boat or inland country vessel shall, after such notification and publication as in the last preceding Section mentioned, land or ship any goods from or into any such boat or inland country vessel at or upon any place within the said limits, except at, upon or from the said wharf, quay, stage, jetty, or pier, he shall be liable to a penalty of thirty Rupees for each day upon which any goods shall be so landed or shipped. And if any such owner, manjee, or person in charge of such boat or vessel shall anchor or fasten his boat or vessel, or shall lie within the said limits at a distance not exceeding fifty yards of the ordinary low-water mark, except with the consent of the Justices, and shall neglect or refuse to remove his boat or vessel out of the said limits, when lawfully required so to do, he shall be liable to a penalty of fifty Rupees. And in addition to the said penalties the Justices may seize and detain any such boat or inland country vessel until the said penalties respectively shall be paid.

[When wharves completed, inland country vessels must land and ship cargoes at wharves.]

LI. When and so soon as a sufficient number of wharves, quays, stages, jetties, and piers, shall have been erected under this Act for the landing and shipping of the cargoes of inland country vessels frequenting the Port of Calcutta, it shall be lawful for the Lieutenant-Governor, by notice published in three consecutive numbers of the Calcutta Gazette, to order that no goods shall be landed or shipped from or into any such inland country vessel within the Port of Calcutta, save at such wharves, quays, stages, jetties, and piers. And whoever shall, after the same has been so notified as aforesaid, land or ship or attempt to land or ship any goods from or upon any such inland country vessel in contravention of such order, shall be liable to a penalty of thirty Rupees for each and every day that he shall so land or ship any cargo from or upon any such inland country vessel.

[Public landing places to be provided.]

LII. The Justices shall make a sufficient number of public landing places in and upon

নৌকা সেই সীমার মধ্যে থাকিয়া সেই প্রকারে লঙ্গর ফেলে কি বদ্ধ হয় কি থাকে, তবে জষ্টিসদের যে কার্য্যকারকেরা সেই কর্ম্মে নিযুক্ত হন তাঁহারা সেই জাহাজ কি নৌকা উক্ত সীমাহইতে স্থানান্তর করিতে কি করাইতে পারিবেন ইতি।

[দেশের মধ্যগামি দেশীয় জাহাজের কি নৌকার মাল সেই নিষিদ্ধ সীমার মধ্যে নামাইলে কি নৌকাদি বদ্ধ করিলে দণ্ডের কথা।]

৫০ ধারা। ইহার পুর্ব্ব ধারার লিখিত জ্ঞাপনপত্র ও অনুজ্ঞাপত্র প্রকাশ হইলে পর দেশের মধ্যগামি দেশীয় কোন জাহাজ কি নৌকা যে স্বামির কি মাঝির কি ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে তিনি যদি উক্ত ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুভিন্ন উক্ত সীমার মধ্যবর্ত্তি কোন স্থানে কি কোন স্থানহইতে দেশের মধ্যগামি দেশীয় জাহাজের কি নৌকার কোন মাল তুলেন কি নামান তবে কোন মাল যত দিন উক্ত প্রকারে তোলা কি নামান যায় তাহার দিন প্রতি সেই ব্যক্তি ত্রিশ টাকা দণ্ডের যোগ্য হইবে। এবং তদ্রূপ জাহাজের কি নৌকার স্বামী কি মাঝি কি তাহা যে ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে সেই ব্যক্তি যদি উক্ত সীমার মধ্যে জষ্টিসদের অনুমতি বিনা ভাটার জলের সাধারণ চিহ্নহইতে এক শত হাতের মধ্য কোন স্থানে আপন নৌকা কি জাহাজ লঙ্গর কি বদ্ধ করেন কি থাকেন এবং আইনমতে আজ্ঞা পাইলেও যদি আপনার নৌকা কি জাহাজ সেই সীমাহইতে স্থানান্তর না করেন কি করিতে স্বীকার না করেন, তবে সেই ব্যক্তির পঞ্চাশ টাকা দণ্ড হইতে পারিবে। তদতিরিক্ত জষ্টিসেরা তদ্রূপ কোন নৌকা কি দেশের মধ্যগামি দেশীয় জাহাজ ধৃত করিয়া যত কাল সেই দণ্ডের টাকা না দেওয়া যায় তত কাল তাহা আটক করিতে পারিবেন ইতি।

[ঘাট প্রস্তুত হইলে দেশের মধ্যগামি দেশীয় জাহাজের মাল কেবল সেই ঘাটে নামাইবার ও তুলিবার কথা।]

৫১ ধারা। দেশের মধ্যগামি দেশীয় যে সকল জাহাজ কলিকাতা বন্দরে আসিয়া থাকে সেই জাহাজে মাল তুলিবার ও তাহাহইতে নামাইবার জন্যে যত ঘাট ও পোস্তা ঘাট ও মঞ্চ ও কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু পর্য্যাপ্ত হয় তাহা এই আইনঅনুসারে নির্ম্মিত হইলে পর কলিকাতা বন্দরের মধ্যে সেই ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুভিন্ন দেশের মধ্যগামি তদ্রূপ দেশীয় কোন জাহাজের মাল অন্য স্থানে তোলা কি নামান না যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন বার জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক এমত আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর যদি কোন ব্যক্তি সেই আজ্ঞার বিপক্ষতা করিয়া দেশীয় তদ্রূপ কোন জাহাজে কি জাহাজহইতে কোন মাল তুলেন কি নামান কি তুলিতে কি নামাইতে উদ্যোগ করেন, তবে তদ্রূপ দেশীয় জাহাজে কি জাহাজহইতে যত দিন কোন মাল তোলেন কি নামান তাহার দিন প্রতি সেই ব্যক্তির ত্রিশ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

[সাধারণ লোকদের উত্তরিবার ঘাট করিবার কথা।]

৫২ ধারা। জষ্টিসেরা সাধারণ লোকদের উত্তরিবার প্রচুর সংখ্যক ঘাট নিরূপণ করিবেন। তাহাতে সাধারণ

which the public shall be permitted to land free of charge the following articles—that is to say, bricks, tiles, lime, soorkee, firewood, bamboos, hay, straw, vegetables, fruits, meat, and market produce. And the Justices shall make, and may from time to time alter and vary, such regulations and bye-laws for the use of the said public landing places, the time during which goods shall be allowed to remain thereon, and the removal of goods landed thereon, as they shall think fit. Provided nevertheless that such Regulations and Bye-laws shall be approved of by the Lieutenant-Governor of Bengal.

[Ghauts and bathing-places to be provided.]

LIII. It shall be lawful for the Justices, if they shall consider it necessary for the purposes of this Act, to occupy or remove any bathing ghaut or landing-place within the Port, and to prohibit the public from afterwards resorting to or using the same. Provided nevertheless that the Justices shall reserve, set out, make, and provide for the use of the public such sufficient bathing ghauts within the Port as shall be required for the convenience of the public, and as shall be approved of by the Lieutenant-Governor of Bengal.

[Wharves, &c., to be appointed under Customs Act.]

LIV. When the Lieutenant-Governor of Bengal shall under Section X of the Consolidated Customs Act appoint any wharf, quay, stage, jetty, or pier, erected under this Act for the use of sea-going vessels, to be a wharf for the landing and shipping of goods within the meaning of that enactment, the Justices shall set apart, maintain, and secure on any such wharf, quay, stage, jetty, or pier, such portion thereof or place therein or adjoining thereto for the use of the Officers of Customs, as the Lieutenant-Governor shall in that behalf approve of or appoint.

[Justices bound to provide servants, &c., for shipping and landing goods.]

LV. After the publication of the order in Section XLVIII hereinbefore mentioned, the Justices shall provide and at all times keep and maintain sufficient servants and apparatus, for the expeditious and convenient landing and shipping of goods from and upon all sea-going vessels coming to the wharves, quays, stages, jetties, or piers; and shall by their servants land and ship all goods from and upon any such vessel so coming to such wharf, quay, stage, jetty, or pier, unless where there is a legal excuse for refusing to land or ship such goods, or such vessel is by reason of the breach or non-observance of any law or

লোকেরা বিনামাসুলে নিম্নলিখিত দ্রব্য নামাইতে পারিবেন বিশেষতঃ ইট টালি চূন সুরকি জ্বালানি কাষ্ঠ বাঁশ শুষ্ক ঘাস খড় শাক সবজি ফল মাংস ও বাজার দ্রব্য। এবং সাধারণ লোকদের উত্তরিবার সেই ঘাটের ব্যবহারের নিমিত্তে ও সেই সকল দ্রব্য যত কাল ঘাটে থাকিতে পাইবে ও সেই ঘাটে নামান দ্রব্য যে প্রকারে স্থানান্তর করিতে হইবে এই২ বিষয়ের যে বিধি ও উপবিধি জষ্টিসেরা উপযুক্ত বোধ করেন তাহা করিবেন ও সময়ে২ তাহার পরিবর্ত্তন ও মতান্তর করিতে পারিবেন। কিন্তু সেই বিধি ও উপবিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদন করা প্রয়োজন ইতি।

[স্নান করিবার ঘাটের কথা।]

৫৩ ধারা। উক্ত বন্দরের মধ্যে লোকেরদের স্নান করিবার যে ঘাট কি উত্তরিবার স্থান আছে তাহা যদি জষ্টিসেরা এই আইনের অভিপ্রায় সফল করণার্থে অধিকার কি স্থানান্তর করা ও তৎস্থানে সাধারণ লোকদের গমনাগমনের ও তাহার ব্যবহার করণের নিশেধ করা আবশ্যক জ্ঞান করেন, তবে তাহা করিতে পারিবেন। কিন্তু সাধারণ লোকদের সুবিধার জন্যে ঐ বন্দরের মধ্যে স্নান করিবার যত ঘাট পর্য্যাপ্ত হয় ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমোদন করেন জষ্টিসেরা তত ঘাট নিরূপণ করিবেন এবং প্রস্তুত ও নির্ম্মাণ করিবেন ইতি।

[ঘাটপ্রভৃতি কষ্টমের আইনের অধীন করিবার কথা।]

৫৪ ধারা। সমুদ্রগামি জাহাজের নিমিত্তে যে কোন ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু সেই আইনঅনুসারে প্রস্তুত করা যায় যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কষ্টমের সংগৃহীত আইনের ১০ ধারানুসারে সেই ঘাটপ্রভৃতি ঐ আইনের অর্থমতে মাল তুলিবার ও নামাইবার ঘাট স্বরূপ নিরূপণ করেন, তবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ ঘাটের কি পোস্তাঘাটের কি মঞ্চের কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুর যে অংশ কি তন্মধ্যে কি তন্নিকটস্থ যে স্থান কষ্টমের কার্য্যকারকদের ব্যবহারের নিমিত্তে অনুমোদন কি নিরূপণ করেন, জষ্টিসেরা ঐ ঘাটপ্রভৃতির সেই স্থান পৃথক রাখিয়া তাহা সুধারামতে রাখিবেন ও রক্ষা করিবেন ইতি।

[জাহাজের মাল তুলিবার ও নামাইবার জন্যে জষ্টিসদের চাকর প্রভৃতি রাখিবার কথা।]

৫৫ ধারা। পূর্ব্ব লিখিত ৪৮ ধারার আজ্ঞা প্রকাশ হইলে পর সমুদ্রগামি যে সকল জাহাজ ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুতে লাগায় সেই জাহাজের মাল ত্বরায় ও সুবিধামতে নামাইবার ও তুলিবার জন্যে জষ্টিসেরা প্রচুর সংখ্যক চাকরদিগকে এবং কলপ্রভৃতি নিরূপণ করিয়া সর্ব্বদাই রাখিবেন ও রক্ষা করিবেন। এবং তদ্রূপ যে কোন জাহাজ সেই ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুতে লাগায় সেই জাহাজের মাল তুলিতে কি নামাইতে অস্বীকার করিবার আইনসিদ্ধ হেতু না থাকিলে কিম্বা কোন আইন কি ব্যবস্থা লঙ্ঘন কি অমানন প্রযুক্ত যদি সেই জাহাজের মাল তুলিবার কি নামাইবার বাধা না হয়, তবে জষ্টিসেরা আপনাদের

regulation not entitled to have her cargo shipped or discharged. Provided that the Justices, shall not be bound to land, ship, or move any single article or package exceeding thirty tons of twenty hundredweight in weight, except at such special charge as may be agreed on in respect of such acticle or package.

[Tolls to be levied.]

LVI. The Committee shall from time to time frame a scale of tolls, dues, or rates for the landing and shipping of goods at the wharves, quays, stages, jetties, and piers erected under this Act for the use of sea-going vessels, and for the storing and keeping of any goods stored in any premises belonging to the Justices, and for the removal of goods, and for the use of any moorings laid down by the Justices. And also a scale of tolls, dues, and rates for the landing and shipping of goods into and out of any country-boat or vessel, and also a scale of tolls for the use of the said wharves, quays, stages, jetties, and piers by any boat or inland country vessel in case the Justices shall permit the goods to be landed or shipped by others than their own officers and servants. Such scale of tolls, dues, and rates shall be submitted to the Lieutenant-Governor, and after receiving his approval shall be published in the Calcutta Gazette, and may from time to time, subject to the like approval and publication, be altered. Provided always that it shall not be lawful for the Justices to levy any tolls, dues, or rates or mooring charges on a scale higher than that given in Schedule B to this Act.

[Recovery of tolls in arrear.]

LVII. For the amount of all tolls, charges, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the Justices shall have a lien on such goods, and shall be entitled to detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the Justices or to be shipped for export, shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for general average, the shipowner's lien for freight upon the said goods where such lien exists and has been preserved in the manner hereinafter provided, for primage, and for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law

চাকরদের দ্বারা ঐ জাহাজে সকল মাল তুলিবেন ও জাহাজহইতে নামাইবেন। কিন্তু যে কোন এক দ্রব্যের কি পুলিন্দার টনপ্রতি বিশ হন্দরওয়েটের হিসাবে ত্রিশ টনের অধিক ওজন হয় তাহা তুলিবার কি নামাইবার জন্যে জষ্টিসদিগকে বিশেষ খরচ দিবার করার না হইলে জষ্টিসেরা সেই দ্রব্য জাহাজে তুলিতে কি জাহাজহইতে নামাইতে কি স্থানান্তর করিতে আবদ্ধ নহেন ইতি।

[আদেয় মাস্থলের কথা।]

৫৬ ধারা। এই আইনঅনুসারে সমুদ্রগামি জাহাজের ব্যবহারের নিমিত্তে যে সকল ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু নির্ম্মিত হয় তাহাতে মাল নামাইবার ও জাহাজে তুলিবার জন্যে এবং জষ্টিসেরদের কোন ভূম্যাদিতে যে কোন মাল সংগ্রহ হয় তাহা সঞ্চয় করিয়া রক্ষা করিবার জন্যে ও মাল স্থানান্তর করিবার জন্যে এবং জষ্টিসেরা জাহাজ বদ্ধ করিবার বয়াপ্রভৃতি যে বিষয় নদীতে দেন তাহার ব্যবহারের নিমিত্তে যত মাস্থল কি দেয় কি রেট লাগিবে কমিটী সময়ে২ তাহার নির্ঘণ্ট প্রস্তুত করিবেন। এবং দেশীয় কোন নৌকার কি জাহাজের মাল তুলিবার ও নামাইবার যত মাস্থল ও দেয় ও রেট লাগিবে তাহারও নির্ঘণ্ট প্রস্তুত করিবেন এবং জষ্টিসেরা যে স্থলে আপনাদের কার্য্যকারক ও চাকরভিন্ন অন্য ব্যক্তিদেরদ্বারা দেশের মধ্যগামি দেশীয় জাহাজের ও নৌকার মাল তুলিবার কি নামাইবার অনুমতি দেন সেই স্থলে উক্ত ঘাটের ও পোস্তাঘাটের ও মঞ্চের ও কাষ্ঠময় ও ইষ্টকময় সেতুর ব্যবহারের নিমিত্তে যত মাস্থল লাগিবে তাহারও নির্ঘণ্ট প্রস্তুত করিবেন, মাস্থলপ্রভৃতির সেই নির্ঘণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের গোচর করা যাইবে। তিনি অনুমোদন করিলে, তাহা কলিকাতা গেজেটে প্রকাশ হইবে এবং সময়ে২ তদ্রূপে অনুমোদিত ও প্রকাশিত হইয়া তাহার পরিবর্ত্তন হইতে পারিবে। কিন্তু এই আইনের B চিহ্নিত তপসীলে যে হার অবধারিত হইয়াছে জষ্টিসেরা তাহার অধিক হারে মাস্থলপ্রভৃতি আদায় করিতে পারিবেন না ইতি।

[বাকী মাস্থল আদায়ের কথা।]

৫৭ ধারা। এই আইনঅনুসারে কোন মালের উপর যে মাস্থলও দেয় ও প্রাপ্য ও রেট নিয়মিতরূপে আদায় হইতে পারে, তজ্জন্যে সেই মালের উপর জষ্টিসদের সোপাধিক অধিকার থাকিবে। এবং সেই সমস্ত মাস্থল ও রেট ও প্রাপ্য টাকা সমস্ত দান না দেওয়া যায় ততকাল তাঁহারা সেই মাল আটক করিতে পারিবেন। যে মাল নামাইতে হয় তাহা নামাইলে তৎসম্পর্কীয় মাস্থল ও রেট ও প্রাপ্য টাকা তৎকালেই দাতব্য হয়। জষ্টিসদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্ন দেশে পাঠাইবার জন্যে জাহাজে তুলিতে হইবে, সেই মাল স্থানান্তর হইবার কি জাহাজে তোলা যাইবার পূর্ব্বে তৎসম্পর্কীয় মাস্থল ও রেট ও দেয় টাকা দাতব্য হয়। সাধারণ আবরেজ বলিয়া জাহাজের অধ্যক্ষকে যত টাকা দিতে হয় তদ্ভিন্ন এবং মালের ভাড়ার নিমিত্তে যদি জাহাজাধ্যক্ষের সোপাধিক অধিকার থাকে ও সেই অধিকার নিম্ন লিখিত মতে রক্ষিত হইয়া থাকে, তবে সেই অধিকার ভিন্ন এবং প্রাইমেজ বলিয়া জাহাজ বোঝাই করিবার জন্যে স্বামিকে যে টাকা দিতে হয় তদ্ভিন্ন এবং যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে সেই আ-

for the time being in force. Provided that nothing in this Act shall affect any power or authority vested in the Chief Officer of Customs under any law for the time being in force.

[Goods may be removed to Public Warehouses.

LVIII. In any case in which goods without any default on the part of the Justices shall have been left for three days on any wharf or shed belonging to the Justices, it shall be lawful for the Committee to remove or cause the same to be removed either to any warehouse belonging to them or to the Public Warehouses, at the expense of the owners of the said goods, giving notice to the consignee or owner of such goods of such removal if the address of such consignee or owner is known, by letter left at such address or sent by post; and the consignee or owner of such goods, in addition to the expenses of the removal of the same, shall be liable, in case the goods shall be removed to any warehouse or store of the Justices, to a charge for warehousing for the time during which the goods shall remain in the said ware-houses. In case the said goods shall be removed to the Public Ware-houses, then the said consignee or owner shall be liable to the charges for warehousing goods in such Public Warehouse.

[Lien for freight preserved after landing of goods, if notice of lien given.]

LIX. If the shipowner at the time when any goods are landed at any wharf, quay, stage, jetty, or pier, erected under this Act, shall give to the Justices notice in writing that the goods are to remain subject to a lien for freight or other charges payable to the shipowner to an amount to be mentioned in such notice, the goods so landed shall continue liable to the same lien, if any, for such charges as they were subject to before the landing thereof. Such goods shall be retained either in the warehouses and sheds of the Justices, or, with the consent of the Chief Officer of Customs, in the Public Warehouses, until the lien is discharged as hereinafter mentioned. If by reason of the failure to retain the said goods any loss is occasioned to the shipowner, the Justices shall be bound to make good such loss.

[Discharge of lien by payment or release.]

LX. Upon the production to the Officer of the Justices in that behalf of a receipt for the

ইনঅনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে টাকা প্রাপ্য হয় তাহা ভিন্ন তদ্রূপ মাসুল ও রেট ও দেয় টাকার জন্য যে সোপাধিক অধিকার তাহা অন্য সকল সোপাধিক অধিকারের ও দাওয়ার অগ্রগণ্য। কিন্তু যে সময়ে যে আইন প্রচলিত হয় তদনুসারে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথাতে তাহার হ্রাস বৃদ্ধি হইবে না ইতি।

[রাজকীয় গুদামে মাল রাখিবার কথা।]

৫৮ ধারা। যদি জষ্টিসদের পক্ষীয় দোষভিন্ন কোন মাল তিন দিনপর্য্যন্ত জষ্টিসদের কোন ঘাটে কি শেড়ে থাকে, তবে কানসাইনীর অর্থাৎ ঐ মাল যে ব্যক্তির নামে প্রেরণ হইয়াছে তাঁহার কি মালের স্বামির নাম ও বাসস্থান জ্ঞাত হইলে কমিটী তাঁহাকে পত্র দিয়া কিম্বা ডাকযোগে তাঁহার নিকটে পত্র পাঠাইয়া সেই দ্রব্য স্থানান্তর করিবার সম্বাদ দিয়া আপনারদের কোন গুদামে কিম্বা রাজকীয় গুদামে ঐ মাল স্থানান্তর করিয়া রাখিবেন। মাল স্থানান্তর করিবার খরচ স্বামির দিতে হইবে। যদি ঐ মাল স্থানান্তর হইয়া জষ্টিসেরদের কোন আড়তে কি গুদামে রাখা যায়, তবে ঐ মাল স্থানান্তর করিবার খরচভিন্ন মাল যত দিন সেই আড়তে থাকে তত দিন কানসাইনী কি স্বামী সেই আড়তে রাখিবারও ভাড়া দিবেন। যদি সেই মাল রাজকীয় গুদামে রাখা যায়, তবে উক্ত কানসাইনীর কি স্বামির সেই রাজকীয় গুদামেও রাখিবার ভাড়া দিতে হইবে ইতি।

[জাহাজহইতে মাল নামাইবার পরে যদি ভাড়ার জন্যে তাহার উপর সোপাধিক অধিকার থাকিবার সম্বাদ দেওয়া যায়, তবে সেই অধিকার রক্ষা করিবার কথা।]

৫৯ ধারা। এই আইনমতে যে ঘাট কি পোস্তাঘাট কি মঞ্চ কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু নির্ম্মিত হয়, তাহাতে কোন মাল নামান গেলে পর, ঐ মালের উপর ভাড়ার কি অন্য খরচের নিমিত্তে জাহাজের স্বামির এত টাকা পাওনা হওয়াতে সেই ভাড়াপ্রভৃতির জন্যে সোপাধিক অধিকারের বলে ঐ মাল আটক রাখিতে হইবে যদি জাহাজের স্বামী এই মর্ম্মের জ্ঞাপনপত্র লিখিয়া জষ্টিসদিগকে দেন, তবে জাহাজ হইতে নামাইবার পূর্ব্বে ঐ মালের উপর যে খরচ হেতুক যে সোপাধিক অধিকার ছিল, উক্ত প্রকারে নামান গেলে পর সেই মালের উপর সেই অধিকার বর্ত্তিবে। সেই অধিকারহইতে মাল নিম্নলিখিতমতে যত কাল মুক্ত না করা যায় তত কাল পর্য্যন্ত সেই মাল জষ্টিসদিগের গুদামে ও শেড়ে কিম্বা কষ্টমের প্রধান কার্য্যকারকের অনুমতিক্রমে রাজকীয় গুদামে আটক রাখা যাইবে। যদি সেই মাল না রাখা যায় ও তজ্জন্যে জাহাজের স্বামির কোন ক্ষতি হয়, তবে জষ্টিসেরা সেই ক্ষতিপূরণ করিতে আবদ্ধ আছেন।

[টাকা দেওন কি ক্ষমা করণদ্বারা অধিকার হইতে মুক্ত করণের কথা।]

৬০ ধারা। সেই কর্ম্মে [illegible] যে ব্যক্তি জষ্টিসদিগের কর্ম্মকারক হন উক্তমতে প্রাপ্য বলিয়া যে টাকার

amount claimed as due, and delivery to him of a copy thereof or of a release of freight from the shipowner, the said lien shall be discharged.

দাওয়া ছিল তাহার রসীদ তাঁহাকে দেখান গেলে ও তাঁহাকে সেই রসীদের প্রতিলিপি দেওয়া গেলে কিম্বা জাহাজের স্বামির স্থানে ভাড়ার যে মুক্তিপত্র পাওয়া যায় তাহার প্রতিলিপি তাঁহাকে দেওয়া গেলে উক্ত সোপাধিক অধিকার রহিত হইবে ইতি।

[If tolls not paid or the lien for freight is not discharged, goods may be sold after the expiration of two months.]

[যদি মাসুল দেওয়া না যায় ও ভাড়ার জন্যে সেই সোপাধিক অধিকার রহিত না হয়, তবে দুই মাস পরে দ্রব্য বিক্রয় হইতে পারিবার কথা।]

LXI. If the tolls, rates, and dues payable to the Justices in respect of the said goods under this Act are not paid, or if the lien of the shipowner for freight where such notice as aforesaid has been given is not discharged, the Justices may, and in the latter event if required by the shipowner shall, at the expiration of two months from the time when the goods were placed in their custody, or if the goods are of a perishable nature at such earlier period, being not less than twenty-four hours after the landing of the goods, as they shall think fit, sell by public auction the said goods or so much as may be necessary to satisfy the charges hereinafter mentioned; before making such sale, ten days' notice of the same shall be given by publication thereof in the Calcutta Gazette, unless the goods are of so perishable a nature as in the opinion of the Officer of the Justices in that behalf to render immediate sale necessary or advisable, in which event such notice shall be given by publication as aforesaid as the urgency of the case admits of. If the address of the owner of the goods has been stated on the manifest of the cargo, or in any of the documents which have come into the hands of the Justices, or is otherwise known, notice shall also be given to the owner of the goods by letter delivered at such address or sent by the post: but the title of a *boná fide* purchaser of such goods shall not be invalidated by reason of the omission to send the notice hereinbefore mentioned, nor shall any such purchaser be bound to inquire whether such notice has been sent. In every case of any such sale as aforesaid, the moneys received from the sale shall be applied as follows:—

৬১ ধারা। উক্ত মালের জন্যে এই আইনমতে যে মাসুল ও রেট ও দেয় টাকা পাওনা হয় তাহা যদি না দেওয়া যায়, কিম্বা পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র দেওয়া গেলেও ভাড়ার জন্যে জাহাজের স্বামির যে সোপাধিক অধিকার তাহা যদি রহিত না করা যায়, তবে মাল যে সময়ে তাঁহাদের রক্ষণে রাখা গিয়াছিল সেই সময়াবধি দুই মাস গত হইলে কিম্বা সেই মাল আশু ক্ষয়ণীয় হইলে নামাইবার পর চব্বিশ ঘণ্টার অন্যূন যে সময় উচিত বোধ করেন, সেই সময়ে উক্ত মালের কিম্বা নিম্নলিখিত খরচ শোধ করিবার জন্যে যত মাল আবশ্যক হয় তত মালের প্রকাশ বিক্রয় করিতে পারিবেন। পূর্ব্বোক্ত স্থলে জাহাজের স্বামির আজ্ঞা পাইলে তাহা অবশ্য বিক্রয় করিবেন। সেই প্রকাশ বিক্রয় হইবার দশ দিন পূর্ব্বে কলিকাতা গেজেটে তাহার সম্বাদ প্রকাশ হইবে। দ্রব্য আশু ক্ষয়ণীয় হওয়াতে যদি জষ্টিসদিগের কার্য্যকারক অব্যাজে বিক্রয় করা আবশ্যক কি উচিত বোধ করেন, তবে অবস্থা বিবেচনায় পূর্ব্বোক্তমতে যত কাল থাকিতে সম্বাদ দেওয়া যাইতে পারিবে তত কালের সম্বাদ দিবেন। মালের মানিফেষ্ট-পত্রে কিম্বা অন্য যে কোন লিপি জষ্টিসদিগের হস্তগত হইয়া থাকে তদ্দ্বারা কিম্বা অন্য কোন প্রকারে যদি মালের স্বামির বাসস্থান ব্যক্ত হয়, তবে সেই বাসস্থানে পত্র দিয়া কি ডাকযোগে পত্র পাঠাইয়া মালের স্বামিকে সম্বাদ দিতে হইবে। কিন্তু যিনি ঐ মালের প্রকৃতভাবে ক্রেতা হন পূর্ব্বোক্তমতে সম্বাদ না দেওয়া গেলেও তাহার স্বত্ব ব্যর্থ হইবে না। সেই সম্বাদ দেওয়া গিয়াছে কি না ক্রেতার এই কথা জিজ্ঞাসা করিবারও আবশ্যক নাই। পূর্ব্বোক্ত প্রকারের বিক্রয় হইলে, তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহাতে নিম্নলিখিত কার্য্য হইবে।

1st, in payment of the expenses of the sale.

প্রথম। বিক্রয় করিবার খরচ দিতে হইবে।

2ndly, in payment of the amount claimed by the shipowner as due for freight or other charges in respect of the said goods.

দ্বিতীয়। ঐ মালসম্পর্কীয় ভাড়ার কি অন্য খরচের নিমিত্তে জাহাজের স্বামী যত টাকার দাওয়া করেন তাহা দেওয়া যাইবে।

3rdly, in payment of the tolls, charges, and expenses of landing, removing, storing or warehousing the same, and of all other charges due to the Justices under this Act in respect thereof.

তৃতীয়। জাহাজহইতে সেই মাল নামাইবার ও স্থানান্তর করিবার ও গুদামে রাখিবার ও রক্ষা করিবার মাসুল ও খরচ ও ব্যয় ও তৎসম্পর্কে এই আইনঅনুসারে জষ্টিসদের যে সকল টাকা পাওনা হয় তাহা দেওয়া যাইবে।

The surplus, if any, shall be paid to the importer, owner, or consignee of the goods or to his agent, on his applying for the same; provided

তাহা দিলে পর যদি কিছু উদ্বর্ত্ত থাকে, তবে ঐ মালের আনয়নকারী কি স্বামী কি কান্সাইনী প্রার্থনা করিলে ঐ উদ্বর্ত্ত টাকা তাঁহাকে কি তাঁহার এজেণ্টকে

such application be made within one year from the sale of the goods, or good reason be shown why such application was not so made.

[Port clearance to be withheld if mooring charges unpaid.]

LXII. The powers and provisions contained in Section XLIX of the said Act XXII. of 1855, shall be applicable in respect of all [illegible] moorings or other charges due from the owner of any vessel to the Justices under this Act.

[Port Act to extend to Lieutenant-Governor's Regulations under this Act.]

LXIII. The powers vested in the Local Government with the sanction of the Governor General of India in Council by Section VII of the said Act XXII of 1855 shall extend to the regulating the classes of cargo to be shipped and landed from and at the respective wharves, quays, stages, jetties, or piers belonging to the Justices, and the time for which and the order and manner in which vessels are to lie alongside such wharves, quays, stages, jetties, and piers respectively, for the purpose of unloading or loading cargo; and all Regulations under and provisions of the said Act with regard to buoys and moorings, shall extend to the buoys and moorings laid down by or belonging to the Justices. The Conservator of the Port and his assistants in carrying out and enforcing such Regulations shall act under the direction of the Committee.

[Penalty for infringing Regulation of Local Government.]

LXIV. If any person shall disobey any rule or regulation of the Local Government as to the time, manner, or order for or in which vessels are to lie alongside as aforesaid, or as to the use of such buoys or moorings as aforesaid, such person shall for every such offence be liable to a penalty not exceeding one hundred Rupees, and if the offence be continued beyond a day, to a penalty not exceeding fifty Rupees for every day after the first.

[Compensation for damage to the property of the Justices.]

LXV. In case any damage or mischief shall be done to any wharves, quays, jetties, piers, or works constructed under the provisions of this Act, by any vessel, through the negligence of any person having the guidance of or command thereof, or any of the mariners or persons employed therein, it shall be lawful for any Magistrate of the Town of Calcutta, on the application of the Justices, to issue a summons to the Master of or Agent for such vessel requiring him to attend on a day and at an hour named in the summons, to answer touching such damage or mischief. If at the

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩ জুলাই।]

দেওয়া যাইবে। কিন্তু মাল বিক্রয় হইবার পর এক বৎসরের মধ্যে তাঁহারদের সেই প্রার্থনা করিতে হইবে, যদি না করেন, তবে কারণ জানাইতে হইবে ইতি।

[বয়াপ্রভৃতিতে জাহাজ বদ্ধ করিবার খরচ না দেওয়া গেলে খুলিয়া যাইবার অনুমতিপত্র না দিবার কথা।]

৬২ ধারা। বয়াপ্রভৃতিতে জাহাজ বাঁধিবার [illegible] খরচ এবং কোন জাহাজের অন্য যে খরচ পাওনা হয় তৎসম্পর্কে ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের ৪৯ ধারার শক্তি ও বিধান বর্ত্তিবে ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আইনঅনুযায়ি বিধানের প্রতি বন্দরীয় আইন বর্ত্তিবার কথা।]

৬৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেন্টের প্রতি ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের ৭ ধারামতে যেং ক্ষমতা অর্পিত হইয়াছে জষ্টিসদিগের যে ঘাটে কি পোস্তাঘাটে কি মঞ্চে কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতুতে যে শ্রেণীর দ্রব্য জাহাজে তোলা যাইবে কি জাহাজহইতে নামান যাইবে ও মাল নামাইবার কি তুলিবার জন্যে ঐ জাহাজ যত কাল ও যে যে নিয়মমতে ও যে প্রকারে ঐ ঘাটের কি মঞ্চের কি পোস্তাঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর পার্শ্বে থাকিবে তদ্বিষয়ের বিধি প্রণয়নের প্রতিও সেইং ক্ষমতা বর্ত্তিবে। এবং বয়ার বিষয়ে ও জাহাজ দৃঢ়মতে বদ্ধ করার বিষয়ে উক্ত আইনঅনুসারে যে সকল বিধি ও উক্ত আইনের যে সকল বিধান হইয়াছে তাহা ঐ জষ্টিসদের কি তাঁহাদের দত্ত সকল বয়ার ও জাহাজ বদ্ধ করিবার বিষয়ের প্রতি বর্ত্তিবে। বন্দরের রক্ষক সাহেব ও তাঁহার সহায় কর্ম্মকারকেরা যখন ঐ বিধানমতে কার্য্য করত তাহা বলবৎ করেন তখন কমিটীর আদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

[স্থানীয় গবর্ণমেন্টের বিধান লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৬৪ ধারা। জাহাজ পূর্ব্বোক্তমতে যত কাল ও যে প্রকারে ও যে নিয়মমতে ঘাটের পার্শ্বে থাকিবে তদ্বিষয়ে কিম্বা পূর্ব্বোক্তমত বয়ার কি জাহাজ বদ্ধ করিবার অন্য দ্রব্যের ব্যবহারের বিষয়ে স্থানীয় গবর্ণমেন্ট যে কোন বিধি কি ব্যবস্থা করেন তাহা কোন ব্যক্তি লঙ্ঘন করিলে, তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও যদি এক দিনের অধিক সেই অপরাধ করিতে থাকেন, তবে প্রথম দিনের পর দিন প্রতি তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[জষ্টিসদের সম্পত্তির হানিপূরণের কথা।]

৬৫ ধারা। কোন জাহাজ চালাইবার কি তাহার অধ্যক্ষতা করিবার ভার যাঁহার প্রতি থাকে এমত কোন ব্যক্তির কি জাহাজে কোন কর্ম্মে নিযুক্ত নাবিকের কি অন্য ব্যক্তির অনবধানে যদি কোন জাহাজদ্বারা এই আইনের বিধানানুযায়ি নির্ম্মিত কোন ঘাটের কি পোস্তাঘাটের কি ইষ্টকময় কি কাষ্ঠময় সেতুর কি অন্য বিষয়ের ক্ষতি কি হানি হয়, তবে জষ্টিসদের প্রার্থনামতে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেট সেই ক্ষতির কি অপকারের বিষয়ে উত্তর দিবার জন্যে ঐ জাহাজের অধ্যক্ষের কি এজেন্টের নামে আহ্বানপত্র দিয়া, তাঁহাকে ঐ আহ্বানপত্রের লিখিত দিনে ও ঘণ্টায় উপস্থিত হইবার আজ্ঞা করি[illegible]রিবেন। আহূত ব্যক্তি ঐ

time appointed in the summons, and whether the person summoned shall appear or not, it shall be made out to the satisfaction of the Magistrate that the alleged damage was done through such negligence as aforesaid, and that the pecuniary amount of the same does not exceed two hundred Rupees, it shall be lawful for the Magistrate to issue his warrant of distress under which a sufficient portion of the boats, masts, spars, ropes, cables, anchors, or stores of the vessel may be seized and sold to cover the expenses of and attending the execution of the distress, and the pecuniary amount of damage as aforesaid, and such amount shall be paid to the Justices out of the proceeds of the distress. Provided that, if at the time of the damage or mischief the vessel was under the orders of a duly authorized Officer belonging to the Pilot Service or the Harbour Master's or Master Attendant's Department, the case shall not be cognizable by the Magistrate under this Section.

[Penalty for damage done to the works, &c.]

LXVI. If any person shall wilfully demolish, cut, break or in any way destroy any of the wharves, quays, jetties, and piers, or other works, belonging to the Justices under this Act, or any rope or other thing by which any vessel lying in the Port shall be moored or fastened to the same, such person shall for every such offence be liable, on conviction before a Magistrate for the Town of Calcutta, to a penalty not exceeding two hundred Rupees, and shall further be civilly liable to make good to the Justices the damage which he has occasioned.

[Penalties how recoverable.]

LXVII. All penalties imposed by this Act shall be recovered in the manner prescribed by Section XCIII of the Calcutta Police Act, 1866, and the provisions of Section XCIV of that Act shall apply to any distress levied by virtue of this Act. Such penalties shall be applied by the Justices to the purposes of the Trust.

[Justices empowered to make Bye-laws.]

LXVIII. It shall be lawful for the Justices to make and from time to time to alter Bye-laws for the guidance of persons employed by them under this Act; for the safe and convenient use of the wharves, quays, jetties, sheds, ware-houses, tramways, and other works constructed by them under the authority of this Act; for the receiving and removal of goods brought within the premises of the Justices; for declaring the procedure to be followed by the Committee in taking charge of goods which shall have been damaged before landing or shall be alleged to be so damaged; and for the mode of payment of the tolls, dues, rates, and

[*Government Gazette*, 3rd July 1866.]

আহ্বানপত্রের নিরূপিত সময়ে উপস্থিত হউন কি না হউন, কথিত ক্ষতি পূর্ব্বোক্ত অনবধানতাপ্রযুক্ত হইয়াছে ও সেই ক্ষতির মূল্য দুই শত টাকার অনধিক ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব দ্রব্য ধৃত করিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন। তৎক্রমে জাহাজের যত নৌকা ও মাস্তুল ও কালতুবুন ও রজ্জু ও কাচি ও লঙ্গর ও সামগ্রী ঐ আজ্ঞা সাধনের ও তৎসাধনসম্পর্কীয় ব্যয় এবং টাকাক্রমে নির্দ্ধারিত ক্ষতির পরিশোধ করণার্থে প্রয়োজন তাহা সমুদয় ধৃত হইয়া বিক্রয় হইতে পারিবে। এবং ধৃত দ্রব্য হইতে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে জষ্টিসদিগকে ক্ষতির মূল্য দেওয়া যাইবে। কিন্তু ঐ ক্ষতি কি অপকার হওন কালে যদি জাহাজ আড়কাটীদের কি হারবর মাস্টরের কি মাস্টর আটেণ্ডেণ্টের কর্ম্মবিভাগসম্পর্কীয় উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের কর্তৃত্বাধীন হইয়া থাকে, তবে সেই বিবাদ এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য নয় ইতি।

[বিষয়াদির ক্ষতি করিবার দণ্ডের কথা।]

৬৬ ধারা। এই আইনমতে জষ্টিসদের যে ঘাট কি পোস্তাঘাট কি কাষ্ঠময় কি ইষ্টকময় সেতু কি অন্য বিষয় থাকে কিম্বা বন্দরস্থ কোন জাহাজ যে রজ্জু কি অন্য দ্রব্য দ্বারা বন্দরে বাঁধা কি প্রকারান্তরে দৃঢ় বদ্ধ থাকে, তাহা যদি কোন ব্যক্তি ইচ্ছাক্রমে বিনষ্ট করে কি কাটে কি ভাঙ্গে কিম্বা কোন প্রকারে নষ্ট করে, তবে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধ হেতুক দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, তদধিক সেই ব্যক্তি জষ্টিসদের নিকটে সেই অপরাধ জন্য ক্ষতিপূরণ করিতে দেওয়ানী মোকদ্দমায় দায়ী হইতে পারিবেন ইতি।

[দণ্ডের টাকা আদায় করিবার কথা।]

৬৭ ধারা। এই আইনক্রমে যে সকল দণ্ড অবধার্য্য হয়, তাহা কলিকাতার পোলীসের ১৮৬৬ সালের আইনের ৯৩ ধারার নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে। এবং এই আইনক্রমে যে দ্রব্য ধৃত হয় তাহার প্রতি ঐ আইনের ৯৪ ধারার বিধান বর্ত্তিবে। জষ্টিসেরা ঐ দণ্ডের টাকা আপনারদের ন্যাসঘটিত কার্য্যে ব্যয় করিবেন ইতি।

[জষ্টিসদের উপবিধি করিতে পারিবার কথা।]

৬৮ ধারা। জষ্টিসেরা এই আইনমতে যে ব্যক্তিদিগকে কর্ম্ম দেন তাহারদের কার্য্যের পদ্ধতি দেখাইবার জন্যে, এবং এই আইনের শক্তিক্রমে তাঁহারা যে ঘাট ও পোস্তাঘাট ও সেতু ও শেড ও গুদাম ও ট্রামপথ ও অন্য বিষয় নির্ম্মাণ করেন, তাহার নির্ব্বিঘ্নে ও সুবিধামতে ব্যবহার হইবার, এবং জষ্টিসদের ভূম্যাদির মধ্যে আনীত দ্রব্য গ্রহণ ও স্থানান্তর করিবার, এবং জাহাজহইতে নামাইবার পূর্ব্বে যে দ্রব্যে কলঙ্ক হয় কি কলঙ্কযুক্ত বলিয়া যাহা ব্যক্ত হইয়াছে তাহার রক্ষার ভার গ্রহণ কালে কমিটীর যে কার্য্য করা কর্ত্তব্য তাহা প্রকাশ করিবার, এবং এই আইন অনুসারে যে মাসুল ও রেট ও গ্রাহ্য ও প্রাপ্য টাকা আদেয় হয় তাহা শোধ করিবার নিয়মের উপবিধি জষ্টিসেরা করিতে ও সময়েং পরি-

charges leviable under this Act. Provided that no such Bye-law or Regulation shall be repugnant to or inconsistent with any law in force or any Regulation of the Local Government under the provisions of this Act, and that no penalty for any one infringement of a Bye-law shall exceed fifty Rupees, and that in case of a continuing infringement, no penalty shall exceed ten Rupees for every day after the first notice.

[Confirmation of Bye-laws.]

LXIX. No Bye-law or alteration of a Bye-law shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal, and been published for four weeks in the Calcutta Gazette, and when so published all Courts of Law shall take judicial notice thereof.

সর্টিফিকট জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। পরে ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলের সংশিতপত্রের পাঠে যে কথা ব্যক্ত হইয়াছে, প্রার্থক সেই কথানুযায়ি প্রতিজ্ঞাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া জজ সাহেবকে দিয়া, তাঁহার নিকট রাখিবেন, পরে জজ সাহেব তাঁহাকে উক্ত আইন অনুযায়ি সংশিতপত্র দিবেন।

৩৮। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি সেই ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে হাই কোর্টের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

৩৯। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত ফৌজদারী আদালতে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞানদ্বারা মোক্তারস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করেন যদি সেই জিলার জজ সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে ফৌজদারী কোন আদালতে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

৪০। যে জিলার মধ্যে জজ সাহেব বাস না করেন মাজিষ্ট্রেট সাহেব বাস করেন, সেই জিলাতে প্রার্থক ৩৯ ধারার লিখিত কর্ম্মযোগ্যতা বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইলে প্রচুর।

৪১। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের উকীলদের কি মোক্তারদের জন্যে আবশ্যক নাই। ঐ উকীল ও মোক্তারদিগের কার্য্য ক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

৪২। যদি কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইয়া ও ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্রপ্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও হাই কোর্টহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান হইবেন না।

৪৩। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইলে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে হাই কোর্টে তাঁহার সেই কথা জানাইতে হইবে ও ঐ কোর্ট যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৪৪। কোন ব্যক্তি উকীল কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

45. Any wilful violation of any of the above Rules shall subject a Pleader or Mookhtar to suspension or dismissal.

B. PEACOCK.
C. TREVOR.
H. V. BAYLEY.
J. P. NORMAN.
F. B. KEMP.
W. S. SETON-KARR.
LOUIS S. JACKSON.
SHUMBOONATH PUNDIT.
G. CAMPBELL.
J. B. PHEAR.
A. G. MACPHERSON.
F. A. GLOVER.

The 2nd May 1866.

The following are the rules prepared by the Board of Revenue under Section 23, Act XX of 1865, to define what qualifications are required for a certificate entitling a person to practise as a Revenue Agent under that Act.

1. ANY person who has obtained from the Judge a certificate that he is qualified to present himself for examination as a Mookhtar may present himself for examination for the office of Revenue Agent.

2. Any person who can satisfy the Collector of the District that he possesses the following qualifications may be admitted to examination for the office of Revenue Agent, *viz:*—

1st.—That he is a person of good moral character.

2nd.—That he has received a liberal education.

3rd.—That he is not under the age of twenty, nor above the age of thirty-five years, unless he has been previously practising as a Mookhtar, in which case no enquiry as to age is necessary.

3. Every candidate for examination for the office of Revenue Agent shall, at least six weeks before the day fixed for the examination, give notice to the Collector of the District in which he resides of his intention to present himself at the ensuing examination.

4. The Collector, if satisfied that the candidate is qualified for examination under Rule 1 or 2, shall thereupon enter his name, with a description

৪৫। কোন উকীল কি মোক্তার ইচ্ছাপূর্ব্বক পুর্ব্ব লিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

বি পীকক্‌।
সি ট্রেবর।
এচ বি বেলি।
জে পি নরমান।
এফ বি কেম্প।
ডবলিউ এস সীটনকার।
লুইস এস জ্যাকসন।
শম্ভুনাথ পণ্ডিত।
জি কাম্বেল।
জে বি ফিয়র।
এ জি মাকফরসন।
এফ এ গ্লবর।

১৮৬৬ সাল ২ মে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

১৮৬৫ সালের ২০ আইনমতে রেবিনিউ এজেন্টস্বরূপে কর্ম্ম করণার্থ সংশিতপত্র প্রাপণের স্বত্বের জন্যে কোন ব্যক্তির যেং গুণবত্তা থাকার প্রয়োজন তন্নিরূপণার্থ পশ্চাৎলিখিত সকল বিধি উক্ত আইনের ২৩ ধারামতে রেবিনিউ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইল।

১। মোক্তারের পরীক্ষাতে উপস্থিত হইবার যোগ্য এই মর্ম্মের সংশিতপত্র যে ব্যক্তি জজ সাহেবের স্থানে প্রাপ্ত হন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবেন।

২। পশ্চাৎ লিখিত গুণ প্রাপ্ত হইয়াছেন, এই বিষয়ে যে কেহ জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন তিনি রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দেওনার্থে গ্রাহ্য হইতে পরিবেন। বিশেষত ঃ

(১) তিনি সুনীতির ব্যক্তি।

(২) বিশিষ্টমতে বিদ্যাশিক্ষা করিয়াছেন।

(৩) ২০ বৎসরের ন্যূন কি ৩৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক নহেন। কিন্তু যদি পুর্ব্বে মোক্তারের কর্ম্ম করিয়া থাকেন, তবে বয়সের কথা জিজ্ঞাসা করা আবশ্যক হইবে না।

৩। রেবিনিউ এজেন্টের কর্ম্মের নিমিত্তে পরীক্ষা দানাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি যে জিলায় বাস করেন সেই জিলার কালেক্টর সাহেবকে পরীক্ষা হইবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি ন্যূন ছয় সপ্তাহ থাকিতে সেই পরীক্ষাতে আপনার উপস্থিত হইবার মনস্থ জ্ঞাত করিবেন।

৪। ঐ পদাকাঙ্ক্ষি ১ কিম্বা ২ ধারামতে পরীক্ষা দিবার যোগ্য কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ পরীক্ষার্থির নাম, ও তাঁহাকে চিনিবার উপ-

sufficient for identification, in a register, and shall furnish to the candidate a certificate to that effect.

5. Before the date of examination every candidate shall pay a fee of Rupees 5 to the Collector of the District, whose receipt for the same shall be endorsed on the certificate described in Rule 4.

6. Candidates residing in Calcutta shall give the notice, and pay the fees, prescribed in Rules 3 and 5, to the Collector of the 24-Pergunnahs.

7. The examination shall be held before such persons as the Government of Bengal shall appoint to be Examiners under Section 24, Act XX of 1865, and according to such regulations as shall be made by the said Government for conducting such examination. The examination shall be in the following subjects:—

A. The permanent settlement; the Government lien on land; and the mode in which Estates can be brought to sale for arrears of revenue.	Regulations I, II, VIII, X, XI, XIV, XIX, XXXVII, and XLIV of 1793; Act XI of 1859.
B. The Law of under-tenures, and the mode in which the same can be brought to sale for arrears of revenue.	Regulations VIII of 1819 and I of 1820; Acts X of 1859 and VIII of 1865 (B. C.)
C. The Law for the Division of Estates.	Regulation XIX of 1814.
D. The relation of Landlord and Tenant.	Acts X of 1859 and VI of 1862 (B. C.)
E. The Law of Evidence.	Act II of 1855.
F. The Stamp Laws.	Acts X of 1862 and XVIII of 1865.

8. Any person who shall pass the examination, and who shall desire to be admitted as a Revenue Agent, shall pay into the Government Treasury of the District in which he shall intend to practise Rupees 8, and shall on presentation of the certificate of the Examiners, and of a receipt for the said sum of Rupees 8, be entitled to apply to the Collector of the District for, and to receive a certificate in, the form prescribed in Schedule 3, Act XX of 1865, and subject to the conditions of Sections 20, 21, and 22 of the said Act, which certificate shall be signed by the Collector of the District and delivered to the applicant.

9. The application, certificate, and receipt required by Rule 8 shall be forwarded by the Collector, to the Secretary of the Board of Revenue, with such remarks as he may think fit to make thereon.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ৩ জুলাই।]

যুক্ত বর্ণনা রেজিষ্টরে লিখিয়া তাঁহাকে সেই মর্ম্মের এক সংশিতপত্র দিবেন।

৫। পরীক্ষা দিবার তারিখের পুর্ব্বে উক্ত পদাকাঙ্ক্ষি প্রত্যেক জন জিলার কালেকুটর সাহেবকে ৫৲ টাকা শুল্ক দিবেন। তাহার রসীদ ৪ বিধির নির্দ্দিষ্ট সংশিতপত্রের পৃষ্ঠে লিখিত হইবে।

৬। কলিকাতা নিবাসি ঐ পদাকাঙ্ক্ষিরা চব্বিশ পরগনার কালেকুটর সাহেবের নিকটে ৩ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ও ৫ ধারার নির্দ্দিষ্ট শুল্ক দিবেন।

৭। বঙ্গদেশের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ২০ আইনের ২৪ ধারানুসারে যে ব্যক্তিদিগকে পরীক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহাদের সম্মুখে ঐ গবর্ণমেন্ট ঐ পরীক্ষাকার্য্য সম্পাদন করিবার যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ঐ পরীক্ষা হইবে। পশ্চাৎ লিখিত পুস্তকে পরীক্ষা হইবে যথা,

A. চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে ও ভূমির উপর গবর্ণমেন্টের দাওয়ার ও বাকী রাজস্বের জন্যে সম্পত্তির নীলাম যে নিয়মে হইতে পারে তদুপলক্ষে।	১৭৯৩ সা. ১, ২, ৮, ১০, ১১, ১৪, ১৯, ৩৭, ও ৪৪ আইন ১৮৫৯সা. ১১ আইন।
B. পত্তনীতালুকের আইন ও তাহা বাকী রাজস্বের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে।	১৮১৯ সালের ৮ আইন ১৮২০ সা. ১ আ. ও ১৮৫৯ সা. ১০ আইন ১৮৬৫ সা. বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইন।
C. বাটওয়ারা বিষয়ক আইন।	১৮১৪ সা. ১৯ আ।
D. ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধব্যবস্থা	১৮৫৯ সা. ১০ আ. ও ১৮৬২ সা. বঙ্গদেশীয় ৬ আ.
E. প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৫৫ সা. ২ আ।
F. ইষ্টাম্প বিষয়ক আইন।	১৮৬২ সা. ১০ আ। ১৮৬৫ সা. ১৮ আ.।

৮। কোন ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়া যদি রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইতে চাহেন, তবে যে জিলার মধ্যে ব্যবহার করিতে বাসনা করেন, সেই জিলার গবর্ণমেণ্টের অর্থাগারে ৮৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সংশিতপত্র ও কালেকুটর সাহেবের ঐ ৮৲ টাকার রসীদ দেখাইলে তিনি জিলার কালেকুটর সাহেবের নিকটে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এবং উক্ত আইনের ২০ ও ২১ ও ২২ ধারার নিয়মাধীনে সংশিতপত্র পাইবার প্রার্থনা করিতে স্বত্ববান্ হইবেন। সংশিতপত্র জিলার কালেকুটর সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া প্রার্থককে দেওয়া যাইবে।

৯। কালেকুটর সাহেব ঐ প্রার্থনা এবং এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্ট সংশিতপত্র ও রসীদ ও তদ্বিষয়ে যে মন্তব্য কথা লেখা বিহিত বোধ করেন তাহা লিখিয়া রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরণ করিবেন।

10. If any person, having passed the examination entitling him to be admitted and enrolled as a Revenue Agent, shall fail to apply for such admission and enrolment for a period of three years, he shall not be admitted and enrolled, unless, by a special order of the Board of Revenue, the time for such application shall be extended.

11. Provided that any person who, on the 1st January 1866, had been practising for the term of one year at least immediately preceding that date, as a Mookhtar in a Revenue Office, and who shall satisfy the Collector of the District in which he has ordinarily practised, that he is a person of good moral character, and qualified, by his knowledge of law and procedure, to continue practising as a Revenue Agent, shall be admitted to practise in any Revenue Office.

12. The qualifications required by the above Rules shall not be necessary for Revenue Agents in the Non-Regulation Provinces under the Government of Bengal. Rules for the qualification, admission, and enrolment of such Revenue Agents will be published hereafter.

13. If any person, having been admitted and enrolled as a Revenue Agent, shall neglect to take out a certificate, or having obtained a certificate shall fail to renew it for a period of three years he shall be suspended, and shall not be entitled to receive a certificate, or to have his certificate renewed without further orders of the Board of Revenue.

14. Any person who, having been admitted as a Revenue Agent, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the Board of Revenue, who may thereupon pass such orders as the said Board may think fit.

15. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a Revenue Agent, shall state the fact on his application for admission.

16. Any wilful violation of any of the above Rules shall subject a Revenue Agent to suspension or dismissal.

A. GROTE, } *Members, Board of*
V. H. SCHALCH, } *Revenue.*

[*Government Gazette, 3rd July* 1866.]

১০। যে প্রকারের পরীক্ষা দিলে কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপে গ্রাহ্য হইতে ও ফর্দ্দে নাম লেখাইতে পারেন সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ হইলে পর যদি কোন ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত তদ্রূপ গ্রাহ্য হইবার ও ফর্দ্দে নাম লেখাইবার প্রার্থনা না করেন, তবে রেবিনিউ বোর্ডের বিশেষ আজ্ঞাক্রমে সেই প্রার্থনা করিবার সময় বৃদ্ধি না হইলে তিনি গ্রাহ্য হইবেন না ও ফর্দ্দে তাঁহার নাম লেখা যাইবে না।

১১। পরন্তু যদি কোন ব্যক্তি ১৮৬৬ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে অতি ন্যূন এক বৎসর পর্য্যন্ত রাজস্বের কার্য্যালয়ে মোক্তারস্বরূপে কর্ম্ম করিয়া আসিতেছেন, এবং সুনীতিরীতির লোক ও আইন ও কার্য্যবিধান বিষয়ক জ্ঞান দ্বারা রেবিনিউ এজেন্টস্বরূপে কার্য্য করিয়া থাকিতে ক্ষমতাপন্ন আছেন এই বিষয়ে তিনি সাধারণ্যে যে জিলার মধ্যে ব্যবহার করিয়াছেন যদি সেই জিলার কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে রাজস্বের কোন কার্য্যালয়ে ব্যবহার করিতে গ্রাহ্য হইবেন।

১২। পূর্ব্বোক্ত বিধিতে যে কর্ম্মযোগ্যতা নির্দ্ধারিত হইয়াছে তাহা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন আইনবহির্ভূত প্রদেশের রেবিনিউ এজেণ্টদের পক্ষে আবশ্যক নাই। ঐ রেবিনিউ এজেন্টদিগের কার্য্যক্ষমতার ও গ্রাহ্য হওয়ার ও ফর্দ্দে নাম লেখাইবার বিধি পশ্চাৎ প্রকাশ হইবে।

১৩। যদি কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে নাম লেখাইয়া সংশিতপত্র লইতে শৈথিল্য করেন, কিম্বা সংশিতপত্র প্রাপ্ত হইলেও তিন বৎসর পর্য্যন্ত ঐ পত্র নূতন করিয়া লইতে ত্রুটি করেন, তবে তাঁহার কর্ম্ম স্থগিত হইবে ও রেবিনিউ বোর্ডহইতে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সংশিতপত্র পাইতে কিম্বা নূতন করিয়া লইতে স্বত্ববান্ হইবেন না।

১৪। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্ম গ্রাহ্য করেন কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে রেবিনিউ বোর্ডে জ্ঞাত করিবেন ও উক্ত বোর্ডের সাহেবেরা যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

১৫। কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করণ কালে যদি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত থাকেন, কিম্বা কোন প্রকারের বাণিজ্য কি ব্যবসায় করেন, তবে গ্রাহ্য হইবার প্রার্থনাপত্রে তিনি সেই কথা জ্ঞাত করিবেন।

১৬। কোন রেবিনিউ এজেন্ট ইচ্ছাপূর্ব্বক পূর্ব্বলিখিত কোন বিধি লঙ্ঘন করিলে তিনি কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে পদচ্যুত হইবেন।

এ গ্রোট, } রেবিনিউ বোর্ডের মেম্বর।
বি এচ শক, }

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Rules made by the Board of Revenue, Lower Provinces, in pursuance of Act XX of 1865, Section 37, for fixing and regulating the fees payable by the unsuccessful party in respect of the fees of his adversary's Pleader, in proceedings in the Revenue Courts and Offices in the Lower Provinces.

[Scale of fees prescribed. Agent to have three quarter fees only.]

1 ... and after, the 1st day of July of 1866, the sums which shall be payable by an unsuccessful party in any suit or proceeding in the Revenue Courts and Offices in the Lower Provinces of Bengal, in respect of the fees of his adversary's pleader shall be calculated at the rates specified in the following schedules. If a Revenue Agent and not a pleader has been employed by the said adversary, a deduction of one-fourth part shall be made from the fees calculated as herein deducted, and if, though a pleader has been employed, the Officer presiding in the Court or Office be of opinion that the employment of a pleader was unnecessary, and that it would have sufficed to employ a Revenue Agent, the fees shall be calculated as for a Revenue Agent only.

SCHEDULE.

In all suits or applications instituted under Act X. of 1859 of Act VI of 1862 B. C., and in all judicial or quasi-judicial proceedings in any Revenue Court or Office :

If the amount or value of the property, debt, or damages decreed does not exceed 5,000 Rupees, at 5 per cent. on the amount or value decreed.

If the amount or value exceed 5,000 Rupees and does not exceed Rupees 20,000 on Rupees 5,000 at 5 per cent. and on the remainder at 2 per cent.

If the amount or value exceed 20,000, and does not exceed 50,000, on 20,000 as above, and on the remainder at 1 per cent.

If the amount or value exceed 50,000, on 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed 3,000 Rupees.

[Where value cannot be exactly defined.]

2. In suits or proceedings to enforce rights of which the pecuniary value cannot be exactly defined, as, for example, in suits for a kabulyut or

বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে ও কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত কার্য্য হইলে যে ব্যক্তি পরাজিত হন তাঁহার বিপক্ষ ব্যক্তির উকীলকে তাঁহার যত ফী দিতে হইবে, তাহা নির্দ্ধার্য্য ও বিধিবদ্ধ করণার্থে বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে এই বিধি করিয়াছেন।

[শুল্কের হারাবধারণের কথা ও এজেন্টের তাহার তৃতীয়াংশমাত্র পাইবার কথা।]

... বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে কার্য্য হইয়া যে ব্যক্তি মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত ... তাঁহার বিপক্ষের উকীলকে যত ফী দিতে হইবে, এতদুপলক্ষে রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে আজ্ঞা করেন যে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথমদিনাবধি নিম্ন লিখিত তফসীলের অবধারিত হারে ঐ ফী ধার্য্য হইবে। যদি উক্ত বিপক্ষ ব্যক্তি উকীলকে নিযুক্ত না করিয়া রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিয়া থাকেন, তবে এই তফসীল অনুসারে যত টাকা ধরিতে হয় তাহার চতুর্থাংশ বাদ দিয়া তাঁহাকে অবশিষ্ট টাকা দেওয়া যাইবে। উকীল নিযুক্ত হইলে ও উকীলকে নিযুক্ত করা অনাবশ্যক রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিলে প্রচুর হইত যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি এমত বোধ করেন, তবে কেবল রেবিনিউ এজেন্টের প্রাপ্তব্য ফী ধরা যাইবে।

তফসীল।

১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে যে সকল মোকদ্দমা কি প্রার্থনা উপস্থিত করা যায়, এবং রাজস্বসম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত যে সকল কার্য্য কি মোকদ্দমাঘটিত কার্য্যবৎ অন্য যে কার্য্য উপস্থিত করা যায়, তাহাতে।

যে টাকার কি সম্পত্তির যে মূল্যের কি যে ঋণের কি ক্ষতিপূরণের ডিক্রী হয় তাহা ৫০০০৲ টাকার অধিক না হইলে সেই ডিক্রীর টাকার কি মূল্যের উপর শতকরা ৫৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫,০০০৲ টাকার অধিক কিন্তু ২০,০০০৲ টাকার অনধিক হয় তবে ৫,০০০৲ টাকাপর্য্যন্ত শতকরা ৫৲ টাকা, তদূর্দ্ধ টাকার উপর শতকরা ২৲ টাকা।

যদি টাকা কি মূল্য ২০,০০০৲ টাকার অধিক কিন্তু ৫০,০০০৲ টাকার অনধিক হয় তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর শতকরা ১৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫০,০০০ টাকার অধিক হয় তবে ৫০,০০০৲ টাকাপর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর ।৹ আট আনা।

কিন্তু কোন স্থলে ৩,০০০৲ টাকার অধিক ফী দিতে হইবে না।

[ঠিক মূল্য নিরূপণ হইতে না পারিলে তাহার কথা।]

২। মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে স্বত্ব বলবৎ করিবার জন্যে করা যায় তাহার মূল্য যদি যথার্থ মতে নিরূপণ হইতে না পারে, তবে সেই মোক-

pott— or for abatement or enhancement of rent, or for ejectment or re-instatement, or in proceedings for the division of an estate, if the plaintiff succeed, the Presiding Officer of the Court or Office may order the fee of the pleader or Revenue Agent for the plaintiff to be calculated upon the valuation of the claim, or upon such a sum, not exceeding the valuation, as the said Officer may think reasonable and may fix with reference to to the importance of the subject of the dispute.

[For when case is dismissed.]

3. If any suit, application, or claim, is *dismissed* for default, or upon the merits, or is decreed for the defendant, the defendant's pleader's or agent's fee shall be calculated on the whole value of the suit.

[When it is decreed in part.]

4. If any suit, application, or claim is *decreed* for the plaintiff as to *part* only of his claim, and as to the remainder, is dismissed or decreed for the defendant, the fees allowed to each party's pleader or agent shall be calculated upon the value of that part of the claim in respect of which he has succeeded.

[When in a successful suit the whole damages claimed are not allowed.]

5. If, in any suit for damages under the Rent Laws, the plaintiff *fails to recover the full amount of damages* claimed, the defendant shall not be entitled to any allowance for a pleader or agent's fee in respect of the difference between the amount of damages claimed and the amount recovered, unless the Presiding Officer of the Court or Office shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall for that, or any other cause to be specified, direct that a fee for his pleader or agent shall be allowed to the defendant. If specially allowed the amount of such fee shall be calculated upon the amount of damages disallowed to the plaintiff.

[When the defence is joint or common.]

6. If several defendants, who have a *Joint* or *Common Interest* succeed upon a joint defence, or upon separate defences substantially the same, not more than one pleader or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for reasons which shall be recorded. If only one fee be allowed, the Presiding Officer shall direct to which of the defendants it shall be paid, or shall apportion it among the several defendants in such manner as he shall think fit.

দমা প্রভৃতিতে যথা, কবুলিয়ৎ কি পাট্টা পাইবার কিম্বা কর ন্যূন কি বৃদ্ধি করিবার কিম্বা উঠাইয়া দিবার কি পুনশ্চ অধিকার পাইবার মোকদ্দমায় কিম্বা ভূমি ভাগ করিবার মোকদ্দমাঘটিত কার্য্যেতে, যদি বাদী জয়ী হন, তবে তাঁহার উকীলকে কি রেবিনিউ এজেন্টকে যত টাকা দিতে হইবে, তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি দাওয়ার মূল্যানুসারে কিম্বা ঐ মূল্যের অনধিক যত টাকা উক্ত কার্য্যকারক যুক্তিসিদ্ধ বোধ করিয়া বিবাদীয় বিষয়ের গুরুত্বানুসারে নির্দ্ধার্য্য করেন তদনুসারে ফী হিসাব করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমা ডিসমিস হইলে সেইস্থলের কথা।]

৩। যদি কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া ত্রুটিহেতুক কি দোষগুণক্রমে ডিসমিস হয়, কিম্বা যদি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে প্রতিবাদির উকীলের কি এজেন্টের ফী মোকদ্দমার সম্পূর্ণ মূল্যের উপর ধরিতে হইবে।

[একাংশের ডিক্রী হইলে সেই স্থলের কথা।]

৪। যদি বাদির দাওয়ার কেবল এক অংশ সম্পর্কে মোকদ্দমার কি প্রার্থনার কি দাওয়ার ডিক্রী হয় এবং অন্য অংশ সম্পর্কে ডিসমিস হয় কি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে বাদির এবং প্রতিবাদির উকীল কি এজেন্ট যত ফী পাইবেন বাদী দাওয়ার যে অংশ সম্পর্কে কৃতার্থ হইয়াছেন কেবল সেই অংশের মূল্যানুসারে তাহা নিরূপণ হইবে।

[মোকদ্দমায় জয়ী হইলে যদি প্রার্থিত সমুদয় ক্ষতিপূরণের আজ্ঞা না হয়, তবে সেই স্থলের কথা।]

৫। করাদায়ের আইনঅনুসারে ক্ষতিপূরণের মোকদ্দমায় যদি বাদী প্রার্থিত ক্ষতিপূরণের সমুদয় টাকা প্রাপ্ত না হন, তবে প্রার্থিত ক্ষতিপূরণের ও আজ্ঞামতে আদায় করা টাকার মধ্যে যত টাকার বিশেষ হয়, প্রতিবাদী তত টাকার উপলক্ষে উকীলের কি এজেন্টের জন্যে কিছুই পাইবার স্বত্ববান্ হইবেন না। কিন্তু ক্ষতিপূরণের যত টাকা দাওয়া হইয়াছে তাহা অযুক্তিসিদ্ধ ও অতিরিক্ত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ইহা বোধ করিয়া যদি সেই কি অন্য হেতুতে প্রতিবাদির উকীলের কি এজেন্টের জন্যে তাঁহার ফী পাইবার আদেশ করেন, তবে পাইবেন। সেই হেতু নির্দ্দিষ্ট করিতে হইবে। ফী পাইবার বিশেষ অনুমতি হইলে বাদির ক্ষতিপূরণের যত টাকা অগ্রাহ্য হইয়াছে তদনুসারে সেই ফীর টাকা ধরিতে হইবে।

[সংযুক্ত কি সাধারণ উত্তর হইলে সেই স্থলের কথা।]

৬। অনেক প্রতিবাদী সংসৃষ্ট কি সাধারণ স্বার্থবিশিষ্ট হইয়া যদি সংযুক্ত প্রত্যুত্তর কিম্বা স্বতন্ত্র অথচ ভাবতঃ সমান উত্তর দিয়া কৃতার্থ হন, তবে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি কোন হেতুতে অন্যরূপ আজ্ঞা না করিলে কেবল এক জন উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হইবে। সেই হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক জনের ফী দেওয়া যায় তবে প্রতিবাদিদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, তাহা আজ্ঞা করিবেন কিম্বা যেমন উচিত বোধ করেন তেমনি প্রতিবাদিদের মধ্যে বণ্টন করিয়া দিবেন।

[When several defendants make separate defences.]

7. If several defendants, who have *separate* interests, set up *separate* and distinct defences and succeed thereon, a fee for one pleader or agent for each of the defendants who appear by a separate pleader or agent may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated upon the value of the separate interest of such defendant.

[In miscellaneous proceedings.]

8. The amount in respect of the fee of an adversary's pleader or agent when allowed in any miscellaneous proceeding, or for any other matter than that of appearing, acting or pleading in a suit or application, or other judicial or quasi-judicial proceeding prior to decree shall be fixed by the Presiding Officer of the Court or Office according to the following scale, *viz:*—

In proceedings before the Board of Revenue or in the Court or Office of a Commissioner of Revenue, Rupees 10 to 80.

In the Court or Office of a District Officer, Rupees 4 to 16.

In the Court or Office of a Deputy Collector, Rupee 1 to Rupees 10.

[Undefended cases.]

9. In any suit, application or claim, in any Court or Office of *Original Jurisdiction* which is *undefended* the amount to be paid as the fee of the adversary's pleader or agent shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

[Revival or rehearing of suit.]

10. In proceedings for, or consequent upon, the revival or rehearing of a suit, the pleader's or agent's fee, if allowed to the successful party, shall be fixed by the Presiding Officer of the Court or Office at an amount which shall not exceed one-half of the amount that would have been allowed by these rules in case of an original decree.

The fee allowed in respect of the revival or rehearing will be irrespective of any fee which may be included in any costs in respect of the original suit or proceeding which may be adjudged to the successful party by the judgment in review.

[Appeals.]

11. The amount to be allowed on account of the fees of an adversary's pleader or agent in an appeal, shall be calculated on the same scale as in original suits, and the principles of the above clauses as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩ জুলাই।]

[যে স্থলে অনেক প্রতিবাদী স্বতন্ত্র উত্তর করেন সেই স্থলের কথা।]

৭। অনেক প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থ হইয়া যদি স্বতন্ত্র ও পৃথক্ উত্তর উপস্থিত করিয়া কৃতার্থ হন, তবে যেং প্রতিবাদী স্বতন্ত্র উকীলের কি এজেণ্টের দ্বারা উপস্থিত হন, সেই প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থোপলক্ষে একং জন উকীলের কি এজেন্টের ফী দিবার অনুমতি হইতে পারিবে। তদ্রূপ অনুমতি হইলে ঐ প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থের মূল্যানুসারে ঐ ফী ধরিতে হইবে।

[বিবিধ কার্য্যের বিধি।]

৮। মোকদ্দমাঘটিত বিবিধ প্রকারের কোন কার্য্যেতে কিম্বা ডিক্রী হইবার পূর্ব্ব কোন মোকদ্দমায় কি প্রার্থনায় কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যেতে কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যবৎ কোন কার্য্যে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর কি সমর্থন করণভিন্ন যদি অন্য কার্য্যহেতুক বিপক্ষের উকীলের কি এজেন্টের ফীর উপলক্ষে টাকা দিবার অনুমতি হয়, তবে যত টাকা দেওয়া যাইবে তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি নিম্ন লিখিত হারানুসারে নিরূপণ করিবেন।

রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বসম্পর্কীয় কমিস্যনরের আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত কার্য্যহেতুক ১০ অবধি ৮০ পর্য্যন্ত টাকা।

জিলার কার্য্যকারকের আদালতে কি কার্য্যালয়ে ৪ অবধি ১৬ পর্য্যন্ত টাকা।

ডেপুটী কালেক্টরের আদালতে কি কার্য্যালয়ে ১ অবধি ১০ পর্য্যন্ত টাকা।

[যে মোকদ্দমার উত্তরবাদী নাই তাহার কথা।]

৯। আদৌ বিচারাধিপত্য বিশিষ্ট কোন আদালতে কি কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া উপস্থিত করা গেলে, যদি উত্তরবাদী না থাকে তবে বিপক্ষের উকীলের কি এজেন্টের প্রাপ্তব্য ফী নিরূপণ কালে উত্তরবাদী থাকিলে যত টাকা নিরূপণ হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

[মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণের কথা।]

১০। মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণার্থে কি তৎফলস্বরূপে যে কার্য্য করা যায়, তাহাতে যদি জয়িপক্ষের উকীলকে কি এজেন্টকে ফী দিবার অনুমতি হয়, তবে আদৌ মোকদ্দমায় ডিক্রী হইলে এই বিধিমতে যত ফী নিরূপণ হইত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি তাহার অর্দ্ধেকের অনধিক টাকা নির্দ্ধার্য্য করিবেন।

পুনর্বিচারের নিষ্পত্তিতে আদি স্থলের মোকদ্দার কি মোকদ্দমাঘটিত কার্য্যের উপলক্ষে পরাজয়ি ব্যক্তির যে খরচ পাইবার আজ্ঞা হয় তৎসংক্রান্ত যে ফী ধরা যায়, মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণোপলক্ষে তাহার স্বতন্ত্র ফী হইবে।

[আপীলের কথা।]

১১। আপীলী মোকদ্দমায় বিপক্ষের আপীলের কি এজেণ্টের যত ফী দিতে হইবে ইহা আদৌ উপস্থিত মোকদ্দমার সমানহারে নিরূপণ হইবে। আদৌ উপস্থিত মোকদ্দমা সংক্রান্ত পূর্ব্বলিখিত প্রকরণের যে মূলবিধি তাহা আপীলী মোকদ্দমার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে।

[Joint Appellants.]

12. When the interest of *Several Appellants* is *joint*, not more than one pleader's or agent's fee shall be allowed unless the Presiding Officer of the Court or Office shall otherwise order, for a reason to be recorded. If one fee only be allowed, the Presiding Officer of the Court or Office shall direct to which of the Appellants it shall be paid, or shall apportion it amongst the several Appellants in such proportions as he shall think fit.

[Several Respondents.]

13. If *several Respondents* in one appeal appear by *separate pleaders or agents*, in determining whether several pleaders or Agents' fees shall be allowed, the Presiding Officer of the Court or Office shall be guided by the principles laid down in Clauses 6 and 7.

14. If, in any instance, the payment of fees according to the preceding Clauses shall not appear to the Presiding Officer of any Court or Office to be just and equitable, he may exercise his discretion in charging the fee of the adversary's pleader in such manner as may appear just and equitable, but, whenever, in any case other than those provided for in Clause 8, an allowance is made for a pleader's or agent's fee, the amount shall be calculated according to the Schedule appended in Clause 1.

By Order of the Board of Revenue, Lower Provinces,

R. B. Chapman,
Secretary.

Board of Revenue,
The 5th June 1866.

[সহ আপেলাণ্টদের কথা।]

১২। আপেলাণ্টদের মধ্যে যদি অনেক ব্যক্তির সাধারণ স্বার্থ থাকে, তবে একের অধিক উকীলের কি এজেণ্টের ফী পাইবার অনুমতি হইবে না। যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাহার হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক ফীর অনুমতি হয়, তবে তাহা আপেলাণ্টদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, আদালতের কি কার্য্যালয়ের অধিপতি সেই কথা নিরূপণ করিবেন কিম্বা আপনি যেমত উচিত বোধ করেন সেইমতে নানা আপেলাণ্টদের মধ্যে তাহা বণ্টন করিবেন।

[অনেক রেস্প্যাণ্ডেণ্ট থাকিলে তাহার কথা।]

১৩। যদি এক আপীলী মোকদ্দমায় অনেক রেস্প্যাণ্ডেণ্ট স্বতন্ত্র উকীল কি এজেণ্টের দ্বারা উপস্থিত হন, তবে অনেক উকীলের কি এজেণ্টের ফী দিতে হয় কি না ইহা নির্ণয় করিবার জন্যে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ৬ ও ৭ ধারার অবধারিত নিয়ম দৃষ্টি করিবেন।

১৪। যদি কোন গতিকে কোন আদালতের কি কার্য্যালয়ের অধিপতির বিবেচনায় পূর্ব্বলিখিত কোন প্রকরণানুসারে ফী দেওয়া অযথার্থ কি অন্যায় হয়, তবে তিনি যে নিয়ম ন্যায় ও যথার্থ বোধ করেন, তদনুসারে বিপক্ষ পক্ষের উকীলের ফী গ্রহণ বিষয়ে স্বীয় বিচনামতে কার্য্য করিবেন। কিন্তু যদি ৮ প্রকরণের লিখিত স্থলভিন্ন অন্য স্থলে উকীলের কি এজেণ্টের ফী পাইবার অনুমতি হয়, তবে যত টাকা দিতে হইবে ইহা ১ প্রকরণের লিখিত তফসীল অনুসারে নিরূপণ হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান, সেক্রেটরী।

রেবিনিউ বোর্ড।
১৮৬৬ সাল ৫ জুন।

John Robinson, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1199.

Appointments.

The 11th June 1866.

Mr. W. H. D'Oyly to officiate temporarily as Magistrate and Collector of Bhaugulpore.

The 14th June 1866.

Baboo Prosonno Coomar Surbadhicary to be Principal of the Sanscrit College.

The 19th June 1866.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Serajgunge, *viz.:—*

Baboo Khetter Persaud Mookerjee.
" Rajroop Khutter.

[*Government Gazette*, 3rd *July* 1866.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১১৯৯ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১১ জুন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব কিয়ৎকালের নিমিত্তে ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৪ জুন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী সংস্কৃত কালেজের প্রিন্সিপল হইবেন।

১৮৬৬ সাল ১৯ জুন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা শেরাজগঞ্জের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ—

শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায়।
" বাবু রাজরূপ ক্ষত্র।

Mr. P. Carnegy to officiate as Deputy Commissioner of Kamroop, during the absence, on leave, of Captain J. F. Sherer, or until further orders.

কাপ্তান শ্রীযুত জে এফ শেরর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি কার্ণেগী সাহেব কামরূপের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

The following transfers of Assistant Superintendents of Police are sanctioned by the Lieutenant-Governor, *viz.* :—

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্ন লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের স্থানান্তরে নিয়োগ অনুমোদন করিয়াছেন। যথা—

Mr. J. B. S. Millie from Lohardugga to Bancoorah.

শ্রীযুত জে, বি, এস মিলি সাহেব লোহারডগাহইতে বাঁকুড়ায়।

Mr. J. S. Larminie from Bancoorah to Lohardugga.

শ্রীযুত জে এস লার্ম্মিনি সাহেব বাঁকুড়াহইতে লোহারডগায়।

Mr. H. G. Wilkins from Hooghly to Bograh.

শ্রীযুত এচ জি উইলকিন্স সাহেব হুগলীহইতে বগুড়ায়।

Mr. E. A. Vines from the Eastern Dooars to Hooghly.

শ্রীযুত ই এ বাইন্স সাহেব পূর্ব্বদুয়ারহইতে হুগলীতে।

This cancels Mr. Vines' transfer to Kamroop, notified in the *Calcutta Gazette* of the 6th instant.

শ্রীযুত বাইন্স সাহেবের কামরূপে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ১২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

The 20th June 1866.

১৮৬৬ সাল ২০ জুন।

Mr. W. R. Larminie to officiate as Joint-Magistrate and Deputy Collector of Dinagepore, with effect from the 11th instant.

শ্রীযুত ডবলিউ আর লার্ম্মিনি সাহেব দিনাজপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। ঐ নিয়োগ এই মাসের ১১ তারিখঅবধি প্রবল হইবে।

The following Assistants to Magistrates and Collectors are vested temporarily with the powers of a Magistrate in the Districts mentioned against their respective names, *viz.* :—

নিম্ন লিখিত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবেরা কিয়ৎকালের নিমিত্তে আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। যথা—

Mr. J. J. Livesay in Pooree.
,, J. Ward in Cuttack.
,, G. K. Webster in Cuttack.
,, T. M. Kirkwood in Cuttack.
,, T. H. H. Shortt in Balasore.
,, R. F. Rampini in Balasore.

শ্রীযুত জে জে লাইবসে সাহেব .. পুরীতে।
,, জে ওয়ার্ড সাহেব ... কটকে।
,, জি কে ওয়েবষ্টর সাহেব ... কটকে।
,, টি এম কর্কউড সাহেব ... কটকে।
,, টি এচ এচ শর্ট সাহেব ... বালেশ্বরে।
,, আর এফ রাম্পিনি সাহেব ... বালেশ্বরে।

Mr. G. M. Currie, Assistant Magistrate and Collector, Pooree, is vested temporarily with the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District.

পুরীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি, এম, করি সাহেব ঐ জিলাতে কিয়ৎকালের নিমিত্তে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

The 21st June 1866.

১৮৬৬ সাল ২১ জুন।

Mr. D. J. McNeile, on special duty, is vested with the powers of a Magistrate and Collector in the Districts of Cuttack, Pooree, and Balasore.

শ্রীযুত ডি জে মাকনীল্ সাহেব বিশেষ কার্য্যার্থে কটক ও পুরী ও বালেশ্বর জিলাতে মাজিষ্ট্রেটের ও কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

Mr. J. E. A. Eyre, Deputy Magistrate and Deputy Collector of Sarun, is appointed to the charge of the Sub-Division of Sewan, and is, in addition to the powers he already exercises, empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, ই, এ, এয়র সাহেব সেওয়ান শাখাখণ্ডে নিযুক্ত হইয়াছেন, এবং যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

The 22nd June 1866.

১৮৬৬ সাল ২২ জুন।

Mr. J. Ward to be Sub-Registrar of Assurances of the Sub-District of Cuttack, having its Head-

শ্রীযুত জে ওয়ার্ড সাহেব কটক সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব-ডিষ্ট্রিক্-

Quarters at the Sudder Station of the District of Cuttack.

Koomar Brijendra Narain Deb to be Sub-Registrar of Assurances of the Sub-District of Purneah, having its Head-Quarters at the Sudder Station of the District of Purneah.

Mr. G. Stratford to officiate as District Superintendent of Police, Dacca, during the absence, on leave, of Mr. F. T. Platts, or until further orders.

The 23*rd June* 1866.

Mr. J. Hamilton to be Apothecary to the Calcutta Police Hospital, *vice* Mr. H. R. Jackson resigned.

Mr. J. Birkmyre, Officiating Assistant Commissioner, Cachar, is vested with power to try cases under Act XIII. of 1859, and is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Moulvy Mofeezoodeen, Deputy Magistrate and Deputy Collector of Backergunge, is transferred to Tipperah, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. George Hayes to be a Sub-Assistant Commissioner in the Sonthal Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in those Pergunnahs.

The 25*th June* 1866.

Mr. G. L. T. Harris to officiate as Magistrate and Collector of Burdwan, during the absence, on special duty, of Mr. D. J. McNeile, or until further orders.

Mr. H. S. Beadon is appointed to be a Municipal Commissioner and Vice-Chairman of the Municipal Commissioners of Darjeeling. Mr. Beadon is also appointed to be a Member of, and Secretary to, the Local Committee of Public Instruction at Darjeeling.

Mr. E. H. Ruddock to be an Assistant to the Magistrate and Collector of Chumparun, to have charge of the Sub-Division of Bettiah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District. Mr. Ruddock is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

[*Government Gazette*, 3*rd July* 1866.]

টের প্রধান স্থান কটক জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব পূরণিয়ার সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন, উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান পূরণিয়া জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত এফ টি প্লাটস্ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি ষ্ট্রাটফর্ড সাহেব ঢাকার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৩ জুন।

শ্রীযুত এচ আর জাকসন্ সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত জে হামিল্টন সাহেব তৎপরিবর্ত্তে কলিকাতার পোলীস হাস পাতালের ঔষধ প্রস্তুতকারক হইবেন।

কাছাড়ের একটিং আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত জে বার্কমেয়র সাহেব ১৮৫৯ সালের ১৩ আইনমতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মফীজুদ্দীন ত্রিপুরায় নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জর্জ্জ হেস সাহেব সাঁওতাল পরগনার সব-আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন, এবং ঐ পরগনায় অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৫ জুন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেবের বিশেষ কার্য্যোপলক্ষের গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি এল টি হারিস সাহেব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এস বীডন সাহেব দার্জ্জিলিঙ্গে মুনিসিপল কমিস্যনরের ও মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইয়াছেন। আরো তিনি দার্জ্জিলিঙ্গের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর ও সেক্রেটারীও হইবেন।

শ্রীযুত ই এচ রডক সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া বেত্তিয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

Mr. A. King to officiate, until further orders, as District Superintendent of Police of Nowgong.

The 26th June 1866.

Syed Abdoollah to be Principal Sudder Ameen of Mymensing.

Moulvy Ali Newaz to be Additional Principal Sudder Ameen of Chittagong, but to officiate as Principal Sudder Ameen of that District, during the absence, on deputation, of Baboo Russick Lall Bose, or until further orders.

Moulvy Busseerooddeen to be Sudder Ameen of Mymensing.

Baboo Mohendro Nath Bose to officiate as Additional Principal Sudder Ameen of Chittagong.

Baboo Bhoopati Roy to officiate as Sudder Ameen of the 24-Pergunnahs, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Nobin Chunder Ghose to officiate as Sudder Ameen of Burdwan, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Gopeenath Bose to be Principal Sudder Ameen of Sylhet.

Baboo Shamdone Mookerjee to be Sudder Ameen of Nuddea, and Moonsiff of the Sudder Station of that District.

Mr. C. P. Hobhouse to officiate temporarily as Additional Sessions Judge of Hooghly, and to try commitments from Howrah.

LEAVE OF ABSENCE.

The 11th June 1866.

Mr. L. R. Mangles, Magistrate and Collector of Bhaugulpore, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 19th June 1866.

Captain J. F. Sherer, Deputy Commissioner of Kamroop, for two months, on Medical Certificate, under the Financial Resolution dated 22nd February 1856.

Lieutenant A. R. Wilkinson, Assistant Superintendent of Police, Western Dooars of Bootan, for twenty-two days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency, and for a further period of three months, under the Financial Resolution dated 22nd February 1856.

The 21st June 1866.

Mr. F. H. McLaughlin, Assistant Magistrate and Collector, Shahabad, for five days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 22nd June 1866.

Mr. C. N. Banerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Magoorah, for four

শ্রীযুত এ কিং সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নোগাঁয়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৬ জুন।

শ্রীযুত সৈয়দ আবদুল্লা ময়মুনসিংহের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ চট্টগ্রামের আডিসানল প্রধান সদর আমীন হইবেন কিন্তু শ্রীযুত বাবু রসিকলাল বসুর রাজকীয় কার্য্যোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী বসীর উদ্দীন ময়মুনসিংহের সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু চট্টগ্রামের আডিসানল প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু ভূপতি রায় ২৪ পরগনার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ বর্দ্ধমানের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গোপীনাথ বসু শ্রীহট্টের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায় নদীয়ার সদর-আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর আডিসানল সেশন জজের কর্ম্ম করিবেন, এবং হাবড়াহইতে সমর্প্পিত করা অপরাধিদের বিচার করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ১১ জুন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এল আর মাঙ্গেলস সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১৯ জুন।

কামরূপের ডেপুটী কমিসানর কাপ্তান শ্রীযুত জে এফ শেরর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভুটানের পশ্চিম দুয়ারের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত এ আর উইলকিন্সন সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে বাইশ দিনের ছুটী পাইয়াছেন, এবং ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে আরো তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২১ জুন।

শাহাবাদের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ এচ মাকলথলীন সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২২ জুন।

মাগুরার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এন বন্দ্যোপাধ্যায় এই মাসের

months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the 20th instant, or any subsequent date on which he may avail himself of the leave.

Mr. F. T. Platts, District Superintendent of Police, Dacca, for one month, from the 12th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. E. S. Moseley, Assistant Magistrate and Collector, Purneah, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in lieu of the two months granted to him under orders of the 29th ultimo.

The 25th June 1866.

In supersession of the orders of the 9th instant, Mr. C. H. Malpas, Officiating District Superintendent of Police, Nowgong, is allowed twenty days' leave of absence, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency, and a further leave for eighteen months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 18th June 1866.

Mr. S. Wright, Principal Sudder Ameen of Dinagepore, having resumed his duties on the 11th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 15th February last is cancelled.

The 23rd June 1866.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Moulvy Syed Azimooddeen Hossein Khan Bahadoor, of his appointment as a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations.

The services of Baboo Govind Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector of Tipperah, are placed at the disposal of the Board of Revenue for taking up lands for the Goalundo Extension of the Eastern Bengal Railway.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

২০ তারিখ অবধি অথবা তৎপরের অন্য যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ টি প্লাটস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারা মতে আগামি মাসের ১২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই এস মোসলী সাহেব গত মাসের ২৯ তারিখের আজ্ঞামতে যে দুই মাসের ছুটীর পান তৎপরিবর্ত্তে চিহ্নিত কার্য্যকারকদের ছুটী বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ জুন।

এই মাসের ৯ তারিখের আজ্ঞার পরিবর্ত্তে নৌগাঁয়ের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ মালপাস সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে বিশ দিনের ছুটী পাইয়াছেন এবং অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে আরো আঠার মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৮ জুন।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এস রাইট সাহেব এই মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে গত ফেব্রুআরি মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৬ সাল ২৩ জুন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আজীমুদ্দীন হসেন খাঁ বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদ ত্যাগ করণ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গ্রাহ্য করিয়াছেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের গোয়ালন্দ বর্দ্ধিত পথের নিমিত্তে ভূমি গ্রহণার্থে রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 149.

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the site of a new cemetery at Gya, along the Patna Branch Road, it is hereby declared that a

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৪৯ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পাটনার শাখাপথের ধারে নূতন সমাধিস্থান প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টে ভূমি লওয়া আবশ্যক, অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত

piece of land is required to be taken up, measuring 442 feet in length and $\frac{504 \times 600}{2}$ feet in breadth, more or less, situated in Mouzah Rampore Mujiooah Kushbah, Gya, in the district of Gya, and bounded on all sides by the uncultivated lands of the Sonee village.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

W. B. MACRONE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal, in the Public Works Department.

কার্য্যের নিমিত্তে গয়া জিলার অন্তর্গত গয়ার মজুয়া কশবার রামপুর মৌজায় স্থিত ন্যূনাধিক ৪৪২ ফুট দীর্ঘ ও $\frac{৫০৪ \times ৬০০}{২}$ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির চতুঃসীমা সোনি গ্রামের অকর্ষিত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

ডবলিউ বি মাক্রোন,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

PUBLIC WORKS, (RAILWAY,) DEPARTMENT,—BENGAL.

Fort William the 23rd June 1866.

NOTIFICATION.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense and for a public purpose, *viz.*, for the Eastern Bengal Railway, for the site of a Plate layer's Bungalow at Poradah, in Pergunnah Mohanundshye, Nuddea District, it is hereby declared that a plot of land, comprising about two beegahs and one cottah and twelve chittacks is required. The land is bounded on the North by the side excavations of the Eastern Bengal Railway, East by the homestead of Panchkoor, Dookhy, and Bodon Koloo and a ditch, and the homestead of Dhonai Sheik, South by the homestead of Dhonai Sheik and the lands of Dhonai Sheik and Nobay Sheik, and West by the lands of Keramdy and Nobin Chunder Bose.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

By Orders of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Capt., R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. D., Railway Branch.

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ২৩ জুন।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত মহানন্দশাহী পরগনার পোড়াদহে ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের প্লেটলেয়রের বাঙ্গলাঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের ২/১৷৹ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ইষ্টার্ণ বেঙ্গাল রেলওয়ের পার্শ্বস্থ খাত, পূর্ব্ব সীমা পাঁচকুড় ও দুঃখির ও বদন কলুর ভিটা ও খানা, এবং ধনাই সেখের ভিটা দক্ষিণ সীমা ধনাই সেখের ভিটা ও ধনাই সেখের ও নবাই সেখের ভূমি, ও পশ্চিম সীমা কিরামদির ও নবীনচন্দ্র বসুর ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,
এফ এস টেলর কাপ্তান আর, ই,
রেলওয়েসম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 28th June 1866.

Baboo Gopee Mohun Roy to officiate as Moonsiff of Raojan, Zillah Chittagong.

The 29th June 1866.

Moonshee Moheeooddeen to officiate as Moonsiff of Bhaugulpore.

By Order,
L. R. TOTTENHAM,
Offg. Registrar.

HIGH COURT, &c.,
The 30th June 1866.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৮ জুন।

শ্রীযুত বাবু গোপীমোহন রায় চট্টগ্রাম জিলার রাওজানের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৯ জুন।

শ্রীযুত মুন্সী মহীউদ্দীন ভাগলপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

আজ্ঞাক্রমে,
এল আর টটন্হাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট,
১৮৬৬ সাল ৩০ জুন।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৬ সাল তারিখ ৩১ মে।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন	
হিজলী	মোন	মোন	টাকা	
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	১,২১,৬১৫/	০	৩৯৯৲	
ঐ ঐ কৃষ্ণনগর ...	২,২৭,৬৫৭/	০		
ঐ ঐ রামনগর ...	১,৩২,৭৭২/	০		
ঐ ঐ কালীনগর ...	২,১৮,৫৪৩/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	৩৫,৪৮৪/	০		
একুন।	৭,৩৫,৯৬১/	০		
তমলুক।				
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	* ১৫,৮৮৭/	০	৩৯৯৲	* বিক্রীর যোগ্য নহে গত ঝাড়ের নোকসানের জন্যে রাখা হইল।
ঐ ঐ রসুলপুর ...	৫২,৩২৬/	০	৪০৮৲	
একুন	৬৮,২১৩/	০		
শালিখা।				
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	৭,১৯,৮৪৯/	৩৯৬৲	
ঐ ঐ চিলকা ...	০	১,৩৩,১৮২/	৩৮৬৲	
ঐ ঐ সিন্ধু ...	০	৫,০০,০০০/	৪১৮৲	
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/		
পাঙ্গা নেমক কটক ...	১,০৭,১৭২/	০	৪২১৲	
ঐ ঐ বালেশ্বর ...	১,৩৬৯/	০		
ঐ ঐ খোরদা ...	২,২০,৯৭৪/	০		
ঐ ঐ চিলকা ...	২,০৬,৫৩০/	০		
ঐ ঐ রামনগর ...	৫৭,০৮২/	০		
ঐ ঐ পুরীঘাটা ...	১,১৬,৫৮৭/	০		
ঐ ঐ কৃষ্ণনগর ...	৮১,৯৯৭/	০		
ঐ ঐ নারায়ণপুর ...	২,৮৩,৯৯৬/	০		
একুন।	১,০৬৫,৮০৭/	১৩,৫৫,৭১০/		
ঘুষুড়ি।				
পাঙ্গা নেমক ঘাট কালীনগর ...	৯৯,৩৬৩/	০	৪২১৲	
ঐ ঐ রসুলপুর ...	৫৮,৫৯৩/	০		
মিশ্রিত ঐ ঐ রামনগর ..	৩৬,৩৭৩/	০		
একুন।	১,৮৪,৩২৯/	০		
চট্টগ্রাম।				
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৩৪,৮৭৬/	৩৭১৲	
ঐ ঐ জেদ্দা ..	০	৬৭৩/		
একুন।	০	৩৫,৫৪৯/		
কটক।				
পাঙ্গা নেমক ...	৩৩/	০	৩৯৯৲	
একুন।	৩৩/	০		
পুরী।				
পাঙ্গা নেমক ...	২,০০,৭৫৫/	০	৩৯৯৲	
করকচ নেমক ...	০	৭,৭০,৫৫৯/	৩৫৬৲	
একুন।	২,০০,৭৫৫/	৭,৭০,৫৫৯/		
মোট একুন ...	২২,৫৫,১১৬/	২১,৬১,৮০৮/		

মন্তব্য। শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানা হইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা [illegible]

দিগকে ৪ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

টি ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল ২৮ জুন।

LAND ADVERTISEMENT. ভু[illegible]ক ইশ্‌তিহার।

জেলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বর্দ্ধমান—এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পুর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের নাং ২৮ মার্চ মোং সন ১২৭২ সালের নাং চৈত্র তলবের সরকারি বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ৫ জুলাই মোং সন ১২৭৩ সাল ২২ আষাঢ় বৃহস্পতিবার দিবসে দিবা দুই প্রহরের পর অত্র জেলার কালেক্টরি কাছারিতে ছানী নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ১৩ জুন।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫১৭৭ নং তৌজী চর চণ্ডীপুর পরগনে জাহাঙ্গীরাবাদ মালিক কালীপ্রসাদ সিংহ রায় সদর জমা .. ... ৫১১৶/১১টাকা

D. J. McNeile,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩ জুলাই।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 10, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১০ জুলাই।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

Simla, the 21st June 1866.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it, are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India, for the purpose of making Laws and Regulations:—

A Bill to transfer to the Government of India certain securities and monies deposited in the High Courts of Judicature at Fort William, Madras and Bombay, and in the Supreme Court of the Straits Settlement, and the proceeds of certain estates in the charge of the Admisistrator-General of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient that certain securities and sums of money deposited in the High Courts of Judicature at Fort William, Madras and Bombay, and in the Supreme Court of the Straits Settlement, in the course of suits in the said Courts, or in the late Supreme Courts at Calcutta, Madras and Bombay, respectively, and which securities and sums now appear or shall hereafter

দেশীয় কর্ম্মবিভাগ।

ব্যবস্থাপন।

সিমলা। ১৮৬৬ সাল ২১ জুন।

আইন ও ব্যবস্থা প্রণয়ন করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার কার্য্য সম্পাদন করিবার যে বিধি হইয়াছে, তাহার ১৯ ধারানুসারে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ও তৎসহিত অভিপ্রায় ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে এবং ষ্টেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টে যে২ কোম্পানির কাগজ ও টাকা গচ্ছিত হইয়াছে, তাহার কোন কাগজ প্রভৃতি এবং বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের অধ্যক্ষতায় যে সম্পত্তি আছে তদুৎপন্ন কোন২ টাকা ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে এবং ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টে এবং কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টে মোকদ্দমার চলন সময়ে যে২ কোম্পানির কাগজ ও টাকা গচ্ছিত হইয়াছে তাহার মধ্যে বিশ বৎসর কি তদধিক কাল যাহা গচ্ছিত আছে কি পরে হয় যদি সেই কালের মধ্যে তাহার উপর দাওয়া না হইয়া থাকে, হইলেও যদি অগ্রাহ্য হইয়া থাকে, তবে সেই টাকা

appear to have been in such deposit for a period of twenty years or upwards, without any claim thereto having been made and allowed during that period, should be transferred and paid to the Government of India for the general purposes of Government: And whereas it is also expedient that the net proceeds of all estates administered under the orders of the said Supreme Court of the Straits Settlement, or in the official charge of the Administrator-General of Bengal, and which now appear or shall hereafter appear from the official books and accounts to have been in official custody for a period of fifteen years or upwards, without any claim thereto having been made and allowed during that period, should be transferred and paid to the Government of India for the purposes aforesaid; It is hereby enacted as follows:—

[Monies deposited in High Courts and Supreme Court, Straits Settlement, and unclaimed for twenty years, to be transferred to Government.]

I. All securities and sums of money deposited in the said High Courts or Supreme Court of the Straits Settlement, or any of them, in the course of suits in the said Courts or the late Supreme Courts of Calcutta, Madras and Bombay, respectively, and which now appear or shall hereafter appear to have been in such deposit for a period of twenty years or upwards, without any claim thereto having been made and allowed during that period, shall be transferred and paid to the Government of India for the general purposes of Government.

[Proceeds of estates administered under order of Supreme Court, Straits Settlement, or in charge of Administrator-General of Bengal, and unclaimed for fifteen years, to be transferred to Government.]

II. The net proceeds of all estates administered under the orders of the said Supreme Court of the Straits Settlement, or in the official charge of the Administrator-General of Bengal, and which now appear or shall hereafter appear from the official books and accounts to have been in official custody for a period of fifteen years or upwards, without any claim thereto having been made and allowed during that period, shall be transferred and paid to the Government of India for the general purposes of Government.

[Transfer not to be made pending suits.]

III. Nothing in this Act shall authorize any transfer or payment of any such securities, sums of money or proceeds as aforesaid, pending any

গবর্ণমেণ্টের সাধারণ কার্য্যে ব্যয় করিবার নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করিয়া দেওয়া বিহিত। আরো ষ্ট্রেট সেটলমেণ্টের উক্ত সুপ্রীম কোর্টের আজ্ঞাক্রমে যে সকল সম্পত্তির নিরূপণ হয়, কিম্বা বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে যে সম্পত্তি তাঁহার অধ্যক্ষতায় থাকে এবং রাজকীয় পুস্তক ও হিসাবদৃষ্টে পঞ্চদশ বৎসর কি তদধিক কাল রাজকীয় সংরক্ষণে আছে দৃষ্ট হয়, যদি সেই কালের মধ্যে তাহার উপর কোন দাওয়া না হইয়া থাকে হইলেও যদি অগ্রাহ্য হইয়া থাকে, তবে খরচবাদে সেই সম্পত্তির যত টাকা উদ্বর্ত্ত থাকে, তাহা পূর্ব্বোক্ত কার্য্যে ব্যয় করিবার নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করিয়া দেওয়া বিহিত। এই হেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

[হাই কোর্টে এবং ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টে টাকা গচ্ছিত হইলে যদি বিশবৎসর পর্য্যন্ত তাহার উপর দাওয়া না হয় তবে তাহা গবর্ণমেণ্টের হস্তগত করিবার কথা।]

১ ধারা। উক্ত হাই কোর্টে ও ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টে কিম্বা কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টে মোকদ্দমার চলন সময়ে যে সকল কোম্পানির কাগজ ও টাকা গচ্ছিত হয়, ও বিশ বৎসর কি তদধিককাল গচ্ছিত থাকিলেও সেই কালের মধ্যে তাহার উপর কোন দাওয়া হয় নাই হইলেও গ্রাহ্য হয় নাই ইহা যদি এইক্ষণে কি উত্তরকালে দৃষ্ট হয়, তবে তাহা গবর্ণমেণ্টের সাধারণ কার্য্যে ব্যয় হইবার নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করিয়া দেওয়া যাইবে ইতি।

[ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টের আজ্ঞাক্রমে যে সম্পত্তি নিরূপণ হয়, কিম্বা যে সম্পত্তি বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের অধ্যক্ষতায় থাকে তাহার উৎপন্ন টাকার উপর ১৫ বৎসর পর্য্যন্ত দাওয়া না হইলে গবর্ণমেণ্টের হস্তগত করিবার কথা।]

২ ধারা। ষ্ট্রেট সেটলমেণ্টের উক্ত সুপ্রীম কোর্টের আজ্ঞাক্রমে যে সকল সম্পত্তি নিরূপণ হয়, কিম্বা যে সম্পত্তি বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহার অধ্যক্ষতায় থাকে, এবং পঞ্চদশ বৎসর কি তদধিককাল রাজকীয় অধ্যক্ষতায় আছে ইহা যদি এইক্ষণে কি উত্তরকালে রাজকীয় বহী ও হিসাবদ্বারা দৃষ্ট হয়, কিন্তু সেই কালের মধ্যে ঐ সম্পত্তিহইতে উৎপন্ন ঐ টাকার উপর কোন দাওয়া না হইয়া থাকে হইলেও গ্রাহ্য না হয়, তবে খরচবাদে ঐ উৎপন্ন সকল টাকা গবর্ণমেণ্টের সাধারণ কার্য্যে ব্যয় হইবার নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করিয়া দেওয়া যাইবে ইতি।

[মোকদ্দমা উপস্থিত থাকিলে হস্তান্তর না করিবার কথা।]

৩ ধারা। যদি পূর্ব্বোক্ত কোম্পানিরকাগজ কি টাকা কিম্বা সম্পত্তিহইতে উৎপন্ন টাকা পাইবার জন্যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে কি পশ্চাৎ

suit already instituted or which shall hereafter be instituted in respect thereof.

[Re-payment on subsequent establishment of claim.]

IV. If any claim shall hereafter be made to any part of the securities, monies or proceeds which shall be transferred and paid to the Government of India under the provisions of this Act, and if such claim shall, in the case of securities and monies transferred and paid under the first Section of this Act, be established to the satisfaction of the High Court of Judicature at Fort William, Madras and Bombay, and the Supreme Court of the Straits Settlement, respectively, and, in the case of proceeds transferred and paid under the second Section of this Act by order of the Supreme Court of the Straits Settlement, be established to the satisfaction of the same Court, and, in the case of proceeds transferred and paid under the same Section by the Administrator-General of Bengal for the time being, be established to the satisfaction of the said Administrator-General and the Accountant-General to the Government of Bengal respectively, the Government of India shall pay to the claimant the amount of the principal so transferred and paid as aforesaid, or so much thereof as shall appear to be due to the claimant. If any such last-mentioned claim shall not be established to the satisfaction of the said Administrator-General and Accountant-General, the claimant may apply by petition to the High Court of Judicature at Fort William, on its original side, against the Government of India and the Administrator-General of Bengal for the time being, and after taking evidence, either orally or on affidavit in a summary way, as the said Court shall think fit, the said Court shall make such order on the petition for the payment of such portion of the principal sum as justice shall require, which order shall be binding on all parties to the suit.

STATEMENT OF OBJECTS AND REASONS.

Sums amounting to nearly Rupees 6,70,000 in Government Securities and cash, are now in the High Courts of the three Presidency towns deposited in the course of suits instituted in the late Supreme Courts of Calcutta, Madras and Bombay. There are also funds deposited under similar circumstances in the Supreme Court of the Straits Settlement. These sums have been unclaimed for more than twenty years. The proceeds of certain estates administered by order of the Supreme Court of the Straits Settlement, have also been unclaimed for a period of fifteen years.

[*Government Gazette*, 10th *July* 1866.]

করা যায়, তবে সেই মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে তত কাল এই আইনের কোন কথাক্রমে ঐ টাকা প্রভৃতি হস্তান্তর করিবার কি দিবার ক্ষমতা বর্ত্তিবে না ইতি।

[দাওয়া পশ্চাৎ দৃঢ় হইলে টাকা ফিরিয়া দিবার কথা।]

৪ ধারা। এই আইনের বিধানমতে কোম্পানির কাগজ কি টাকা কি উৎপন্ন টাকা ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করিয়া দেওয়া গেলে পর, যদি তাহার কোন অংশের উপর পশ্চাৎ দাওয়া করা যায়, এবং এই আইনের প্রথম ধারামতে যে কোম্পানির কাগজ ও টাকা হস্তান্তর করিয়া দেওয়া যায় তাহার উপর পূর্ব্বোক্ত প্রকারের দাওয়া হইয়া, যদি স্থানবিশেষে ফোর্ট উলিয়মের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের হাই কোর্টের কিম্বা ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টের হৃদ্বোধমতে স্থিরীকৃত হয়, কিম্বা এই আইনের দ্বিতীয় ধারামতে যে উৎপন্ন টাকা ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টের আজ্ঞাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া যায়, তাহার উপর দাওয়া হইয়া যদি ঐ কোর্টের হৃদ্বোধমতে স্থিরীকৃত হয়, এবং বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল যিনি যে সময়ে হন তিনি ঐ দ্বিতীয় ধারামতে যে উৎপন্ন টাকা হস্তান্তর করিয়া দেন তাহার উপর দাওয়া হইয়া যদি বঙ্গদেশের উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের এবং বঙ্গদেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের হৃদ্বোধমতে স্থিরীকৃত হয়, তবে ভারতবর্ষের গবর্ণমেণ্ট পূর্ব্বোক্তমত হস্তান্তরিত ও দত্ত আসল টাকা, কিম্বা তাহার যে অংশ দাওয়াদারের যথার্থ প্রাপ্য দৃষ্ট হয় তাহা ঐ দাওয়াদারকে ফিরিয়া দিবেন। যদি শেষোক্ত প্রকারের কোন দাওয়া উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের হৃদ্বোধমতে স্থিরীকৃত না হয়, তবে দাওয়াদার বঙ্গদেশের তাৎকালিক আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিপক্ষে ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাসম্পর্কে ঐ কোর্টে প্রার্থনাপত্র উপস্থিত করিতে পারিবেন, এবং উক্ত আদালত বাচনিক কি আফিডেবিটক্রমে যদ্রূপে প্রমাণ গ্রহণ করা উচিত বোধ করেন সরাসরীমতে সেই প্রমাণ গ্রহণ করিয়া যথার্থ বিচারমতে আসল টাকার যে অংশ দিতে হয় ঐ প্রার্থনাপত্রের উপলক্ষে তত টাকা দিবার আজ্ঞা করিবেন। সেই আজ্ঞাতে মোকদ্দমার উভয় পক্ষীয় সকল ব্যক্তি বদ্ধ হইবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই এই তিন রাজধানীর ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টে নানা মোকদ্দমা উপস্থিত হইয়া তাহার চলন সময়ে ক্রমশঃ কোম্পানির কাগজ ও টাকা গচ্ছিত হইতেং এইক্ষণে উক্ত তিন স্থানের হাই কোর্টে ৬,৭০,০০০৲ টাকা পর্য্যন্তজমা হইয়াছে। ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টেও সেইরূপে অনেক টাকা জমা হইয়াছে। সেই টাকার উপর বিশ বৎসরের অধিককাল দাওয়া হয় নাই। ষ্ট্রেট সেটলমেণ্টের সুপ্রীম কোর্টের আজ্ঞাক্রমে যেং সম্পত্তি নিরূপণ হইয়াছে তাহার মধ্যে কতক সম্পত্তির উৎপন্ন টাকার উপর পঞ্চদশ বৎসর পর্য্যন্ত দাওয়া হয় নাই।

The object of this Bill is to transfer these sums to the Government of India for the general purposes of Government, subject to any claims which may hereafter be established to the satisfaction of the Court from which the transfer shall have been made.

The present opportunity has been taken to remedy a defect in the existing law regarding unclaimed estates in the hands of the Administrator-General of Bengal. All estates administered by the Administrators-General of Madras and Bombay, which may be unclaimed for more than fifteen years, are, under Act No. VIII of 1855, Section 51, credited to the general revenues, subject to any claim thereto being afterwards established. But there is no provision of the kind with regard to estates coming into the official charge of the Administrator-General of Bengal, subsequent to the passing of that Act.

W. N. MASSEY.

SIMLA,
The 19th June 1866.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. India,
Home Dept. (Legislative).

ঐ সকল টাকা গবর্ণমেণ্টের সাধারণ কার্য্যে ব্যয় করণার্থে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হস্তগত করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। পশ্চাৎ যদি কোন দাওয়া হয় তবে যে আদালতহইতে গবর্ণমেণ্টে টাকা দেওয়া যায় সেই আদালতের হুকুমমতে সেই দাওয়া স্থিরীকৃত হইলে তাহা ফিরিয়া দেওয়া যাইবে।

বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হস্তগত যে সম্পত্তির উপর দাওয়া হয় নাই, তদ্বিষয়ে প্রচলিত আইনের যে ত্রুটি আছে এই সুযোগে তাহারও প্রতিকার করা যাইবে। মান্দ্রাজ ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা যে সকল সম্পত্তির নিরূপণ করেন তাহার উপর যদি পঞ্চদশ বৎসর পর্য্যন্ত দাওয়া না হয়, তবে ১৮৫৫ সালের ৮ আইনের ৫১ ধারামতে সেই সম্পত্তির উৎপন্ন টাকা সাধারণ রাজস্বের হিসাবে জমা হয়। পশ্চাৎ কোন দাওয়া স্থিরীকৃত হইলে ঐ টাকা ফিরিয়া দেওয়া যায়। কিন্তু বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে যে সম্পত্তি তাঁহার হস্তগত হয়, উক্ত আইন প্রচলিত হওনের পর তদ্বিষয়ের সেই প্রকারের কোন বিধান করা যায় নাই।

ডবলিউ এন মাসি।

শিমলা।
১৮৬৬ সাল ১৯ জুন।

উইটলী ষ্টোক্‌স।
এতদ্দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MAY 1866.

LAND REVENUE.

No. 1.

BY Government Order No. 159T., dated 30th April 1866, the Government have been pleased, on the recommendation of the Board of Revenue, to sanction the payment to Nazirs, in the Revenue Department, of a commission of five per cent. on the sale proceeds of moveable property sold by them at public outcry on behalf of Government. The charge may be passed by Commissioners as an ordinary contingency.

No. 2.

The Government of India have, by orders in the Financial Department, No. 270, dated 1st May 1866, resolved that the financial year shall, henceforth, close on the 31st March, instead of on the 30th April as heretofore.

2. The year 1866-67 will, accordingly, terminate on the 31st March 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১০ জুলাই।]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৬ সাল মে মাস।

ভূমির রাজস্ব।

১ নম্বর।

রাজস্বসম্পর্কীয় কর্ম্ম বিভাগের নাজিরেরা যখন গবর্ণমেণ্টের সপক্ষে অস্থাবর সম্পত্তি নীলাম করেন তখন সেই নীলামে উদিত টাকার উপর তাঁহারা শত করা পাঁচ টাকা কমিস্যন পান রেবিনিউ বোর্ডের সাহেবদের এই পরামর্শ হওয়াতে গবর্ণমেণ্ট সম্মত হইয়া ১৮৬৬ সালের ৩০ আপ্রিল তারিখে ১৫৯T নম্বরের অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়াছেন। কমিস্যনর সাহেবেরা সাধারণ নৈমিত্তিক ব্যয় বলিয়া সেই খরচ স্বীকার করিতে পারিবেন।

২ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্টে ১৮৬৬ সালের ১ মে তারিখের ২৭০ নম্বরের আজ্ঞাক্রমে নির্দ্ধার্য্য করিয়াছেন যে ইহার পর রাজস্ব ঘটিত কার্য্য সম্বন্ধীয় সাল পূর্ব্ববৎ ৩০ আপ্রিল তারিখে শেষ না হইয়া ৩১ মার্চ তারিখে শেষ হইবে।

২। তদ্ধেতু ১৮৬৬। ৬৭ সাল ১৮৬৭ সালের ৩১ মার্চ তারিখে শেষ হইবে।

3. It will be necessary, therefore, to re-arrange *all* the Quarterly Returns now made to the Board.

4. The first quarter will, henceforth, close on the 30th June; the second quarter on the 30th September; the third quarter on the 31st December; and the fourth quarter on the 31st March.

5. The Returns for the first quarter of the current year must be made up, in accordance with these orders, to the 30th June, and will, therefore, include figures for *two* months only, *viz.*, the months of May and June.

6. To compare the Excise Revenue and consumption of these two months with that of the first quarter of 1865-66, it will be enough to deduct, from the figures shewn in Return No. XIV for that quarter, precisely *one-third.*

7. So, when the time comes to compare the Revenue and consumption of the first quarter of 1867-68 with that of the first two months of 1866-67, it will be sufficient to add one-half to the revenue collected in these two months. In both cases the words "estimated in accordance with the Board's Circular Order No. 2 of May 1866," should be added, in Return No. XIV, to headings 8 and 13 to 15 in Table I, and 2, 4, and 10 in Table IV.

8. It will be specially requisite to devote care and attention to the re-arrangement of Return No. X, that will be necessitated by the change announced in this order. It must be clearly understood that the *total* demand of the *year* will remain precisely as it is: the *distribution into quarters* only will be affected. In making the Return No. X for the two months ending 30th June 1866, the amended distribution into quarters must be shewn at once.

9. For this purpose it will be necessary to show, in that Return, in columns 3 and 12, opposite to heading *(a)*, the *whole demand* of the three months April, May, and June; but the portion of that demand *collected, or remitted, in April*, will appear only in the total columns 8, 10, 17, and 19, just as if it had been collected during the previous year *in advance.*

10. That there may be no misunderstanding, the Board repeat that in column 3 will be, henceforth, entered, opposite to *(a)*, the demand for April, May, and June; opposite to *(b)*, the demand for July, August, and September; opposite to *(c)*, the demand for October, November, and December; and opposite to *(d)*, the demand for January, February, and March.

৩। অতএব ত্রৈমাসিক যেং রিটর্ণ বোর্ডের নিকট প্রেরণ হইয়া থাকে সেই সমুদায়ের নূতন নিয়ম করা আবশ্যক।

৪। এই অবধি প্রথম তিন মাস ৩০ জুন তারিখে। দ্বিতীয় তিন মাস ৩০ সেপ্টেম্বর তারিখে। তৃতীয় তিন মাস ৩১ ডিসেম্বর তারিখে। চতুর্থ তিন মাস ৩১ মার্চ তারিখে সমাপ্ত হইবে।

৫। এই আজ্ঞানুসারে, প্রচলিত সনের প্রথম তিন মাসের রিটর্ণ জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত প্রস্তুত হইবে সুতরাং তাহার মধ্যে মে ও জুন কেবল দুই মাসের অঙ্ক দেওয়া যাইবে।

৬। ১৮৬৫। ৬৬ সালের প্রথম তিন মাসের আবকারী সম্পর্কীয় আয় ব্যয়ের সঙ্গে উক্ত দুই মাসের আয় ব্যয় মিলাইয়া দেখিতে হইলে ঐ প্রথম তিন মাসের ১৪ নম্বরের রিটর্ণে যে অঙ্ক লিখিত হইয়াছে তাহার ঠিক তিন অংশের এক অংশ বাদ দিলে হইবে।

৭। তদ্রূপেও যখন ১৮৬৬। ৬৭ সালের প্রথম দুই মাসের রাজস্বের আয় ব্যয়ের সঙ্গে ১৮৬৭। ৬৮ সালের প্রথম তিন মাসের আয় ব্যয়ের তুলনা করিতে হইবে তখন ঐ দুই মাসে যত রাজস্ব আদায় হইয়াছে তদুপরি তাহার অর্দ্ধেক সঙ্কলন করিলে হইবে। উক্ত উভয় স্থলে ১৪ নম্বরের রিটর্ণের ১ নম্বর টেবিলে ৮ এবং ১৩, ১৪, ১৫, নম্বরের ঘরের এবং ৪ নম্বর টেবিলের ২ ও ৪ ও ১০ নম্বর ঘরের শিরোভাগে "বোর্ডের ১৮৬৬ সালের মে মাসের ২ নং সরকুলর অর্ডরঅনুসারে হিসাব করা গেল" এই কথা লিখিতে হইবে।

৮। এই আজ্ঞাতে যে সময় পরিবর্ত্তনের উল্লেখ হইয়াছে তদুপলক্ষে ১০ নম্বর রিটর্ণের নূতন নিয়ম করা আবশ্যক হইবে, ও তদ্বিষয়ে বিশেষ সাবধানতা ও মনোযোগের আবশ্যক। বৎসরের সম্পূর্ণ দাওয়া পূর্ব্ববৎ থাকিবে এই বিষয় স্পষ্টরূপে বোধগম্য করা উচিত। বৎসরের তিনং মাসের যে বিভাগ কেবল তৎসম্পর্কে ইতর বিশেষ হয়। ১৮৬৬ সালের ৩০ জুন তারিখ পর্য্যন্ত দুই মাসের নিমিত্তে ১০ নম্বরের রিটর্ণ করিলে তিনং মাসের যে নূতন বিভাগ হইয়াছে তাহা একেবারে দর্শাইতে হইবে।

৯। এই হেতুক ঐ রিটর্ণের ৩ ও ১২ ঘরে (*a*) এই শিরোলিপির পার্শ্বে আপ্রিল ও মে ও জুন এই তিন মাসের সম্পূর্ণ দাওয়া দর্শান আবশ্যক। কিন্তু আপ্রিল মাসে যে দাওয়া আদায় কি ক্ষমা হইয়া থাকে তাহা পূর্ব্ব বৎসরে যেন আগাম দেওয়া হইয়াছে ভাবিয়া ৮ ও ১০ ও ১৭ ও ১৯ নম্বরের ঘরের মোটের অঙ্কে প্রকাশ হইবে।

১০। এতদ্বিষয়ে কোন ভুল না হয় এই কারণে বোর্ডের সাহেবেরা এই কথার পুনরুক্তি করিতেছেন। এই অবধি ৩ নম্বরের ঘরে (*a*) শিরোলিপির পার্শ্বে আপ্রিল ও মে ও জুন এই তিন মাসের দাওয়া। (*b*) শিরোলিপির পার্শ্বে জুলাই ও আগষ্ট ও সেপ্টেম্বর এই তিন মাসের দাওয়া। (*c*) শিরোলিপির পার্শ্বে অকটোবর ও নবেম্বর ও ডিসেম্বর এই তিন মাসের দাওয়া। এবং (*d*) শিরোলিপির পার্শ্বে জানুআরি ও ফেব্রুআরি ও মার্চ এই তিন মাসের দাওয়া লিখিতে হইবে।

11. Similar instructions apply to the Fluctuating Department and to the Police and Malikana Rolls.

12. The Budget Estimates will be due, henceforth, on the 20th September, instead of on the 20th October.

No. 3.

The following addition to Miscellaneous Rule V, 5 will be made in the edition of the Board's Rules, now passing through the press. "The *Manager* may, however, with the permission of the Collector, grant a lease of such lands with the condition that it shall be surrendered at any time if the attachment is withdrawn." This modification is in accordance with the practice introduced by Circular Order 16 of 1850, under such high authority that the Board cannot doubt that it is legal.

No. 4.

Officers are to be careful not to use *service* postage labels for Wards' correspondence. The object of *service* labels is to keep a separate account of *service* postage. Wards' correspondence is not service correspondence.

No. 5.

The Government having delegated to the Board of Revenue the power of ordering the withdrawal from the Bank of Bengal of public securities lodged there as a guarantee for the due performance of official duties, the words "Board of Revenue" are to be substituted for "Government" in the addition made to Miscellaneous Rule LXVII, 11 by Circular Order 3 of April 1865.

No. 6.

Rules made by the Board of Revenue, Lower Provinces, in pursuance of Act XX. of 1865, Section 37, for fixing, and regulating, the fees payble by the unsuccessful party in respect of the fees of his adversary's pleader in proceedings in the Revenue Courts and Offices in the Lower Provinces.

[Scale of fees prescribed. Agent to have three quarter fees only.]

In pursuance of Section 37, Act XX of 1865, the Board of Revenue are pleased to direct that from and after the 1st day of July 1866, the sums which shall be payable by an unsuccessful party in any suit or proceeding in the Revenue Courts

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১০ জুলাই।]

১১। অনবধারিত রাজস্বসম্পর্কীয় কর্ম্মবিভাগ এবং পোলীসের ও মালিকানার তৌজী সম্পর্কে উক্ত উপদেশ বর্ত্তে।

১২। এতৎপরে আয়ব্যয়ের অনুমানপত্র ২০ অক্টোবর তারিখে প্রেরণ করিতে হইবে না। তাহা ২০ সেপ্টেম্বর তারিখে প্রাপ্তব্য হইবে।

---

৩ নম্বর।

বোর্ডের যে বিবিধ বিধি এইক্ষণে মুদ্রিত হইতেছে সেই বিধির ৫ ধারার ৫ প্রকরণে এই অধিক কথা লিখিতে হইবে। যথা যদি কোন সময়ে ভূমির ক্রোক উঠাইয়া দেওয়া যায়, তবে সেই পাট্টা ফিরিয়া দেওয়া যাইবে এই নিয়ম করিয়া সম্পত্তির অধ্যক্ষ কালেক্টর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ ভূমির পাট্টা দিতে পারিবেন। ১৮৫০ সালের ১৬ নম্বরের সরক্যুলর অর্ডরের দ্বারা যে ব্যবহারের প্রারম্ভ হয় তদনুসারে পূর্ব্বোক্তমতে বিধির মতান্তর হইল। ফলতঃ যাঁহার পরামর্শক্রমে সেই ব্যবহার আরম্ভ হয় তিনি এতদ্বিষয়ে এমন সুদক্ষ যে বোর্ডের সাহেবেরা তাহা কোন মতে আইনসিদ্ধ ভিন্ন জ্ঞান করিতে পারেন না।

---

৪ নম্বর।

বালকদের সম্পত্তিসম্পর্কীয় পত্রাদির লিখন পঠন কালে কার্য্যকারকেরা শ্রীশ্রীমতীর কার্য্যসংক্রান্ত ডাক মাশুলের টিকিট ব্যবহার না করেন এই বিষয়ে সাবধান হইবেন। সেই টিকিট করিবার অভিপ্রায় এই যে শ্রীশ্রীমতীর কার্য্যসম্পর্কীয় ডাকমাশুলের হিসাব স্বতন্ত্র রাখা যায়। বালকদের সম্পত্তি সম্পর্কীয় পত্রাদি শ্রীশ্রীমতীর কার্য্যসম্পর্কীয় পত্রাদি নহে।

---

৫ নম্বর।

রাজকীয় কর্ম্ম উপযুক্তমতে সম্পাদন করিবার প্রাতিভাব্যস্বরূপে যে কোম্পানির কাগজপ্রভৃতি বাঙ্গাল ব্যাঙ্কে ন্যস্ত করা যায় ব্যাঙ্কহইতে সেই কাগজ বাহির করিবার ক্ষমতা গবর্ণমেন্ট রেবিনিউ বোর্ডের প্রতি সমর্পণ করিয়াছেন। অতএব ১৮৬৫ সালের আপ্রিল মাসের ৩ নম্বরের সরক্যুলর অর্ডরক্রমে বিবিধ বিধির ৬৭ ধারার ১১ প্রকরণে যে অতিরিক্ত কথা লিখিবার আদেশ হইয়াছিল তাহাতে "গবর্ণমেন্ট" যে শব্দ আছে তৎপরিবর্ত্তে "রেবিনিউ বোর্ড" এই কথা লিখিতে হইবে।

---

৬ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে ও কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত কার্য্য হইলে যে ব্যক্তি পরাজিত হন তাঁহার বিপক্ষ ব্যক্তির উকীলকে তাঁহার যত ফী দিতে হইবে, তাহা নির্দ্ধার্য্য ও বিধিবদ্ধ করণার্থে বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতেএই বিধি করিয়াছেন।

[শুল্কের হারাবধারণের কথা ও এজেন্টের তাহার তৃতীয়াংশমাত্র পাইবার কথা।]

১। বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বসম্পর্কীয় আদালতে ও কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য হইয়া যে ব্যক্তি পরাজিত হন, তাঁহার বিপক্ষের উকীলকে যত ফী দিতে হইবে, এতদুপলক্ষে রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৫৬ সালের ২০ আইনের ৩৭

and Offices in the Lower Provinces, in respect of the fees of his adversary's pleader, shall be calculated at the rate specified in the following Schedule. If a Revenue Agent, and not a pleader, has been employed by the said adversary a deduction of one-fourth part shall be made from the fees calculated as herein directed; and if, though a pleader has been employed, the Officer presiding in the Court or Office be of opinion that the employment of a pleader was unnecessary, and that it would have sufficed to employ a Revenue Agent, the fees shall be calculated as for a Revenue Agent only.

Schedule.

In all suits or applications instituted under Act X. of 1859, or Act VI. of 1862, B. C., and in all judicial, or quasi-judicial, proceedings in any Revenue Court or Office;

(*a*). If the amount or value of the property, debt, or damages decreed does not exceed 5,000 Rupees:—at 5 per cent. on the amount or value decreed.

(*b*). If the amount or value exceeds 5,000 Rupees, and does not exceed 20,000 Rupees:—on Rupees 5,000 at 5 per cent., and, on the remainder, at 2 per cent.

(*c*). If the amount or value exceeds Rupees 20,000, and does not exceed Rupees 50,000:—on Rupees 20,000 as above, and, on the remainder at 1 per cent.

(*d*). If the amount or value exceeds Rupees 50,000:—on 50,000 as above, and on the remainder at ½ per cent.

Provided that in no case shall the amount of any fee exceed Rupees 3,000.

[Where value cannot be exactly defined.]

2. In suits or proceedings, to enforce rights, of which the pecuniary value cannot be exactly defined, as, for example, in suits for a kabulyat or pottah, or for abatement or enhancement of rent, or for ejectment or reinstatement, or in proceedings for the division of an estate, if the plaintiff succeed, the presiding Officer of the Court or Office may order the fee of the pleader or Revenue Agent for the plaintiff to be calculated upon the valuation of the claim, or upon such a sum, not exceeding the valuation, as the said Officer may think reasonable, and may fix, with reference to the importance of the subject of the dispute.

[Fee when case is dismissed.]

3. If any suit, application, or claim is *dismissed* for default, or upon the merits, or is decreed for the defendant, the defendant's pleader or agent's

ধারামতে আজ্ঞা করেন যে ১৮৬৬ সালের জুলাই মাসের প্রথমদিনাবধি নিম্ন লিখিত তফসীলের অবধারিত হারে ঐ ফী ধার্য্য হইবে। যদি উক্ত বিপক্ষ ব্যক্তি উকীলকে নিযুক্ত না করিয়া রেবিনিউ এজেণ্টকে নিযুক্ত করিয়া থাকেন, তবে এই তফসীল অনুসারে যত টাকা ধরিতে হয় তাহার চতুর্থাংশ বাদ দিয়া তাঁহাকে অবশিষ্ট টাকা দেওয়া যাইবে। উকীল নিযুক্ত হইলেও উকীলকে নিযুক্ত করা অনাবশ্যক রেবিনিউ এজেণ্টকে নিযুক্ত করিলে প্রচুর হইত যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি এমত বোধ করেন, তবে কেবল রেবিনিউ এজেণ্টের প্রাপ্তব্য ফী ধরা যাইবে।

তফসীল।*

১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে যে সকল মোকদ্দমা কি প্রার্থনা উপস্থিত করা যায়, এবং রাজস্বসম্পর্কীয় কোন আদালতে কি কার্য্যালয়ে মোকদ্দমাঘটিত যে সকল কার্য্য কি মোকদ্দমাঘটিত কার্য্যবৎ অন্য যে কার্য্য উপস্থিত করা যায়, যাহাতে।

যে টাকার কি সম্পত্তির যে মূল্যের কি যে ঋণের কি ক্ষতিপূরণের ডিক্রী হয় তাহা ৫০০০৲ টাকার অধিক না হইলে সেই ডিক্রীর টাকার কি মূল্যের উপর শতকরা ৫৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫,০০০৲ টাকার অধিক কিন্তু ২০,০০০৲ টাকার অনধিক হয়, তবে ৫,০০০৲ টাকা-পর্য্যন্ত শতকরা ৫৲ টাকা, তদূর্দ্ধ টাকার উপর শতকরা ২, টাকা।

যদি টাকা কি মূল্য ২০,০০০৲ টাকার অধিক কিন্তু ৫০,০০০৲ টাকার অনধিক হয়, তবে ২০,০০০৲ টাকা পর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর শতকরা ১৲ টাকা।

যদি টাকা কি মূল্য ৫০,০০০৲ টাকার অধিক হয়, তবে ৫০,০০০৲ টাকাপর্য্যন্ত উপরোক্তমতে ও তদূর্দ্ধ টাকার উপর ||০ আট আনা।

কিন্তু কোন স্থলে ৩,০০০৲ টাকার অধিক ফী দিতে হইবে না।

[ঠিক মূল্য নিরূপণ হইতে না পারিলে তাহার কথা।]

২। মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে স্বত্ব বলবৎ করিবার জন্যে করা যায় তাহার মূল্য যদি যথার্থ মতে নিরূপণ হইতে না পারে, তবে সেই মোকদ্দমা অর্থাৎ যথা, কবুলিয়ৎ কি পাট্টা পাইবার কিম্বা কর হ্রাস কি বৃদ্ধি করিবার কিম্বা উঠাইয়া দিবার কি পুনঃ অধিকার পাইবার মোকদ্দমায় কিম্বা ভূমি ভাগ করিবার মোকদ্দমাঘটিত কার্য্যেতে, যদি বাদী জয়ী হন, তবে তাঁহার উকীলকে কি রেবিনিউ এজেণ্টকে যত টাকা দিতে হইবে, তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি দাওয়ার মূল্যানুসারে কিম্বা ঐ মূল্যের অনধিক যত টাকা উক্ত কার্য্যকারক যুক্তিসিদ্ধ বোধ করিয়া বিবাদীয় বিষয়ের গুরুত্বানুসারে নির্দ্ধার্য্য করেন তদনুসারে ফী হিসাব করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমা ডিসমিস হইলে সেই স্থলের কথা।]

৩। যদি কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া ত্রুটিহেতুক কি দোষগুণক্রমে ডিসমিস হয়, কিম্বা যদি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে প্রতিবাদির

fee shall be calculated on the whole value of the suit.

[When it is decreed in part.]

4. If any suit, application, or claim is *decreed* for the plaintiff as to *part* only of his claim, and, as to the remainder, is dismissed, or decreed for the defendant, the fees allowed to each party's pleader or agent shall be calculated upon the value of that part of the claim in respect of which he has succeeded.

[When, in a successful suit, the whole damages claimed are not allowed.]

5. If, in any suit for damages under the Rent-Laws, the plaintiff *fails to recover the full amount of damages* claimed, the defendant shall not be entitled to any allowance for a pleader or agent's fee, in respect of the difference between the amount of damages claimed and the amount recovered, unless the presiding Officer of the Court or Office shall be of opinion that the amount claimed for damages was unreasonable or excessive, and shall, for that, or any other, cause (to be specified) direct that a fee for his pleader or agent shall be allowed to the defendant. If specially allowed, the amount of such fee shall be calculated upon the amount of damages disallowed to the plaintiff.

[When the defence is joint or common.]

6. If several defendants, who have a *joint* or *common interest*, succeed upon a joint defence, or upon separate defences substantially the same, not more than one pleader or agent's fee shall be allowed, unless the presiding Officer of the Court or Office shall otherwise order, for reasons which shall be recorded. If only one fee be allowed, the presiding Officer shall direct to which of the defendants it shall be paid, or shall apportion it among the several defendants in such manner as he shall think fit.

[When several defendants make separate defences.]

7. If several defendants who have *separate* interests, set up *separate* and *distinct* defences, and succeed thereon, a fee for one pleader or agent for each of the defendants who appear by a separate pleader or agent may be allowed in respect of his separate interest. Such fee, if allowed, shall be calculated upon the value of the separate interest of such defendant.

[Miscellaneous proceedings.]

8. The amount in respect of the fee of an adversary's pleader or agent, when allowed in any *miscellaneous proceeding*, or for any other matter than that of appearing, acting, or pleading in a suit, application, or other judicial or quasi-judicial proceeding, prior to decree, shall be fixed by the

উকীলের কি এজেণ্টের ফী মোকদ্দমার সম্পূর্ণ মূল্যের উপর ধরিতে হইবে।

[একাংশের ডিক্রী হইলে সেই স্থলের কথা।]

৪। যদি বাদির দাওয়ার কেবল এক অংশ সম্পর্কে মোকদ্দমার কি প্রার্থনার কি দাওয়ার ডিক্রী হয় এবং অন্য অংশ সম্পর্কে ডিসমিস হয় কি প্রতিবাদির পক্ষে ডিক্রী হয়, তবে বাদির এবং প্রতিবাদির উকীল কি এজেণ্ট যত ফী পাইবেন বাদী দাওয়ার যে অংশ সম্পর্কে কৃতার্থ হইয়াছেন কেবল সেই অংশের মূল্যানুসারে তাহা নিরূপণ হইবে।

[মোকদ্দমায় জয়ী হইলে যদি প্রার্থিত সমুদয় ক্ষতিপূরণের আজ্ঞা না হয়, তবে সেই স্থলের কথা।]

৫। করাদায়ের আইনঅনুসারে ক্ষতিপূরণের মোকদ্দমায় যদি বাদী প্রার্থিত ক্ষতিপূরণের সমুদয় টাকা প্রাপ্ত না হন, তবে প্রার্থিত ক্ষতিপূরণের ও আজ্ঞামতে আদায় করা টাকার মধ্যে যত টাকার বিশেষ হয়, প্রতিবাদী তত টাকার উপলক্ষে উকীলের কি এজেণ্টের জন্যে কিছুই পাইবার স্বত্ববান্ হইবেন না। কিন্তু ক্ষতিপূরণের যত টাকা দাওয়া হইয়াছে তাহা অযুক্তিসিদ্ধ ও অতিরিক্ত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ইহা বোধ করিয়া যদি সেই কি অন্য হেতুতে প্রতিবাদির উকীলের কি এজেণ্টের জন্যে তাঁহার ফী পাইবার আদেশ করেন, তবে পাইবেন। সেই হেতু নির্দ্দিষ্ট করিতে হইবে। ফী পাইবার বিশেষ অনুমতি হইলে বাদির ক্ষতিপূরণের যত টাকা অগ্রাহ্য হইয়াছে তদনুসারে সেই ফীর টাকা ধরিতে হইবে।

[সংযুক্ত কি সাধারণ উত্তর হইলে সেই স্থলের কথা।]

৬। অনেক প্রতিবাদী সংস্পৃষ্ট কি সাধারণ স্বার্থবিশিষ্ট হইয়া যদি সংযুক্ত প্রত্যুত্তর কিম্বা স্বতন্ত্র অথচ ভাবতঃ সমান উত্তর দিয়া কৃতার্থ হন, তবে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি কোন হেতুতে অন্যরূপ আজ্ঞা না করিলে কেবল এক জন উকীলের কি এজেণ্টের ফী পাইবার অনুমতি হইবে। সেই হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক জনের ফী দেওয়া যায়, তবে প্রতিবাদিদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, তাহা আজ্ঞা করিবেন কিম্বা যেমন উচিত বোধ করেন তেমনি প্রতিবাদিদের মধ্যে বণ্টন করিয়া দিবেন।

[যে স্থলে অনেক প্রতিবাদী স্বতন্ত্র উত্তর করেন সেই স্থলের কথা।]

৭। অনেক প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থ হইয়া যদি স্বতন্ত্র ও পৃথক্ উত্তর উপস্থিত করিয়া কৃতার্থ হন, তবে যে২ প্রতিবাদী স্বতন্ত্র উকীলের কি এজেণ্টের দ্বারা উপস্থিত হন, সেই প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থোপলক্ষে এক২ জন উকীলের কি এজেণ্টের ফী দিবার অনুমতি হইতে পারিবে। তদ্রূপ অনুমতি হইলে ঐ প্রতিবাদির স্বতন্ত্র স্বার্থের মূল্যানুসারে ঐ ফী ধরিতে হইবে।

বিবিধ কার্য্যের বিধি।

৮। মোকদ্দমাঘটিত বিবিধ প্রকারের কোন কার্য্যেতে কিম্বা ডিক্রী হইবার পূর্ব্ব কোন মোকদ্দমায় কি প্রার্থনায় কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যেতে কিম্বা মোকদ্দমাঘটিত কার্য্যবৎ কোন কার্য্যে উপস্থিত হইয়া উত্তরপ্রত্যুত্তর কি সমর্থন করণভিন্ন যদি অন্য কার্য্যহেতুক বিপক্ষের উকীলের কি এজেণ্টের ফীর উপলক্ষে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১০ জুলাই।]

presiding Officer of the Court or Office according to the following scale, *viz:*—

In proceedings before the Board of Revenue, or in the Court, or Office, of a Commissioner of Revenue:—Rupees 10 to 80.

In the Court or Office of a District Officer:—Rupees 4 to 16.

In the Court or Office of a Deputy Collector:—Rupees 1 to 10.

[Undefended cases.]

9. In any suit, application, or claim, in any Court or Office of *original jurisdiction* which is *undefended* the amount to be paid as the fee of the adversary's pleader or agent, shall be calculated at one-half the sum at which it would have been charged had the suit been defended.

[Revivals or rehearings.]

10. In proceedings for, or consequent upon, the revival or rehearing of a suit, the pleader or agent's fee, if allowed to the successful party, shall be fixed by the presiding Officer of the Court or Office, at an amount which shall not exceed one-half of the amount that would have been allowed by these rules in case of an original decree. The fee allowed in respect of the revival or rehearing will be irrespective of any fee which may be included in any costs, in respect of the original suit or proceeding, which may be adjudged to the successful party by the judgment or order in review.

[Appeals.]

11. The amount to be allowed on account of the fees of an adversary's pleader or agent in an *appeal* shall be calculated on the same scale as in original suits: and the principles of the above clauses as to original suits shall be applied, as nearly as may be, to appeals.

[Joint appellants.]

12. When the interest of *several appellants* is *joint*, not more than one pleader or agent's fee shall be allowed, unless the presiding Officer of the Court or Office shall otherwise order, for a reason to be recorded. If one fee only be allowed, the presiding Officer of the Court or Office shall direct to which of the appellants it shall be paid, or shall apportion it amongst the several appellants in such proportions as he shall think fit.

[Several respondents.]

13. If *several respondents* in one appeal appear *by separate pleaders* or agents in determining whether several pleaders' or agents' fees shall be allowed, the presiding Officer of the Court or Office shall be guided by the principles laid down in Clauses 6 and 7.

টাকা দিবার অনুমতি হয়, তবে যত টাকা দেওয়া যাইবে তাহা আদালতের কি কার্য্যালয়ের অধিপতি নিম্নলিখিত হারানুসারে নিরূপণ করিবেন।

রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বসম্পর্কীয় কমিস্যনরের আদালতে কি কার্য্যালয়ে উপস্থিত কার্য্যহেতুক ১০ অবধি ৮০ পর্য্যন্ত টাকা।

জিলার কার্য্যকারকের আদালতে কি কার্য্যালয়ে ৪ অবধি ১৬ পর্য্যন্ত টাকা।

ডেপুটী কালেক্টরের আদালতে কি কার্য্যালয়ে ১ অবধি ১০ পর্য্যন্ত টাকা।

[যে মোকদ্দমার উত্তরবাদী নাই তাহার কথা।]

৯। আদৌ বিচারাধিপত্য বিশিষ্ট কোন আদালতে কি কার্য্যালয়ে কোন মোকদ্দমা কি প্রার্থনা কি দাওয়া উপস্থিত করা গেলে, যদি উত্তরবাদী না থাকে তবে বিপক্ষের উকীলের কি এজেন্টের প্রাপ্তব্য ফী নিরূপণ কালে উত্তরবাদী থাকিলে যত টাকা নিরূপণ হইত তাহার অর্দ্ধেক ধরিতে হইবে।

[মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণের কথা।]

১০। মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণার্থে কি তৎফলস্বরূপে যে কার্য্য করা যায় তাহাতে যদি জয়িপক্ষের উকীলকে কি এজেন্টকে ফী দিবার অনুমতি হয়, তবে আদৌ মোকদ্দমায় ডিক্রী হইলে এই বিধিমতে যত ফী নিরূপণ হইত আদালতের কি কার্য্যালয়ের অধিপতি তাহার অর্দ্ধেকের অনধিক টাকা নির্দ্ধার্য্য করিবেন।

পুনর্বিচারের নিষ্পত্তিতে আদি স্থলের মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত কার্য্যের উপলক্ষে পরাজয়ি ব্যক্তির যে খরচ পাইবার আজ্ঞা হয় তৎসংক্রান্ত যে ফী ধরা যায়, মোকদ্দমা পুনরুত্থাপন কি পুনঃশ্রবণ করণোপলক্ষে তাহার স্বতন্ত্র ফী হইবে।

[আপীলের কথা।]

১১। আপীলী মোকদ্দমায় বিপক্ষের আপীলের কি এজেন্টের যত ফী দিতে হইবে ইহা আদৌ উপস্থিত মোকদ্দমার সমান হারে নিরূপণ হইবে। আদৌ উপস্থিত মোকদ্দমা সংক্রান্ত পূর্ব্বলিখিত প্রকরণের যে মূলবিধি তাহা আপীলী মোকদ্দমার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে।

[সহ আপেলান্টদের কথা।]

১২। আপেলান্টদের মধ্যে যদি অনেক ব্যক্তির সাধারণ স্বার্থ থাকে, তবে একের অধিক উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হইবে না। যদি আদালতের কি কার্য্যালয়ের অধিপতি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাহার হেতু লিপিবদ্ধ করিতে হইবে। যদি কেবল এক ফীর অনুমতি হয়, তবে তাহা আপেলান্টদের মধ্যে কোন্ ব্যক্তিকে দিতে হইবে, আদালতের কি কার্য্যালয়ের অধিপতি সেই কথা নিরূপণ করিবেন কিম্বা আপনি যেমত উচিত বোধ করেন সেইমতে নানা আপেলান্টদের মধ্যে তাহা বন্টন করিবেন।

[অনেক রেস্পাণ্ডেন্ট থাকিলে তাহার কথা।]

১৩। যদি এক আপীলী মোকদ্দমায় অনেক রেস্পাণ্ডেন্ট স্বতন্ত্র উকীল কি এজেন্টের দ্বারা উপস্থিত হন, তবে অনেক উকীলের কি এজেন্টের ফী দিতে হয় কি না ইহা নির্ণয় করিবার জন্যে আদালতের কি কার্য্যালয়ের অধিপতি ৬ ও ৭ ধারার অবধারিত নিয়ম দৃষ্টি করিবেন।

[*Government Gazette*, 10*th July* 1866.]

[Discretionary power.]

14. If, in any instance, the payment of fees according to the preceding clauses shall not appear to the presiding Officer of any Court or Office to be just and equitable, he may exercise his discretion in charging the fee of the adversary's pleader in such manner as may appear just and equitable; but whenever in any case, other than those provided for in Clause 8, an allowance is made for a pleader or agent's fee, the amount shall be calculated according to the Schedule appended to Clause 1.

১৪। যদি কোন গতিকে কোন আদালতের কি কার্য্যালযের অধিপতির বিবেচনায় পূর্ব্বলিখিত কোন প্রকরণানুসারে ফী দেওয়া অযথার্থ কি অন্যায় হয়, তবে তিনি যে নিয়ম ন্যায় ও যথার্থ বোধ করেন, তদনুসারে বিপক্ষ পক্ষের উকীলের ফী গ্রহণ বিষয়ে স্বীয় বিবেচনামতে কার্য্য করিবেন। কিন্তু যদি ৮ প্রকরণের লিখিত স্থলভিন্ন অন্য স্থলে উকীলের কি এজেন্টের ফী পাইবার অনুমতি হয়, তবে যত টাকা দিতে হইবে ইহা ১ প্রকরণের লিখিত তফসীল অনুসারে নিরূপণ হইবে।

No. 7.

The Board have ascertained that, in publishing the revised rules for the supply of carriage to troops circulated with Order No. 6 of November 1865, they, somewhat, misapprehended the intention of the Government of India, which was not that the very complete rules previously in force should be superseded.

2. The Board have, now, through the Government of Bengal, obtained the sanction of the Government of India to the re-issue of the original rules with some slight modifications. The new rules will be found, in their proper place, in the complete edition of the Board's Rules now passing through the press.

৭ নম্বর।

বোর্ডের সাহেবেরা সৈন্যদের গাড়ী যোগাইবার যে সংশোধিত বিধি ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৬ নং সরক্যুলর অর্ডরের সঙ্গে প্রকাশ করিয়াছিলেন তন্মধ্যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অভিপ্রায় বিষয়ে তাঁহারা আপনাদের কিঞ্চিৎ ভ্রম দেখিতে পাইয়াছেন। ফলতঃ যে অতিশুদ্ধ বিধি পূর্ব্বে প্রচলিত ছিল তদন্যথা করা গবর্ণমেণ্টের অভিপ্রায় নয়।

২। এক্ষণে বোর্ডের সাহেবেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বারা সেই আদ্য বিধি যৎকিঞ্চিত মতান্তর করণ পূর্ব্বক পুনরায় প্রকাশ করণার্থে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতিপ্রাপ্ত হইয়াছেন। বোর্ডের সমুদয় বিধি সূচক যে পুস্তক এক্ষণে মুদ্রিত হইতেছে তাহার উপযুক্ত স্থানে সেই বিধি পাওয়া যাইবে।

No. 8.

The Board deem it advisable that special powers of attorney should be treated as valuable papers not to be lightly destroyed.

Add, therefore, after the word "PLEADINGS," in Heading III of the classification list circulated with Circular Order No. 1 of January, the words "ALL POWERS OF Attorney." Add, also, after "EXHIBITS," "and RECEIPTS for RETURN EXHIBITS."

৮ নম্বর।

বিশেষ মোক্তারনামা মূল্যবানপত্র জ্ঞান করা উচিত তাহা লঘুজ্ঞানে বিনষ্ট করিতে হইবে না। বোর্ডের সাহেবদের এই বিবেচনা।

অতএব জানুআরি মাসের ১ নং সরক্যুলর অর্ডরে শ্রেণীবদ্ধ হইয়া যে পত্রের নামাবলী প্রকাশ হইয়াছে তাহার ৩ নম্বর শিরোলিপিতে "উত্তর প্রত্যুত্তর" এই শব্দের পরে "সকল মোক্তারনামা" এই কথা লিখিতে হইবে। আরো "নিদর্শনপত্র" এইশব্দের পরে "প্রতিদত্ত নিদর্শনপত্রের রসীদ" এই কথা লিখিতে হইবে।

No. 9.

Return No. XVIII, of progress in taking lands for public purposes, need no longer be submitted, by Commissioners, to the Board of Revenue. The mark* should therefore be made against it in the Board's List.

৯ নম্বর।

রাজকীয় কর্ম্মের নিমিত্তে ভূমি গ্রহণের কার্য্য যেরূপ চলিতেছে এই বিষয়ের ১৮ নম্বরের রিটর্ণ রেবিনিউ বোর্ডের নিকটে কমিস্যনর সাহেবদের প্রেরণ করিবার আবশ্যক নাই। অতএব বোর্ডের রিটর্ণের নামাবলীতে সেই রিটর্ণের পূর্ব্বে * এই চিহ্ন দিতে হইবে।

No. 10.

The Board of Revenue are pleased to direct that a column (5) shall be inserted in the Registers (Nos. 3 to 18) of Rent-Law Suits and Applications, to show the *"value of the claim."* Present headings 5 to 7 will be then re-numbered 6 to 8.

2. This new column 5 must be, at once, filled in, retrospectively, from the commencement of

১০ নম্বর।

কর আদায় করণার্থ আইনমতে যে মোকদ্দমা ও প্রার্থনা হয় তাহার ৩ অবধি ১৮ পর্য্যন্ত নম্বরের রেজিষ্টরে রেবিনিউ বোর্ডের সাহেবেরা দাওয়ার মূল্য দর্শাইবার জন্যে অন্য এক ঘর করিতে আজ্ঞা করিয়াছেন সেইটী ৫ নম্বর ঘর হইবে। এবং এক্ষণকার ৫, ৬, ৭, নম্বরের ঘর ৬, ৭, ৮, নম্বরের ঘর হইবে।

২। যে মাসের আরম্ভাবধি ঐ ৫ ঘরের কথা গত কাল সাপেক্ষাপূর্ব্বক লিখিতে হইবে এবং সেই মাসে

May, and a special return made of the entries in it for that month as soon as possible.

3. From the present month, the same information must be returned in No. II. Until a fresh edition of this Return is published, Column 18 of Table I, now headed "pending more than four months," may be appropriated to the purpose.

4. A new edition will, however, be prepared, and distributed as soon as possible, containing the needful column. As soon as it is received, all copies in store of any previous edition are to be sold as waste paper.

No. 11.

The Board of Revenue request that a Return may be submitted to them, with the utmost possible despatch, showing—the number of suits instituted under the Rent-Laws,—the value of the claims,—and the amount of stamp duty levied *upon institution,*—in the month of March, in the years 1861 and 1865.

2. This information is to be returned in four separate lines, headed as follows:—

(*a*) For arrears of rent under Section XXIII, Clause 4. (*b*) Under Section XXIV.

(*c*) All other suits and applications under the Rent-Laws. (*d*) Total.

3. The return is required by the Commission now sitting for the revision of the Stamp Laws.

No. 12.

By Order No. 382T, dated 10th May 1866, the Government of Bengal have determined that the hours during which a Magisterial and Revenue Officer is expected to be present in his office, for the dispatch of business, are to be from 11 A. M. to 5 P. M., unless, with the sanction of the Commissioner, any other hours are fixed.

2. The Government have further ordered that each Magisterial and Revenue Officer shall keep a Register, showing the hour at which he comes to office and leaves it daily; the nature of the business which he disposes of at office; and the reason for his absence, if he is absent during the regular hours.

3. The object of this Register is to enable District Officers to regulate the attendance of their subordinates, and Commissioners that of District Officers.

4. In accordance with orders addressed to them, the Board of Revenue are pleased to prescribe the following form for this "Attendance book," which is to be adopted and included in the Board's list of Registers, unless any Commissioner suggests improvements in it.

[*Government Gazette,* 10*th July* 1866.]

সেই ঘরে যাহা লেখা যায় তাহার বিশেষ রিটর্ণ সাধ্যমতে ত্বরায় পাঠাইতে হইবে।

৩। বর্ত্তমান মাস অবধি সেই কথা ২ নম্বরের রিটর্ণে লিখিত হইয়া পাঠাইতে হইবে। এই রিটর্ণের নূতন গ্রন্থ যাবৎ প্রকাশ না হয় তাবৎ "চারি মাসের অধিক উপস্থিত" এই শিরোলিপিযুক্ত ১ নং টেবিলের ১৮ ঘরে সেই কথা লেখা যাইতে পারিবে।

৪। কিন্তু নূতন গ্রন্থ প্রস্তুত হইয়া সাধ্যমতে ত্বরায় বিলি করা যাইবে। তাহাতে উক্ত প্রয়োজনীয় ঘর দেওয়া যাইবে। তাহা প্রাপ্ত হইলেই পূর্ব্ব গ্রন্থের যত কেতা থাকে তাহা সমুদয় অকর্ম্মণ্য কাগজের ন্যায় বিক্রয় করিতে হইবে।

---

১১ নম্বর।

১৮৬১ ও ১৮৬৫ সালের মার্চ মাসে কর আদায় করণার্থ আইনঅনুসারে যত মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে ও দাওয়ার মূল্য উপস্থিত হওন কালে যত টাকা ইষ্টাম্পের মাসুল আদায় হইয়াছে এইং কথার রিটর্ণ রেবিনিউ বোর্ডের সাহেবেরা অতি ত্বরায় প্রেরণ করিবার আদেশ করিতেছেন।

২। ঐ সংবাদ স্বতন্ত্র চারি পঁক্তিতে লিখিতে হইবে। সেইং পঁক্তির শিরোলিপি এইং। (ক) ২৩ ধারার ৪ প্রকরণমতে বাকী করের নিমিত্তে। (খ) ২৪ ধারামতে ঐ। (গ) কর আদায়ের আইনঅনুসারে অন্য সকল মোকদ্দমা ও প্রার্থনা। (ঘ) মোট।

৩। ইষ্টাম্পের আইন সংশোধন করণার্থে যে মহাশয়েরা এইক্ষণে উপবেশন করিতেছেন তাঁহারাই ঐ রিটর্ণের আকাঙ্ক্ষা করেন।

---

১২ নম্বর।

১৮৬৬ সালের ১০ মে তারিখের ৩৮২T নম্বরের আজ্ঞাক্রমে বঙ্গদেশের গবর্ণমেণ্ট ইহা নির্দ্ধার্য্য করিয়াছেন। মাজিষ্ট্রেটী ও রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরা আপনং কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে পূর্ব্বাহ্নের এগার ঘণ্টা অবধি অপরাহ্নের পাঁচ ঘণ্টা পর্য্যন্ত আপনং কার্য্যালয়ে উপস্থিত থাকিবেন, কিন্তু কমিসানর সাহেবের অনুমতি হইলে অন্য কোন সময় নিরূপণ হইতে পারিবে।

Natural Science; that is, (1) Chemistry, including Heat, (2) Electricity and Magnetism, (3) Geology and Mineralogy, (4) Zoology, (5) Botany ...	500	প্রাকৃতিক বিজ্ঞান। তদন্তর্গত (১) রসায়ন ও তৎসহিত উত্তাপগুণ (২) তড়িত ও আকর্ষণ (৩) ভূতত্ত্ব বিদ্যা ও ধাতুপরিজ্ঞান। (৪) পশুতত্ত্ব বিদ্যা, (৫) উদ্ভিদ বিদ্যা ..	৫০০

*** The total (500 marks) may be obtained by adequate proficiency in any one or more of the five branches of knowledge included under this head

*** প্রাকৃতিক বিজ্ঞানের মধ্যে যে পঞ্চ বিদ্যা ধরা গিয়াছে তন্মধ্যে এক কি অধিক যে কোন বিদ্যাতে ঐ ৫০০ অঙ্ক প্রাপ্তি হইতে পারা যাইবে।

Moral Sciences; that is, Logic, Mental and Moral Philosophy	500	নীতি বিজ্ঞান, তদন্তর্গত ন্যায় ও মনোবিজ্ঞান ও নীতিবিদ্যা ...	৫০০
Sanskrit Language and Literature ...	375	সংস্কৃত ভাষা ও সাহিত্য ...	৩৭৫
Arabic Language and Literature ..	375	আরবীয় ভাষা ও সাহিত্য ...	৩৭৫

5. The merit of the persons examined will be estimated by marks, and the number set opposite to each branch in the preceding regulation denotes the greatest number of marks that can be obtained in respect of it.

৫। পরীক্ষিত ব্যক্তিরদের গুণাগুণ অঙ্ক দ্বারা নিরূপিত হইবে। ইহার পূর্ব্ব ৪ ধারাতে প্রত্যেক বিদ্যার পার্শ্বে যে অঙ্ক দেওয়া গিয়াছে, তাহা সেই বিদ্যাতে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তির প্রাপণীয় উচ্চতম অঙ্ক বুঝায়।

6. No candidate will be allowed any marks in respect of any subject of Examination, unless he shall be considered to possess a *competent knowledge* of that subject.*

৬। যে বিদ্যাদির পরীক্ষা হয় তাহাতে যদি পদাকাঙ্ক্ষির সমুচিত ব্যুৎপত্তি প্রকাশ না হয়, তবে তৎসম্পর্কে তাঁহার কোন অঙ্ক দেওয়া যাইবে না।*

7. The Examination will be conducted by means of printed questions and written answers, and by *viv voce* Examination, as may be deemed necessary.

৭। মুদ্রিত প্রশ্নের লিখিত উত্তর দানক্রমে কিম্বা আবশ্যক জ্ঞান হইলে বাচনিক প্রশ্নোত্তরক্রমে পরীক্ষা সম্পাদন হইবে।

8. The marks obtained by each candidate, in respect of each of the subjects in which he shall have been examined, will be added up, and the names of the candidates who shall have obtained a greater aggregate number of marks than any of the remaining candidates will be set forth in order of merit, and such candidates shall be deemed to be selected candidates for the Civil Service of India. They shall be permitted to choose, according to the order in which they

৮। প্রত্যেক পদাকাঙ্ক্ষী যেং বিষয়ের পরীক্ষা দেন সেই প্রত্যেক বিষয়োপলক্ষে যত অঙ্ক প্রাপ্ত হন তৎসমুদয়ের সঙ্কলন হইবে। যে ব্যক্তি যত অঙ্ক প্রাপ্ত হন তদনুসারে নামাবলিতে তাঁহার নাম ক্রমশঃ লেখা যাইবে। যাঁহারা অধিক অঙ্ক প্রাপ্ত হন তাঁহারা ভারতবর্ষের সিবিল সর্বিসের মনোনীত পদাকাঙ্ক্ষী হইবেন। তাঁহারদের নাম যে ক্রমে লেখা যায় সেই ক্রমানুসারে তাঁহারা যে প্রেসিডেন্সীতে যাইবেন, এবং বাঙ্গলা দেশে যাইতে ইচ্ছা করিলে ঐ দেশের যে প্রদেশে যাইবেন তাহা স্বেচ্ছামতে মনোনীত

* "Nothing can be further from our wish than to hold out premiums for knowledge of wide surface and of small depth. *We are of opinion that a candidate ought to be allowed no credit at all for taking up a subject in which he is a mere smatterer.*"—Report of Committee of 1854.

* যাঁহারা বহুতর বিদ্যাভ্যাস করিয়া সেইং বিদ্যার অল্পতর জ্ঞান প্রাপ্ত হন তাঁহারদিগকে পুরস্কার প্রদান করা আমারদের কোন মতে অভিপ্রায় নাই। পদাকাঙ্ক্ষী কোন বিদ্যাতে পরীক্ষা দিতে উদ্যত হইয়া যদি সেই বিদ্যাতে তাঁহার স্বল্পজ্ঞান থাকে তবে তদ্ধেতুক তাঁহার প্রশংসা করা অস্মদাদির বিবেচনায় অকর্তব্য ইতি। ১৮৫৪ সালের কমিটীর রিপোর্ট।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ১৪ আগষ্ট।]

stand, as long as a choice remains, the Presidency (and in Bengal, the division of the Presidency) to which they shall be appointed.

9. Selected candidates before proceeding to India will be on probation for two years, during which time they will be examined periodically with the view of testing their progress in the following subjects*:—

	Marks.
1. Oriental Languages:	
Sanskrit	500
Vernacular Languages of India (each)	400
2. The History and Geography of India	350
3. Law	1,250
4. Political Economy	350

In these Examinations, as in the open competition, the merit of the candidates examined will be estimated by marks, and the number set opposite to each subject denotes the greatest number of marks that can be obtained in respect of it at any one Examination. The Examination will be conducted by means of printed questions and written answers, and by *vivâ voce* Examination, as may be deemed necessary. The marks obtained at each of such periodical Examinations will be added to those previously or subsequently obtained. The last of these Examinations will be held at the close of the second year of probation, and will be called the "Final Examination." By the merit then shewn it will be decided whether a selected candidate is qualified for the Civil Service of India.

10. No candidate will be permitted to proceed to India until he shall have passed the Final Examination, and received a certificate of qualification from the Civil Service Commissioners, or after he shall have attained the age of twenty-four years.

11. The selected candidates who at the Final Examination shall be found to have a competent knowledge of the subjects specified in Regulation 9, shall be adjudged to have passed, and to be entitled to be appointed to the Civil Service of India.

12. The seniority in the Civil Service of India of the selected candidates shall be determined according to the order in which they stand on the list resulting from the Final Examination.

* Full instructions as to the course of study to be pursued will be issued to the successful candidates as soon as possible after the result of the open competition is declared.

করিবেন। সুতরাং কোন প্রসিডেন্সীতে গমনার্থ যত ব্যক্তি মনোনীত হইবেন তাঁহাদের সংখ্যা পূর্ণ হইলে অবশিষ্ট কোন ব্যক্তি সেই স্থানে যাইতে পারিবেন না।

৯। যে পদাকাঙ্ক্ষিরা মনোনীত হন ভারতবর্ষে গমনের পূর্ব্বে তাঁহাদের পরীক্ষাবস্থায় দুইবৎসর থাকিতে হইবে। সেই কালের মধ্যে নিম্ন লিখিত বিষয়ে তাঁহাদের জ্ঞান বৃদ্ধি নির্ণয়ার্থে সময়ে২ পরীক্ষা হইবে* যথা।

	অঙ্ক।
১। ভারতবর্ষীয় ভাষা	
সংস্কৃত ...	৫০০
ভারতবর্ষের প্রচলিত ভাষা প্রত্যেকের	৪০০
২। ভারতবর্ষের ইতিবৃত্ত ও গোলাধ্যায় ...	৩৫০
৩। আইন ...	১২৫০
৪। রাজকীয় বার্ত্তাবিদ্যা ...	৩৫০

সাধারণ পরীক্ষাতে যদ্রূপ হয় উক্ত পরীক্ষাতেও পরীক্ষিত ব্যক্তিদের গুণাগুণ তদ্রূপে অঙ্কদ্বারা নিরূপিত হইবে। প্রত্যেক বিদ্যার পার্শ্বে যে অঙ্ক দেওয়া গেল, ঐ২ বিদ্যাতে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তির প্রাপণীয় উচ্চতম অঙ্ক বুঝায়। মুদ্রিত প্রশ্নের লিখিত উত্তর দানক্রমে কিম্বা আবশ্যক জ্ঞান হইলে বাচনিক প্রশ্নোত্তরক্রমে পরীক্ষা সম্পাদন হইবে। সময়ে২ উক্ত যে২ পরীক্ষা হয় তাহাতে যত অঙ্ক পাওয়া যায় তাহা পূর্ব্ব ও পশ্চাৎ পরীক্ষা কালীন প্রাপ্ত সকল অঙ্কসহিত সমষ্টি হইবে। ঐ পরীক্ষার্থ দ্বিতীয় বৎসরের শেষে উক্ত সাময়িক শেষ পরীক্ষা হইবে। তাহা চরম পরীক্ষা নামে খ্যাত হইবে। তৎকালে যে গুণ প্রকাশ হয় তদনুসারে মনোনীত পদাকাঙ্ক্ষী ভারতবর্ষের সিবিল সর্বিসের সুযোগ্য কি অযোগ্য নিরূপণ হইবেন।

১০। পদাকাঙ্ক্ষী সেই চরম পরীক্ষাতে উত্তীর্ণ হইয়া সিবিল সর্বিস কমিস্যনরদিগের স্থানে কর্ম্মোপযোগিতার সংশিতপত্র না পাইলে, অথবা চব্বিশ বৎসর বয়স উত্তীর্ণ হইলে পর ভারতবর্ষে যাইতে পারিবেন না।

১১। ৯ ধারাতে যে২ বিদ্যাদি নির্দ্ধার্য্য হইয়াছে মনোনীত যে পদাকাঙ্ক্ষিরা চরম পরীক্ষাতে সেই সকল বিদ্যাদিতে উপযুক্তমতে সুশিক্ষিত প্রকাশ হন, তাঁহারাই উত্তীর্ণ ও ভারতবর্ষের সিবিল সর্বিসে নিযুক্ত হইবার যোগ্য অবধারিত হইবেন।

১২। চরম পরীক্ষার পরে মনোনীত পদাকাঙ্ক্ষিদের নামাবলিতে তাঁহাদের নাম যে ক্রমে লিখিত হয় তদনুসারে ভারতবর্ষের সিবিল সর্ব্বিসে তাঁহাদের পদজ্যেষ্ঠতা হইবে।

* এইং বিষয়ের অভ্যাস যে ক্রমাদিতে হইবে তাহা সাধারণ পরীক্ষার ফল জ্ঞাত হইলে কৃতার্থ পদাকাঙ্ক্ষিদিগকে ত্বরায় জ্ঞাত করা যাইবে।

13. No person will, even after passing the Final Examination, be allowed to proceed to India unless he shall comply with the regulations in force, at the time, for the Civil Service of India, and shall be of sound bodily health and good moral character.—The Civil Service Commissioners will require such further evidence on these points as they may deem necessary before granting their Certificate of Qualification.

14. Applications from persons desirous to be admitted as candidates are to be addressed to the Secretary to the Civil Service Commissioners, Dean's Yard, London, S. W.

15*th June* 1866.

NOTE—(1.) *The Secretary of State for India in Council has authorized the Civil Service Commissioners to state that it is his intention to allow the sum of 100l. for the first year of probation, and 200l. for the second year to each selected candidate who shall have passed the required Examinations to the satisfaction of the Commissioners, and shall have complied with such rules as may be laid down for the guidance of selected candidates.*

(2.) *All selected candidates will be required, after having passed the second periodical Examination, to attend at the India Office, to make the necessary arrangements for entering into covenants (binding themselves, amongst other things, to refund in certain cases the amount of their allowance in the event of their failing to proceed to India), and for giving a bond for 1,000l. jointly with two sureties, for the due fulfilment of the same. The stamps payable by civilians on their appointment amount to 3l. 10s.*

(3.) *Candidates rejected at the Final Examination of 1869 will in no case be allowed to present themselves for re-examination.*

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

১৩। ভারতবর্ষের সিবিল সর্ব্বিসের নিমিত্তে যে সময়ে যে বিধি প্রচলিত হয়, চরম পরীক্ষা দিলে পরও প্রত্যেক জনের সেই বিধিমতে কার্য্য করিতে হইবে। যদি না করেন, কিম্বা যদি তাঁহার শারীরিক স্বাস্থ্য ও সচ্চরিত্র না হয়, তবে ভারতবর্ষে গমন করিবার অনুমতি পাইবেন না। সিবিল সর্ব্বিস কমিস্যনরেরা যোগ্যতার সংশিতপত্র প্রদান করিবার পূর্ব্বে উক্ত বিষয়ের অধিক যে প্রমাণ আবশ্যক জ্ঞান করেন তাহা গ্রহণ করিবেন।

১৪। যাঁহারা পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে বাঞ্ছা করেন তাঁহারা লণ্ডন নগরের দক্ষিণ পশ্চিমদিগে ডীনস য়ার্ড বাটীতে সিবিল সর্ব্বিস কমিস্যনরদিগের সেক্রেটারী সাহেবের নামে প্রার্থনাপত্র প্রেরণ করিবেন।

১৮৬৬ সাল ১৫ জুলাই।

মন্তব্য কথা। (১) মনোনীত যেং পদাকাঙ্ক্ষী কমিস্যনরদের হৃদ্বোধমতে পরীক্ষোত্তীর্ণ হন, এবং মনোনীত পদাকাঙ্ক্ষিদের পালনার্থে যেং বিধি প্রণয়ন হইয়াছে তাহা যেং পদাকাঙ্ক্ষী পালন করেন তাঁহাকে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব পরীক্ষার্থ প্রথম বৎসরের নিমিত্তে ১০০০৲ টাকা ও দ্বিতীয় বৎসরের নিমিত্তে ২০০০৲ টাকা প্রদান করিবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সিবিল সর্ব্বিস কমিস্যনরদিগকে আপনার এই অভিপ্রায় জ্ঞাত করিতে অনুমতি করিয়াছেন।

(২) মনোনীত পদাকাঙ্ক্ষিরা সাময়িক দ্বিতীয় পরীক্ষা উত্তীর্ণ হইলে পর ইণ্ডিয়া আফিসে গমনপূর্ব্বক সম্বিৎ করিবার প্রয়োজনীয় নিয়ম করিবেন। তাহাতে তাঁহারা অন্যান্য প্রতিজ্ঞার মধ্যে এই প্রতিজ্ঞাতেও বদ্ধ হইবেন, যথা স্থলবিশেষে যদি ভারতবর্ষে গমন না করেন, তবে আপনাদের প্রাপ্ত সমস্ত বেতন প্রতিদান করিবেন। এবং ঐ সম্বিৎ নিয়মিতরূপে প্রতিপালন করিবেন এতদর্থে দুই ব্যক্তি প্রতিভূ সহিত ১০,০০০৲ টাকার প্রতিজ্ঞাপত্রও লিখিয়া দিবেন। সিবিলিয়ানেরা নিযুক্ত হইলে তাহাদের ৩৫ টাকা ইষ্টাম্প লাগিবে।

(৩) ১৮৬৯ সালের চরমপরীক্ষাতে যে পদাকাঙ্ক্ষিরা অগ্রাহ্য হন তাঁহারা পুনশ্চ পরীক্ষা দানার্থে কখন অনুমতি পাইবেন না।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ জুন তারিখ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে ও চলিত আইন ও আকুটের দ্বারা অন্যং যে দাওয়ার বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইন মতে সন ১৮৬৬ সালের ২৯ আগষ্ট মোতাবেক সন ১২৭৩ সালের ১৪ ভাদ্র তারিখে এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ৪ আগষ্ট মোং সন ১২৭৩ সাল তাং ২০ শ্রাবণ।

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১ নং ৪৭৭ নং তং শ্যামপুর পং হাওয়ালখালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী সদর জমা ২৫৫৯।১

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৪ আগষ্ট।]

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

২ নং ৩২৩১ নং মৌজে সাঁওতা পং মাহামুদসাহি মালিক জীবন নেছাবিবি ও মিরআজমত আলি ও বাহাছুর আলি ওএব রহিম হোসেন সদর জমা ৫৫৩।/১০

H. ULICK BROWNE,
Offg. Collector.

জেলা নদীয়ার কালেক্টরী সন ১৮৬৬ সাল তাং ৪ আগষ্ট।

জেলা মেদিনীপুর।

ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহা দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নীচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮এ জুন তারিখ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারায় অন্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে, তাহার নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৬ই আগষ্ট মোতাবকে আমলি সন ১২৭৩ সালের ২রা ভাদ্র রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন১৮৬৬ সাল তারিখ ২০এ জুলাই।

প্রথম শ্রেণীর চিরবন্দোবস্তী মহাল।

১৯২৯ নং মহল উত্তর উসতপুর পং কাশীযোড়া রেজিষ্টরির লিখিত হওয়া মালিক রামচাঁদ পণ্ডা ও দাসমোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বক্তীনারায়ণ মাইতি এ জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও ইন্দ্রনারায়ণ মাইতি ও তারাচাঁদ মাইতি ও নরহরি মাইতি ও চাঁদহরি মাইতি ও কুঙর নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও শ্রীমতী মহামায়া দেই বনিতা গোরাচাঁদ মহাপাত্র ও যদুনাথ পণ্ডা ও শ্রীমতী প্যারীমণি দেবী মহাফেজ কৈলাসনাথ পণ্ডা নাবালগ ও প্যারীমণি দেবী ও শ্রীনারায়ণ মাইতি ও শ্রীনাথচরণ নন্দী ও লক্ষ্মীনারায়ণ পাত্র ও সুন্দরী দাসী ও মোহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসী। মোট সদর জমা ৩৫০৫।/১

ইহার মধ্যে সন১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে পৃথক হিসাব হওয়া ও তাহা ওয়াশীল দেওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায়।

হিস্যা	প্যারীমণি দেবী	... ১২৮০৲	
	শ্রীনারায়ণ মাইতি	... ৩৩১৻৬	
	শ্রীনাথচরণ নন্দী	... ৪৪॥১১	
	লক্ষ্মীনারায়ণ পাত্র ও সুন্দরী দাসী	... ৩০০৶৯	
	মোহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসী	... ৩২৭৸৴৬	
			২২৮৪।/১০
	বাকী সদর জমা নীলামে ধরা গেল		১২২০৸।/৩

W. J. HERSCHEL,
Collector.

জিলা বৰ্দ্ধমান।

হুকুম ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলা বৰ্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বৰ্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৬ সালের নাং ২৮ জুন মোতাবেক সন ১২৭৩ সালের নাং আষাঢ় তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্ত্র সন ১৮৬৬। ১৮ আগষ্ট মোতাবক সন ১২৭৩ সালের ৩ ভাদ্র শনিবার দিবসে দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬। তারিখ ২৩ জুলাই।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নং মোহনপুর পরগনে বাঘা মালিক নবীনকৃষ্ণ মুখোপাধ্যায় সদর জমা ১৬৬৩।/১১

PROTAP NARAIN SINGH,
Deputy Collector.

[*Government Gazette*, 14*th August* 1866.]

MUNICIPALITY OF THE SUBURBS OF CALCUTTA.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 88, Act III. (B. C.) of 1864, having directed the publication of the following Bye-laws for the Suburbs of Calcutta, in supersession of the existing ones, in the *Calcutta* and *Bengalli Gazettes*, they are hereby published for general information:—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending	31st July.	May be levied on and after	1st May.
	,, Oct.		,, Aug.
	,, Jan.		,, Nov.
	30th April.		,, Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or Officers appointed by them, or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman or Vice-Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

কলিকাতা শহরতলিস্থ মিউনিসিপালিটী।

বঙ্গদেশের কৌন্‌সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৪ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর্ সাহেব কলিকাতা শহরতলির নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল কলিকাতা ও বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতৎদ্বারা প্রকাশিত হইল।

তহসীলের সময় ও বিধি নির্দ্ধারণবিষয়ক।

১। আইন উল্লিখিত প্রত্যেক ত্রৈমাসিকের টাক্‌স এবং রেট সমুদায় উক্ত ত্রৈমাসিকের প্রারম্ভেই প্রাপ্যরূপে পরিগণিত হইবে এবং তদ্ধেতু উক্ত টাক্‌স বা রেট কথিত ত্রৈমাসিকের প্রারম্ভের পর যে কোন সময়ে হউক আদায় করা যাইতে পারিবে অর্থাৎ ৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ও ৩০ আপ্রেল যে ত্রৈমাসিকের শেষ হইবে সেই ত্রৈমাসিকের রেট বা টাক্‌স যথাক্রমে ১লা মে ১লা আগষ্ট ১লা নবেম্বর বা ১লা ফেব্রুআরি অথবা তদপরে সংগৃহীত হইতে পারিবে।

২। তহসীলের ভারপ্রাপ্ত কর্ম্মচারি আইনের ২৯ এবং ৩৯ ধারানুসারে যে সকল ফর্দ্দ প্রস্তুত হইবেক তদ্দৃষ্টে ৪৪ ধারার কথিত বিল সকল প্রস্তুত করাইবেক এবং ঐরূপ প্রস্তুত হওয়া বিল সকল কমিস্যনরদিগের বা তাহারদিগের নিযুক্তীয় অন্য কোন কর্ম্মচারির অথবা যদি কেহ তাহাদিগের সেক্রেটারী থাকে তবে তাহাদ্বারা স্বাক্ষরিত হইয়া তহসীল সংক্রান্ত অধীনস্থ কার্য্যকারিদিগকে প্রদত্ত হইবেক এবং তাহারা পশ্চাৎ লিখিত নিয়মানুসারে ঐ সকল বিলের লিখিত ব্যক্তিগণকে তহসীল জন্য প্রদর্শন করাইবে।

৩। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারিকে তাহাদিগের তহসীল করিবার ক্ষমতার নিদর্শনস্বরূপ এক এক সর্টিফিকেট প্রদত্ত হইবে এবং ঐরূপ প্রত্যেক সর্টিফিকেটে মিউনিসিপলিটির মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবেক এবং তহসীল কালীন আবশ্যক হইলে প্রত্যেক কর্ম্মচারি তৎক্ষণাৎ তাহা দেখাইবেক।

৪। তহসীল সংক্রান্ত প্রত্যেক কর্ম্মচারি কোন বিষয়ের প্রাপ্য টাকা পাইলে তাহার এক রসীদ দিবে।

৫। যদি কোন বিষয়ের স্বামির নাম জানা না যায় তবে তাহার এতলানামা জারী করিতে হইলে বা তাহার নামে অপর আইনোক্ত কার্য্য করিতে হইলে সেই বিষয়ের স্বামী বলিয়া উল্লেখ করিলেই যথেষ্ট হইবে এতদ্ভিন্ন অন্য কোন বিবরণের প্রয়োজন হইবে না।

৬। আইনানুসারে প্রাপ্য রেট বা টাক্‌সের বিল সম্ভব পর হইলে বিলের লিখিত ব্যক্তির নিকট প্রদর্শন করাইতে হইবেক এবং প্রদর্শন অসম্ভব হইলে তাহার বাসস্থানে রাখিয়া আসিবেক তাহা হইলেই ৪১ ধারার কথিত প্রদর্শন হইয়াছে বুঝিতে হইবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ১৪ আগষ্ট।]

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C, prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

৭। তহীসল করণ জন্য কোন কর্ম্মচারিকে বিল প্রদত্ত হইলে সে উক্ত বিল প্রদর্শন কালীন অথবা প্রদর্শনের তারিখহইতে ১০ দিনের মধ্যে কোন সময়ে তল্লিখিত টাকা গ্রহণ করিবেক।

৮। মিউনিসিপল কমিস্যনরগণ আইনানুসারে চাহিতে পারেন এমত কোন বিষয়ের সিডৌল কিম্বা এতেলা কোন ব্যক্তির নিকট প্রেরণ করা হইলে আইনের ৮১ ধারার বিধান মতে জারী হওনের দিবসাবধি সপ্তাহের মধ্যে জিজ্ঞাস্য বিষয়ের সংবাদ সম্বলিত উক্ত সিডৌল বা এতেলা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়ে ফিরিয়া পাঠাইতে হইবে আর যদি কেহ তাহা উক্ত সময়ের মধ্যে না পাঠান তবে সেই ব্যক্তি ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং কমিস্যনরদিগের কর্ত্তৃক শতর্ক করা হইলেও যত দিন পর্য্যন্ত ফিরিয়া দিতে অমনোযোগ করিবে তাহার প্রতিদিন ২৲ টাকা করিয়া দণ্ড দিতে হইবেক পরন্তু কোন ব্যক্তি জানিয়া শুনিয়া যদি কোন মিথ্যা সংবাদ লিখিয়া দিলে ৫৲ টাকার অনধিক দণ্ডার্হ হইবেক এবং উপযুক্ত বোধ হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধি অনুসারে তাহার নামে নালিশ করিতে হইলে এই উপবিধিতে কোন প্রতিবন্ধক হইবেক না।

৯। প্রত্যেক স্বামী বাসিন্দা অথবা অন্য কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কিম্বা তাহাদিগের নিয়োজিত লিখিত পূর্ব্বক ভারপ্রাপ্ত কোন কর্ম্মচারিকে প্রত্যেক আস্তাবলে বা গাড়ি রাখিবার ঘরে অথবা যেথানে আইনের ৩৫ ধারা অনুসারে টাকুস হইবার যোগ্য কোন গাড়ি বা পশ্বাদি থাকে বলিয়া বোধ হয় তত্তৎস্থানে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তের মধ্যে যে কোন সময়ে হউক প্রবেশ করিয়া তত্ত্বানুসন্ধান করিতে দিবে যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে অথবা তাহাদিগের দ্বারা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারিকে ঐরূপ প্রবেশ ও দর্শন করিতে বাধা দেন তাহার ২০ টাকার অনধিক দণ্ডে দণ্ডার্হ হইবেক।

১০। কমিস্যনরগণকর্ত্তৃক অন্যরূপ আদেশীত না হইলে আইনের লিখিত যে সমস্ত ক্রোকী পরওয়ানা প্রচার হইবে তাহা তহসীল সংক্রান্ত কর্ম্মচারিদিগের দ্বারায় জারী হইবেক এবং ক্রোকী দ্রব্যাদি বিক্রয় হওয়া অথবা বাকীদারের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় না হওয়া পর্য্যন্ত উক্ত দ্রব্যাদি ঐ কর্ম্মচারির জিম্মায় থাকিবেক এবং উক্ত কর্ম্মচারি আইনের লিখিত সি ফারমে ঐ ক্রোকী দ্রব্যাদির এক ফর্দ্দ দিবেক।

১১। ক্রোক হইবামাত্রই যে ব্যক্তি ক্রোক করিবেক সে ক্রোকের তারিখহইতে ৭ রোজের অন্যূন মেয়াদে বিক্রয় দিন স্থির করিয়া বাকীদারের বাটিতে এক ইস্তাহার দিবেক এবং বিক্রয়ের দিনেতে ঢোল শহরতের দ্বারায় সংবাদ দিবেক।

১২। বিক্রয় হইবামাত্রই ঐ বিক্রীত দ্রব্যাদির মূল্য লওয়া ও খরিদ্দারকে বিক্রীত দ্রব্য দেওয়া হইবেক যদ্যপি খরিদ্দার তাহার ডাকের সমুদায় টাকা দিতে অপারক হয় তবে ক্রোক কারী তাহার বিবেচনা অনুসারে উক্ত দ্রব্যাদি সেই দিবসে বা অন্য কোন দিবসে বিক্রয় করিতে পারিবে এবং তাহাতে যদি কোন ক্ষতি হয় তবে প্রথম খরিদ্দার কমিস্যনরদিগের নিকট উক্ত

in such case, be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

ক্ষতির দাইক হইবে এবং তাহা কমিস্যনরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইবেক।

কমিস্যনরদিগের নিয়োজিত ব্যক্তিগণের আচরণ বিষয়ক।

১৩। কমিস্যনরদিগের কর্ত্তৃক নিয়োজিত কর্ম্মচারিগণকে প্রয়োজন না হইলে এক মাস পূর্ব্বে তদ্বিষয়ের সংবাদ দিলে কিম্বা এক মাসের বেতন পূর্ব্বে দিয়া তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর করা যাইতে পারিবেক এবং কোন কর্ম্মচারি কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে তদস্বরূপ এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে অথবা এক মাসের বেতন ক্ষতি স্বীকার না করিলে কর্ম্ম ছাড়িতে পারিবে না।

১৪। কমিস্যনরদিগের অধীনে যে সকল কর্ম্মচারিরা নিযুক্ত আছেন বা ভবিষ্যতে নিযুক্ত হইবেন তাহারা হুকুম পাইলে কমিস্যনরগণ কর্ত্তৃক সময়েং নির্দ্দিষ্ট পরিমাণে জামিনী দাখিল করিবেন যে কোন কর্ম্মচারি উপযুক্ত সময়ে বা কমিস্যনরগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐরূপ জামিন দিতে অক্ষম হইবেন তাহাকে কর্ম্ম হইতে অবসর করিবেন।

১৫। যখন কমিস্যনরগণ এমত কোন সন্তোষজনক প্রমাণ পান যে তাহাদিগের নিয়োজিত কোন ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মে অবহেলা করিয়াছে অথবা কোন নিয়ম ও বিধি বা উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট ব্যক্তির আদেশ ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন বা অবহেলা করিয়াছে অথবা বিনা অনুমতিতে বা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া স্বীয় কর্ম্ম হইতে বিরত হইয়াছে অথবা এমত কোন কর্ম্ম করিয়াছে বা এমত কোন কর্ম্ম করণে অবহেলা করিয়াছে যদ্দ্বারা কমিস্যনরদিগকে কোন ক্ষতি সহ্য করিতে হইবেক বা হইবার সম্ভাবনা অথবা কোন কর্ম্মে উপযুক্ত পরিশ্রম করে নাই অথবা কোন উচ্চ পদবিশিষ্ট কর্ম্মচারির প্রতি কোন অবাধ্যাচরণ কর্ম্ম করিয়াছে কিম্বা তাঁহার কার্য্যসম্বন্ধে উপযুক্ত বেতনের অতিরিক্ত কাহারও নিকটহইতে নিজের কিম্বা অপর কোন ব্যক্তির নিমিত্ত কিছু গ্রহণ করিয়াছে কিম্বা পাইয়াছে অথবা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে বা করাইয়াছে অথবা তাহার কর্ম্মসম্বন্ধে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সংবাদ দিয়াছে কিম্বা অপর কোন আইনের দণ্ডার্হ কর্ম্ম করিয়াছে তাহা হইলে অন্য কোন আইনে যে দণ্ড হইবেক তদতিরিক্ত তাহার এক মাসের বেতন জরীমানা বা কমিস্যনরদিগের নির্দ্ধারিত সময় পর্য্যন্ত কর্ম্মহইতে স্থগিত বা নীচ পদাভিষিক্ত বা কর্ম্মচ্যুত হইবেক কোন ব্যক্তি এইরূপে কর্ম্মচ্যুত হইলে সভাপতি সাহেবের বিবেচনামত তাহার এক মাস অনধিক কালের প্রাপ্য বেতন দণ্ড হইতে পারিবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ১৪ আগষ্ট।]

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having being in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

On matters of Conservancy.

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

20. No person shall deposit, or cause to be deposited in or by the side of any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

21. No person shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

[*Government Gazette*, 14*th August* 1866.]

১৬। কমিস্যনরদিগের কর্ত্তক নিয়োজিত কোন কর্ম্মচারির নামে কর্ত্তব্য কর্ম্মের অবহেলা করণে বা অবৈধ আচরণের অভিযোগ করিতে বা গ্রহণ করিতে বা তদ্বিষয়ের অনুসন্ধান করিতে সভাপতি বা প্রতিনিধি সভাপতি পারিবেন।

১৭। কোন কর্ম্মচারির কৃতকার্য্য বা অভিপ্রেত কার্য্যজন্য কমিস্যনরগণ ক্ষতি বা অনিষ্ট বোধ করিলে তাহারা ঐ কর্ম্মচারির বিরুদ্ধে কোন উপযুক্ত আদালতে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেন ইহার দ্বারা সে বিষয়ের কোন নিবারণ রহিল না।

পরিষ্কার বিষয়ক।

১৮। কেহ কোন সাধারণ রাস্তার উপর অথবা তাহার নিকটবর্ত্তি স্থানে গৃহাদি প্রস্তুত কিম্বা কোন ভগ্ন গৃহ পুনঃ নির্ম্মাণ করিতে হইলে তাহার বেষ্টন (অর্থাৎ বেড়া) ও চাল তৃণপত্রাদি বা অন্য কোন স্বত্বর জ্বলনশীল পদার্থ দ্বারা নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

১৯। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা করিয়া।

২০। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নর্দ্দমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা করিয়া।

২১। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নর্দ্দমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২২। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিস্যনরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

23. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

24. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

25. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

26. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier or farmer, shall, without any delay, cause any meat, fish or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person appointed by the Commissioners for that purpose, from entering and

২৩। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নর্দ্দমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৫। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নর্দ্দমাতে পাট, শণ, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জপদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নর্দ্দমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদপ্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

২৬। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নর্দ্দমা বা নালা বন্দ করিতে পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লা জমা অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নর্দ্দমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংস ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপাল কমিস্যনরগণকর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে

inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier, or farmer of any bazar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10

33. No person shall build, or cause to be built or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34 No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night-soil through the streets, except between the hours of 10 P. M., and 4 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36 No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a

প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন গাঁটরি বা অন্য কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বন্ধ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিসনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখ অবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থে উক্ত কমিসনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধিলঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিসনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৩। কমিসনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে ১০ ফিটের মধ্যে কিম্বা ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাট্টি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি কাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিসনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ণ ১০ ঘণ্টা হইতে পূর্ব্বাহ্ণ ৪ ঘণ্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিসনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা বাটী অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খানাতে, পুষ্করিণীতে, বা নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। মনুষ্য কাহার নিকট জন্মাইতে বা স্বাস্থ্যের হানি জন্মাইতে পারে এমত কোন স্থানে বা

noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 4 A. M. and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall, or on any roof of a house, or on any bank or tree or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall within two hours after its death, or if death occurs at night, within two hours after day light, either remove at his own expense the carcasses to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased

রূপে কেহ ১২ ঘন্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি, মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিস্যনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ন ৪ ঘন্টা হইতে ৮ ঘন্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসার, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিস্যনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিস্যনরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবেন এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট মিউনিসিপাল ইমপ্রুভমেণ্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২ ঘন্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘন্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেন। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ

or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 4 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 4 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

[*Government Gazette*, *14th August* 1866.]

রাস্তার যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কেহ কোন শব বা শবাংশ কমিসানরেরা সময়ে সময়ে যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন নির্দ্ধারিত শশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে চারি ফুটে অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের চারি ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে মিউনিসিপল কমিসানরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। মিউনিসিপল কমিসানরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৪ ঘন্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতভাবে ভস্মাবশেষী কৃত হইতে বাকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

53. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it to be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

his executors administrators or assigns, and it is hereby declared to be the true intent and meaning of these presents that it shall and may be lawful for the said Secretary of State in Council to retain the said Government Promissory Notes for the term of twenty years from the making of the said statement of loss and that the provisions hereby made shall be accepted and taken by the said A B in full satisfaction and discharge for all claims and demands upon the said Secretary of State in Council for or in respect of the said Note, and further that it shall be lawful for the said Secretary of State in Council and his successors and assigns to sue for and recover the amount of any loss costs or damages which the said Secretary of State in Council his successors or assigns or servants or any of them may sustain in relation to any of the said Note without any obligation on the part of the said Secretary of State in Council or his successors first to resort to the said Government Promissory Notes for raising the amount of such loss costs or damages.

In witness whereof the said parties to these presents have hereunto set their respective hands and seals the day and year first above written.

Signed and sealed, &c.

Particulars of Currency Note of the Government of India of the Circle of Issue, referred to in the above Bond.

Series or date and number of Note.	Value of Note.	Series or date and number of Note.	Value of Note.	Series or date and number of Note.	Value of Note.
†					

† *N. B.*—The serial letter and number of the Note must be given, besides the consecutive number, thus, $\frac{A}{11}$00000, or 00000, dated 13th July 1861.

E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

৫ নং পাঠ।

ভারতবর্ষের নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব প্রথমপক্ষের ও অমুক স্থানবাসি শ্রী ক খ দ্বিতীয় পক্ষের মধ্যে এই নিয়মপত্র হইয়াছে। গবর্নমেন্টের এক কেতা করেন্সী নোট হারাইয়াছে তাহার বিবরণ নিম্ন ভাগে লেখা যাইতেছে। এবং তদ্বিষয়ের যে বিধি আছে সেই বিধিমতে অমুক স্থাননিবাসি শ্রী ক খ ঐ নোট হারাইবার আবেদন করিয়াছিলেন। তৎপরে দুইবৎসর গত হইয়াছে। এই কথা অমুক স্থাননিবাসি উক্ত শ্রী ক খ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে [illegible]ত করিয়াছেন। আরো ঐ নোটের মূল্য এক সহস্র টাকার অধিক এইপ্রযুক্ত উক্ত ক খর প্রার্থনামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ঐ নোটের তুল্য টাকাতে পেপর করেন্সীর প্রধান কমিস্যনর ও হিসাবে কন্ট্রোলের জেনরল যিনি যে সময়ে হউন তাঁহারই নামে সামান্যতঃ কোম্পানির কাগজ নামে খ্যাত গবর্নমেন্ট প্রমিসরি নোট ক্রয় করিলেন। আরো উক্ত নোটের উপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের উপর উক্ত ক খর যে দাওয়া হয়, ঐ নোট ক্রয় সেই দাওয়ার সম্পূর্ণ পরিশোধ স্বরূপ প্রকাশ করা গেল ও মন্ত্রিসভাধিষ্ঠিত

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ৪ সেপ্টেম্বর।]

শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব উক্ত প্রকারে ক্রীত কোম্পানির কাগজ ক্ষতি নিবারণার্থ পুঁজিস্বরূপ রাখেন এই নিয়ম হইয়াছে। তদুপলক্ষে তিনি উক্ত ক খর নিমিত্তে সেই টাকা ন্যাসস্বরূপ রাখিবেন এই বিবেচনায় উক্ত ক খ নিম্ন লিখিত প্রকারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ক্ষতি নিবারণ করিতে নিয়ম করিয়াছেন। এইক্ষণে উক্ত ক খ আপনার পক্ষে ও স্বীয় উত্তরাধিকারী ও চরমপত্রসাধক ও দ্রব্য নিরূপকগণের পক্ষে ভারতবর্ষের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ও তাঁহার পদাধিকারির ও আসৈনের নিকটে ও সহিত এই নিয়ম ও সম্বিৎ করিয়াছেন। বিশেষতঃ উক্ত নোট পরিবর্ত্তন হইলে কি না হইলে তৎসম্পর্কে কি তজ্জন্যে, কিম্বা তাহার বলে দাতব্য টাকার জন্যে, কিম্বা তন্মধ্যে কোন বিষয়ের সম্পর্কে কি জন্যে, কিম্বা কোন ব্যক্তি ঐ নোট প্রাপ্ত হইয়া উপস্থিত করিলে, যদি মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কি তাহার পরিচারকেরা কি কর্ম্মকারকেরা ঐ নোট আটক করিয়া রাখেন, তবে তজ্জন্যে দেয় কি প্রাপ্য যে টাকার দাওয়া হয় ও যেঅভিযোগ কি মোকদ্দমা কি ব্যবহার ঘটিত অন্য কার্য্য উপস্থিত করা যায় ও প্রচলিত হয়, এবং তজ্জন্যে কি তৎপ্রযুক্ত আইন পক্ষে কি একুটি পক্ষে যে সকল টাকার ব্যয় ও ক্ষতি ও দাওয়া ও হানি ও খরচ হয় তাহাহইতে উক্ত ক খ কি তাঁহার চরমপত্রসাধকেরা কি দ্রব্যনিরূপকেরা সময়ে২ ও সর্ব্বদাই মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবকে ও তদীয় পদাধিকারিদিগকে ও আসৈনকে কি কর্ম্মচারিদিগকে ও তাহাদের প্রত্যেক জনকে ত্রাণ ও রক্ষা করিবেন ও নিরাপদে রাখিবেন ও তাঁহাদের ক্ষতি নিবারণ করিবেন। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেব তদ্রূপে কোন অভিযোগের কি মোকদ্দমার কি ব্যবহারঘটিত কার্য্যের উত্তর দিতে পারিবেন কিম্বা ব্যবস্থাসম্পর্কীয় পরামর্শদায়িগণের বিবেচনায় বিহিত বোধ হইলে মোকদ্দমাভিন্ন টাকা দিতে পারিবেন। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কি তদীয় পদাধিকারিরা কি আসৈনেরা কি কর্ম্মচারিরা কি তাঁহাদের কোন জন পশ্চাৎ কোন সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ষ্টেট সেক্রেটারী যিনি যে সময়ে হন তাঁহার কি তাঁহার কার্য্যকারকদিগের কি কর্ম্মচারিদের পরামর্শক্রমে হউক কিম্বা অকস্মাৎ কি অবিবেচনাতে কি অন্য কারণে হউক যদি প্রচলিত মুদ্রাস্বরূপ উক্ত নোট গ্রহণ করেন কি লন কি চলিবার অনুমতি দেন, কিম্বা তাহার টাকা দেন, কিম্বা তদুপলক্ষে কোন টাকা দেন কিম্বা ঐ নোটের উপর কি তাহার বলে দাতব্য টাকার উপর কোন দাওয়া সম্পর্কীয় খরচ কি ব্যয় শোধ করেন, তবে তদবস্থায়, উক্ত ক খ ও তাহার চরমপত্রসাধকেরা কি দ্রব্যনিরূপকগণ মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবকে কি তাঁহার পদাধিকারিদিগকে কি আসৈনদিগকে উক্ত প্রকারের অনুমতি দেওয়া ও দত্ত ও ব্যয়িত ও ঘটিত সকল টাকা ও দেয় ও ক্ষতি ও প্রাপ্য ও হানি ও খরচ অগৌণে দিবেন কি দেওয়াইবেন, এবং ঐ টাকা ব্যয়াদি হইবার অনুমতির ও শোধের ও ব্যয়ের ও সহ্য করণের ও ঘটনার সময়াবধি কোন হেতুতে কিছুমাত্র বাদ কি ন্যূন না ধরিয়া বৎসর শত করা ৬৲ টাকার হিসাবে ঐ টাকার উপর সুদ দিবেন। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ক্ষতি নিবারণের আরো সদুপায় হেতুক এই পত্রাবধারিত উভয় পক্ষের মধ্যে এই নিয়ম ও প্রতিজ্ঞা হইতেছে। মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ও তাঁহার পদাধিকারিগণ নিম্ন লিখিত হেতুতে উক্ত কোম্পানির কাগজ প্রতিভূস্বরূপ অধিকার করিবেন ও তৎসহিত সম্পর্ক রাখিবেন বিশেষতঃ পূর্ব্ব লিখিত নিয়মপত্রানুসারে যদি উক্ত ক খর উপর মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি তাঁহার পদাধিকারিদের কিম্বা তাঁহার কর্ম্মচারিদের কি তাহারদের মধ্যে কোন জনের কি ঐ কর্ম্মচারি কোন জনের চরমপত্রসাধকের কি দ্রব্যনিরূপকের পূর্ব্বোক্ত কোন টাকার কি খরচার কি ক্ষতির কি প্রাপ্যের কি হানির কি ব্যয়ের কি সুদের জন্যে কোন দাওয়া থাকে, তবে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব উপযুক্ত বোধ করিলে সময়ে২ ও পশ্চাৎ কোন সময়ে উক্ত কোম্পানির কাগজ কি তাহার উপযুক্ত অংশ বিক্রয় করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি তদীয় পদাধিকারিদের কি তাঁহার কর্ম্মচারিদের কি তাঁহাদের মধ্যে কোন জনের কিম্বা ঐ কর্ম্মচারিদের চরমপত্রসাধকগণের কি দ্রব্যনিরূপকগণের প্রাপ্য ঐ টাকা তোলেন, এবং তদ্রূপে যে টাকা তোলা যায় ও আদায় হয় তদনুসারে ও পূর্ব্বোক্ত ন্যাস প্রবল রাখিয়া তাহা কি তাহার উপযুক্ত অংশ শোধ করিবেন ও রাখিবেন ও সংযোগ করিবেন এই হেতুক মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ও তাঁহার পদাধিকারিরা উক্ত ক খর ও তাঁহার চরমপত্রসাধকগণের ও দ্রব্যনিরূপকগণের ও আসৈনদিগের পক্ষে উক্ত কোম্পানির কাগজ ও তাহার সুদ ও বার্ষিক উৎপন্ন টাকা ন্যাসরূপে অধিকার করিবেন ও তাহাতে সম্পর্ক রাখিবেন। আরো এই পত্রাদির এই সত্য অভিপ্রায় ও তাৎপর্য্য ব্যক্ত হইতেছে, ফলতঃ উক্ত নোট হারাণ যাইবার আবেদন করণ সময়াবধি বিশ বৎসর পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব উক্ত কোম্পানির কাগজ নিকটে রাখিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং এই পত্রেতে যে বিধান করা গেল উক্ত নোটের নিমিত্তে কি তৎসম্পর্কে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের উপর যে সকল দাওয়া হয় উক্ত ক খ ঐ বিধান সেই সকল দাওয়ার সম্পূর্ণ পরিশোধ ও বিমোচন স্বরূপ গ্রহণ করিবেন ও লইবেন। আরো যদি উক্ত নোটের সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কি তাহার পদাধিকারিদের কি আসৈনদের কি কর্ম্মচারিগণের কি তন্মধ্যে কোন কাহার কোন ক্ষতি কি ব্যয় কি হানি হয়, তবে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কি তাঁহার পদাধিকারিরা ঐ ক্ষতি কি ব্যয় কি হানির টাকা তুলিবার জন্যে আদৌ ঐ কোম্পানির কাগজ বিক্রয় করিতে আবদ্ধ না হইয়া সেই ক্ষতি কি ব্যয় কি হানি শোধের টাকার জন্যে নালিশ করিয়া তাহা আদায় করিতে পারিবেন।

ইহার প্রমাণার্থে উক্ত উভয় পক্ষীয় ব্যক্তিরা পূর্ব্বলিখিত বৎসরে ও দিনে স্বাক্ষর করিয়া আপনা২ মোহর করিয়াছেন।

স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত।

[*Government Gazette*, 4th September 1866.]

উক্ত আবেদনপত্রে কলিকাতা চক্রের ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে করেন্সী নোটের উল্লেখ হইয়াছে, তাহার বিবরণ এই।

নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।	নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।	নোটের শ্রেণী কি তারিখ ও নম্বর।	নোটের মূল্য।
*					

* মন্তব্য। নোটের নম্বর যেমন দিতে হয় তেমনি অক্ষর ক্রমে ঐ নোটের যে অক্ষর ও তাহার তলে যে নম্বর ও তাহার যে তারিখ আছে তাহাও লিখিতে হইবে। যথা $\frac{A}{11}$০০০০০ কিম্বা ০০০০ নং ১৮৬১ সাল, তাং ১৩ জুলাই।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1828.

APPOINTMENTS.

The 22nd August 1866.

Baboo Gopaul Chunder Doss to be a Municipal Commissioner for the Town of Mozufferpore.

The 23rd August 1866.

Mr. A. Blair to officiate as District Superintendent of Police, Singbhoom, during the absence, on deputation, of Mr. J. H. Thompson, or until further orders.

This cancels the appointment of Mr. R. Grant, notified in the *Calcutta Gazette* of the 22nd instant.

Dr. J. Duncan to officiate as Civil Assistant Surgeon of Arrah, during the absence, on special deputation, of Dr. J. J. Durant, or until further orders.

The 24th August 1866.

The following Moonsiffs are promoted to the First Grade :—

Syed Mahomed Noorool Hossein.

Baboo Jadub Chunder Dey, B. L.

,, Amrito Lall Chatterjee, B. L.

Mr. H. F. J. Kean to officiate, until further orders, as Magistrate and Collector of Gya.

Mr. P. A. Humphrey to officiate, temporarily, as Magistrate and Collector of Furreedpore.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮২৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ২২ আগষ্ট।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস মজফরপুরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

১৮৬৬ সাল ২৩ আগষ্ট।

শ্রীযুত জে এচ তামসন্ সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এ ব্লের সাহেব সিংহভূমে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেবের নিয়োগের যে কথা এই মাসের ২৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

ডাক্তর শ্রীযুত জে জে ডুরাণ্ট সাহেবের রাজকীয় বিশেষ কার্য্যোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত জে ডনকান্ সাহেব আরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৪ আগষ্ট।

নিম্নলিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত সৈয়দ মহম্মদ নুরুল হুসেন।

,, বাবু যাদবচন্দ্র দে বি, এল।

,, বাবু অমৃত লাল চট্টোপাধ্যায় বি এল।

শ্রীযুত এচ এফ জে কীন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পি এ হম্ফ্রে সাহেব কিয়ৎকালের নিমিত্তে ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ সেপ্টেম্বর।]

Lieutenant W. F. Trotter to be an Assistant Commissioner in Assam.

Mr. F. W. Hall to officiate, temporarily, as House-Surgeon of the Calcutta Medical College Hospital, in addition to his present duties as House-Surgeon of the Midwifery Wards.

The 25th August 1866.

Mr. J. Westland to be a Municipal Commissioner for the Town of Kishnaghur.

The 27th August 1866.

Third Grade Sub-Assistant Surgeon Omesh Chunder Mitter to have charge of the Charitable Dispensary and Hospital at Chuckdighee, in the Burdwan Division.

Mr. R. P. Jenkins to be Civil and Sessions Judge of Shahabad, but to continue to officiate as Commissioner of the Burdwan Division.

Mr. W. M. Beaufort to be Additional Judge of Tirhoot.

Mr. H. A. R. Alexander to be Additional Judge of Dacca and Chittagong, but to continue to officiate as Civil and Sessions Judge of Chittagong.

Mr. R. V. Cockerell to be a Magistrate and Collector of the First Grade.

Mr. E. D. Lockwood to be a Magistrate and Collector of the Second Grade in Noakholly, but to continue on the special duty in which he is at present engaged.

Mr. E. G. Glazier to be Joint-Magistrate and Deputy Collector of Nuddea, but to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of Mymensing.

Mr. G. E. Makgill to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, and to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

The above seven appointments will have effect from the 10th instant.

Mr. J. Beames to be Secretary to the Local Committee of Public Instruction at Moteeharee.

The 28th August 1866.

Mr. C. B. Garrett to officiate as Magistrate and Collector of Sarun, during the absence, on leave, of Mr. F. M. Halliday, or until further orders.

Mr. C. C. Stevens to officiate as Joint-Magistrate and Deputy Collector of Shahabad.

Syed Azimooddeen Hossein, Khan Bahadoor, C. S. I., Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Buxar, and to exercise the powers of a Magistrate in the district of Shahabad.

Dr. S. Delpratt to officiate as Superintendent of the Jails at Hazareebaugh, in addition to his own duties as Civil Surgeon of that Station, and to exercise the powers of a Magistrate under Section 6, Act II. (B. C.) of 1864.

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিসনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ ডবলিউ হাল সাহেব প্রসবালয়ের স্বীয় হৌস সার্জ্জনের বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার মেডিকাল কালেজ হাসপাতালের হৌস সার্জ্জনের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২৫ আগষ্ট।

শ্রীযুত জে ওয়েষ্টলাণ্ড সাহেব কৃষ্ণনগর নগরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

১৮৬৬ সাল ২৭ আগষ্ট।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত উমেশচন্দ্র মিত্র বর্দ্ধমান খণ্ডের অন্তর্গত চকদীঘীর দাতব্য ঔষধালয়ের এবং হাসপাতালের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজ হইবেন, কিন্তু বর্দ্ধমান খণ্ডের কমিসনরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব ত্রিহুতের আডিসানল জজ হইবেন।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব ঢাকা ও চট্টগ্রামের আডিসানল জজ হইবেন, কিন্তু চট্টগ্রামের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর বি কক্রেল সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই ডি লকউড সাহেব নওয়াখালীতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু তিনি এইক্ষণে যে বিশেষ কর্ম্মে নিযুক্ত আছেন তাহাই করিতে থাকিবেন।

শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু ময়মুনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি ই মাকগিল সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, এবং ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

উপরোক্ত সাত নিয়োগ এই মাসের ১০ তারিখ অবধি প্রবল হইবে।

শ্রীযুত জে বীমস্ সাহেব মতিহারির সাধারণ বিদ্যাধ্যাপনার কমিটীর মেম্বর হইবেন।

১৮৬৬ সাল ২৮ আগষ্ট।

শ্রীযুত এফ এম হালিডে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি বি গারেট সাহেব সারনের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি সি ষ্টিবন্স সাহেব শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজীমুদ্দীন হুসেন খাঁ বাহাদুর সি, এস, আই, কিয়ৎকালের নিমিত্তে বক্সার শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও শাহাবাদ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত এস ডেল্প্রাট সাহেব হাজারীবাগ মোকামের স্বীয় সিবিল চিকিৎসকের কর্ম্মাতিরিক্ত তথাকার জেলের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। এবং ১৮৬৪ সালের (বঙ্গদেশীয়) ২ আইনের ৬ ধারামতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

The 22nd August 1866.

Sub-Assistant Surgeon Dinobundoo Dutt, Midnapore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Baboo Kooldeep Narain Sing, Deputy Magistrate and Deputy Collector of Sarun, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 14th May last.

The 23rd August 1866.

Baboo Poorna Chunder Mitter, Sudder Ameen of Bancoorah, is allowed leave of absence, during the ensuing Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. D. M. Barbour, Assistant Magistrate, recently appointed to the Sub-Division of Mudhoobunnee, for one week, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave allowed him for joining his new appointment.

Moulvie Feda Ali, Deputy Magistrate and Deputy Collector of Patna, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Baboo Gour Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, for two months, from the 7th instant, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865.

Mr. W. Lane, Junior Sub-Assistant Revenue Surveyor, First Division, for three months, from the 7th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. F. T. Platts, District Superintendent of Police, Dacca, for one month, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865, in extension of the leave granted to him under orders of the 22nd June last.

Mr. H. W. Gordon, Assistant to the Magistrate and Collector of Rajshahye, for one month and seven days, under Section 11 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

The 24th August 1866.

Mr. J. S. Drummond, Officiating Magistrate and Collector of Gya, for one month and a half, from the 15th proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. J. H. Ravenshaw, Magistrate and Collector of Maldah, for two months, from the 17th

ছুটী।

১৮৬৬ সাল ২২ আগস্ট।

মেদিনীপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দীনবন্ধু দত্ত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপনারায়ণ সিংহ গত মে মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৩ আগস্ট।

বাঁকুড়ার সদর আমীন শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডি এম বারবর সাহেব সম্প্রতি মধুবনি শাখাখণ্ডে নিযুক্ত হইয়াছেন ও স্বীয় কর্ম্মস্থানে পঁহুছিতে পারিবার নিমিত্তে যে ছুটী পান তদরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফেদা আলী যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায় ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে এই মাসের ৭ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

প্রথম খণ্ডের জুনিয়র সব-আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডবলিউ লেন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৭ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ টি প্লাটস্ সাহেব গত জুন মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ডবলিউ গর্ডন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাস সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৪ আগস্ট।

গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১৫ তারিখঅবধি দেড় মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এচ রেবেন্‌শা সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬

October next, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Mr. E. E. Lowis, Officiating Magistrate and Collector of Furreedpore, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 5th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

Lieutenant A. R. Wilkinson, Officiating District Superintendent of Police, on special duty at Calcutta, for three months, from the 20th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Baboo Doorgagutty Banerjee, Sub-Registrar of Gya, for six weeks, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. E. A. Vines, Assistant Superintendent of Police, Hooghly, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865, from the date on which he may have availed himself of the leave.

Mr. C. W. V. Bradford, a Professor in the Hooghly College, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 25th August 1866.

Mr. R. Grant, Assistant Superintendent of Police, Burhee, for two months, from the 1st proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865.

NOTIFICATIONS.

The 18th August 1866.

The Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a Ferry on the Berhampooter River at Kakeerteak, in the district of Dacca, and to declare it public under Regulation VI. of 1819.

The 21st August 1866.

Mr. A. Weekes, Assistant Commissioner, Maunbhoom, having resumed his duty in the forenoon of the 9th instant, the remainder of the leave granted to him to rejoin his appointment under orders of that date is cancelled.

Mr. W. Francis officiated as Sub-Deputy Opium Agent of Hajipore, in the Behar Agency, from the 29th March to the 10th July last.

The 24th August 1866.

The services of Mr. G. King, House-Surgeon of the Medical College Hospital, are placed at the disposal of the Government of India in the Military Department at his own request.

[*Government Gazette, 4th September* 1866.]

ধারামতে আগামি অক্টোবর মাসের ১৭ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই ই লোইস সাহেব আগামি মাসের ৫ তারিখ অবধি কিম্বা তাহার পর অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত এ আর উইল্‌কিন্সন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ২০ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন। তিনি বিশেষ কার্য্যোপলক্ষে এখন কলিকাতায় আছেন।

গয়ার সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

হুগলীর পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই এ বাইন্স সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

হুগলী কালেজের অধ্যাপক শ্রীযুত সি ডবলিউ বি ব্রাড্‌ফর্ড সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৫ আগস্ট।

বর্হীর পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বর তারিখের আজ্ঞামতে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৮ আগস্ট।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঢাকা জিলার অন্তর্গত কাকিরটেকে ব্রহ্মপুত্র নদে খেয়াঘাট স্থাপন অনুমোদন করিয়া ঐ ঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

১৮৬৬ সাল ২১ আগস্ট।

মানভূমের আসিস্টাণ্ট কমিসানর শ্রীযুত এ উইকস্ সাহেব এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ তারিখের আজ্ঞামতে তাঁহার কর্ম্মস্থানে প্রত্যাগমন করিবার নিমিত্তে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

শ্রীযুত ডবলিউ ফ্রান্সিস সাহেব গত মার্চ মাসের ২৯ তারিখ অবধি জুলাই মাসের ১০ তারিখ পর্য্যন্ত বেহার এজেন্টীর অন্তর্গত হাজিপুরের আফীমের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিয়াছেন।

১৮৬৬ সাল ২৪ আগস্ট।

মেডিকাল কালেজ হাসপাতালের হৌস সর্জ্জন শ্রীযুত জি কিং সাহেব স্বীয় প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

The 25th August 1866.

Mr. R. L. Mangles, now Officiating Junior Secretary to the Board of Revenue, having availed himself of only two out of three months' leave granted to him under orders of the 11th June and 12th July last, that is, from the 13th June to the 13th instant, the unexpired portion of that leave is cancelled.

The 27th August 1866.

Baboo Ramtaruck Roy, Principal Sudder Ameen of Bancoorah, having returned on the 21st instant from the leave which was granted to him under orders of the 20th ultimo, and of which he availed himself on the 2nd instant, the unexpired portion of the leave is cancelled.

The appointment of Major E. H. C. Wintle to officiate as Cantonment Magistrate of Barrackpore, during the absence, on leave, of Lieutenant-Colonel R. N. Sneyd, notified in the *Calcutta Gazette* of the 15th instant, is cancelled. Major E. W. E. Howard will continue to officiate in that appointment, until further orders.

NOTIFICATION.

The 13th August 1866.

In modification of the declaration of boundaries contained in the Notification of the 25th October 1859, published, in the *Calcutta Gazette* of the 2nd November following, it is hereby notified that the boundaries of the Town of Mooteeharee, in the district of Chumparun, for the purposes of Act XX., 1856, shall be as follows:—

On the South and West the two lakes and the channel that connects them, on the East the road leading from the east corner of the Magistrate's compound to the Planter's Club, and thence the outer Circular Road to the Circuit House compound; on the North the northern ditch of the Circuit House compound along the nullah behind the Jail to the northern end of the west lake.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Police Station at Bograh, in the district of Bancoorah, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring 1 beegah 4 cottahs and 6 chittacks, more or less, situate in Bograh, Pergunnah Shergur, in the district of Bancoorah, and bounded as follows:—

On the North by Gobind Shair Tank and Netyee Chowkeedar's land; on the West by Manick Mundle, Doorga Churn Mookerjee, and

১৮৬৬ সাল ২৫ আগষ্ট।

শ্রীযুত আর এল মাঙ্গেলস্ সাহেব গত জুন মাসের ১১ তারিখের ও জুলাই মাসের ১২ তারিখের আজ্ঞামতে জুন মাসের ১৩ তারিখ অবধি বর্ত্তমান মাসের ১৩ তারিখ পর্য্যন্ত যে ছুটী পান তাহার তিন মাসের মধ্যে কেবল দুই মাস ছুটী লওয়াতে ছুটীর অবশিষ্ট কাল রহিত হইল। তিনি এইক্ষণে রেবিনিউ বোর্ডের একটিং দ্বিতীয় সেক্রেটারী হইয়াছেন।

১৮৬৬ সাল ২৭ আগষ্ট।

বাঁকুড়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামতারক রায় গত মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহাহইতে এই মাসের ২১ তারিখে প্রত্যাগমন করাতে ও সেই ছুটী এই মাসের ২ তারিখ অবধি গ্রহণ করাতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর এন্ স্নীড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে মেজর শ্রীযুত ই এচ সি উইন্টল সাহেব বারাকপুরের ছাউনী স্থানের মাজিস্ট্রেটের কর্ম্ম করিবেন তাঁহার এই যে নিয়োগের কথা এই মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয়, তাহা রহিত হইল। মেজর শ্রীযুত ই ডবলিউ ই হৌয়ার্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সেই কর্ম্ম করিতে থাকিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ আগষ্ট।

১৮৫৯ সালের ২৫ অক্টোবর তারিখের যে বিজ্ঞাপন তৎপরের নবেম্বর মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তন্নির্দ্দিষ্ট সীমা মতান্তর করিয়া ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইনের অভিপ্রায় সফল করণার্থে চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারী নগরের নিম্ন লিখিত সীমা হইবে। যথা,

দক্ষিণ ও পশ্চিম সীমা দুই হ্রদ ও তাহা পরস্পর সংযোগকারী খাল, পূর্ব্ব সীমা মাজিষ্ট্রেট সাহেবের বাটীর প্রাচীরের পূর্ব্ব কোণহইতে যে পথ প্লান্টরের ক্লব পর্য্যন্ত গিয়া তথাহইতে বহিঃসরক্যুলর রোডঅবধি দায়রার বাটীর প্রাচীর পর্য্যন্ত যায় তাহা, উত্তর সীমা দায়রা বাটীর উত্তর দিগের যে খাত জেলের পশ্চাদ্ভাগের নালার সঙ্গে২ পশ্চিম হ্রদের উত্তরদিগের শেষ পর্য্যন্ত যায় তাহা।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বগুড়ার পোলীস থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বাঁকুড়া জিলার অন্তর্গত শেরগড় পরগনার বগুড়াস্থিত ন্যূনাধিক ১/৪।৶ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন, উক্ত ভূমির সীমা এই,

উত্তর সীমা গোবিন্দ শায়েরের পুষ্করিণী ও নিতাই চৌকীদারের ভূমি, পশ্চিম সীমা মাণিক মণ্ডলের ও দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ও হৃদয় মাঝির খেরাজা

Redoy Majee's rent-paying land; on the South by Ram Chand Banerjee, Kenaram Audhecary, and Ramsoondur Poddar's shops, and on the East by Lall Behary Dutt's shop and waste land.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ভূমি, দক্ষিণ সীমা রামচাঁদ বন্দ্যোপাধ্যায়ের ও কেনা-রাম অধিকারির ও রামসুন্দর পোদ্দারের দোকান ও পূর্ব্ব সীমা লালবেহারী দত্তের দোকান, ও পতিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

LOCAL.—COMMUNICATIONS.

স্থানীয়। গমনাগমন বিষয়ক।

No. 213.

The 27th August 1866.

NOTIFICATION.

২১৩ নম্বর।

১৮৬৬ সাল ২৭ আগস্ট।

বিজ্ঞাপন।

It is hereby notified, under Section 2 of the *Canals' Act* (V. of 1864, B. L. C.), that the provision of the said Act shall apply to the three following navigable channels in the Backergunge District, from the 1st November 1866, *viz :—*

1. The River Damooda, connecting Rivers Balessur and Kotcha and Kaligunga known in its various parts as Perozepur, Kumarkhali, Denakhali, and Hula Hat.

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bhorani Khall rises, known in its various parts as Shoina and Cowcally.

3. The Jallakatty Bhorani Khall from its junction with River Cowcally to its opening with the River Jallakatty known in its various parts as Myshani, Gabkhan, and Jallakatty.

Under Section 6 of the Canals' *Act*, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the following rates for the levy of tolls at the undermentioned places on the said channels on or after the 1st Novenber 1866.

1.	On the River connecting Balessur and Kotcha ...	At Perozepur, at the junction with the Balessur.
2.	On the Khall connecting River Jallakatty and Cowcally ...	At Jallakatty, at the junction with the Jallakatty River.

১৮৬৪ সালের (বঙ্গদেশীয়) ৫ আইনের অর্থাৎ খাল-বিষয়ক আইনের ২ ধারার বিধানমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত নৌকাগম্য তিন খালের প্রতি উক্ত আইনের বিধান আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে। যথা—

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালিগঙ্গা নদীর যোগ হয়। স্থানেং তাহার পিরোজপুর, ও কুমারখালি, ও দেন্তুয়াখালি, ও হুলা-হাট নাম হইয়া থাকে।

২। কৌয়াখালী নদী। কোটচা ও কালিগঙ্গা নদীর সঙ্গে ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভোরাণী খালের উৎপত্তির স্থান পর্য্যন্ত। স্থানেং তাহার শয়না ও কৌখালী নাম হইয়া থাকে।

৩। জালাকটী ভোরাণী খাল। কৌখালী নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী নদীর সহিত ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত। স্থানেং তাহার মৈশানী ও গাবখাঁ ও জালাকাটী নাম হইয়া থাকে।

খালবিষয়ক আইনের ৬ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৬ সালের নবেম্বর মা-সের ১ তারিখ অবধি উক্ত খালের নিম্ন লিখিত স্থানে নিম্ন লিখিত হারে মাসুল আদায় হইবার আজ্ঞা করি-য়াছেন।

১ বালেশ্বরের ও কোটচা নদের সংযোজক নদীতে	বালেশ্বর নদীর সংযোগ স্থান পিরোজপুরে।
২ জালাকাটী ও কৌখালী নদী সংযোজক খালে ...	জালাকাটী নদীর সংযোগ স্থানে জালাকাটীতে।

Description of Vessels.		Rates of Tolls.
On all boats or other vessels, whether laden or empty ...	per 100 maunds of tonnage	0 2 0
Rafts of timber, bamboos, or grass not exceeding 50 feet in length and 5 feet in width	per raft ...	0 4 0

নৌকাদির বর্ণনা।		মাসুলের হার।
বোঝাই হউক কি না হউক সকল নৌকাদির কি অন্য জলযানের উপর..	১০০ মণ প্রতি	৵০
শালাদিকাষ্ঠের ও বাঁশের ও ঘাঁসাদির মাড় দৈর্ঘ্য ৫০ ও প্রস্থ ৫ ফুটের অনধিক হইলে ...	মাড়প্রতি।	।০

No. 214.

NOTIFICATION.

The following draft of Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz:—*

1. The River Damooda connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bhorani Khall rises,—

3. The Jallakatty Bhorani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty,—is published for information under the provisions of Section XI. of the Canals' Act (V. of 1864, B. L. C.) :—

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purposes of ascertaining the amount of toll to be paid.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the Canals' Act and of these Rules, be determined by the following measurements:—

(a.) The product of half the length of the vessel, from stern to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds upon which toll should be levied.

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(c) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds, less than fifty

২১৪ নম্বর।

বিজ্ঞাপন।

বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকাগম্য নিম্ন লিখিত তিন খালের বিষয়ে বিধির নিম্ন লিখিত পাণ্ডুলিপি (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ধারার বিধানমতে সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১। দামোদর নদ। এই নদের সঙ্গে বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর যোগ হয়।

২। কৌখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জলাকাটী ভোরাণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

৩। কৌখালী নদীর সহিত জালাকাটী ভোরাণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণার্থে খালের কুতঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাসুল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণ অপেক্ষা কম

maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry the maundage of the vessel, and the amount of toll paid.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall for each day in excess of such period be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। মাড়েরমত দৃঢ়রূপে বান্ধানা হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকেট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে।

৫। যে সকল নৌকা উক্ত তিন খালের কোন এক খালের রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাসুল লাগিবে না।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল দেওয়া হইয়াছে তাহার ঐ তিন খালের মধ্যে কোন এক খালে প্রবেশ করিবার কি খালহইতে বাহির হইবার দিন সুদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্বজন্য মাসুল বলিয়া দিনপ্রতি অর্দ্ধেক হারে মাসুল লওয়া যাইবে। সুপরিন্টেণ্ডেণ্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিককাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লঙ্ঘন করিলে কি তাহার প্রবল নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

জে ই টি নীকলস, লেপ্টেনেণ্ট কর্ণেল। আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশতিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 24th day of September 1866, at the hour of 12 o'clock, noon, the Rights and Interests of Rajah Murdraj Bidyadhur Sendh Nurrindur Bahadoor of Killah Coojung, in the Killah Coojung, in satisfaction of certain decrees, execution of which has been taken out against him. The property is a fixed Tributary Mehal, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase, and the balance on or before the 19th November 1866.

W. Wright,
P. S. Ameen.

[*Government Gazette, 4th September* 1866.]

বিক্রী নেমকের মাস্কাবারি হিসাব সন ১৮৬৬ সাল তারিখ ৩১ জুলাই।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন
	মোন	মোন	টাকা
হিজলী			
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	১,২২,৫১৫/	০	
ঐ ঐ কৃষ্ণনগর ...	২,২৭,৫৯৮/	০	
ঐ ঐ রামনগর ...	১,৩২,৪৬০/	০	৩৯৯৲
ঐ ঐ কালীনগর ...	২,০৩,৭৬৮/	০	
ঐ ঐ পুরীঘাটা ...	৩৩,৯৩৪/	০	
একুন।	৭,২০,২৭৫/	০	
তমলুক।			
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	* ১৫,৮৮৭/	০	৩৯৯৲
ঐ ঐ রসুলপুর ...	৫০,৭৭৬/	০	৪০৮৲
একুন	৬৬,৬৬৩/	০	
শালিঁথা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০ —	৭,১৯,৮৪৯/	৩৯৬৲
ঐ ঐ চিলকা ...	০	১,২১,৬৩২/	৩৮৬৲
ঐ ঐ সিন্ধু ...	০	৫,০০,০০০/	৪১৮৲
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/	
পাঙ্গা নেমক কটক ...	৯৮,০২২/	০	
ঐ ঐ বালেশ্বর ...	১,৩৬৯/	০	
ঐ ঐ খোরদা ...	২,২০,৯৭৬/	০	
ঐ ঐ চিলকা ...	১,৩২,৮৩৩/	০	৪২১৲
ঐ ঐ রামনগর ...	৪৭,১৮২/	০	
ঐ ঐ পুরীঘাটা ...	১,১৬,৫৮৭/	০	
ঐ ঐ কৃষ্ণনগর ...	২০,৯১৬/	০	
ঐ ঐ নারায়ণপুর ...	২,১৫,৪৬৪/	০	
একুন।	৮,৫৩,৩৪৭/	১৩,৪৪,১৬০/	
ঘুঘুড়ি।			
পাঙ্গা নেমক ঘাট কালীনগর ...	৯৯,৩৬৩/	০	৪২১৲
ঐ ঐ রসুলপুর ...	৪৮,৭৯৩/	০	
মিশ্রিত ঐ ঐ রামনগর ..	৩৬,৩৭৩/	০	
একুন।	১,৮৪,৩২৯/	০	
চট্টগ্রাম।			
করকচ নেমক মান্দ্রাজ ...	০	৩০,৮৫৬/	৩৭১৲
ঐ ঐ জেদ্দা ..	০	৬৭৩/	
একুন।	০	৩১,৫২৯/	
পুরী।			
পাঙ্গা নেমক ...	১,৯৫,০৯৭/	০	৩৯৯৲
করকচ নেমক ...	০	৭,২৮,১২০/	৩৫৬৲
একুন।	১,৯৫,০৯৭/	০	
মোট একুন ...	২০,১৯,৭১১/	২১,০৩,৮০৯/	

* বিক্রীর যোগ্য নহে গত ঝড়ের নোকসানের জন্য রাখা হইল।

মন্তব্য। শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৬ সাল ২৯ আগস্ট।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৬৬। ৪ সেপ্টেম্বর।]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে নিম্ন লিখিত মহাল সন ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে লাটবন্দী হইয়া সরকারী বাকী রাজস্ব দাখিলের শেষ দিবস গত ২৮ জুন অবধারিত হইয়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়া প্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধানক্রমে বর্ত্তমান সন ১৮৬৬ সালের ৮ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২৪ ভাদ্র রোজ শনিবার নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহালমজকুর জেলা যশহরের শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক সন ১৮৬৬ সাল তারিখ ১১ আগষ্ট সন ১২৭৩। ২৭ শ্রাবণ।

তৌজির নম্বর — দ্বিতীয় শ্রেণীর মেয়াদী মহাল।

৫৮ নং মহাল চাঁদখালী মোং সুন্দরবন বন্দবস্তি গ্রহীতা ৺ রামচন্দ্র ঠাকুরদিগর সেবাএত উমানাথ চৌধুরী মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ১১৯০৮০

তৌজির ৪৪২৬ নং চকঃ খড়িয়া ঢেমসাখালীর কিস্তিবন্দীর লিখিত মং ২৭৮৭৻৴ পাই টাকা আদায় নিমিত্তে এই মহাল কিস্তিবন্দী দর্ত্তা উমানাথ চৌধুরির যে স্বত্ব ও লভ্য আছে তাহার নীলাম হইবেক।

৪২২৮ নং চকঃ পানা মোং সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা প্যারীমোহন বসু ও শিবচন্দ্র বসু ও বেণীমাধব বসু ও অম্বিকামণি সন ১২৭১ সালহইতে ১২৮৮ সাল পর্য্যন্ত সমেত রোডফণ্ড আবাদকারি স্বত্ব সদর জমা ৫২০৲

সন ১২৭২ সালের বাকীর নিমিত্তে নীলাম হইবেক।

ঐ ঐ ঐ

এই মহালের বকয়া বাকী ২৫।৵৶৴০ টাকা আদায়ে কারণ একরারের স্বত্বমতে বন্দবস্ত গ্রহীতা পেয়ারী-মোহন শিবচন্দ্র ও বেণীমাধব বসু ও অম্বিকামণি দাস্যার যে স্বত্ব লভ্যআছে তাহাই নীলাম হইবেক।

৪৪২৬ নং চকঃ খড়িয়া ঢেমসাখালী মোং সুন্দরবন ৺ রামচন্দ্র ঠাকুর সেবাইত উমানাথ চৌধুরী ইং সন ১২৬০ সাল নাং ১২৭৯ সাল সন ১২৭৩ সাল পর্য্যন্ত রশদপূরা ৬৬৭৭।৵৯ টাকা জমা সন ১২৭২ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৫২০৭৶৴০

৪৫০২ নং চক লক্ষ্মী খোনা মোং সুন্দরবন কেশবলাল মজুমদার ও গগণচন্দ্র পোদ্দার ও কাজি খাদেমালি ইং ১২৫৪ সাল নাং ১২৭৩ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৬০১৵৶২

৪৬৮২ নং ২২০ নং লাটের মধ্যগত চকঃ শিরবুণিয়া মোতাংকে সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা চন্দ্রমোহন দত্ত ‘ধুরী ইং ১২৬৫ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ৯০৬৶৴.১

৪৬৮৩ নং চকঃ চিনা চাঁদপাই মোং সুন্দরবন বন্দবস্ত গ্রহীতা শুভানন্দ ও পার্ব্বতীচরণ ঘোষ সন ১২৬৫ সালহইতে ১২৮৪ সাল পর্য্যন্ত ২০ বৎসর আবাদকারি স্বত্ব ১৩১১৻৬

৪৬৮৭ নং ২২০ নং লাটের মধ্যগত চক দেনটী ও মাগুরা মোং সুন্দরবন আবাদকার চন্দ্রমোহন দত্ত চৌধুরী সন ১২৬৫ সালহইতে আবাদকারি স্বত্ব ১৭৬৩।৵৪

J. MONRO,
Offg. Collector.

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 11, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১১ সেপ্টেম্বর।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 30.

To all Civil Authorities,—(dated Calcutta, the 11th August 1866.)

The attention of all Civil Judges, subordinate to this High Court, is drawn to the following revised list of Public Offices, published by the Home Department * in supersession of that notified on the 4th May last, and they are requested to cause it to be substituted for the list appended to Circular Order No. 26, dated the 9th ultimo.

By Order, &c.,

(Signed) L. R. Tottenham,
Offg. Registrar.

---

*Notice No. 2957, dated 20th July 1866.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৩০ নম্বর।

দেওয়ানী সকল কর্ত্তৃপক্ষ মহাশয় সমীপেষু।
কলিকাতা ১৮৬৬ সাল ১১ আগস্ট।

গত মে মাসের ৪ তারিখের জ্ঞাপনপত্রে রাজকীয় কার্য্যালয়ের যে নামাবলি প্রকাশ হইয়াছিল তৎপরিবর্ত্তে হোম ডিপার্টমেন্টহইতে * নূতন এক নামাবলি প্রকাশ হইয়াছে, তাহাতে এই হাই কোর্টের অধীন দেওয়ানী সমস্ত বিচারকর্ত্তাকে মনোযোগ করিতে আদেশ হইতেছে। গত মাসের ৯ তারিখের ২৬ নং সরক্যুলর অর্ডরে যে নামাবলি প্রকাশ হইয়াছে তাহার স্থানে এই নামাবলি দিবার আদেশ হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

---

* ১৮৬৬ সালের ২০ জুলাই তারিখের ২৯১৭ নং জ্ঞাপনপত্র।

List of Public Offices with which the Post Office will keep accounts of Postage on Official letters received and despatched, and for which Official bags will be made up.

1. Accountant-General, or Deputy Accountant-General in a Presidency or Province.
2. Accountant-General, Public Works Department.
3. Adjutant-General and Assistant Adjutant-General of Division.
4. Army Clothing Superintendent.
5. Board of Revenue or Financial Commissioner.
6. Brigade-Major or Station Staff.
7. Chief Commissioner and Personal Secretary.
8. Chief Engineer and Secretary, Public Works Department.
9. Chief Inspector of Musketry.
10. Commander-in-Chief, and Military Secretary to ditto.
11. Commissary General.
12. Commissary of Ordnance.
13. Commissioner of Division of Revenue and Settlement.
14. Consulting Engineer.
15. Comptroller General of Accounts.
16. Controller General, Military Expenditure.
17. Controller of Military Accounts.
18. Controller of Public Works Accounts.
19. Customs Commissioner.
20. Deputy Inspector-General of Ordnance.
21. Deputy Inspector-General of Hospitals.
22. Director of Public Instruction.
23. Electric Telegraph Office.
24. Examiner of Commissariat, and Stud Accounts.
25. Examiner of Medical Accounts.
26. Examiner of Ordnance, Barracks, Clothing, and Regimental Necessaries' Account.
27. Examiner, Pay Department.
28. Financial Department, Secretary's Office.
29. Foreign Department, ditto.
30. Gazette, Official, Superintendent.
31. General Superintendant for the suppression of Thuggee and Dacoity.
32. Geological Survey Superintendent.
33. Governor General and Governor, and Private or Military Secretary to ditto.

রাজকীয় সকল পত্রাদি প্রাপণের ও প্রেরণের জন্যে ও যাহার নিমিত্তে রাজকীয় থলিয়া করা যাইবে তজ্জন্যে রাজকীয় যে সকল কার্য্যালয়ের সঙ্গে ডাকঘরে ডাকমাসুলের হিসাব রাখা যাইবে তাহার ফর্দ্দ।

১। কোন প্রসিডেন্সীর কি প্রদেশের আকৌন্টেন্ট জেনরল কি ডেপুটী আকৌন্টেন্ট জেনরল সাহেব।

২। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের আকৌন্টেন্ট জেনরল সাহেব।

৩। আজুটান্ট জেনরল সাহেব ও খণ্ডের আসিষ্টান্ট আজুটান্ট জেনরল সাহেব।

৪। সৈন্যেরদের বস্ত্র যোগাওনের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব।

৫। রেবিনিউ বোর্ড ও ফিনান্সিয়ল কমিস্যনর সাহেব।

৬। ব্রিগেড মেজর কিম্বা ষ্টেশন ষ্টাফ।

৭। প্রধান কমিস্যনর ও নিজের সেক্রেটারী সাহেব।

৮। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের প্রধান ইঞ্জিনিয়র ও সেক্রেটারী সাহেব।

৯। বন্দুকাদির প্রধান ইনিস্পেক্টর সাহেব।

১০। প্রধান সেনাপতি সাহেব ও তাঁহার মিলিটারী সেক্রেটারী সাহেব।

১১। কমিস্যরি জেনরল সাহেব।

১২। যুদ্ধ সামগ্রীর কমিস্যরি সাহেব।

১৩। রাজস্বের ও বন্দোবস্তের কার্য্য সম্পর্কীয় খণ্ডের কমিস্যনর সাহেব।

১৪। কন্‌সলটিং ইঞ্জিনিয়র সাহেব।

১৫। হিসাবের কন্‌ট্রোলর জেনরল সাহেব।

১৬। সৈন্য সংক্রান্ত ব্যয়ের কন্‌ট্রোলর জেনরল সাহেব।

১৭। সৈন্য সংক্রান্ত হিসাবের কন্‌ট্রোলর সাহেব।

১৮। পবলিক ওর্কস হিসাবের কন্‌ট্রোলর সাহেব।

১৯। কষ্টমের কমিস্যনর সাহেব।

২০। যুদ্ধ সামগ্রীর ডেপুটী ইনিস্পেক্টর জেনরল সাহেব।

২১। হাসপাতালের ডেপুটী ইনিস্পেক্টর জেনরল সাহেব।

২২। সাধারণ বিদ্যাধ্যাপনীয় কার্য্যের ডৈরেক্টর সাহেব।

২৩। কলিকাতার ইলেকটিক টেলিগ্রাফ আফিস।

২৪। কমিসারিয়ট ও ঘোড়ার রাখানের হিসাবের পরীক্ষক সাহেব।

২৫। ঔষধসম্পর্কীয় হিসাবের পরীক্ষক সাহেব।

২৬। যুদ্ধসামগ্রীর ও বারিকের ও বস্ত্রের ও সৈন্যদের প্রয়োজনীয় দ্রব্যাদির হিসাবের পরীক্ষক সাহেব।

২৭। পে ডিপার্টমেন্টের পরীক্ষক সাহেব।

২৮। ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে সেক্রেটারী সাহেবের কার্য্যালয়।

২৯। ফরিন ডিপার্টমেন্টে ঐ ঐ।

৩০। রাজকীয় গেজেটের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব।

৩১। ঠগী ও ডাকাইতী নিবারণের সুপরিন্টেণ্ডেণ্ট জেনরল সাহেব।

৩২। জিঅলজিকাল সর্ব্বের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব।

৩৩। গবর্ণর জেনরল ও গবর্ণর সাহেব ও তাঁহার প্রাইবেট ও মিলিটারী সেক্রেটারী সাহেব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১১ সেপ্টেম্বর।]

34. Home Department, Secretary's Office.
35. India Office, London.
36. Inspector-General or Conservator of Forests.
37. Inspector-General of Hospitals.
38. Inspector-General of Jails.
39. Inspector-General of Ordnance.
40. Inspector-General of Police.
41. Inspector-General of Military Works.
42. Judge Advocate-General.
43. Legal Affairs, Superintendent and Remembrancer.
44. Lieutenant-Governor, and Private Secretary to ditto.
45. Principal Medical Store-keeper.
46. Military Accountant.
47. Military Department, Secretary's Office.
48. Mint Master, and Head Commissioner or Commissioner for the Issue of Paper Currency at the Presidency.
49. Post Office.
50. Presidency Pay Office.
51. Principal Inspector-General, Medical Department.
52. Public Works Department, Secretary's Office.
53. Quarter-Master General.
54. Registrar to the Diocese.
55. Registrar of High Court.
56. Registrar-General of Assurances.
57. Resident and Political Agent.
58. Secretariat of Local Government or Administration.
59. Secretary to Commander-in-Chief of Her Majesty's Naval Forces.
60. The Bishop.
61. Superintendent of Stamps and Stationery.
62. Superintending Engineer.
63. Surveyor-General.
64. Superintendent, Great Trigonometrical Survey.
65. Superintendent and Commissioner of Surveys.
66. Superintendent General and Superintendent of Vaccine.
67. Superintendent General and Chief Engineer of Irrigation.

(Signed) E. C. BAYLEY,
Secretary to the Government of India.

[*Government Gazette*, 11*th September* 1866.]

৩৪। হোম ডিপার্টমেন্টে সেক্রেটারী সাহেবের কার্য্যালয়।
৩৫। ইণ্ডিয়া আফিস লণ্ডন।
৩৬। বনের ইনিস্পেকুটর জেনরল কি রক্ষক সাহেব।
৩৭। হাসপাতালের ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৩৮। জেলের ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৩৯। যুদ্ধসামগ্রীর ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৪০। পোলীসের ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৪১। মিলিটারী কার্য্যের ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৪২। জজ আডবোকেট জেনরল সাহেব।
৪৩। রাজকীয় মোকদ্দমার তত্ত্বাবধারক ও প্রয়োজক।
৪৪। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ও তাঁহার প্রাইবেট সেক্রেটারী সাহেব।
৪৫। ঔষধাদির প্রধান রক্ষক।
৪৬। মিলিটারী আকৌন্টেন্ট।
৪৭। মিলিটারী ডিপার্টমেন্টে সেক্রেটারী সাহেবের কার্য্যালয়।
৪৮। টাকশালের অধ্যক্ষ ও রাজধানীতে নোট প্রচারিত হওন কার্য্যের প্রধান কমিস্যনর কিম্বা কমিস্যনর সাহেব।
৪৯। ডাকঘর।
৫০। প্রেসিডেন্সীর পে আফিস।
৫১। মেডিকাল ডিপার্টমেন্টের প্রধান ইনিস্পেকুটর জেনরল সাহেব।
৫২। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের সেক্রেটারী সাহেবের কার্য্যালয়।
৫৩। ক্বার্টর মাস্টর জেনরল সাহেব।
৫৪। ডৈওসীসের রেজিষ্ট্রার সাহেব।
৫৫। হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব।
৫৬। নিদর্শন পত্রাদির রেজিষ্ট্রার জেনরল সাহেব।
৫৭। রেসিডেন্ট ও পোলিটিকাল এজেন্ট সাহেব।
৫৮। স্থানীয় গবর্ণমেন্টের কিম্বা কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহকের সেক্রেটারীর কার্য্যালয়।
৫৯। শ্রীশ্রীমতী মহারাণীর জাহাজীয় সৈন্যদের প্রধান সেনাপতি সাহেবের সেক্রেটারী।
৬০। বিশপ সাহেব।
৬১। ইস্টাম্পের ও কাগজকলমাদির সুপরিন্টেণ্ডেন্ট সাহেব।
৬২। সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব।
৬৩। সর্বেয়র জেনরল সাহেব।
শাখাখণ্ডে যাহা উদ্বর্ত্ত থাকে তাহার উপর কালেক্টর সাহেবের ক্ষমতা বর্ত্তিতে পারে এই নিমিত্তে নূতন বিধি করা গিয়াছে। টাকার যে ব্যয় হয়, তাহা কেবল শাখাখণ্ডের কার্য্যকারকের স্পষ্ট আজ্ঞাক্রমে করা যায় না কিন্তু কালেক্টর সাহেবের স্বাক্ষরিত চ্যাকদ্বারাও হইয়া থাকে উদ্বর্ত্ত কত টাকা থাকিবে তাহা কেবল কালেক্টর সাহেব বলিতে পারিবেন। তাহা যখন নিশ্চিতরূপে জানেন, তখন আপনার খাজানাখানায় টাকা আনাইবার জন্যে পোলীসের নায়ককে নিযুক্ত না করিয়া

office without the employment of a police guard to escort a remittance to his treasury. There are probably few districts in which residents in the interior, both European and Native, do not receive private remittances from mahajuns and other agents at the sudder station. It would clearly be most convenient to all parties if the Collector would receive payments into his treasury from private parties, within a limit fixed by him, issuing in exchange cheques on the sub-divisional officer for the payment of equivalent amounts. In this way the Committee believe that for many sub-divisions no remittances under escort would ever be necessary; but if in any case no such plan could be adopted, it would then remain for the Collector to fix the limit at which the sub-divisional officer should remit his surplus receipts. If that surplus should be estimated to be a small amount, accumulating only slowly, one such remittance would probably be enough; if, on the other hand, it be estimated that every ten or fifteen days a large sum would accumulate, one or more remittances would be necessary in the month. Doubtless, in most cases, one monthly remittance would be found sufficient.

It has been ascertained by the Commissioner of Nuddea, whilst on tour, that it would be greatly to the advantage of Government and the public to allow Judges of Small Cause Courts to deposit their funds in the hands of the sub-divisional officer, and to withdraw them when necessary. The new Rule 12 for sub-divisional officers provides a simple process under which this can be done, and the funds of the Small Cause Courts need no longer be kept, as has been sometimes the case, in a wooden box in a mat bungalow.

The draft rules now submitted for sanction, were first circulated to Messrs. Molony and Bainbridge and Lord H. U. Browne, all experienced Collectors in the Nuddea Division, and well acquainted with the working of the experimental sub-divisional treasuries, and certain alterations recommended by them have been carefully considered and adopted by the Committee.

H. SANDEMAN.
H. L. DAMPIER.
J. R. PUGHE, *Lieut.-Col.*
T. BRUCE LANE.

শাখাখণ্ডের কার্য্যালয়হইতে টাকা স্থানান্তর করিবার নিয়ম সাধ্যমতে করা তাঁহার স্পষ্টই কর্ত্তব্য। প্রায় প্রত্যেক জিলার অভ্যন্তর স্থানে ইউরোপীয় ও এদেশীয় যে লোকেরা বাস করেন তাঁহারদের নিকটে সদরস্থানবাসি মহাজনেরা কি কর্ম্মকারকেরা টাকা প্রেরণ করিয়া থাকেন। এমন লোকের নিবাস যাহাতে নাই এমন জিলা প্রায় নাই। তদ্রূপ স্থলে যদি কালেক্টর সাহেব সাধারণ লোকেরদের স্থানে আপনার নির্দ্ধারিত সীমাপর্য্যন্ত টাকা গ্রহণ করিয়া তৎপরিবর্ত্তে শাখাখণ্ডের কার্য্যকারকের নামে চ্যাক দেন, তবে সকল পক্ষের স্পষ্টই সুবিধা হয়। কমিটীর বিবেচনায় এই প্রকার কার্য্য হইলে অনেক শাখাখণ্ডহইতে নায়কের রক্ষণে টাকা প্রেরণ করিবার কখন আবশ্যক হইবে না। যদি কোন স্থলে তদ্রূপ নিয়ম প্রচলিত হইতে না পারে তবে সেই স্থলে শাখাখণ্ডের কার্য্যকারক একি কালে উদ্বর্ত্ত যত টাকা প্রেরণ করিবেন, তাহা কালেক্টর সাহেব নিরূপণ করিবেন। যদি সেই উদ্বর্ত্ত টাকা অনুমানে অল্পই হয় ও ক্রমশঃ সঞ্চয় হইবার সম্ভাবনা, তবে মাসে এক বার প্রেরণ হইলে হইতে পারিবে। যদি দশ পনেরো দিন অন্তর অনেক টাকা সঞ্চয় হইবার অনুভব হয়, তবে মাসের মধ্যে এক কি অধিক বার পাঠাইবার আবশ্যক হইতে পারে। অধিক স্থলে একবার প্রেরণই প্রচুর হইবে সন্দেহ নাই।

নদীয়ার কমিস্যনর সাহেব পর্য্যটন কালে দেখিতে পাইয়াছিলেন যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তারা যদি আপনারদের হস্তগত মুদ্রা শাখাখণ্ডের কার্য্যকারকের নিকটে ন্যস্ত করিতে ও স্বেচ্ছামতে তাহা পুনর্গ্রহণ করিতে অনুমতি পান, তবে গবর্ণমেণ্টের এবং সর্ব্বসাধারণের অত্যন্ত উপকার হয়। শাখাখণ্ডের কার্য্যকারকেরদের নিমিত্ত নূতন বিধির ১২ ধারাতে তদ্রূপ কার্য্য হইবার অতি সহজ উপায়ের নিয়ম হইয়াছে। তাহাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে অর্পিত টাকা যেমন দর্ম্মা বেড়ার ঘরে কখনং কাঠুয়া সিন্দুকে রাখা গিয়া থাকে, তেমনি রাখিবার আর প্রয়োজন হইবে না।

নদীয়া খণ্ডের মধ্যে শ্রীযুত মলনি ও বেনব্রিজ সাহেব ও লার্ড এচ ইউ ব্রোন সাহেব অতি প্রবীণ কালেক্টর ও শাখাখণ্ডের যে অর্থকোষ পরীক্ষার্থ হইয়াছে তাহার কার্য্যফল সুবিদিত আছেন। এই বিধির পাণ্ডুলিপি প্রথমে তাঁহাদের নিকটে প্রেরণ করা গিয়াছিল। তাঁহারদের উপদেশ উপযুক্ত বিবেচনা করা গেলে তদনুসারে বিধিও পরিবর্ত্তন করা গিয়াছে এইক্ষণে সেই বিধি অনুমোদনার্থে গোচর করা যাইতেছে।

এচ সাণ্ডিমান।
এচ এল ডাম্পিয়র।
লেপ্টেনেন্ট কর্ণেল জে আর পিউ।
টি ব্রুস লেন।

Draft Rules for Sub-Divisional Officers.

1. All payments which may be tendered at sub-divisional treasuries, except on account of land revenue, shall be received.

2. With the exception of refunds of revenue and fouzdaree deposits, and of issues of cash to Small Cause Court Judges at the sub-divisions under Rule 12, disbursements will be made by the sub-divisional officer only on cheques drawn by the officer in charge of the district treasury. Before cashing a cheque the sub-divisional officer will compare it carefully with the advice which he has received from the district treasury.

3. A daily cash book is to be kept, in which all receipts and payments shall be recorded in the annexed Form A.

4. A daily extract from this book, with the original chellans for all receipts, shall be sent by the first post after the close of each day to the district treasury.

5. In the above cash book it will be sufficient to shew the number and amount of every cheque paid, with the name of the payée.

6. The total amount only of deposits received each day by the sub-divisional officer, in the revenue and fouzdaree departments, should be entered in the cash book without detail at the end of the day, as "amount of revenue (or fouzdaree) deposits received this day," but every item will be entered in detail in a "*register of deposits received,*" to be seperately kept for each department, (revenue and fouzdaree) by the sub-divisional officer, in the Form B annexed.

7. At the end of each month extracts from the two registers in Form B should be forwarded to the Collector and to the Magistrate respectively, and should contain those items only which were deposited during the month and remained unpaid on the last day thereof. These items only will be brought upon the Collector's and the Magistrate's registers of deposits for the month.

8. Sums deposited with the sub-divisional officer in the revenue and fouzdaree departments may be repaid by him on his own authority to the persons in whose favor they were deposited or, to their duly authorized agents. The fact of a deposit being repaid should be at once noted in the Register B. and attested by the initials of the sub-divisional officer, who will be held solely responsible for any double payment of a deposit. Sub-divisional officers will bear in mind that deposits of more than three years' standing cannot, under the general treasury rules, be repaid until the sanction of the Accountant-General to the Government of Bengal has been obtained.

শাখাখণ্ডের কার্য্যকারকদিগের বিধির পাণ্ডুলিপি।

১। শাখাখণ্ডের রাজকোষে ভূমির রাজস্ব ভিন্ন যে টাকা দিবার প্রস্তাব হয় তাহা গ্রাহ্য হইবে।

২। রাজস্ব ও ফৌজদারী কর্ম্মসংক্রান্ত যে টাকা ন্যস্ত হয় এবং শাখাখণ্ডে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজকে শাখাখণ্ডের কার্য্যকারক ১২ ধারামতে যে টাকা দিতে পারিবেন তদ্ভিন্ন জিলার খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারকের লিখিত চ্যাক না পাইলে কাহাকেও টাকা দিবেন না। চ্যাকের টাকা দিবার পূর্ব্বে, জিলার খাজানাখানাহইতে যে চালান পান তাহার সঙ্গে মনোযোগপূর্ব্বক ঐ চ্যাক মিলাইয়া দেখিবেন।

৩। রোকড় বহী রাখিতে হইবে। প্রতিদিন যে টাকার আয় ব্যয় হয় তাহা ঐ বহীতে নিম্ন লিখিত A চিহ্নিত পাঠে লিখিতে হইবে।

৪। ঐ রোকড় বহীতে প্রতি দিন যাহা লেখা যায় তাহার প্রতিলিপি, প্রাপ্ত সকল টাকার আসল চালান সহিত প্রতি দিনের কার্য্য শেষ হইলে পর যে ডাক যায় সেই ডাকদ্বারা জিলার খাজানাখানায় পাঠাইতে হইবে।

৫। যে সকল চ্যাকের টাকা দেওয়া যায় তাহার নম্বর ও যত টাকার চ্যাক ও যাহাকে দেওয়া গেল উক্ত রোকড় বহীতে এই মাত্র লেখা প্রয়োজন।

৬। শাখাখণ্ডের কার্য্যকারক প্রতিদিন রাজস্ব ও ফৌজদারী কার্য্যসংক্রান্ত যত টাকা প্রাপ্ত হন, দিনাবসানে "রাজস্ব (কি ফৌজদারী) কার্য্যসংক্রান্ত অদ্য ন্যাসস্বরূপ পাওয়া গেল" এই কথা রোকড় বহীতে লিখিয়া টাকা মোটে জমা করিবেন। কিন্তু শাখাখণ্ডের কার্য্যকারক নিম্ন লিখিত B চিহ্নিত পাঠে রাজস্ব সম্পর্কীয় ও ফৌজদারী কার্য্যবিভাগের পৃথক২ বহী রাখিয়া তাহাতে তদ্রূপ প্রাপ্ত টাকার বিশেষ লিখিবেন। ঐ বহীর নাম, "ন্যাসের রেজিষ্টর"।

৭। মাসের মধ্যে যে টাকা ন্যস্ত হইয়া মাসের শেষ পর্য্যন্ত থাকে সেই টাকার যে কথা B চিহ্নিত পাঠের দুই রেজিষ্টরে লেখা আছে মাসের শেষে ঐ দুই পুস্তকহইতে সেই কথা গৃহীত হইয়া রাজস্বসম্পর্কীয় কথা কালেক্টর সাহেবের নিকটে ও ফৌজদারী সংক্রান্ত ঐ কথা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হইবে। কালেক্টর সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের ঐ মাসের ন্যস্ত টাকার রেজিষ্টরে কেবল সেই কথার প্রতিলিপি করা যাইবে।

৮। রাজস্বসম্পর্কীয় ও ফৌজদারী কর্ম্মবিভাগের যে সকল টাকা শাখাখণ্ডের কার্য্যকারকের নিকটে ন্যস্ত হয়, ঐ শাখাখণ্ডের কার্য্যকারক সেই টাকা যাঁহারদের পক্ষে ন্যস্ত হইয়াছিল তাঁহাদিগকে কিম্বা তাঁহাদের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকদিগকে আপন ক্ষমতাক্রমে দিতে পারিবেন। ন্যস্ত টাকার প্রতিদান হইলেই তাহা তৎক্ষণে B চিহ্নিত রেজিষ্টরে লিখিতে হইবে ও শাখাখণ্ডের কার্য্যকারক স্বীয় নামের আদ্যাক্ষর লিখিয়া তাহা সপ্রমাণ করিবেন। যদি ন্যস্ত টাকা দুইবার দেওয়া যায় তবে তিনিই দায়ী। জেনরল ট্রেজুরীর বিধিমতে যদি টাকা তিন বৎসরের অধিক কাল ন্যস্ত থাকে, তবে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের অনুমতিপ্রাপ্ত না হইলে সেই টাকার প্রতিদান হইতে পারে না, শাখাখণ্ডের কার্য্যকারকেরা এই কথা মনে রাখিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ১৮ সেপ্টেম্বর।]

9. Re-payments of deposits which were received during the current month should be entered in the cash book without detail, but if the deposit was received in any previous month, the number, date, and amount of each such deposit repaid must be entered in the cash book, and shewn in the extract sent to the Collector. The Collector will then be able to trace the item and note the re-payment in his deposit register.

10. When stamps are sold the discount should always be paid at the time of sale, the entry in the sub-divisional cash book being as follows:—

		Rs.	As.	P.
Received for Stamps	...	0	0	0
Less discount paid	...	0	0	0
Total, paid	...	0	0	0

11. The public officers named below* and others who are in direct account with the Government, should when they send money to the sub-divisional office, forward with each remittance a pass-book on which the sub-divisional officer will note his initials as a receipt and a chellan, which will be retained and forwarded to the Collector with the sub-divisional account. Every such officer should be furnished with a separate receipt as his voucher to the Accountant or Comptroller-General. No particulars of such remittances will be required in the sub-divisional accounts.

12. Judges of sub-divisional Small Cause Courts are authorized to pay into the local sub-divisional treasure chest all sums remaining in their hands at the close of a day, in excess of Rupees 100, to which amount the balance of cash in their possession is to be limited. They are also authorized to obtain funds, as they require them from the sub-divisional treasure chest, in even sums of not more than Rupees 100 at a time. Small Cause Court Judges will ordinarily sign the withdrawal receipts themselves, but they may, under special circumstances, authorize the Clerk or Registrar of their Court to sign the receipts for them, and payment may then be made on receipts bearing the Clerks' signature; such issues of cash to Small Cause Court Judges will be entered in the sub-divisional cash book as "payments to the Judge of the Small Cause Court at ," and

Judges of the Small Cause Courts, Post-Masters, Officers of the Electric Telegraph Department.

[*Government Gazette*, 18*th September* 1866.]

৯। যে মাসে যে টাকা ন্যস্ত হয় তাহা যদি সেই মাসে প্রতিদত্ত হয়, তবে রোকড় বহীতে খরচ লিখিয়া বিবরণ লিখিবার প্রয়োজন নাই। যদি পূর্ব্ব কোন মাসে টাকা ন্যস্ত হইয়া থাকে তবে সেই টাকার প্রতিদান হইলে তাহার নম্বর ও তারিখ ও যত টাকা এই সকল কথা রোকড় বহীতে লিখিতে হইবে ও কালেক্টর সাহেবের নিকটে যে প্রতিলিপি পাঠান যায় তাহাতেও লিখিতে হইবে। তাহা হইলে কালেক্টর সাহেব আপনার খাতায় ঐ টাকা নির্ণয় করিতে পারিয়া আপনার ন্যাসের রেজিষ্টরে প্রতিদানের কথা লিখিবেন।

১০। ইষ্টাম্পা বিক্রয় হইলে ডিসকৌণ্ট তৎকালেই দিতে হইবে। শাখাখণ্ডের রোকড় বহীতে সেই হিসাব এই রূপে লিখিতে হইবে।

ইষ্টাম্পের নিমিত্তে জমা	...	০০৲
ডিসকৌণ্ট বাদ	...	০০৲
মোট জমা	..	০০৲

১১। গবর্ণমেণ্টের সহিত নিম্ন লিখিত * যে কার্য্যকারকদিগের ও অন্য যে ব্যক্তিদিগের অব্যবহিত রূপে হিসাব চলিতেছে, তাঁহারা যখন শাখাখণ্ডের কার্য্যালয়ে টাকা পাঠান তখন টাকার সঙ্গে এক খান পাসবুক ও এক চালান পাঠাইবেন। সেই পাসবুকে শাখাখণ্ডের কার্য্যকারক আপন নামের আদি অক্ষর লিখিবেন, তাহা তাঁহার রসীদ হইবে। তিনি চালান নিকটে রাখিয়া শাখাখণ্ডের হিসাবের সহিত কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। তদ্রূপ প্রত্যেক কার্য্যকারককে স্বতন্ত্র রসীদ দেওয়া উচিত আকৌণ্টেণ্ট কি কম্প্‌ট্রোলর জেনরল সাহেবের নিকটে সেই রসীদ তাহার প্রমাণপত্রস্বরূপ হইবে। শাখাখণ্ডের হিসাবের মধ্যে সেই প্রেরিত টাকার বিবরণ লিখিবার প্রয়োজন নাই।

১২। শাখাখণ্ডে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত আছে সেই আদালতের বিচারকর্ত্তা ১০০৲ টাকার অধিক নিকটে রাখিবেন না। দিনান্তে তদধিক যত টাকা তাঁহার হাতে থাকে তিনি শাখাখণ্ডের অর্থকোষে প্রেরণ করিবেন। আর যত টাকা প্রয়োজন তাহা তাঁহারা শাখাখণ্ডের অর্থকোষহইতে ভগ্নাংশভিন্ন এক শতের অনধিক করিয়া গ্রহণ করিতে পারিবেন। যে রসীদ দিয়া টাকা বাহির করিয়া লন তাহাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তারা সামান্যতঃ নিজে স্বাক্ষর করিবেন। বিশেষং গতিকে তাঁহারা আপনং আদালতের ক্লার্ককে কি রেজিষ্ট্রারকে ঐ রসীদে স্বাক্ষর করিবার অনুমতি দিতে পারিবেন। তাহা হইলে ঐ ক্লার্কের স্বাক্ষরিত রসীদমতে টাকা দেওয়া যাইতে পারিবে। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তাদিগকে যে টাকা তদ্রূপে দেওয়া যায় তাহা শাখাখণ্ডের রোকড় বহীতে "অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তাকে দেওয়া গেল" বলিয়া লেখা যাইবে। এবং ঐ খরচের পোষকতায় বিচারকর্ত্তার কি ক্লার্কের রসীদ প্রমাণপত্রস্বরূপ প্রেরিত

* ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ ও পোষ্টমাষ্টর ও ইলেকৃটিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের কার্য্যকারকেরা।

the Judge's or Clerk's receipts will be forwarded as vouchers in support of the charges. No other record will be kept of such receipts or issues of cash either at the sub-divisional or the sudder treasury.

13. Moonsiffs and other subordinate officers at sub-divisions, who are not in direct account with the Government, will pay their daily realizations into the sub-divisional treasure chest at the close of each day, accompanied by a chellan and a form of receipt specifying in each how much has been realized on account of *deposits, fines,* and other departmental receipts, which particulars shall be entered in the cash book of the sub-division, the receipt being signed and returned to the remitter, and the chellan forwarded with the sub-divisional account to the Collector.

14. The Sub-divisional officer shall close the monthly account on the 27th of every month in the year, save February, when he shall close them on the 25th. Where sub-divisions are very distant from the sudder station, it may be necessary to close the account of the month even earlier. The account for the last open day should then be forwarded to the Collector, so as to reach him on the last day of the month, a special messenger being employed where necessary.

15. After the despatch of this account, the cash book shall be again opened as for the ensuing month; all receipts and disbursements being entered as for the first of the month.

16. The bulk of cash should be kept under double locks, the key of one remaining with the sub-divisional officer, and of the other with the ministerial officer acting as treasurer; such treasure chest should never be opened except in the presence of the sub-divisional officer and the head constable of the guard.

17. To meet petty current disbursements, a sum of Rupees 50 may be left in the hands of the treasurer.

18. The sub-divisional officer shall satisfy himself by personal inspection, at least once a week, that the cash in his hands tallies with the amount of balance shewn in the cash book. He shall also note on the daily extract from the cash book, submitted under Rule 4, for the day on which he inspects the cash, the fact that he has done so. The dates on which the inspections were made should also be noted on the foot of the last extract of each month, so that if any sub-divisional officer fails to make the inspection in any week, the omission may be detected by the Collector.

হইবে। শাখাখণ্ডের কি সদর খাজানাখানায় ঐ টাকার দানাদানের অন্য কোন লিপি রাখা যাইবে না।

১৩। মুনসেফেরা এবং গবর্ণমেণ্টের সঙ্গে শাখাখণ্ডের অন্য যে কার্য্যকারকদিগের অব্যবহিতরূপে হিসাব না চলে, তাঁহারা প্রতিদিন যে টাকা পান তাহা দিনাবসানে শাখাখণ্ডের অর্থকোষে পাঠাইবেন। তাহার সঙ্গে এক খানি রসীদ ও চালান পাঠাইবেন। ন্যাসস্বরূপ ও দণ্ডস্বরূপ ও কর্ম্মবিভাগ সংক্রান্ত অন্য যে কারণে যত টাকা আদায় হয় তাহা ঐ রসীদে ও চালানে বিশেষ করিয়া লেখা যাইবে। শাখাখণ্ডের রোকড় বহীতে ঐ সকল বিবরণ লিখিতে হইবে; শাখাখণ্ডের কার্য্যকারক ঐ রসীদে স্বাক্ষর করিয়া প্রেরকের নিকটে ফিরিয়া পাঠাইবেন। ও চালান শাখাখণ্ডের হিসাব সহিত কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে হইবে।

১৪। শাখাখণ্ডের কার্য্যকারক ফেব্রুআরি মাসভিন্ন বৎসরের প্রতিমাসের ২৭ তারিখে মাসের হিসাব নিষ্পত্তি করিবেন। ফেব্রুয়ারি মাসের ২৫ তারিখে নিষ্পত্তি করিবেন। যদি শাখাখণ্ড সদর স্থানহইতে অতিদূর হয়, তবে ঐ তারিখের পূর্ব্বেও হিসাব নিষ্পত্তি করার প্রয়োজন হইতে পারে। তাহা হইলে উক্ত শেষ তারিখের হিসাব কালেক্টর সাহেবের নিকটে এমন সময়ে পাঠাইতে হইবে যে মাসের শেষ দিনে তাঁহার নিকটে পঁহুছে। আবশ্যক হইলে সেই কর্ম্মের জন্যে বিশেষ দূতকে নিযুক্ত করা যাইবে।

১৫। ঐ হিসাব পাঠান গেলে পর, ঐ রোকড় বহীতে ঐ মাসের অবশিষ্ট কএক দিনের হিসাব তৎপশ্চাৎ মাসের হিসাবমতে লিখিতে হইবে। মাসের ১ তারিখ ধরিয়া সকল জমা খরচ লিখিতে হইবে।

১৬। অধিকাংশ টাকা বাক্সে রাখিয়া দুই চাবিতে বন্ধ হইবে। এক চাবি শাখাখণ্ডের কার্য্যকারকের নিকটে থাকিবে ও যে কর্ম্মচারী খাজাঞ্চীর কর্ম্ম করেন তাঁহার হাতে অন্য চাবি থাকিবে। শাখাখণ্ডের কার্য্যকারক এবং নায়কেরদের প্রধান কনষ্টাবল নিকটে না দাঁড়াইলে ঐ অর্থের সিন্দুক কখন খুলিতে হইবে না।

১৭। খুজরা নিত্যখরচের নিমিত্তে খাজাঞ্চীর হাতে ৫০৲ টাকা থাকিতে পারিবে।

১৮। শাখাখণ্ডের কার্য্যকারকের হাতে যত টাকা আছে তাহা আপন খাতার উদ্বর্ত্ত টাকার সঙ্গে মিলে ইহা নিশ্চয় জানিবার নিমিত্তে তিনি ন্যূন কল্পে সপ্তাহে একবার আপনি টাকা গণিয়া দেখিবেন। ৪ ধারামতে রোকড়বহীর যে প্রতিলিপি প্রতি দিন প্রেরণ করেন, যে দিনে নগদ টাকা মিলাইয়া দেখেন সেই দিনে ঐ গৃহীত কথার নিম্ন ভাগে "ঐ টাকা অদ্য গণিয়া দেখিলাম" ইহা লিখিবেন। উক্ত প্রকারের গৃহীত কথা মাসের শেষ যে দিনে পাঠান সেই দিনে আপনি যে২ তারিখে টাকা গণিয়া দেখিলেন সেই২ তারিখ ঐ কথার নিম্নভাগে লিখিবেন তাহাতে শাখাখণ্ডের কর্ম্মকারক কোন সপ্তাহে টাকা না দেখিলে কালেক্টর সাহেব তাহা ধরিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৮ সেপ্টেম্বর।]

19. When a sub-divisional officer leaves his head-quarters on duty, he should make over charge of his cash accounts to any Deputy Collector at the sub-division, leaving the treasurer under his orders; should there be no Deputy Collector, the cash book must be closed during the absence of the sub-divisional officer, who should however, endeavour to arrange for occasional visits to head-quarters, if out on tour, so that the sale of stamps and other necessary duties may be carried on. It will be necessary for the sub-divisional officer to keep the Collector informed as to his intended movements, so that the Collector may make payment from his own treasury, instead of drawing cheques on the sub-divisional officer in his absence.

20. On the date fixed under Rule 13 for each month, the sub-divisional officer shall submit to the Collector an approximate estimate of receipts and disbursements for the ensuing month, to enable the Collector to issue the necessary orders for remittance of any surplus to the district treasury. The Collector should, whenever practicable, endeavour to arrange with private bankers and individuals for the issue of cheques for the surplus not required by the sub-divisional officer in any month. But after allowing for all cheques which he may wish to issue on the sub-divisional officer, he shall direct the remittance of any surplus that may accrue in excess of the sums required for disbursement, in sums of from Rupees 1,000, to Rupees 5,000, as the circumstances of each sub-division may render necessary. In fixing this limit the Collector should be guided by the time in which the surplus is expected to accumulate.

21. Officers remitting money to a sudder treasury will take particular care that the same is enclosed in a box and properly sealed and screwed down. They should on no account send the money in open bags.

22. When the Collector may order a sub-divisional officer to remit money to the treasury, he should at the same time give notice to the District Superintendent of the date on which an escort will be required.

23. No sub-divisional officer shall keep any public money in his possession, save in the treasure chest, and after proper and full entry of the entire sum in his accounts.

24. When sums drawn by sub-divisional officers for local works, &c., on Collector's cheques, are not fully expended by them, the amounts remaining in their hands may be paid into the sub-divisional treasure chest, to credit of "fouzdaree deposits," and should be entered as a

১৯। যখন রাজকীয় কর্ম্মোপলক্ষে শাখাখণ্ডের কার্য্যকারকের কর্ম্মস্থানহইতে [illegible] যাইতে হয়, তখন শাখাখণ্ডের কোন ডেপুটী কালেক্টরের হাতে আপনার সেই নগদ টাকা রাখিয়া যাইবেন, এবং খাজাঞ্চীকেও তাঁহার অধীন রাখিবেন। যদি ডেপুটী কালেক্টর না থাকেন, তবে শাখাখণ্ডের কর্ম্মকারক যত দিন অন্যত্র থাকেন, তত দিন পর্য্যন্ত রোকড় বহী বন্দ করিতে হইবে। কিন্তু তাঁহার পর্য্যটনকালেও ইষ্টাম্প বিক্রয় ও আবশ্যক অন্য২ কর্ম্মের ব্যাঘাত না হয় এই কারণে তাঁহার এক২বার কর্ম্মস্থানে যাইবার নিয়ম সাধ্যমতে করিতে হয়। শাখাখণ্ডের কর্ম্মকারক যখন যে স্থানে যাইবেন ও যত দিন অন্যত্র থাকিবেন এই বিষয়ে কালেক্টর সাহেবকে তাঁহার নিত্য অবগত রাখা উচিত। তাহা জ্ঞাত হইলে শাখাখণ্ডের কার্য্যকারকের অনুপস্থিত কালে কালেক্টর সাহেব তাঁহার নামে চ্যাক না দিয়া আপনার খাজানাখানাহইতে টাকা দিবেন।

২০। ১৪ ধারামতে প্রতি মাসের যে তারিখ নির্দ্ধার্য্য হইয়াছে, তৎপশ্চাৎ মাসে শাখাখণ্ডের কার্য্যকারকের যত টাকা আয় ও ব্যয় সম্ভাবনা তাহার অনুমানপত্র তিনি সেই তারিখে কালেক্টর সাহেবের নিকটে প্রেরণ করিবেন। তাহা পাইলে কালেক্টর সাহেব উদ্বর্ত্ত টাকা জিলার খাজানাখানায় পাঠাইবার প্রয়োজনমত আজ্ঞা দিতে পারিবেন। কোন মাসের যে উদ্বর্ত্ত টাকাতে শাখাখণ্ডের কার্য্যকারকের প্রয়োজন না থাকে তাহার নিমিত্তে কালেক্টর সাহেব সাধারণ মহাজনের কি ব্যক্তিরদেরনামে চ্যাক দেওনের কোন নিয়ম করিতে সাধ্যমতে চেষ্টা করিবেন। শাখাখণ্ডের কার্য্যকারকের উপর তিনি যত টাকার চ্যাক দিতে চাহেন, তাহা বাদ দিলে ব্যয়ার্থ সেই টাকার উপর যাহা উদ্বর্ত্ত থাকে, কালেক্টর সাহেব প্রত্যেক শাখাখণ্ডের অবস্থা বিবেচনায় যদ্রূপ আবশ্যক জ্ঞান করেন তদনুসারে ১০০০৲ অবধি ৫০০০৲ টাকা পর্য্যন্ত এক২ বার চালান করিতে আজ্ঞা করিবেন। সেই উদ্বর্ত্ত টাকা যে সময়ে সঞ্চয় হইবার সম্ভাবনা ইহা বিবেচনা করিয়া কালেক্টর সাহেব ঐ প্রেরণীয় টাকার সীমা নির্দ্ধার্য্য করিবেন।

২১। কর্ম্মকারকেরা যখন সদর খাজানাখানায় টাকা প্রেরণ করেন তখন তাহা বাক্সে দেওয়া যায় ও বাক্সে উপযুক্ত মোহর করা যায় ও ইস্ক্রুতে বন্ধ হয় ইহা বিশেষমতে দেখিবেন। খোলা থলিতে কখন টাকা পাঠাইবেন না।

২২। কালেক্টর সাহেব যে সময়ে শাখাখণ্ডের কার্য্যকারকের প্রতি খাজানাখানায় টাকা পাঠাইবার আজ্ঞা করেন সেই সময়ে নায়কের যে তারিখে প্রয়োজন হইবে ডিস্ট্রিক্টস্থপরিন্টেণ্ডেন্ট সাহেবকে সেই তারিখেরও সম্বাদ দিবেন।

২৩। যে রাজধন শাখাখণ্ডের কার্য্যকারকের হস্তগত করা যায় তাহা সমুদয় উপযুক্ত ও সম্পূর্ণরূপে খাতায় জমা করিয়া অর্থ কোষ ভিন্ন অন্য স্থানে রাখিবেন না।

২৪। শাখাখণ্ডের কোন কার্য্যকারক স্থানবিশেষে কোন বিষয় নির্ম্মাণাদির নিমিত্তে কালেক্টর সাহেবের নিকটে চ্যাক পাইয়া যে টাকা লন সেই সমুদয় টাকা যদি ব্যয় না করেন, তবে উদ্বর্ত্ত যাহা থাকে তাহা শাখাখণ্ডের অর্থকোষে দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে ফৌজদারী ন্যাস বলিয়া তাহা জমা করিতে

receipt in the usual way in the sub-divisional register of fouzdaree deposit receipts. Re-payments may be made by the sub-divisional officer on his own receipt in the usual manner. These deposits should be limited, however, to the smallest possible amount, by timely application for only necessary funds to the Magistrate or Collector at the sudder station.

H. SANDEMAN,
H. L. DAMPIER.
J. R. PUGHE, *Lieut-Col.*
T. BRUCE LANE.

Draft Rules for Sudder Treasury Officers.

1. On receipt of the daily account of sub-divisional treasure chests the transactions will be incorporated with the transactions of the day at the sudder treasury.

2. *Receipts.*—Every item of receipt will be brought upon the sudder cash book as it appears in the account, with the exception only of cash transferred from the sudder treasury, which will be omitted.

3. *Payments*—Of disbursements only deposit re-payments should be brought upon the cash book, and in one sum for the days payments. Payments of cheques will be omitted, as well as debits on account of the transfer of cash to the sudder treasury, for which special rules are hereinafter provided.

4. *Deposits.*—The Collector will include daily in the treasury register of deposit re-payments all re-payments of which details are furnished by the sub-divisonal officers, *i. e.* re-payments of other than current month's depoits, and only such re-payments will be included in the bi-monthly extract register of re-payments. In preparing his bi-monthly lists of payments the Collector will show at foot of each list, in one sum and as a distinct item, the aggregate of "current month's doposits repaid," at sub-divisions without further details. The outstanding deposits of the month, as shewn in the monthly extract from the sub-divisional register of deposits received, will be brought in detail upon the district deposit register, and included in the total *deposit receipts* at the foot of the cash account; while the amount of "*deposits received and repaid at sub-divisions within the month,*" will be distinctly shewn in the cash account in one sum without any detail.

5. *Statement of Daily Cash Transactions*—In addition to these entries in the cash-book and

হইবে। এবং ফৌজদারী ন্যস্ত টাকার যে রেজিষ্টর শাখাখণ্ডে আছে তাহার মধ্যে ঐ টাকা প্রাপ্তির কথা রীতিমতে লেখা যাইবে। পরে শাখাখণ্ডের কার্য্যকারক আপনি রীতিমতে রসিদ দিয়া সেই টাকা পুনরায় লইতে পারিবেন। কিন্তু তদ্রূপ যত অল্প টাকা ন্যস্ত করিতে হয় ততই ভাল এহেতুক কোন কর্ম্মের জন্যে যত টাকা আবশ্যক সদর স্থানের মাজিষ্ট্রেট কি কালেক্টর সাহেবের স্থানে উপযুক্ত সময়ে তাহার অধিক টাকা প্রার্থনা না করিতে সাধ্যমতে চেষ্টা করিবেন।

এচ সাণ্ডিমান।
এচ এল ডাম্পিয়র।
লেপ্টেনেন্ট কর্ণেল জে আর পিউ।
টি ব্রুস লেন।

সদর খাজানাখানার কার্য্যকারকদিগের বিধির পাণ্ডুলিপি।

১। শাখাখণ্ডের অর্থকোষের প্রতিদিনের হিসাব সদর খাজানাখানায় প্রাপ্ত হওয়া গেলে, ঐ হিসাব খাজানাখানার সেই দিনের হিসাবের সঙ্গে যোগ করিতে হইবেক।

২। আয়।—হিসাবে যে সকল টাকা যেরূপে জমা হইল তাহা সদর খাতায় ঠিক সেইরূপে লিখিতে হইবে। কিন্তু সদর খাজানাখানাহইতে প্রেরিত হইয়া যে টাকা জমা হয় তাহা ধরিতে হইবে না।

৩। ব্যয়।—খরচের মধ্যে ন্যস্ত যে টাকার প্রতিদান হইয়াছে কেবল তাহা খাতায় খরচ লিখিতে হইবে তাহাও পৃথক২ নয়, দিন যত টাকা সেইরূপে দেওয়া গেল তাহা মোট ধরিয়া লিখিতে হইবে। চ্যাকের উপর যে টাকা দেওয়া গেল তাহা ধরা যাইবে না। এবং সদর খাজানাখানায় পাঠান গেলে যে টাকা খরচ লেখা যায় তাহা ধরিতে হইবে না। তাহার বিশেষ বিধি পশ্চাৎ লেখা যাইতেছে।

৪। ন্যাস।—শাখাখণ্ডের কার্য্যকারকেরা প্রতিদত্ত যে সকল টাকার বিবরণ লিখিয়া পাঠান কালেক্টর সাহেব আপনার খাজানাখানার রেজিষ্টরে সেই টাকা অর্থাৎ চলিত মাসের ন্যস্ত ভিন্ন পূর্ব্ব২ মাসের প্রতিদত্ত সেই ন্যাসের টাকা প্রতিদিন ধরিবেন। এবং প্রতিদত্ত টাকার রেজিষ্টরহইতে মাসে দুই বার যে২ কথা গ্রহণ করিতে হয় তন্মধ্যে সেই প্রতিদত্ত টাকা লিখিবেন। কালেক্টর সাহেব যে সকল টাকা দিয়াছেন তাহার পাক্ষিক ফর্দ্দ যখন প্রস্তুত করিবেন, তখন সেই ফর্দ্দের নিম্নভাগে "শাখাখণ্ডে চলিত মাসের ন্যস্ত টাকার প্রতিদান" বলিয়া কোন বৃত্তান্ত না লিখিয়া ঐ সমুদয় টাকা মোটে ধরিয়া লিখিবেন। শাখাখণ্ডেতে ন্যস্ত টাকার যে রেজিষ্টর থাকে তাহাহইতে মাসে২ গৃহীত কথাদ্বারা মাসের ন্যস্ত যত টাকা হাতে আছে দৃষ্ট হয়, তাহা বিশেষ করিয়া জিলার ন্যস্ত টাকার রেজিষ্টরে লিখিতে হইবে। রোকড় বহীর হিসাবের নিম্নভাগে ন্যস্ত ও জমা মোটে ধরা যাইবে। এবং শাখাখণ্ডে ন্যস্ত যে সকল টাকা মাসের মধ্যে প্রাপ্ত হইয়া প্রতি দত্ত হইয়াছে, তাহা রোকড় বহীতে মোটে লিখিত হইবে। বিবরণ লেখা যাইবে না।

৫। দৈনিক আয়ব্যয়ের বিবরণ।—জিলার খাজানাখানার রোকড় বহীতে ও ন্যস্ত টাকার রেজিষ্টরে

deposit registers of the district treasuries, the whole of the transactions of the sudder and sub-divisional treasuries must be brought together daily in one view in the "statement of daily cash transactions."

6. The receipts and payments (proper) both of the sudder treasury and sub-divisional treasure chests, will be distinctly entered in this statement, in the column set apart for the sudder treasury, and for each treasure chest respectively, and there will be added transfers of cash and cheque transactions in the following manner.

7. *Cash Transfers.*—Transfers of specie from the sudder treasury to sub-divisional treasure chests will be shewn in the statement, as a charge under sudder treasury, but as the general balance of the district is not reduced by the transaction, it will be simultaneously entered on the other side of the statement, as receipt of the sub-divisional treasure chest to which it is despatched. These entries being made, however, in anticipation of the arrival of the treasure at its destination, the subsequent credits for the remittances in the sub-divisional daily accounts must not be incorporated in statement of daily cash transactions.

In the case of transfers of specie from sub-treasuries to the sudder treasury, the sudder treasury, should be debited, and the treasury chest credited in the statement on the day on which the money comes to hand.

It must be ascertained by the Collector that these transfers of cash are duly and correctly brought to account by the sub-divisional officers, whose daily returns shoud be carefully compared with the statement of daily cash transactions.

8. *Cheques.*—The issue of cheques at the district treasury, and their payment at the sub-divisions, will not be shewn in the treasury cash book, but will appear in the statement of daily cash transactions.

The two classes of cheques, (which may be distinguished as Nos. 1 and 2 respectively, and should be written on paper of two different colours, *viz.* those issued in lieu of cash, and those granted in payment of bills, as they will be differently dealt with, must be kept perfectly distinct and entered, on issue, in two separate registers, which should each have a distinct series of numbers.

The amount of all cheques issued, daily to the public in lieu of cash, for the purpose of clearing a treasure chest, shoud be entered in a distinct item in the statement of daily cash transactions as receipt of the sudder treasury and simultaneously as a payment under the sub-treasury drawn

পূর্ব্বোক্ত যে সকল কথা লিখিতে হইবে, তদতিরিক্ত সদর ও শাখাখণ্ডের অর্থ কোষ সম্পর্কীয় যে আয়ব্যয়াদি হয় তাহা "দৈনিক আয়ব্যয়ের বিবরণে" এক ভাতে প্রকাশ করিতে হইবে।

৬। সদর খাজানাখানায় ও শাখাখণ্ডের অর্থকোষে (প্রকৃতরূপে) গৃহীত ও দত্ত সকল টাকা এই বর্ণনপত্রে স্বতন্ত্র লিখিতে হইবে অর্থাৎ সদর খাজানাখানার নিমিত্তে যে ঘর আছে তাহাতে ঐ খাজানাখানার আয় ব্যয় এবং প্রত্যেক শাখাখণ্ডের নিমিত্তে যেং ঘর আছে তাহাতে সেইং শাখাখণ্ডের আয় ব্যয় লিখিতে হইবে, ও নগদ টাকা হস্তান্তর করণ এবং চ্যাকদ্বারা আদান প্রদানের যে কার্য্য হয় তাহা নিম্ন প্রকারে লিখিতে হইবে।

৭। টাকা হস্তান্তর করণ।—সদর খাজানাখানা হইতে যে সকল মুদ্রা শাখাখণ্ডের অর্থকোষে প্রেরণ করা যায় তাহা উক্ত বর্ণনপত্রে সদর খাজানাখানার খরচস্বরূপ লেখা যাইবে। কিন্তু সেই খরচেতে জিলার অন্তর্গত সাধারণ উদ্বর্ত্তের কিছুমাত্র ন্যূনতা হয় না, অতএব যে শাখাখণ্ডের অর্থকোষে প্রেরণ হইয়াছে সেই শাখাখণ্ডহইতে প্রাপ্ত বলিয়া বর্ণনপত্রের অন্য পৃষ্ঠে জমা হইবে। কিন্তু লক্ষিতস্থানে পঁহুছিবার অপেক্ষায় ঐং টাকা জমা খরচ লেখা যাইতেছে এই হেতুক শাখাখণ্ডের প্রতিদিনের হিসাবে ঐ প্রেরিত টাকা প্রাপণের যে কথা লেখা যায় তাহা দৈনিক আয় ব্যয়ের বর্ণনপত্রে লিখিত হইবে না।

যখন শাখাখণ্ডহইতে সদর খাজানাখানায় টাকা পাঠাইতে হয় তখন টাকা যে দিনে সদর খাজানাখানায় পঁহুছে সেই দিনের বর্ণনপত্রে সেই টাকা সদর খাজানাখানায় খরচ লিখিতে হইবে ও অর্থকোষের নামে জমা হইবে।

শাখাখণ্ডের কার্য্যকারকেরা উক্ত প্রকারের হস্তান্তরিত সকল টাকা নিয়মিত ও শুদ্ধরূপে খাতায় লেখেন কালেক্টর সাহেবের এই বিষয় নিশ্চিত মতে অবগত থাকা উচিত। ঐ শাখাখণ্ডের প্রতিদিনের রিপোর্টের সঙ্গে দৈনিক আয় ব্যয়ের বর্ণনপত্র সাবধানে মিলাইয়া দেখিতে হইবে।

৮। চ্যাকের কথা।—জিলার খাজানাখানায় যে চ্যাক দেওয়া যায় এবং শাখাখণ্ডে তাহার যে টাকা দেওয়া যায় তাহা শাখাখণ্ডের রোকড় বহীতে লিখিতে হইবে না, দৈনিক আয় ব্যয়ের বিবরণপত্রে লেখা যাইবে।

চ্যাকের দুই শ্রেণী অর্থাৎ প্রাপ্ত টাকার বিনিময়ে এবং বিলের পরিশোধে। এই দুই প্রকারের চ্যাক ১ ও ২ নম্বর বলিয়া উল্লিখিত হইতে পারে ও তাহা দুই প্রকার বর্ণের কাগজে লিখিতে হইবে সেই দুই প্রকার চ্যাক সম্পর্কীয় কার্য্যও স্বতন্ত্র হয় অতএব তাহা স্বতন্ত্র রাখিতে হইবে এবং দিবার সময়ে স্বতন্ত্র দুই রেজিষ্টরে লেখা যাইবে প্রত্যেক রেজিষ্টরের নম্বরশ্রেণী স্বতন্ত্র থাকিবে।

অর্থকোষ শূন্য করিবার জন্যে সাধারণ লোকদের স্থানে নগদ গ্রহণ করিয়া প্রতিদিন যে সকল চ্যাক দেওয়া যায় তাহা দৈনিক আয় ব্যয়ের বর্ণনপত্রে সদর খাজানাখানায় গৃহীত জমা স্বরূপ এবং যে শাখাখণ্ডের উপর চ্যাক দেওয়া গেল তাহার নামে খরচ লিখিতে হইবে। অর্থাৎ শাখাখণ্ডহইতে সদর খাজানা-

upon, as though cash had been tranferred to the sudder treasury from the sub-division, and the discharge of these cheques at the sub-divisions will be watched and checked by the Collector in the same manner as the credits for cash transfers.

When cheques are issued in payment of bills or in satisfaction of claims against Government, the amount of the bill or other claim should be charged in the treasury cash book, and will therefore be included in the amount of the sudder treasury payments of the day in the statement of daily cash transactions. The charge thus made without an actual payment will be met by credit entries in the statement, under the sub-divisions drawn upon, to the amount of the cheques issued on each during the day, and the general cash balance of the district will thus remain unaltered.

Cheques of this class, howerver *viz.*, those issued on payment of bills, will require to be entered in the statement of daily cash transactions *on payment* at sub-divisions, and the amount of such cheques, shewn as paid in the daily sub-divisional accounts, should be entered in the statement in one sum for each sub-division.

The discharge of cheques at sub-divisions will be carefully noted from the daily sub-divisional accounts, in the two issue registers already referred to, and the outstanding cheques of each day should be extracted in two separate lists. The daily outstandings of No. 2 cheques (those issued on payment of bills) should then be added to the balance of the treasury cash book for agreement in the daily balance sheet.

Collectors will bear in mind that it is optional with pervate persons who are entitled to receive money, to draw it either from the district or the sub-divisional treasury, if the latter is in funds.

Collectors will be careful not to draw cheques on sub-divisional treasuries without satisfying themselves that the sub-divisional officers have cash in their hands to meet the demand.

Applications for the re-payment of sub-divisional deposits shall always be made in the first instance to sub-divisional officers, who, if unable to comply with them from want of funds will refer the application for payment to the sudder treasury, after noting it in the deposit register of the sub-division.

The cash balances of sub-divisional treasure chest should be reported in detail in the last daily account in each month, and incorporated in the sudder report, in the manner described in

খানায় টাকা প্রেরণ হওয়ার মত কার্য্য হইবে। পরে নগদ হস্তান্তর করা গেলে কালেক্টর সাহেব যেমন তাহার জমা দেখিতে চেষ্টা করেন তেমনি শাখাখণ্ডেতে ঐ চ্যাকের টাকা দেওয়া যায় এই বিষয় তিনি সাবধানে দৃষ্টি করিবেন।

যখন বিলের টাকার কিম্বা গবর্ণমেণ্টের উপর কোন দাওয়ার পরিশোধে চ্যাক দেওয়া যায় তখন ঐ বিল কি অন্য দাওয়া যত টাকার হয় তত টাকা খাজানাখানার রোকড় বহীতে খরচ লিখিতে হইবে এবং দৈনিক আয় ব্যয়ের বর্ণনপত্রে সদর খাজানাখানার সেই দিনের দত্ত টাকার মধ্যে ধরা যাইবে। এই প্রকারে যে খরচ লেখা যায় তাহার জমা নাই। এই হেতুক যে শাখাখণ্ডের উপর দিন যে চ্যাক দেওয়া যায় সেই শাখাখণ্ডসংক্রান্ত বর্ণনপত্রে ঐচ্যাকের টাকা জমা করিতে হইবে, এই প্রকারে জিলার সাধারণ উদ্বর্ত্ত টাকা শুদ্ধভাবে থাকিবে।

পরন্তু বিলের পরিশোধে যে চ্যাক দেওয়া যায় তাহার টাকা শাখাখণ্ডে দেওয়া গেলেই দৈনিক আয় ব্যয়ের বর্ণনপত্রে লেখা প্রয়োজন হইবে এবং ঐ চ্যাকের যত টাকা শাখাখণ্ডের প্রতিদিনের হিসাব-অনুসারে দেওয়া যায় তাহা ঐ বর্ণনপত্রে প্রত্যেক শাখাখণ্ডের নামে মোটে লিখিতে হইবে।

চ্যাকের যে দুই রেজিষ্টরের কথার পুর্ব্বে উল্লেখ হইয়াছে তাহার মধ্যে চ্যাকের যে টাকা শাখাখণ্ডে দেওয়া যায় তাহা এবং শাখাখণ্ডের দৈনিক হিসাব সাবধানে ভিন্ন রাখিতে হইবে। এবং প্রতি দিনের যে চ্যাকের টাকা না দেওয়া গেল তাহার পৃথক দুই থান ফর্দ্দ করিতে হইবে। ২ নম্বরের চ্যাকের অর্থাৎ বিল পরিশোধের নিমিত্তে যে চ্যাক দেওয়া যায় তাহার তৎকালীন অদত্ত টাকা অর্থকোষের রোকড় বহীর উদ্বর্ত্ত টাকার সঙ্গে সংযোগ করিতে হইবে তাহা হইলে প্রতিদিনের উদ্বর্ত্ত টাকার ফর্দ্দ মিলিবে।

সাধারণ যে ব্যক্তিদের কোন টাকা প্রাপ্য হয় তাঁহারা জিলার খাজানাখানাহইতে গ্রহণ করিতে পারেন কিম্বা শাখাখণ্ডের অর্থকোষে টাকা থাকিলে স্বেচ্ছাক্রমে তাহাহইতেও লইতে পারেন এই কথা কালেকুটর সাহেবেরা মনে রাখিবেন।

কালেকুটর সাহেবেরা শাখাখণ্ডের কার্য্যকারকের নামে চ্যাক দিবার পূর্ব্বে সেই চ্যাকের উপযুক্ত টাকা তাঁহাদের হাতে আছে কি না এই বিষয় সতর্ক হইয়া দৃষ্টি করিবেন।

শাখাখণ্ডে যে টাকা ন্যস্ত হয় তাহা পুনঃগ্রহণের প্রার্থনাপত্র প্রথমে সেই শাখাখণ্ডের কার্য্যকারকের নিকটে করিতে হইবে তাঁহার হাতে টাকা না থাকিলে তিনি শাখাখণ্ডের ন্যস্ত টাকার রেজিষ্টরে লিখিয়া সদর খাজানাখানায় টাকা পাইবার প্রার্থনাপত্র পাঠাইবেন।

শাখাখণ্ডের অর্থকোষে যে সকল টাকা থাকে তাহা মাসের শেষে দৈনিক হিসাবে বিস্তারিত করিয়া লেখা যাইবে এবং সদর রিপোর্টে লিখিতে হইবে তাহা লিখিবার নিয়ম আকৌণ্টাণ্ট জেনরল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ১৮ সেপ্টেম্বর।]

the Accountant-General's Circular No. 35, dated 23rd September 1865.

H. SANDEMAN.
H. L. DAMPIER.
J. R. PUGHE, *Lieut.-Col.*
T. BRUCE LANE.

সাহেবের ১৮৬৫ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের ৩৫ নম্বরের সরক্যুলরে নির্দিষ্ট হইয়াছে।

এচ শাণ্ডিমান।
এচ এল ডাম্পিয়র।
লেপ্টেনেণ্ট কর্ণেল জে আর পিউ।
টি ব্রুস লেন।

From the HON'BLE A. EDEN, Secretary to the Government of Bengal, to the Secretary to the Government of India, Financial Department, —(No. 342T., dated Darjeeling, the 8th May 1866.)

WITH reference to your office letter, No. 770, dated the 6th February, 1864, I am directed to forward, for submission to His Excellency the Governor General in Council, a copy of a letter dated the 10th ultimo, from Mr. T. B. Lane, a member of the Committee appointed by the Lieutenant-Governor to consider the subject of the establishment of sub-divisional treasuries, enclosing the report of the Committee together with a set of draft rules which they have drawn up for approval.

2. As the scheme proposed by the Committee has worked successfully in the Nuddea Division, and as the draft rules seem simple and efficacious, His Honor strongly recommends for sanction the general extension of the system to all sub-divisions in the Lower Provinces, the only cost likely to be incurred, by the measure being the purchase of a secure treasure chest for each sub-division.

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী মান্যবর শ্রীযুত এ ইডেন সাহেবের দারজিলিঙ্গে লিখিত ১৮৬৬ সালে ৮ মে তারিখের ৩৪২ T নম্বরের পত্র।

শাখাখণ্ডে অর্থকোষ করিবার কর্ত্তব্যতা বিচারার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কমিটী নিযুক্ত করিয়াছিলেন তোমার কার্য্যালয়সংক্রান্ত ১৮৬৪ সালের ৬ ফেব্রুআরি তারিখের ৭৭০ নম্বরী পত্রের উপলক্ষে সেই কমিটীর মেম্বর শ্রীযুত টি বি লেন সাহেবের গত মাসের ১০ তারিখের পত্রের প্রতিলিপি মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরলের সম্মুখে অর্পণ করিবার জন্যে প্রেরণ করিতেছি। তাহার সঙ্গে কমিটীর রিপোর্ট এবং তাঁহারা অনুমোদনার্থে যে বিধির পাণ্ডুলিপি প্রেরণ করিলেন তাহাও পাঠাইলাম।

২। কমিটীর সাহেবেরা যে নিয়মের প্রস্তাব করেন তদনুসারে নদীয়া শাখাখণ্ডে কার্য্য সফলরূপে সম্পাদিত হইয়াছে। পাণ্ডুলিখিত বিধিও সহজ ও ফলোপধায়ক বোধ হয়। এই হেতু বঙ্গপ্রভৃতি দেশের সকল শাখাখণ্ডে সেই নিয়মানুসারে কার্য্য সম্পাদন করিবার অনুমতি দেওয়া শ্রীযুত দৃঢ়মতে পরামর্শ দিতেছেন। ইহাতে প্রত্যেক শাখাখণ্ডের নিমিত্তে ধন রাখিবার দৃঢ় সিন্দুক ক্রয় করণের খরচ ভিন্ন অধিক টাকা ব্যয় হইবার সম্ভাবনা নাই।

From E. H. LUSHINGTON, ESQ., Secretary to the Government of India, Financial Department, to the Secretary to the Government of Bengal,—(No. 1102, dated Simla, the 20th June 1866.)

I AM directed to acknowledge the receipt of your letter No. 342T, dated the 8th May 1866, submitting the report of the Committee appointed by the Hon'ble the Lieutenant-Governor to consider the subject of the establishment of sub-divisional treasuries, from which it appears that the experiment made in Nuddea has proved successful, and that the Committee are of opinion that the system should be generally extended to all sub-divisions in the Lower Provinces.

2. It is observed that the extension of the system will not entail on the State any additional expense on account of establishment, and that any surplus that may accrue in the sub-divisional treasury in excess of the sums which may be required for disbursement will be duly remitted to to the sudder treasury.

বঙ্গদেশের গবর্ণমেন্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের শিমলাতে লিখিত ১৮৬৬ সালের ২০ জুন তারিখের ১১০২ নম্বরের পত্র।

শাখাখণ্ডে অর্থকোষ করিবার কর্ত্তব্যতা বিবেচনার্থে মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কমিটী নিযুক্ত করিলেন সেই কমিটীর রিপোর্ট সহিত ১৮৬৬ সালের ৮ মে তারিখের ৩৪২ T নম্বরী তোমার পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে দৃষ্ট হইল যে নদীয়াতে পরীক্ষার্থে যে কার্য্য দর্শন হইয়াছে তাহা সফল হওয়াতে বঙ্গপ্রভৃতি দেশের সকল শাখাখণ্ডে ঐ নিয়ম প্রচলিত করা কমিটীর অভিপ্রায়।

২। আরো ঐ নিয়ম প্রচলিত হইলেও কর্ম্মচারিদের নিমিত্ত রাজকীয় ব্যয় বৃদ্ধি হইবে না এবং শাখাখণ্ডের অর্থকোষইতে খরচ দিবার জন্যে যে সকল টাকা প্রয়োজন তদ্ভিন্ন যাহা উদ্বৃত্ত থাকে তাহা নিয়মমতে সদর খাজানাখানায় পাঠান যাইবে এই কথা ব্যক্ত হইয়াছে।

3. On this understanding the Governor General in Council is pleased to accede to the recommendation of the Committee, and to approve of the rules proposed by them.

4. It is stated by the Committee, of which the Inspector-General of Police was a Member, that no Special Police Guard is required for the sub-divisional treasury. This being so, the charge* for Police Guards for sub-divisional treasuries in the districts of the Coast Circle, *viz.*, on account of twenty-three Head Constables and ninety-two Constables, should cease.

৩। সেই নিয়মেতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কমিটীর পরামর্শতে সম্মত হইয়া তাঁহাদের প্রস্তাবিত বিধি অনুমোদন করিয়াছেন।

৪। পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব উক্ত কমিটীর মেম্বর ছিলেন সেই কমিটীতে লিখিয়াছেন যে শাখাখণ্ডের অর্থকোষের নিমিত্তে পোলীস সংক্রান্ত বিশেষ কোন নায়কের প্রয়োজন নাই। তাহা হইলে সমুদ্রাঞ্চল প্রদেশের নানা জিলার শাখাখণ্ডে অর্থকোষের নিমিত্তে ২৩ জন হেড কনষ্টবলের ও ৯২ জন কনষ্টবলের যে খরচ * হইয়া থাকে তাহা রহিত করা উচিত।

No. 6.

Attention is drawn to the Notification of the Government of Bengal, dated 26th July, published at p. 1381 of the *Calcutta Gazette* by which Commissioners and Collectors are authorized to grant the general or special sanction necessary, under Section 35, Act XX of 1865, before any person not an enrolled Revenue Agent may commence and prosecute any businsss on behalf of another in a Revenue Office in the Lower Provinces.

The Notification has been already embodied in the Board's Rules (*p.* 195, *Clause* 17).

৬ নম্বর।

কলিকাতা গেজেটের ১৩৮১ পৃষ্ঠায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের ২৫ জুলাই তারিখের যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহাতে মনোযোগ করিবার আদেশ হইতেছে। কোন ব্যক্তির নাম রেবিনিউ এজেণ্ট স্বরূপে নামাবলীতে লেখা না গেলে তিনি ১৮৬৫ সালের ২০ আইনের ৩৫ ধারাক্রমে সাধারণ কি বিশেষ অনুমতি পত্র প্রাপ্ত না হইয়া বঙ্গপ্রভৃতি দেশের রাজস্ব সম্পর্কীয় কোন কার্য্যালয়ে অন্য কোন ব্যক্তির পক্ষে কোন কার্য্য আরম্ভ ও অনুষ্ঠান করিতে পারেন না উক্ত জ্ঞাপনপত্রক্রমে কমিস্যনর ও কালেক্টর সাহেবেরা সেই সাধারণ কি বিশেষ অনুমতি দিবার ক্ষমতাপন্ন আছেন।

ঐ জ্ঞাপনপত্র বোর্ডের বিধিতে লেখা হইয়াছে।

No. 7.

The Government having determined to supply to all Officers the "Revenue, Civil, and Criminal Reporter," which is published, bi-monthly, by Messrs. Wyman & Co., the separate issues of the Board's Circular Orders and Selections of High Court Decisions will, henceforth, be discontinued.

The Circular Orders from January 1864 to May 1866, inclusive, are, therefore, to be bound up separately as soon as an index, now under preparation, is completed.

The Reporter consists of several Parts, and in binding up each Volume, Officers must be careful to place the pages of each Part in consecutive order.

৭ নম্বর।

শ্রীযুত ওয়াইমান কোম্পানি মাসে দুইবার রেবিনিউ ও সিবিল ও ক্রিমিনল রিপোর্ট নামক পুস্তক প্রকাশ করিবেন গবর্ণমেণ্ট সেই পুস্তক সকল কার্য্যকারকের নিকটে পাঠাইতে স্থির করিয়াছেন অতএব বোর্ডের সরকুলর অডর ও হাই কোর্টের সংগৃহীত নিষ্পত্তি স্বতন্ত্র পাঠান যাইবে না।

১৮৬৪ সালের জানুআরি মাস অবধি ১৮৬৬ সালের মে মাস পর্য্যন্ত যে সকল সরকুলর অর্ডর হইয়াছে তাহার সূচীপত্র এক্ষণে প্রস্তুত করা যাইতেছে হইলে পর ঐ সকল সরকুলর একত্র বাঁধিতে হইবে।

ঐ রিপোর্ট ভিন্ন২ অংশে বিভক্ত আছে অতএব পুস্তক বাঁধিতে গেলে কার্য্যকারকেরা প্রত্যেক অংশ পৃষ্ঠার সংখ্যানুসারে সাজাইতে মনোযোগ করিবেন।

---

* *Vide* paragraph 9 of Financial Resolution, No. 1500, dated 29th March 1866.

* ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ১৮৬৬ সালের ২৯ মার্চ তারিখের ১৫০৯ নম্বরের যে নির্দ্ধারণ হইয়াছে তাহার ৯ প্রকরণ দেখ।

The following alterations are now to be made in the Board's Rules:—*Page* 173, *Rule I.* 3, for "are issued in monthly parts, which are supplied as" substitute "appear in the Revenue, Civil, and Criminal Reporter, which is supplied bi-monthly."

Page 158, *Rule* 7, for "the Board's Circular Orders and Selected High Court Rulings" substitute "the Revenue Civil and Criminal Reporter."

Page 203, *Rule* 6, for "Board" substitute "Government" and after "Office," substitute for the remainder of the Rule as follows, "of the Revenue, Civil, and Criminal Reporter, which contains amongst other matters all the decisions of the High Court in Revenue and Civil matters. It is issued twice a month."

For "Rule 7" substitute—"The several parts of the publication are to be carefully collected together, and the whole bound in one volume, as soon as each volume is completed." Rule 8, for "these decisions" substitute "the decisions of the High Court."

No. 8.

Attention is drawn to the following Government Notification, which is to be added to the Board's Rules at page 202.

26. Under Section 7, Act II. Bengal Code of 1864, the Government of Bengal notified on the 20th July as follows:—Whenever, in a suit instituted in any Civil Court, it shall appear to the satisfaction of the Judge that the personal attendance of any prisoner, cofined in any Civil Jail, is necessary either as a party or witness in that suit, it shall be competent to the Court to issue a writ, under its hand and seal, addressed to the Officer in chage of the Jail, calling upon him to make over charge of the prisoner named therein to an Officer of the Court to be deputed for the purpose of producing him in Court at a time to be specified in the warrent. The Officer so deputed shall be responsible for the safe custody of the prisoner from the time he receives charge of him until he is re-commited to the Jail.

It is to be understood that the word "Civil" includes "Revenue" Courts.

৮ নম্বর।

গবর্ণমেন্টের নিম্নলিখিত জ্ঞাপনপত্রের প্রতি মনোযোগ করিবার আদেশ হইতেছে সেই জ্ঞাপনপত্র বোর্ডের বিধির ২০২ পৃষ্ঠায় লিখিতে হইবে।

২৬। বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ২ আইনের ৭ ধারামতে বঙ্গদেশের গবর্ণমেণ্ট জুলাই মাসের ২০ তারিখে এই জ্ঞাপনপত্র প্রকাশ করেন। দেওয়ানী আদালতে কোন মোকদ্দমা উপস্থিত হইলে কোন দেওয়ানী জেলখানায় কারাবদ্ধ কোন ব্যক্তির সেই মোকদ্দমার এক পক্ষ কি সাক্ষিস্বরূপে স্বয়ং উপস্থিত হইবার আবশ্যক বিচারকর্ত্তা যদি ইহা হৃদোধমতে জ্ঞাত হন, তবে কারারক্ষকের নামে আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত এই মর্ম্মের আজ্ঞাপত্র দিতে পারিবেন যে ঐ আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ঐ ব্যক্তিকে আদালতে উপস্থিত করিবার জন্যে এই আদালতহইতে যে কার্য্যকারক প্রেরিত হইবেন তাঁহারি হস্তে সমর্পণ করিবা। তদ্রূপে যে কার্য্যকারক প্রেরিত হন তিনি যে সময়ে সেই বন্দিকে আপনার রক্ষণে লন সেই সময় অবধি যত কাল তাহাকে কারাগারে সমর্পণ না করেন ততকাল পর্য্যন্ত তাহার নির্ব্বিঘ্নে থাকার বিষয়ে তিনিই দায়ী।

এই স্থলে দেওয়ানী আদালত শব্দে রাজস্ব সম্পর্কীয় আদালতও গণ্য জানিবা।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ODRERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 32.

To all Judges of Courts of Small Causes in the Mofussil,—(dated Calcutta, the 15th August 1866.)

ALL Judes of Courts of Small Cases constituted under Act XI of 1865, are hereby informed that the Rules prescribed by the High Court in pursuance of Section 37 of Act XX of 1865, and published in every issue* of the *Calcutta Gazette* for July 1866, so far as they are applicable, extend to Courts of Small Causes.

* Vide Nos. of the *Gazette*, dated 4th, 7th, 11th, 18th, and 25th.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৩২ নম্বর।

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তৃগণ সমীপেষু।

কলিকাতা, ১৮৬৬ সাল ১৫ আগস্ট।

১৮৬৫ সালের ১১ আইনমতে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজদিগকে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৬৫ সালের ২০ আইনের ৩৭ ধারামতে হাই কোর্ট যে সকল বিধি নির্দ্দিষ্ট করিয়াছেন সেই সকল বিধি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি বর্ত্তিবে। সেই বিধি ১৮৬৬ সালের জুলাই মাসের ২৪ ও ৩১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইয়াছে।

[*Government Gazette,* 18*th September* 1866.]

The following special Rule is laid down for Small Cause Courts in the Mofussil :—

RULE 8A.

The amount in respect of the fee of an adversary's pleader, when allowed in any Miscellaneous proceeding or for any other matter than that of appearing, acting or pleading in a suit prior to decree, shall be fixed by the Court according to the following scale, *viz.* :—

One Rupee to 6 Rupees in proceedings connected with cases not exceeding Rs. 500 in value.

The above scale apply to will applications under Section 53 or 55 of the Indian Registration Act XX of 1866.

By Order, &c.,
(Signed) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিমিত্তে নিম্ন লিখিত বিশেষ বিধি প্রণীত হইল। যথা

৮ক নিয়ম।

ডিক্রী হওয়ার পূর্ব্বে কোন মোকদ্দমাতে উপস্থিত হওয়া বা কার্য্য অথবা তর্ক করা ভিন্ন অন্য কোন বাবতে বা কোন মোতফরক্কা কার্য্যে বিপক্ষের উকীলের যে রসুম দেওয়া যায় তাহার পরিমাণ আদালত নিম্ন লিখিত নিরীখমতে নির্দ্ধারিত করিবেন, যথা

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under Act or Bye-laws, and the fees to be so charged shall be from time to time adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall

৫২। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৬ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভষ্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বতোভাবে ভষ্মসাৎ না করিয়া দাহনস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপে আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশত সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিসানরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামজ্ঞেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উম্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডাহ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তৎবেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিসানরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমতানুসারে সময়েং পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল

produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

63. No person shall tether or graze cattle, goats, or other animals, or cause to be tethered or cause or allow them to stray on any public highway except with the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

64. The penalty laid down for infringing bye-laws is in each case the maximum.

H. UIICK BROWNE,
Chairman.

The 12*th October* 1866.

COMMILLAH MUNICIPALITY.

HIS Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 85, Act III. (B. C.) of 1861, having directed the publication of the following Bye-laws for the Commillah, in supersession of the existing ones, in the *Calcutta* and *Bengalli Gazettes*, they are hereby published for general information —

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say .—

The instalment payable on account of the quarter ending	31st July. „ Oct. „ Jan. 30th April.	May be levied on and after.	1st May „ Aug „ Nov. „ Feb

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the seal of the Commissioners to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেইং অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিস্যনর অথবা তাহাদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউন্সিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিরষ্ট হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট কান প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা।

৬৩। কমিস্যনরদিগের অনুমতি ভিন্ন সাধারণ রাস্তার উপর স্বযং অথবা অপর কাহার দ্বারা কেহ কোন পশু ও ছাগল্যাদি ছাঁদিয়া দিতে, চরাইতে বা ছাড়িয়া দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০ টাকা।

৬৪। এই উপবিধি সকল লংঘনে যেং পরিমাণ জরিবানা নির্দ্ধারিত করা হইয়াছে প্রত্যেক মোকদ্দমায় উহার অন্যূন দণ্ড হইবেক না।

এচ ইউলিক ব্রৌন,
চ্যারমান।

১৮৬৬ সাল ১২ অক্টোবর।

কমিল্লার মুনিসিপলিটী।

১৮৬৪ সালের ৩ আইনের ৮৫ ধারার মর্ম্মমতে শ্রীশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিল্লা সহরের নিমিত্তে প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশিত হইল।

যে সময়ে ও যেমতে টাক্স ও রেট আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের উল্লিখিত রেট এবং টাক্স ত্রৈমাসিক কিস্তি অনুসারে আদায় করিতে হইবেক যে তিন মাসের জন্যে ঐ কিস্তি আদায় হইবেক তাহার আরম্ভেতেই টাক্স দেনা গণ্য হইবেক, এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইবেক। যথা

টাক্সের কিস্তি যেং ত্রৈমাসিকের শেষে দেয হইবেক	৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ৩০ এপ্রিল	যে তারিখে কিম্বা যে তারিখের পর আদায় হইবে	১ মে ১ আগষ্ট ১ নবেম্বর ১ ফেব্রুআরি

২। এই আইনের ২৯ ও ৩৯ ধারামতে যে লিষ্টী প্রস্তুত করা যায় তদ্দৃষ্টে তহসীল আমলা বিল প্রস্তুত করিবেক। ঐ প্রকার প্রস্তুত করা বিল কমিস্যনরগণের মোহরক্রমে টাক্স উসুলকারি অধস্থ আমলাকে দেওয়া যাইবে, এবং সে উক্ত বিল, বিলের লিখিত ব্যক্তির নিকট নিম্নাঙ্কিত রীতিমতে উপস্থিত করিবে।

3. Every collecting Officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality a n d the signatureof the Chairman Every collecting Officer at the time of demanding time of demanding payment shall be bound to show this certificate if required.

৩। প্রত্যেক তহসীল কার্য্যকারককে তহসীল করার জন্যে এক সর্টিফিকটের দ্বারা ক্ষমতা দেওয়া যাইবে এবং এই প্রকার সর্টিফিকটে মিউনিসিপল আফিসের মোহর ও চ্যারমেনের দস্তখৎ থাকিবে। তহসীলের আমলার টাক্স আদায়ের সময় প্রয়োজন হইলে ঐ সর্টিফিকেট দেখাইতে হইবে।

4. The collecting Officer taking the money in payment of any demand shall give the receipt for it.

৪। তহসীলের আমলা টাক্স আদায় করনান্তর তজ্জন্য রসিদ দিবে।

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

৫। কোন স্বত্বাধিকারির নাম জানা না থাকিলে এই আইনমতে যে সকল নোটিস কি বিল কি অন্যান্য কাগজাত জারি হয় তাহাতে বিশেষ বর্ণনা ব্যতীত কেবল মাত্র যে সম্পত্তির উপর রেট ধার্য্য হয় তৎস্বত্বাধিকারি বলিয়া লিখিলেই যথেষ্ট হইবে।

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

৬। ঐ আক্টের লিখিত রেট ও টাক্স সম্পার্কীয় যে টাকা প্রাপ্য হয় তাহার বাবত প্রত্যেক বিল তল্লিখিত ব্যক্তির নিজ হস্তে দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে। নতুবা উক্ত বিল তাহার বাসস্থানে রাখিয়া আসিতে হইবে। এই প্রকার জারি হইলেও ৪৪ ধারামতে জারি হইযাছে বলিয়া গণ্য করা যাইবে।

7. The Officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

৭। যে তহসীলের কর্ম্মচারীকে এই প্রকার বিল জারি করিবার নিমিত্তে দেওয়া যায সে জারি করিবার সময অথবা জারি করার প্রথম দিবসাবধি দশ দিবসের মধ্যে টাকা উস্থল করিবে।

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the Office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a Criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

৮। কমিসানরগণ কোন ব্যক্তি হইতে আইনমতে লিখিত পরওয়ানা দ্বারা কোন তপসীল বা রিটর্ণ তলব করিলে ও এই অকটের ৮১ ধারার মর্ম্মমতে তাহার উপর কোন পরওযানা জারি হইলে তাহাকে ঐ পরওযানা জারির তারিখাবধি ১ সপ্তাহের মধ্যে ঐ তপসীল বা রিটর্ণ দাখিল করিযা দিতে হইবে, কেহ এতদ্বিষয় অবহেলা করিলে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, অথবা ঐ প্রকার সতর্ক করার পরে উল্লিখিত কাগজাদি দাখিল করিতে অবহেলা করিতে থাকিলে প্রতি দিন ২৲ টাকার অনধিক দণ্ড হইবে যদি কেহ মিথ্যা কি অশুদ্ধ তপসীল বা রিটর্ণ দাখিল করে তাহা হইলে তাহার ৫৲ টাকা দণ্ড হইবে এবং ঐরূপ কার্য্য ন্যায্যমত চালাইবার জন্য দণ্ডবিধির আইনানুসারে তাহার উপর কোন ফৌজদারি মোকদ্দমা চালাইতে এই অতিরিক্ত নিয়মে কোন বাধা জন্মাইবে না।

9. Every owner, occupier or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any Coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person

৯। এই আক্টের ৩৫ ধারামতে টাক্স যোগ্য কোন গাড়ী বা জন্তু কাহারো গৃহে বা আস্তবলে আছে বলিয়া বিশ্বাস হইলে কমিস্যনরগণ কি তাহারদের লিখিত আদেশ দ্বারা নিযুক্ত কোন ব্যক্তি তথায় প্রবেশ করিয়া পরিদর্শন করিতে চাহিলে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত যে কোন সময় হউক উক্ত গৃহ বা আস্তবলের স্বত্বাধিকারী বা দখলকার প্রভৃতি তাহাকে কোন বাধা জন্মাইতে পারিবে না। কমিস্যনরগণকে

obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting Officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting Officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining Officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining Officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

কি তাহারা ঐ প্রকার প্রবেশ করিয়া দর্শন করিবার নিমিত্তে যাহাকে নিযোজিত করেন তাহাকে কেহ ঐ প্রকার প্রবেশ বা পরিদর্শন করিতে বাধা জন্মাইলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইবে।

১০। কমিসানরগণ অন্য হুকুম না করিলে এই আক্টমতে যে ক্রোক হইবে তাহা তহসীল কর্ম্মচারীর দ্বারা নির্ব্বাহ হইবে এবং ক্রোকী মাল নীলাম বিক্রী করা কিম্বা বাকীদার হইতে প্রাপ্য টাকা উসুল হওয়া পর্য্যন্ত উক্ত কর্ম্মকারকের জেম্মায় থাকিবে এবং তাহার এই আক্টের উল্লিখিত সি, চিহ্নিত ফারমমতে ক্রোকী মালের এক ফর্দ্দ দাখিল করিতে হইবে।

১১। ক্রোক হওয়ার পরক্ষণেই ক্রোক করণিয়া কার্য্যকারক ক্রোক করার দিনাবধি অন্যূন সাত দিনের পরে কোন ক্রোকী মাল নীলামে বিক্রয় জন্য বাকিদারের বাসস্থানে এক নোটিস লটকাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোল পিটাইয়া সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইবে।

১২। নীলামে বিক্রয় হইবার পরক্ষণেই বিক্রীত বস্তুর মূল্য আদায় হইবেক ও বিক্রীত বস্তু খরিদ্দারকে বুঝাইয়া দিতে হইবেক যদি ক্রেতা সমুদায় মূল্যের টাকা আদায় করিতে অসমর্থ হয় তবে ক্রোককারী সেই দিনে কি অন্য কোন সময়ে আপন বিবেচনামতে পুনরায় সেই মাল বিক্রয় করিলে তাহা আইনসিদ্ধ গণ্য হইবে ও ঐ প্রকারে যত টাকার ক্ষতি হয় তাহা কমিসানরগণের প্রাপ্য টাকার স্বরূপ উক্ত খরিদার হইতে আদায় করা যাইবে।

কমিসানরগণ কর্ত্তৃক নিযুক্তীয় ব্যক্তিদিগের চরিত্র সংশোধন বিষয়ক নিয়ম।

১৩। যে সকল ব্যক্তিদিগকে কমিসানরগণ নিযুক্ত করেন তাঁহারদিগকে কর্ম্মে রাখা প্রয়োজন না হইলে তাঁহারদিগকে পূর্ব্বে সংবাদ কিম্বা এক মাসের অগ্রিম বেতন দিয়া অবসর করা যাইতে পারিবেক এবং ঐ প্রকারের কোন কর্ম্মকারক এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করিতে পারিবে না, যদি করে তবে তাহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

১৪। কমিসানরগণের অধীনস্থ আফিসে যে সকল ব্যক্তি নিযুক্ত আছে কিম্বা পরে নিযুক্ত হইবে তাঁহারদিগকে কমিসানরগণ সময়ে২ যত টাকার জামিন লওয়া আবশ্যক বোধ করেন তত টাকার জামিন উপযুক্ত সময়ের মধ্যে দিতে হইবে। কোন ব্যক্তি কমিসানরগণের নির্দ্দিষ্ট সময় মধ্যে ঐপ্রকার জামিন দিতে না পারিলে উক্ত কর্ম্মের প্রতি তাহার দাবি থাকিবেক না তাহাকে পদচ্যুত করা যাইবে।

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior Officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

১৫। ইহা যদি প্রমাণ হয় যে কমিসানরগণকর্তৃক নিয়োজিত কোন কর্ম্মকারক কোন আইন কি রীতি অথবা ক্ষমতাপন্ন হাকিমের হুকুম আপন ইচ্ছামতে অবহেলা করে কিম্বা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে ত্রুটি করে কি বিনা অনুমতিতে অথবা এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া আপন কর্ম্ম ত্যাগ করে কিম্বা যে কার্য্য করাতে কি না করাতে কমিসানরগণের কোন প্রকার ক্ষতি হইতে পারে এমত কোন কর্ম্ম করে কি না করে অথবা আপন কর্ম্ম নিয়মিত পরিশ্রমের সহিত নির্ব্বাহ করিতে ত্রুটি করে অথবা কোন উপরিস্থ কর্ম্মচারির নিকট অবাধ্যতা কার্য্য জন্য দোষী হয় অথবা ন্যায্য বেতন ভিন্ন নিজের কি অন্যের নিমিত্তে কোন উৎকোচ গ্রহণ করে বা প্রাপ্ত হয় কি গ্রহণ করিতে স্বীকৃত হয় কি প্রাপ্ত হইতে চেষ্টা করে অথবা আপন পদে থাকিয়া কোন আপীসের কার্য্যসংক্রান্ত এমত কোন সমাচার প্রচার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে অথবা বিশ্বাস করে কিম্বা অন্য কোন আইনানুসারে শাস্তি পাওয়ার যোগ্য কোন কর্ম্ম করে তবে অন্য কোন আইনানুসারে তাহার প্রতি যে দণ্ড হইতে পারে তদ্ব্যতিরিক্ত তাঁহার এক মাসের অনধিক কালের বেতন দণ্ড হইবেক কিম্বা কমিসানরগণ তাহাকে যত কাল সস্পেণ্ড বা নিম্ন পদস্থ করিয়া রাখিতে স্থির করেন তত কাল তাহাকে ঐ প্রকার দণ্ডিত হইতে হইবে। কিম্বা তাহাকে সরাসরীরূপে কর্ম্মচ্যুত করা যাইবে। এই প্রকার পদচ্যুত ব্যক্তির চ্যারমেনের বিবেচনামতে এক মাসের অনধিক কালের প্রাপ্য বেতন ও এলোএন্স কর্ত্তন হইবে।

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

১৬। কমিসানরগণ দ্বারা নিযুক্ত কোন ব্যক্তির দুশ্চরিত্রতা অথবা আপন কর্ত্তব্য কর্ম্মের প্রতি শিথিলতার বিষয়ে তাহার বিরুদ্ধে চ্যারমেন কিম্বা ভাইস চ্যারমেন কোন মোকদ্দমা উত্থাপিত কি গ্রহণ কি তাহার তদারক করিতে পারিবেন।

17.* Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction, against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

১৭। কমিসানরগণের অধীনস্থ কোন কর্ম্মচারি কোন কর্ম্ম দ্বারা অথবা কোন কর্ম্মের ত্রুটি দ্বারা তাহারদের কোন ক্ষতি বা অপকার করিলে ক্ষমতাপন্ন আদালতে তাহার নামে ক্ষতি পূরণার্থ মোকদ্দমা উত্থাপন করিতে এই নিয়মে কোন বাধা জন্মাইবে না।

On matters of Conservancy.

পরিষ্কার বিষয়ক।

18. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

১৮। কমিসানরদের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থলে কোন পুষ্করিণী বা দীর্ঘিকা বা পয়ঃনালা বা গড়খাই খাদ করিতে বা করাইতে পারিবে না।

Penalty for infringement, Rupees 10, penalty for continued infringement after notice, Rupees 3 daily.

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

19. No person shall put, or cause to be put on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5, penalty for continued infringement after notice, 1 Rupee daily.

১৯। কোন ব্যক্তি কোন গৃহ বা অট্টালিকার উপর জল আনয়ন বা নির্গত হওনের জন্য নল অথবা অন্য কোন বস্তু এমত প্রকারে স্থাপন করিতে বা করাইতে পারিবে না যে যদ্দ্বারা ঐ জল নির্গত হইয়া কোন সাধারণ রাস্তার উপর পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ১৲ টাকা।

20. No person shall deposit, or cause to be deposited, in or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

২০। কোন ব্যক্তি কোন সাধারণ নর্দ্দমার বা তাহার পার্শ্বে এমত কোন বস্তু রাখিতে বা রাখাইতে পারিবে না যদ্দ্বারা ঐ নরদমা বন্দ বা বন্দ হইবার সম্ভাবনা হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা এবং সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘনের দণ্ড প্রত্যেক দিন ৩৲ টাকা।

21. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building or structure of any kind except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

২১। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাঁহারা যেরূপ আদেশ করিবেন তাহার বিপরীতে কেহ কোন সাধারণ নরদমার উপর বা তাহার ধারে সেতু, মঞ্চ অট্টালিকা বা কোনরূপ প্রকার গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

22. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

২২। কোন পতিত বৃক্ষ বা ঝোড়ের স্বামী কিম্বা যে স্থলে ঐ বৃক্ষ ও ঝোড় জন্মিয়া ছিল তাহার স্বামী কিম্বা দখলীকার কমিস্যনরদিগের হইতে সম্বাদ পাইয়া তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

23. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

২৩। কোন গৃহ প্রাচীর বা অন্য কোন গঠন কিম্বা তাহাদিগের কিয়দংশ কোন সাধারণ রাস্তা কিম্বা নরদমার উপর পতিত হইলে উক্ত গৃহের প্রাচীরের বা গঠনের স্বামী কমিস্যনরগণ হইতে সম্বাদ প্রাপ্তে তন্নির্দ্দিষ্ট কালের মধ্যে তাহা স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

24. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

২৪। কোন ব্যক্তি কোন সাধারণ রাস্তার উপর জল চলিবার পথ প্রস্তুত করিতে কিম্বা ঐরূপ প্রকার পথ দিয়া জল চালাইতে কমিস্যনরেরা যেরূপ প্রকার সম্মতি দিবেন তদ্ভিন্ন কোন প্রকারে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

25. No person shall steep in any tank, or ditch, within Municipal limits, any jute, hemp or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees, 5; penalty for continued infringement after notice, Rupees 2.

২৫। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা কোন নরদমাতে পাট, শন, অথবা অন্য প্রকার উদ্ভিজ্জ পদার্থ ভিজাইয়া রাখিতে পারিবে না যদ্দ্বারা ঐ পুষ্করিণী ও নরদমার জল নিকটস্থ ব্যক্তিদিগের পক্ষে অপকারি হওনের সম্ভব।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

26. No person shall, without the written permission of the Commissioners set up any

২৬। মিউনিসিপল কমিস্যনরদিগের লিখিত আজ্ঞা পত্র ব্যতীত কেহ কোন নরদমা বা নালা বন্দ করিতে

obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

28. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

29. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

30. No person shall in any way obstruct, or allow to be obstructed any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

31. Every owner, occupier or farmer of any bazar, shall within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement, Rupees 5 daily.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners,

পারিবে না যদি করে তবে সাধারণের স্বাস্থ্য রক্ষার্থে কমিস্যনরেরা তাহা স্থানান্তর করিতে আজ্ঞা দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৪৲ টাকা।

২৭। কোন নালা বা জলাশয়ের তীরস্থ ভূমির স্বামী বা দখলিকার উক্ত ভূমিতে ময়লা জমীতে অতিরিক্ত জঙ্গল হইতে বা অন্য কোন বাধা জন্মিতে দিবে না এবং সকল সময়েই মিউনিসিপল কমিস্যনরদিগকে অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাহাদিগের কর্ম্মচারিকে পরিষ্কার রাখিবার জন্যে উক্ত নালা বা নরদমা দেখিতে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

২৮। কোন ব্যক্তি শূকর সকল খোলা অথবা শূকর গৃহে বদ্ধ ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সম্বাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

২৯। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার বা ইজারদার তাহা উপযুক্ত মত পরিষ্কার ভিন্ন অন্য কোন অবস্থায় রাখিতে পারিবে না এবং উক্ত বাজারের বা দোকানের স্বামী বা দখলিকার কিম্বা ইজারদার অবিলম্বে পচা মৎস্য বা মাংশ ও উদ্ভিজ্জ পদার্থ সকল মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক স্থিরীকৃত স্থানে স্থানান্তর করিবে এবং এই বিষয়ের জন্য মিউনিসিপল কমিস্যনরগণ কর্ত্তৃক নিযুক্ত লোককে উক্ত বাজারের বা দোকানের স্বামী, দখলিকার বা ইজারদার সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত তত্তৎস্থানে প্রবেশ করিয়া তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩০। কোন বাজারের কোন গলি রাস্তা বা অন্য গমনাগমনের পথে বিক্রয়ার্থ কেহ কোন দ্রব্য রাখিয়া বা একত্র করিয়া কিম্বা রাখাইয়া বা একত্র করাইয়া তত্তৎ গলি রাস্তা বা গমনাগমনের পথ বদ্ধ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩১। প্রত্যেক বাজারের স্বামী দখলিকার বা ইজারদার মিউনিসিপল কমিস্যনরগণ হইতে আদেশ প্রাপ্ত হওনের তারিখ অবধি ১৪ দিনের মধ্যে তত্তদ্বাজারের স্বাস্থ্য রক্ষার্থ উক্ত কমিস্যনরগণ যেরূপ উত্তম বিবেচনা করিবেন তদ্রূপ সেতখানা ও মূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া দিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩২। মিউনিসিপল কমিস্যনরদিগের দ্বারা স্থান নির্দ্দিষ্ট হইলে ঐ স্থান ব্যতীত স্বীয় বাটীর বহির্ভাগে কেহ মল মূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৩। কমিস্যনরদিগের দ্বারা নিষেধিত হইলে কোন সাধারণ রাস্তাহইতে ১০ ফিটের মধ্যে কিম্বা

any tattee, privy, or urinal, within 20 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

35. No person shall carry night soil through the streets, except between the hours of 9 P. M. and 5 A. M., or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable or cook house to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20, penalty for continued infringement after notice, Rupees 5 daily.

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish or other matter of a noisome kind, for more than twelve hours in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

38 All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of 6 A. M. and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

40. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof

ঐ পরিমাণের ন্যূন কোন ক্ষুদ্র বাটীর মধ্যে টাটি সেতখানা, কিম্বা মূত্র ত্যাগের স্থান, প্রস্তুত করিতে কিম্বা করাইতে কিম্বা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৩৲ টাকা।

৩৪। কেহ সাধারণ রাস্তার সম্মুখে কোন সেতখানার দ্বার রাখিতে পারিবে না এবং যদি তাহার উক্ত প্রকার দ্বার থাকে তবে কমিসনরদিগের নিকট হইতে তদ্বিষয়ের সংবাদ প্রাপ্ত মাত্রই তাহার পরিবর্ত্তন করিয়া লইবেক।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ২৲ টাকা।

৩৫। অপরাহ্ণ ৯ ঘন্টা হইতে পূর্ব্বাহ্ণ ৫ ঘন্টার মধ্যে ব্যতীত কেহ কোন সাধারণ রাস্তা দিয়া এবং উত্তমরূপ আবরিত পাত্র ব্যতীত ময়লা লইয়া যাইতে পারিবে না এবং কমিসনরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য স্থানে উক্ত ময়লা রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৬। কোন কারখানা অথবা ব্যবসার নিমিত্ত অন্য কোন স্থান আস্তবল এবং পাকের ঘর হইতে ময়লা নির্গত হইয়া কোন নদীতে, নালাতে, খালেতে, পুষ্করিণীতে, বা নরদমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা সংবাদ প্রাপ্তের পর ক্রমাগত লংঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

৩৭। যদ্দ্বারা কাহার বিরক্ত জন্মাইতে বা সাধারণের স্বাস্থ্য ভঙ্গ হইতে পারে এমত কোন স্থানে বা রূপে কেহ ১২ ঘন্টার অতিরিক্ত কালপর্য্যন্ত ময়লা আবর্জ্জনা গোবর, অস্থি মৃত্যু দেহ, ধূলা, বা অন্য কোন প্রকার দুর্গন্ধময় পদার্থ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৩৮। মিউনিসিপল কমিসনরগণ যে সকল ধূলা মাটি, ও রাবিস স্থানান্তর করিতে প্রবৃত্ত হইবেন তদসমুদয় আবর্জ্জনা পূর্ব্বাহ্ণ ৬ ঘন্টা হইতে ৮ ঘন্টার মধ্যে যে বাটীর আবর্জ্জনা সেই বাটীর প্রবেশ পথের অনতি দূরে সাধারণ রাস্তার ধারে প্রত্যহ রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৯। কোন ব্যবসায়, বাণিজ্যের বা কারখানার ময়লা কমিসনরদিগের নির্দ্ধারিত খরচ না পাইলে স্থানান্তর করিবেন না। এবং এই প্রকার স্থানান্তর করণের যে খরচ তাহা কমিসনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন।

৪০। সাধারণ রাস্তা, বাটী, সেতখানা, নর্দ্দমা, এবং শেসপুল হইতে যে সকল ধূলা, মাটি, ছাই, বিষ্ঠা, গোবর ও রাবিসাদি মিউনিসিপল কমিসনরগণকর্ত্তৃক সংগৃহীত হইবে তৎসমুদায় উক্ত কমিসনরগণের সম্পত্তি হইবে এবং তাহাদিগের বিবেচনামতে তৎসমুদায় তাহারা বিক্রয় করিতে পারিবে না এবং এইরূপ বিক্রয়ের দ্বারা যে অর্থ লব্ধ হইবেক তাহা ডিষ্ট্রিক্ট

shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

41. No person shall put on any wall or on any roof of a house, or on any bank or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel, or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

42. Every person, within whose premises any animal may die, shall, within two hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcasses to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the Conservancy Overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said Overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No Overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

43. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

44. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried in any burial ground, any corpse, or part of a

মিউনিসিপল ইমপ্রুভমেন্ট আক্টের কার্য্যে পর্য্যবসিত হইবেক।

৪১। জ্বালাইবার কারণ কিম্বা অপর কোন জন্য কেহ কোন প্রাচীরে কিম্বা কোন গৃহের ছাতের উপর গাছে কিম্বা সাধারণ রাস্তার সম্মুখে কোন স্থানে গোবর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

৪২। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ২৪ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্র প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে তাহার মৃত দেহ নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরিউক্ত ব্যক্তির না হয় যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহারদের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৩। কোন ব্যক্তি কোন রোগ গ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৪। কমিস্যনরগণ সময়ে২ যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে কেহ কোন শব বা শবাংশ রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৫। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোন প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে চারি ফুটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে জমির উপরি ভাগ হইতে মৃতদেহ কি তদংশ

corpse, in a grave not constructed of masonry except in such a manner that there may be at least 4 feet of earth between the corpse or part of a corpse and the surface ground.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

49. No person shall build or dig or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corps, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt within 6 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

52. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

53. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

54. No person while carrying any corpse or part of a corpse, through the precincts falling within Municipal limit, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

55. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dessection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

56. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

57. The Commissioners may cause to be put up or painted in a conspicuous part of any house building, wall, or place in any highway, the name

মধ্যে অন্যূন চারিফিট স্থল না রাখিয়া কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের দুই ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে মিউনিসিপল কমিসানরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। মিউনিসিপল কমিসানরগণের অনুমতি ভিন্ন যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রথিত করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। যে কোন ব্যক্তি কোন শব দাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৬ ঘন্টার মধ্যে দাহ করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। কোন ব্যক্তি কোন শবদাহ স্থানে কোন শব বা শবাংশ দাহ করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতোভাবে ভস্মসাৎ না করিয়া উক্ত দাহস্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপ আচ্ছাদিত ভিন্ন কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৪। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণ বশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। যে সকল শব বা শবাংশ ব্যবচ্ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৬। কমিসানরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

নানা বিষয়ক।

৫৭। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর বা ইমারত, প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিসানরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নাম

by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

58. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing, any such number, shall be liable to a fine of Rupees 5.

59. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

60. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and show his license when required to do so by any Commissioner or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

F. G. MILLET,
Chairman.

OFFICE OF THE MUNICIPAL COMMISSIONERS OF COMMILLAH.

খের কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহাই নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডাহ্ হইবেক।

৫৮। মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্য স্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা পুঁছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত পাট্টার ফীস গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত ফীসের হার গবর্ণমেণ্টের অনুমত্যানুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬০। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তির পাট্টা লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ পাট্টার কোন মিউনিসিপল কমিস্যনর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

এফ জি মিলেট,
চ্যারমেন।

কমিল্লা মিউনিসিপল কমিস্যনরদিগের কার্য্যালয়।

LAND ADVERTISEMENT.

মিবিষয়ক ইশ্তিহার।

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৬৬ সালের ১ নবেম্বর ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৬ সাল তারিখ ৫ অক্টোবর।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪১ নং কীং পরগনে মুড়াগাছা মৌজে হুদীয়া ওগয়রহ লিখিত মালিক জয়গোপাল সরকার সদর জমা কোম্পানি ৭০৩।৶/১১

J. S. CARSTAIRS,
for Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৩০ অক্টোবর।]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অক্টোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত ০
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মুখোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আ-ইনানুসারে রকম ১৮।৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮।৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬॥৵০ ৯৩৩।০ বাকী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বৰ্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বৰ্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বৰ্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ন সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বৰ্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অক্টোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নং সমুদ্রগড়ি পরগণে সাতসৈকা মালিক শ্রীমতী রহিমন নেছা বিবি দিগর সদর জমা ২৭১০॥১১ টাকা
৫১৭৭ নং চর চণ্ডীপুর পঃ জাহাঙ্গিরাবাদ মালিক ফজলর রহিম সদর জমা ৫১১৸/১১ টাকা

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি এই যে।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার নিম্নে লিখিত মহালাত মালগুজারী বাকী বাবৎ ১৮৬৬ ইং ২০ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা ৬ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার এ জিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং ২৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তাং ১৪ আশ্বিন।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

নম্বর রেজিষ্টরী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	
১২৯৮	পঃ সরাইল কিং ।৶০ আনা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৬৭৫৸৵১০	২০৯৮॥৭	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।
১২৯৯	পঃ সরাইল কিং ।/১২ গণ্ডা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৮৫০।৶৩	২১৫১॥৶২	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

F. G. MILLETT,
Collector.

[*Government Gazette,* 30*th October* 1866.]

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা চট্টগ্রাম।

এহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহালাত মালগুজারীর বাকী বাবৎ ইংরাজী ১৮৬৬ সালের ১ নবেম্বর তারিখে মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলার তারিখ ১৬ কার্ত্তিক রোজ বৃহস্পতিবার এই কালেক্টরি কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজী তারিখ ৫ অকুটোবর।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

৫১। ২৯ নং তরফ আলেয়ার খাঁ মালিক সাহামত আলী ও দেওয়ান বিবি চৌধুরাণী ও আকবর আলী খাঁ ও জিন্নত আলী খাঁ সদর জমা ১৬০৬৻৯

১৮৯৪। ৩৫৯ নং তরফ মাগণ ঘনেশ্যাম মালিক ভৈরবচন্দ্র ও মাহাৎ দৌলত ও তারিণীচরণ শর্ম্মা সদর জমা ৫৬০।/০

২৫৬২। ৫১১ নং তরফ রামভদ্র কাননগো মালিক অর্জ্জুন ধন ভারতি মহন্ত ও বন্নিজান বিবি ও ভৈরবচরণ ও চণ্ডীচরণ ও ছাদক আলি মুন্শী ও দুর্গাচরণ দাস ও গিরীশচন্দ্র দাস ও ইন্দ্রনারায়ণ চৌধুরী ও কালীচরণ ও মাগন দাস ও মছরুল্লা মুন্শী ও নিত্যানন্দ সেন ও পীতাম্বর ও পীতাম্বর কাননগোয় ও রাজচন্দ্র ও রামদাস ও রামমোহন সেন ও রামসুন্দর সেন ও রাধাকান্ত ভারতি ও রামসুন্দর ও কালীকিঙ্কর মহন্ত ও তারিণীশঙ্কর কাননগোয় ও ত্রিপুরাচরণ ও অন্নদাচরণ ও নিত্যানন্দ সেন ও ষষ্ঠীচরণ চৌধুরী ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ ধর ও বৈষ্ণবচরণ পোদ্দার ও রামসেবক পোদ্দার ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জ্জুন ভারতি মহন্ত ও অর্জুন ভারতি মহন্ত ও গোলাম হোচন ও চণ্ডীচরণ ধর ও রামসেবক বন্নিক ও আবদুল্লা নীলামদার ও ষচন্তীরণ ও ঈশানচন্দ্র কাননগো ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও দিগম্বর সেন ও উজীর আলি প্রকাশ পোত্তন ও তারিণীচরণ বিশ্বাস ও হারিদাস দে ও গোকুলচন্দ্র দে ও আরাধন দেব ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও রামসাগর ধর ও উমাচরণের মধ্যে রামসুন্দর সেন ও তস্য ভ্রাতা রামমোহন সেন ও দুর্গাদাস ও ও ছাদক আলী মুন্মুশী ও নিত্যানন্দ সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও চণ্ডীচরণ নন্দী ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জ্জুন ভারতি মহন্ত ও পীতাম্বর কাননগো ও গোলাম হোচন ও ঈশানচন্দ্র কাননগোয় ও অবশিষ্ট হিস্যা জের বাটওয়ারাসূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ষষ্ঠীচরণ চৌধুরীর মবলগ ১৯৷৷১১ পাই জমার বাকিপড়া হিস্যা নীলাম হইবেক মছলম মহালের সদর জমা ৯২০।৵০

২৫৮৮। ৫৪৩ নং নীলাম রামমোহন ইমাম সরীফ মালিক রামমোহন সেন ও রামসুন্দর সেন সদর জমা ৫৫০।৵৬

R. H. WILSON,
Deputy Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১০ অক্টোবর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 6, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ৬ নবেম্বর।

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL.

No. 4930.

APPOINTMENTS.

The 29th October 1866.

Mr. W. C. Muller to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Bhaugulpore Division, to be posted to Darjeeling, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

The 30th October 1866.

Moulvy Obedoollah, Deputy Magistrate and Deputy Collector of Jessore, is transferred to Dinagepore, and vested with the powers of a Magistrate in the latter District.

This cancels the unexpired portion of the leave granted to him under orders of the 22nd ultimo.

Mr. W. O'Reilly to be Secretary to the Local Committee of Public Instruction at Balasore.

NOTIFICATION.

The 29th October 1866.

The leave granted to Captain H. P. W. Wynch, District Superintendent of Police, Hazareebaugh, under orders of the 17th instant, is cancelled at his own request.

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৯৩০ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৯ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ সি মলর সাহেব ভাগলপুরখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইয়া দারজিলিঙ্গে অবস্থিতি করিবেন ও ঐ খণ্ডের সকল কি কোন জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৩০ অক্টোবর।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওবেদুল্লা দিনাজপুরে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

তিনি গত মাসের ২২ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান উক্ত নিয়োগক্রমে তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

শ্রীযুত ডবলিউ ওরাইলি সাহেব বালেশ্বরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

বিজ্ঞাপন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিসানর অথবা তাহারদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিষ্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিষ্টরী হইবেক তাহার স্বামী উক্ত রেজিষ্টরীর টিকিট উক্ত শকটাদির কোন প্রকাশ্য স্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫ টাকা।

জে মনরো।
চ্যারমেন।

যশোহরের মুনিসিপল দফ্তরখানা। }
১৮৬৬ সাল ২৯ অক্টোবর। }

বিজ্ঞাপন।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের নর্থ ডিবিজনের (১) বাটী সকলের মূল্য ও জমির পরিমাণ সকল নিশ্চিত করা হইয়াছে ও যে বহীতে ঐ মূল্য ও নিরূপিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা ব্যয়ে বেলা ১১ ঘণ্টা নাগাদ ৪ ঘণ্টার সময় সকলের মধ্যে সাধারণকর্ত্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক, জষ্টিস অব দি পিস সকলে ২৬ নবেম্বর তারিখঅবধি ঐ লিখিত করের সংশোধনজন্য আপীল সকল শুনিতে আরম্ভ করিবেন,

অর্থাৎ যে সকল বাটীর নম্বর দক্ষিণ শোভাবাজার ষ্ট্রীট, উত্তর অন্নপূর্ণা ঘাট, পূর্ব্ব চিতপুর রোড, পশ্চিম রিভার হুগলী।

The Justices will, on the 26th day of November instant, proceed to revise the said valuation and assessment, and to hear all appeals connected therewith, but no such appeal can be heard unless the amount of rate has been deposited with the Justices, in accordance with the Provisions of Section 27 of Act VI of 1866, B. C., on or before the 22nd day of November instant, and unless such appeal be preferred by the person who at the time the appeal is made shall be recorded in the said Book as the owner of the premises to which such appeal refers, or by the occupiers thereof, or by their Agents.

ROBT. TURNBULL,

Secretary to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE,
1, CHOWRINGHEE ROAD;
Calcutta, 1st November 1866.

কিন্তু ৬ আইনের ১৮৬৬ সালের ২৭ ধারানুসারে রেট আগত নাগায়েদ ২২ নবেম্বর অবধি জমা রাখিয়া আপীল করিলে গ্রাহ্য হইবেক। এবং যাহাদিগের নাম বাটীওয়ালা ও ভারাটীয়া কিম্বা এজেন্ট বলিয়া বহীতে লেখা যায়, তাহাদিগের আপীল শুনা যাইবেক।

আদেশানুসারে,

রবার্ট টরণবুল,

জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটর।

জষ্টিস অব দি পিসদিগের আফিস,
১ নং চৌরঙ্গী রোড,
কলিকাতা, ১ নবেম্বর ১৮৬৬ সাল।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৬ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৬। ২ অকুটোবর মোং সন ১২৭৩। ১৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মাহাল	নাম তালুকদারান	সদর জমা	কৈফিয়ত
১	প্রথম শ্রেণী মাহাল	৯	কিঃ পরগনে কাশিপুর পঃ কাশিপুর	কাশিনাথ চৌধুরী সুভদ্রা নিত্যকালী ভুবনেশ্বরী কমলমণী সর্ণময়ী ভোলানাথ তারিণীপ্রসাদ তারাসুন্দরী শিবসুন্দরী মম্মোহণ ঘোষ ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা	৮০৭৪৫৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন আইনানুসারে রকম ১৮৷৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৵০ বাদ চন্দ্রমুখী দাস্যা রকম ১৮৷৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় জমা ৪৬৬৷৵০ ৯৩৩৷০ বাকী ৭১৪০৸৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখি দাস্যার অংশ বাদে অন্যান্য সরিকানের অংশ নীলাম হইবেক

W. L. HEELEY,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৬ সালের নাগাদী ২৮ সেপ্টেম্বর তলবের সরকারী

বাকী মালগুজারীর আদায়ের নিমিত্তে সন ১৮৬৬ সালের ১৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৫ অগ্রহায়ণ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৬ সাল তারিখ ৫ অকুটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৫৮ নং সমুদ্রগড়ি পরগণে সাতসৈকা মালিক শ্রীমতী রহিমণ নেছা বিবি দিগর সদর জমা ২৭১০।।১১ টাকা
৫১৭৭ নং চর চণ্ডীপুর পং জাহাঙ্গিরাবাদ মালিক ফজলর রহিম সদর জমা ৫১১৸৴১১ টাকা

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা ত্রিপুরা।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি এই যে।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার নিম্নে লিখিত মহালাত মালগুজারী বাকী বাবৎ ১৮৬৬ ইং ২০ নবেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা ৬ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার এ জিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ ইং ২৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তাং ১৪ আশ্বিন।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

নম্বর রেজিস্টরী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	
১২৯৮	পং সরাইল কিং ।৶০ আনা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৬৭৫৸৵১০	২০৯৮।।৭	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।
১২৯৯	পং সরাইল কিং ।৴১১ গণ্ডা	নবকৃষ্ণ রায় রাজকৃষ্ণ রায়	১১৮৫০।৶৩	২১৫১।।৶২	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

F. G. MILLETT,
Collector.

[*Government Gazette, 6th November* 1866.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 13, 1866.

মঙ্গলবার ১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

Simla, the 2nd October 1866.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it are published for general information by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

A Bill to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen, and Passengers by Sea ; It is hereby enacted as follows :—

PART I.

Preliminary.

[Short Title. Commencement of Act.]

I. This Act shall be called "The Indian Shipping Act, 1867," and shall come into operation on the 1st of March 1867.

দেশীয় ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

শিমলা। ১৮৬৬ সাল ২ অক্টোবর।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে মন্ত্রিসভা হয় তাহার কার্য্য চালাইবার বিধির ১৯ ধারামতে আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপি এবং অভিপ্রায় ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বাণিজ্য জাহাজ ও নাবিক ও সমুদ্রপথে গমনশীল লোকসম্পর্কীয় আইন সংশোধন ও সংগ্রহ করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাণিজ্য জাহাজ এবং নাবিক ও সমুদ্রপথে গমনশীল ব্যক্তিদের বিষয়ে যেং আইন আছে তাহা সংশোধন করিয়া সংগ্রহ করা বিহিত এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম ও আইন প্রচলিত হইবার বিষয়ের কথা।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় জাহাজসংক্রান্ত ১৮৬৭ সালের আইন" নামে খ্যাত হইবে ও ১৮৬৭ সালের মার্চ মাসের ১ দিবসাবধি প্রচলিত হইবেক ইতি।

[Repeal of Acts.]

II. The Acts specified in the first Schedule hereto are hereby repealed, except as to the repeal of Acts and parts of Acts effected thereby; and except as to acts done, penalties incurred, and agreements made before the passing of this Act. All things duly done under any of the Acts hereby repealed shall be considered as having been done under this Act.

[Interpretation Clause.]

III. In this Act, unless there be something repugnant in the subject or context:—

"British India" means the territories which are or may become vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic., Cap. 106, entitled "Act for the better Government of India;"

"Magistrate" includes a Magistrate of Police appointed under Act No. XIII. of 1856 (*for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several Stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca*), a Joint-Magistrate and any person lawfully exercising the powers of a Magistrate and a Justice of the Peace, and, at the Port of Aden, the Political Resident and his Assistant;

["Local Government."]

"Local Government" means the person or persons for the time being immediately administering the executive Government of that portion of British India where the port or place in question is situate;

"Ship" includes every description of vessel used in navigation not propelled by oars;

["Home-trade ship."]

"Home-trade ship" includes every ship employed in trading between any ports of the said territories, or between any port of the said territories and any port or place on the Continent of India, or in the Island of Ceylon;

["Foreign-going ship."]

"Foreign-going ship" includes every ship employed in trading between any port of the said territories and any port or place not in the said territories, nor on the Continent of India nor in the Island of Ceylon;

["Master."]

"Master" includes every person (except a pilot) having command or charge of any ship;

["Seaman."]

"Seaman" includes every person (except masters, pilots, and apprentices) employed or engaged in any capacity on board any ship;

[গবর্ণমেন্ট গেজেট ১৮৬১ । ১৩ নবেম্বর ।]

[যেং আইন রহিত হইল তাহার কথা ।]

২ ধারা। এই আইনের প্রথম তফসীলে যেং আইনের উল্লেখ হইয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু সেইং আইনের যে কথাদ্বারা অন্য আইনের কি আইনের কোন অংশ রহিত করা গেল তাহা বলবৎ থাকিবে এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কার্য্য করা যায় ও যে দণ্ড বর্ত্তে ও যে নিয়মপত্র করা যায় তৎসম্পর্কে পূর্ব্বোক্ত আইন রহিত হইবে না। এতৎক্রমে যেং আইন রহিত হইল তন্মধ্যে কোন আইনক্রমে যে সকল নিয়মিত কার্য্য করা যায় তাহা এই আইনক্রমে করিবার তুল্য জ্ঞান হইবে ইতি।

[অর্থ করণের ধারা ।]

৩ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাক্রমে অসঙ্গত না হইলে এই আইনেতে—

মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইন অর্থাৎ ভারতবর্ষের সুশাসনার্থ আইনদ্বারা যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তদীয় উত্তরাধিকারিদের প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সকল দেশ বুঝায়।

"কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশের পুলিসের বিধান করণার্থ" ১৮৫৬ সালের ১৩ আইনমতে পুলিসের যে মাজিষ্ট্রেট নিযুক্ত হন তিনি এবং জাইন্ট মাজিষ্ট্রেট ও যে কোন ব্যক্তি আইনক্রমে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তিনি ও শান্তিরক্ষার্থ জুষ্টিস এবং আদেন বন্দরে পলিটিকাল রেসিডন্ট সাহেব ও তাঁহার আসিস্টাণ্ট এই সকল কার্য্যকারক "মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে গণ্য।

[স্থানীয় গবর্ণমেন্ট ।]

লক্ষিত বন্দর কি স্থান ব্রিটনীয় ভারতবর্ষের যে খণ্ডে থাকে সেই খণ্ডে যে ব্যক্তি কি ব্যক্তিরা যৎকালে কর্ত্তৃত্ব কার্য্যের অব্যবহিত নিরূপণাধিকারী হন "স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে।

যে কোন প্রকারের জলযান দাঁড় দ্বারা বাহিত না হয় জাহাজ শব্দে সেই পোত বুঝাইবে।

[দেশীয় বাণিজ্য জাহাজ ।]

উক্ত দেশের অন্তর্গত বন্দরের মধ্যে কিম্বা উক্ত দেশের এবং ভারতবর্ষ মহাদ্বীপের কিম্বা সিংহলদ্বীপের অন্তর্গত অন্য বন্দরের কি স্থানের মধ্যে যে জাহাজ বাণিজ্য দ্রব্য লইয়া গমনাগমন করে তাহা "দেশীয় বাণিজ্য জাহাজ" শব্দে গণ্য।

[দেশান্তরগামি জাহাজ ।]

উক্ত দেশের অন্তর্গত বন্দরের এবং উক্ত দেশের কিম্বা ভারতবর্ষ মহাদ্বীপের কি সিংহল দ্বীপের বহির্ভূত কোন বন্দরের কি স্থানের মধ্যে যে প্রত্যেক জাহাজ বাণিজ্য দ্রব্য লইয়া গমনাগমন করে "দেশান্তরগামি জাহাজ" শব্দে ঐ জাহাজ বুঝাইবে।

[অধ্যক্ষ ।]

আড়কাটিভিন্ন যে ব্যক্তি কোন জাহাজের অধ্যক্ষতা কি তত্ত্বাবধান করেন "অধ্যক্ষ" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

[নাবিক ।]

অধ্যক্ষ ও আড়কাটি ও শিক্ষার্থি ভিন্ন যে ব্যক্তি জাহাজের যে কোন কর্ম্মে নিযুক্ত কি প্রবর্ত্ত থাকেন নাবিক শব্দে তাঁহাকে বুঝাইবে।

"Section" and "Part" respectively mean Section and part of this Act.

[Number. Gender.]

Words importing the singular number include the plural: words importing the plural number include the singular: and words importing the masculine gender, include females.

["Person."]

"Person" includes any Company or Association or body of persons whether incorporated or not.

[Nothing in Act to apply to British and Foreign Navies.]

IV. Nothing herein contained shall apply to ships belonging to or in the service of Her Majesty or belonging to any foreign Government; and nothing in Parts III to XIII, both inclusive, except as otherwise hereinafter provided, shall extend to any ship belonging to the subjects of any foreign Government.

PART II.

Of the Registry of Ships.

[Ships to be registered. Certificate of Registry.]

V. No ship shall be deemed a British ship under the proclamation issued by the Governor General of India in Council pursuant to the Statute 3rd and 4th Vic., Cap. 56, entitled "An Act to regulate the trade of ships built and trading within the limits of the East India Company's Charter," unless the person or persons claiming property therein shall have caused the same to have been registered at some one of the ports hereinafter mentioned in British India, and shall have obtained a certificate of such registry from the person authorised to make such registry, and grant such certificate as hereinafter directed. Such certificates shall be in the following form :—

"This is to certify that in pursuance of "The Indian Shipping Act, 1867" (*here insert the name or names, and occupation and residence, of subscribing owner or owners*) having made and subscribed the declaration required by the said Act and having declared that he (*or* they) together with (*names, occupations, and residence of non-subscribing owners*), is (*or* are) sole owner (*or* owners, in the proportions specified on the back hereof), of the ship called the (*ship's name*), of (*place at which the ship shall be registered*), which is of the burthen of (*number of tons*), and whereof (*master's name*) is master; and that the said ship was (*when and where built,*) and (*name and employment of Surveying Officer*) having

"ধারা" ও "খণ্ড" শব্দে এই আইনের ধারা ও খণ্ড বুঝাইবে।

[বচন ও লিঙ্গ।]

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য ও বহুবচনান্ত শব্দের মধ্যে একবচনান্ত সেই শব্দ গণ্য। ও পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও ধর্ত্তব্য।

[ব্যক্তি।]

কোন কোম্পানি কি সমাজ কি ব্যক্তিগণ সমবায়িত হউন কি না হউন ব্যক্তি শব্দের মধ্যে তাঁহাদিগকেও বুঝাইবে ইতি।

[এই আইনগত কোন কথা ব্রিটনীয় ও ভিন্ন দেশীয় জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।]

৪ ধারা। এই আইনের লিখিত কোন কথা শ্রীশ্রীমতী মহারাণীর কি তদীয় সেবাতে নিযুক্ত কিম্বা ভিন্ন দেশীয় কোন গবর্ণমেন্টের জাহাজের প্রতি বর্ত্তিবে না এবং ৩ অবধি ১৩ পর্য্যন্ত সমস্ত খণ্ডের যেং কথা ভিন্ন দেশীয় কোন রাজার প্রজাগণের কোন জাহাজের প্রতি এই আইনের বিধানক্রমে বর্ত্তান যায় তদ্ভিন্ন ঐং খণ্ডের কোন কথা ঐং জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি।

দ্বিতীয় খণ্ড।

জাহাজ রেজিস্টরী করণের বিধি।

[যে প্রকারের জাহাজ রেজিস্টরী করিতে হইবে তাহার ও রেজিস্টরী হইবার সংশিতপত্রের কথা।]

৫ ধারা। যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা কোন জাহাজে স্বামিত্বের দাওয়া করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত পশ্চাৎ লিখিত কোন এক বন্দরে ঐ জাহাজ রেজিস্টরী না করান ও সেই রেজিস্টরী করিবার ও নিম্ন লিখিত সংশিতপত্র দান করিবার ক্ষমতাপন্ন ব্যক্তির স্থানে ঐ রেজিস্টরী হইবার সংশিতপত্র প্রাপ্ত না হন, তবে "কোম্পানি বাহাদুরের চার্টরলিখিত দেশের সীমার মধ্যে নির্ম্মিত ও বাণিজ্যে নিযুক্ত জাহাজ দ্বারা বাণিজ্যের বিধান করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার তৃতীয় ও চতুর্থ বৎসরের ৫৬ অধ্যায়ের আইনক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে ঘোষণাপত্র প্রচার করেন উক্ত জাহাজ সেই পত্রানুযায়ি ব্রিটনীয় জাহাজ জ্ঞান হইবে না। সংশিতপত্রের পাঠ এই।—

ভারতবর্ষীয় জাহাজসংক্রান্ত ১৮৬৭ সালের আইনেতে যে পরিজ্ঞাপনপত্র করিবার আদেশ হইয়াছে (নিম্নভাগে লিখিতব্য স্বামির কি স্বামিদের নাম ও ব্যবসায় ও বাসস্থান এই স্থলে লিখিতে হইবে) ইহাঁরা উক্ত আইন অনুসারে সেই পত্র করিয়া স্বাক্ষর করিয়াছেন এবং তিনি (কি তাঁহারা) ও তৎসহিত শ্রীঅমুক অমুক (যে স্বামিরা নিম্নভাগে নাম লেখেন নাই তাঁহাদের নাম ও ব্যবসায় ও বাস লিখিতব্য) (জাহাজ যে স্থানে রেজিস্টর হইল সেই স্থানের) অমুক নামাখ্য জাহাজের (অদ্বিতীয়) স্বামী (কিম্বা এই পত্রের পৃষ্ঠে লিখিত অংশমতে স্বামী) আছেন ইহা প্রকাশ করিয়াছেন। সেই জাহাজে এত টন বোঝাই ধরে। অধ্যক্ষের নাম শ্রী অমুক। ঐ জাহাজ অমুক সময়ে অমুক স্থানে নির্ম্মিত হইয়াছিল, এবং (ঐ জাহাজের অবস্থাদির অনুসন্ধান কর্ত্তা অমুক ব্যবসায়ি) শ্রী অমুক আমাদিগকে নিশ্চিত-

certified to us that the said ship has (*number*) decks and (*number*) masts, that her (*here insert the measurement as ascertained by the rules hereinafter mentioned* that she is (*how rigged*) rigged with a (*standing or running*) bowsprit, is (*description of stern*) sterned, (*carvel or clincker*) built, has (*whether any or no*) gallery, and (*kind of head, if any*) head; and the said subscribing owner or owners having consented and agreed to the above description, the said ship called the (*name*) has been duly registered at the port of (*name of port*), certified under our hands at, the Custom House, in the said port of *name of port*, this (*date*) day of (*name of month*) in the year (*words at length*).

(Signed) ————

Collector or Registrar of Shipping.

And on the back of such Certificate of Registry there shall be an account of the parts or shares held by each of the owners (where there are more owners than one) mentioned and described in such certificate, in the form and manner following:—

Names of several owners within mentioned.			Number of shares held by each owner.
Name	...	...	Thirty-two.
Name	...	...	Sixteen.
Name	...	...	Eight.
			&c., &c."

(Signed) ————

Collector.

[Ports of Registry.]

VI. The ports at which registration shall be made, shall be the ports of Calcutta, Madras, Bombay, and such other places subordinate to the Local Governments of British India, as such Governments respectively may, from time to time, declare to be registering ports under this Act: Provided that ships built at any place other than any of such ports shall be allowed to make their first voyage to any of such ports, being the ports at which it is intended they shall be registered under a certificate to be granted by the Principal British Officer at the place where the ship is built, or if there be no British Officer in authority there, then by three merchants of such place. Such certificate shall contain all the particulars with regard to the ownership and description of the ships contained in a Certificate of Registry, and shall specify the ports at which it is intended that they shall respectively be registered, and shall have all the effect of a Certificate of Registry under this Act, during the first voyage from the place of building to the ports at which the ships respectively shall be afterwards registered: Provided

মতে জ্ঞাত করিয়াছেন যে উক্ত জাহাজের এত তুতক এত মাস্তুল ও নিম্নলিখিত বিধিমতে মাপ নিরূপণ করিয়া জাহাজের এত পরিমাণ ও রজ্জুআদি অমুক প্রকারে সজ্জিত হইল তাহার বোস্পৃটের রজ্জু কপিকলের মধ্য দিয়া (কি কলভিন্ন) সজ্জিত আছে, তাহার পশ্চাৎ ভাগ অমুক প্রকারের, তক্তা সোজাসুজি (কি স্তরেং) গাঁথা আছে, তাহার পশ্চাৎ ভাগে গালরী আছে (কি নাই) ও অগ্রভাগে অমুক প্রকারের প্রতিমূর্ত্তি আছে (কি নাই।) এবং উক্ত স্বামী (কি স্বামিরা) জাহাজের উক্ত বর্ণনা যথার্থ স্বীকার করিয়াছেন। অতএব অমুক নামা উক্ত জাহাজ অমুক নামক বন্দরে উপযুক্তমতে রেজিস্টরী করা গিয়াছে। উক্ত নামক বন্দরের কষ্টম হৌসে আমরা অমুক সালের (বৎসরের সংখ্যা অক্ষরে লিখিতে হইবে) অমুক মাসের অমুক দিবসে এই সংশিতপত্র দিয়া তাহাতে স্বাক্ষর করিলাম ইতি।

স্বাক্ষর।

কালেক্টর কি শিপিং রেজিষ্ট্রার।

ঐ সংশিতপত্রে যদি দুই কি তদধিক জন স্বামির নাম লেখা থাকে তবে প্রত্যেক জনের যত অংশ কি ভাগ আছে তাহা ঐ রেজিস্টরীর সংশিতপত্রের পৃষ্ঠে নিম্ন প্রকারে লিখিতে হইবে। যথা,

এই সংশিতপত্রের লিখিত স্বামিদের নাম।			প্রত্যেক জনের যত অংশ।
নাম	...	...	বত্রিশ।
নাম	...	...	ষোল
নাম	...	...	আট ইত্যাদি।

স্বাক্ষর।

কালেক্টর।

[রেজিস্টরী করিবার বন্দর।]

৬ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরে জাহাজের রেজিস্টরী হইতে পারিবে। এবং ব্রিটনীয় ভারতবর্ষের নানা স্থানীয় গবর্ণমেন্ট সময়েং আপনারদের অধীন যেং স্থান এই আইনমত রেজিস্টরী করিবার বন্দর প্রকাশ করেন সেইং স্থানে রেজিস্টরী হইতে পারিবে। কিন্তু যদি কোন জাহাজ পূর্ব্বোক্ত কোন বন্দরভিন্ন অন্য স্থানে নির্ম্মিত হয়, তবে নির্ম্মাণস্থানে ব্রিটনীয় যে প্রধান কর্ম্মচারী থাকেন তিনি সংশিতপত্র দিলে, কিম্বা সেই স্থানে ব্রিটনীয় কোন কর্ম্মচারী না থাকিলে ঐ স্থানের তিন জন বণিক সংশিতপত্র দিলে, পূর্ব্বোক্ত যে কোন বন্দরে রেজিস্টর করিবার অভিপ্রায় থাকে, জাহাজ প্রথম যাত্রায় সেই বন্দরে যাইতে পাইবে। রেজিস্টরীর সংশিতপত্রে জাহাজের স্বামিত্বের ও বর্ণনার যেং বিবরণ লিখিতে হয়, ঐ সংশিতপত্রেও সেই সকল কথা এবং যে বন্দরে জাহাজ রেজিস্টরী করিবার অভিপ্রায় হয় তাহাও লিখিতে হইবে। এবং জাহাজের নির্ম্মাণ স্থানহইতে রেজিস্টর হইবার স্থানপর্য্যন্ত জাহাজের প্রথম যাত্রাসম্পর্কে ঐ সংশিতপত্র এই আইনমতে রেজিস্টরীর সংশিতপত্রের তুল্য বলবৎ হইবে। কিন্তু পূর্ব্বোক্তমতে প্রথম যাত্রায় গমনশীল ঐ জাহাজ রেজিস্টরী হইবার নিমিত্তে যত কাল সেই প্রথম যাত্রায় গমন করিতেছে কেবল তত কালপর্য্যন্ত ব্রিট-

that such ship so proceeding on their first voyage as aforesaid shall be deemed British ships only whilst duly prosecuting such first voyage for the purpose of registry, and if they be not registered within a reasonable time after their arrival at the port of registry, the owner or master of such ship shall be liable, on information in any Court in British India by the Advocates-General of the respective Presidencies, to a penalty not exceeding five thousand Rupees.

[Registrars.]

VII. The persons authorized to make such registry, and to grant such certificates as aforesaid, shall be the collector of duties at any port in the said territories, and such other different persons as the Local Government may, from time to time, appoint in that behalf.

[Book of Registry.]

VIII. At every port where registry shall be made in pursuance of this Act a book shall be kept by the Registering Officer in which all the particulars contained in the form of the Certificate of the Registry hereinbefore directed to be used shall be duly entered. Every registry shall be numbered in progression, beginning such progressive numeration at the commencement of each year: And such Registering Officer shall forthwith, or within one month at the furthest, send to the Local Government to which he is subordinate a true copy, together with the number of every certificate which shall be by him so granted.

[Declaration.]

IX. No registry shall henceforth be made or certificate be granted, until the following declaration be made or subscribed before the Registering Officer, by the owner or major part of the owners of the ship required to be registered:—

I, *A B*, of (*place of residence and occupation*), do truly declare that the ship (*name*) of (*port or place*) whereof (*master's name*) is at present master, being (*kind of build, burthen, &c., as described in the certificate of the Surveying Officer*), was (*when and where*) built, and that I the said (*A B*) and the other owners (*names and occupations, if any, and where they respectively reside*) am (*or* are) sole owner (*or* owners) of the said ship, and that no other person or persons whatever hath or have any right, title, interest, share or property therein or thereto; and that I the said (*A B*) and the said other owners (if any) am (*or are*) truly and *bonâ fide* a subject (*or* subjects) of Her Majesty for whom the Governor General of India in Council has power to legislate, and that no person not

মীয় জাহাজ জ্ঞান হইবে। সেই রেজিষ্টরী বন্দরে পঁহুছিবার পর যদি উপযুক্ত সময়ের মধ্যে রেজিষ্টরী না হয়, তবে ঐ২ প্রেসীডেন্সীর আডবোকেট জেনরল সাহেব ব্রিটনীয় ভারতবর্ষের কোন আদালতে সেই কথা জ্ঞাত করিলে ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের পাঁচ সহস্র টাকার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্ট্রারদের কথা।]

৭ ধারা। পূর্ব্বোক্ত দেশের অন্তর্গত কোন বন্দরে যিনি মাস্তল আদায় করিবার কার্য্যে নিযুক্ত হন তিনি, এবং স্থানীয গবর্ণমেন্ট অন্য কি তদ্ভিন্ন যে ব্যক্তিদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহারা, পূর্ব্বোক্ত রেজিষ্টরী করিতে ও সংশিতপত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[রেজিষ্টরী বহীর কথা।]

৮ ধারা। যে প্রত্যেক বন্দরে এই আইন অনুক্রমে রেজিষ্টরী কার্য্য করা যায, সেই বন্দরে রেজিষ্টরী কার্য্যকারক একখানা বহী রাখিবেন। উপরি ভাগে রেজিষ্টরীর সংশিতপত্র যে পাঠে করিবার আজ্ঞা হইয়াছে সেই পাঠে যে সকল বিবরণ লেখা গেল, তাহা ঐ বহীতে লিখিতে হইবে। রেজিষ্টরী বহীতে যে প্রত্যেক বিযয লেখা যায় তাহাতে ১, ২, ক্রমে নম্বর দেওয়া যাইবে। প্রতি বৎসরের আরম্ভে ১ অবধি নম্বর দিতে হইবে। উক্ত রেজিষ্টরী কার্য্যকারক কোন সংশিতপত্র দিলে পর, স্থানীয যে গবর্ণমেন্টের অধীন হন সেই গবর্ণমেন্টে অগৌণে কিম্বা গৌণ হইলে এক মাসের অনধিক কালের মধ্যে ঐ সংশিতপত্রের নম্বরসহিত তাহার অবিকল প্রতিলিপি প্রেরণ করিবেন ইতি।

[পরিজ্ঞাপনের কথা।]

৯ ধারা। যে জাহাজের রেজিষ্টরী করিতে হইবে, তাহার স্বামী কি স্বামিরদের মধ্যে অধিকাংশ ব্যক্তি রেজিষ্টরী কার্য্যকারকের সম্মুখে নিম্ন লিখিত কথা পরিজ্ঞাপন ও তাহাতে স্বাক্ষর না করিলে, রেজিষ্টরী করা যাইবে না ও সংশিতপত্র দেওয়া যাইবে না। পরিজ্ঞাপনপত্রের মর্ম্ম এই।

অমুক বন্দরের কি স্থানের অমুক নামক জাহাজে অমুক সাহেব এক্ষণে অধ্যক্ষ আছেন, (সরবেয়র কার্য্যকারক সাহেবের সর্টিফিকটে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্রূপে নির্ম্মিত ও এত মণ বোঝাইধারী) সেই জাহাজ অমুক সময়ে অমুক স্থানে নির্ম্মিত হইয়াছিল। ও অমুক স্থানবাসি শ্রী অমুক আমি ঐ জাহাজের একি স্বামী (কিম্বা অনেক স্বামী থাকিলে) আমি, এবং (অমুক২ স্থানবাসি অমুক২ ব্যবসায়ী শ্রী অমুক ও শ্রী অমুক প্রভৃতি) আমরা ঐ জাহাজের স্বামী আছি। তাহাতে অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক কি অংশ কি স্বামিত্ব নাই। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর যে প্রজারদের পালনার্থ ব্যবস্থা করিতে ক্ষমতাপন্ন হন, উক্ত শ্রী অমুক আমি এবং উক্ত অন্য স্বামিরা সত্য ও প্রকৃত তদ্রূপ প্রজা। ও যে জন পূর্ব্বোক্তরূপ প্রজা নহে উক্ত জাহাজে

being subject as aforesaid, directly or indirectly, hath any share or part interest in the said ship.

Provided that if the Registering Officer shall see occasion to doubt the truth of any of the facts contained in the above declaration, he shall not deem such declaration to be conclusive, but may refuse the registry or certificate; and his discretion exercised in this behalf shall be subject only to an appeal to the Local Government to which he is subordinate.

[Further declaration where requisite number of joint owners do not attend]

X. In case the required number of joint owners of any ship shall not personally attend to make and subscribe the declaration hereinbefore directed to be made and subscribed, then and in such case such owner as shall personally attend and make and subscribe the declaration aforesaid, shall further declare that the part owner or part owners of such ship then absent, is or are not resident within twenty miles of such port or place, and hath or have not, to the best of his knowledge or belief, wilfully absented himself in order to avoid the making the declaration hereinbefore directed to be made and subscribed, or is prevented by illness from attending to make and subscribe the said declaration.

[Measurement to be made]

XI. Previous to the registering or granting of any Certificate of Registry as aforesaid, some person appointed by the Local Government, taking to his assistance, if he shall judge it necessary, some person skilled in the building and admeasurement of ships, shall go on board of every such ship that is to be registered, and shall strictly and accurately examine and admeasure every such ship as to all and every particular contained in the form of the certificate hereinbefore directed, in the presence of the master, or of any other person who shall be appointed for that purpose on the part of the owner, or in his absence, by the said master, and shall deliver a true and just account in writing of all such particulars of the build, description, and admeasurement of every such ship as are specified in the form of the certificate above recited to the Officer authorized to make such Registry and grant such Certificate of Registry as aforesaid. The said master, or other person attending on the part of the owner, is hereby required to sign his name also to the certificate of such [illegible]

এমত কোন ব্যক্তির স্পষ্টরূপে কি চ ক্রমে কোন অংশ কি অংশিত্ব সম্পর্ক নাই। এই কথা অমুক স্থানবাসি শ্রী অমুক আমি সত্য জানাইলাম ইতি।

পরন্তু উক্ত পরিজ্ঞাপনপত্রে যে সকল কথা ব্যক্ত হইয়াছে যদি রেজিষ্টরী কার্য্যকারক কোন হেতুতে তাহার কোন কথার সত্যতা বিষয়ে সন্দেহ করেন, তবে ঐ পরিজ্ঞাপন সিদ্ধান্ত জ্ঞান করিবেন না, বরং ঐ রেজিষ্টরী করিতে কি সংশিতপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন। আর এই বিষয়ে তিনি স্বীয় বিবেচনামতে যাহা করেন তাহার উপর তিনি স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীন হন কেবল সেই গবর্ণমেণ্টে আপীল হইতে পারিবে ইতি।

[স্বামিরদের যত জনের উপস্থিত হওয়া প্রয়োজন তত জন উপস্থিত না হইলে অধিক পরিজ্ঞাপনের কথা।]

১০ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে যে পরিজ্ঞাপনপত্র করিয়া স্বাক্ষর করিবার আদেশ হইয়াছে, তাহা করিবার জন্যে জাহাজের সাধারণ যত স্বামির উপস্থিত হইবার প্রয়োজন যদি তত জন উপস্থিত না হন, তবে যে স্বামী স্বয়ং উপস্থিত হইয়া উক্ত পরিজ্ঞাপন করিয়া তাহাতে স্বাক্ষর করেন, তাঁহার এই অধিক কথার পরিজ্ঞাপন করিতে হইবে, যথা ঐ জাহাজের স্বামিত্বের যে অংশী কি অংশিগণ তৎকালে উপস্থিত নহেন, তিনি কি তাঁহারা ঐ বন্দর কি স্থানহইতে বিশ মাইলের মধ্য কোন স্থানে বাস করেন না এবং উপরিভাগে যে পরিজ্ঞাপন করিয়া স্বাক্ষর করিবার আজ্ঞা হইয়াছে তাহা না করণের অভিপ্রায়ে তিনি কি তাঁহারা ইচ্ছাপূর্ব্বক অনুপস্থিত হন নাই অথবা তিনি কি তাঁহারা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইয়া ঐ পরিজ্ঞাপন করিয়া তাহাতে স্বাক্ষর করিতে পারিলেন না ইহা আমি আপন জ্ঞান ও বিশ্বাসমতে কহিতে পারি ইতি।

[মাপ লইবার কথা।]

১১ ধারা। পুর্ব্বোক্তমতে কোন জাহাজের রেজিষ্টরী হইবার কি রেজিষ্টরীর সংশিতপত্র দত্ত হইবার পুর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত ব্যক্তি তদ্রূপ যে জাহাজের রেজিষ্টরী করিতে হইবে সেই জাহাজে যাইবেন, ও যদি আবশ্যক বোধ করেন, তবে জাহাজের নির্ম্মাণ ও পরিমাণ করিবার দক্ষ কোন ব্যক্তিকে সঙ্গে লইয়া অধ্যক্ষের সাক্ষাতে কিম্বা অন্য যে ব্যক্তি স্বামির পক্ষে নিযুক্ত হন তাঁহার সাক্ষাতে কিম্বা স্বামির অনুপস্থানে উক্ত অধ্যক্ষকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তির সাক্ষাতে পুর্ব্বোক্ত সংশিতপত্রের পাঠে যে সকল বিবরণ লিখিবার আদেশ হইয়াছে, সেই সকল ও সেই প্রত্যেক বিষয় সম্পর্কে অতি সূক্ষ্ম ও যথার্থরূপে তদ্রূপ প্রত্যেক জাহাজের পরীক্ষা ও পরিমাণ গ্রহণ করিবেন। ও উপরোক্ত সংশিতপত্রের পাঠে যেং বৃত্তান্ত নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্রূপ প্রত্যেক জাহাজের নির্ম্মাণের ও প্রকারের ও পরিমাণের সেই বৃত্তান্তের সত্য ও যথার্থ বিবরণ লিখিয়া যে কার্য্যকারক রেজিষ্টরী করিতে ও রেজিষ্টরীর সংশিতপত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে দিবেন। উক্ত বিবরণপত্রে যে সকল কথা লিখিত ও নির্দ্দিষ্ট হয় তাহাতে সেই অধ্যক্ষ কিম্বা স্বামির পক্ষে অন্য যে ব্যক্তি উপস্থিত থাকেন, [illegible]

veying or Examining Officer, in testimony of the truth thereof: provided such master or other person shall consent and agree to the several particulars set forth and described therein.

[Rules of measurement.]

XII. From and after the commencement of this Act, the tonnage of every ship required by law to be registered shall, previous to her being registered, be measured and ascertain while her hold is clear, and according to the following rule (that is to say), divide the length of the upper deck between the afterpart of the stem and the forepart of the stern-post, into six equal parts. Depths: at the foremost, the middle, and the aftermost of those points of division, measure in feet and decimal parts of a foot the depths from the under side of the upper deck to the ceiling at the limber-strake. In the case of a break in the upper deck, the depths are to be measured from a line stretched in a continuation of the deck. Breadths: divide each of those three depths into five equal parts, and measure the inside breadths at the following points, *videlicet*, at one-fifth and at four-fifths from the upper deck of the foremost and aftermost depths, and at two-fifths and four-fifths from the upper deck of the midship depth. Length: at half the midship depth measure the length of the vessel from the afterpart of the stem to the forepart of the sternpost, then to twice the midship depth add the foremost and the aftermost depths (for the sum of the depths; add together the upper and lower breadths at the foremost division, three times the upper breadth and the lower breadth at the midship division, and the upper and twice the lower breadth at the after division, for the sum of the breadths; then multiply the sum of the depths by the sum of the breadths, and this product by the length, and divide the final product by three thousand five hundred, which will give the number of tons for register. If the vessel have a poop or half deck, or a break in the upper deck, measure the inside mean length, breadth, and height of such part thereof as may be included within the bulk-head; multiply these three measurements together and dividing the product by 92·4, the quotient will be the number of tons to be added to the result as above found. In order to ascertain the tonnage of open vessels, the depths are to be measured from the upper edge of the upper strake.

[Measurement of steam vessels.]

XIII. In each of the several rules hereinbefore prescribed, when applied for the purpose of ascertaining the tonnage of any ship propelled by steam, the tonnage due to the cubical contents of the engine-room shall be deducted from the total tonnage of the ship, as determined by either of the rules

[Government Gazette, 13th November 1860.]

হইল, যে ঐ পরিদর্শক কি পরীক্ষাকারির কথার সত্যতার প্রমাণে তিনিও ঐ বিবরণপত্রে আপনার নাম স্বাক্ষর করেন ইতি।

[পরিমাণের বিধি।]

১২ ধারা। আইন প্রচলিত হইবার সময়াবধি আইনঅনুসারে যে সকল জাহাজ রেজিষ্টরী করিতে হয় তাহা রেজিষ্টর করিবার পূর্ব্বে, খোল শূন্য থাকিতে ঐ জাহাজের প্রসর নিম্ন লিখিত বিধিমতে পরিমাণ করিয়া নিশ্চয় করিতে হইবে। বিশেষতঃ জাহাজের অগ্রভাগের অন্তর্ভাগ হইতে পশ্চাদভাগের অন্তর্ভাগ পর্য্যন্ত উপরিস্থ তুতক যত দীর্ঘ হয়, তাহা মাপিয়া সমান ছয় ভাগ কর। গভীরতার পরিমাণ। উক্ত ছয় ভাগের প্রথম ও মধ্যম ও শেষ ভাগে তুতকের নিম্নভাগহইতে লিম্বর ষ্ট্রেকের অর্থাৎ জাহাজের অন্তরস্থ তলভাগের তক্তা পর্য্যন্ত কত ফুট ও ফুটের কত দশাংশ দীর্ঘ হয় তাহার মাপ লও। উপরিস্থ তুতকের যে স্থানহইতে মাপ করিতে হইবে সেই স্থানে যদি ফাঁক থাকে তবে ঐ শূন্য স্থানে দাড়ি কশিয়া টানিয়া সেই স্থানহইতে মাপ লইতে হইবে। প্রশস্ততার পরিমাণ। গভীরতার যে পরিমাণ গ্রহণ হইয়াছে, তাহার প্রত্যেককে সমান পাঁচ ভাগে বিভাগ কর, পরে প্রথম ও শেষ যে স্থানে দীর্ঘতার মাপ করা গেল, তাহার উক্ত পঞ্চ ভাগের প্রথমও চতুর্থ আঁকে এবং মধ্যম স্থানের ঐ পঞ্চম ভাগের দ্বিতীয় ও চতুর্থ আঁকে প্রশস্ততার মাপ লও। দীর্ঘতার মাপ। গভীরতার মধ্য ভাগের মধ্যাংশ ধরিয়া অগ্রভাগের অন্তর্ভাগ হইতে পশ্চাদ্ভাগের অন্তর্ভাগ পর্য্যন্ত দীর্ঘতার পরিমাণ লও। পরে সেই মধ্যাংশের গভীরতার দ্বিগুণ ধর ও তাহাতে প্রথম ও শেষভাগের গভীরতার অঙ্ক সঙ্কলন করিলে গভীরতার মোটাঙ্ক পাওয়া যায়। পরে প্রথম ভাগের প্রথম ও চতুর্থ আঁকে যত প্রশস্ততা ধরা গিয়াছে তাহা, এবং মধ্যভাগের দ্বিতীয় ও চতুর্থাঙ্কে যত প্রশস্ততা ধরা গিয়াছে তাহার তিন গুণ, ও শেষ ভাগের প্রথমাঙ্কে যে প্রশস্ততা তাহাও চতুর্থাঙ্কে প্রশস্ততার দ্বিগুণ এই সকলে মোট পরিসর ধরিতে হইবে। পরে গভীরতার মোট ও প্রশস্ততার মোটাঙ্ক পূরণ করিয়া তাহার ফলিতাঙ্ক দীর্ঘতার অঙ্কে পূরণ কর ও শেষ ফলিতাঙ্ক ৩৫০০ দ্বারা হরণ কর। যত টন রেজিষ্টর করিতে হইবে তাহা ঐ ফলে জানা যাইবে। যদি জাহাজের ছত্রী থাকে কি অর্দ্ধতুতক কি তুতকের এক ভাগের ভঙ্গ হয় তবে ঐ ভাগের দুই দেওয়ালের মধ্য যে স্থান তাহার দীর্ঘতা ও প্রশস্ততা ও উচ্চতার মধ্যম পরিমাণ লইয়া ঐ তিনের পূরণ করিয়া ফলিতাঙ্ক ৯২.৪ দ্বারা হরণ কর তাহাতে যত টন লব্ধ হয় তাহা উক্ত হিসাবমতে নিরূপিত টনের সহিত সঙ্কলন কর। যদি জাহাজ অনর্গল অর্থাৎ খোলাখোলী হয়, তবে তলস্থ উপরি ভাগের তক্তার উপরাংশ হইতে গভীরতার পরিমাণ লইয়া জাহাজের বোঝাই নিরূপণ করিতে হইবে ইতি।

[ষ্টীম জাহাজের পরিমাণ লইবার কথা।]

১৩ ধারা। ষ্টীমের বলে যে জাহাজ প্রচলিত হয়, যখন তাহার প্রসর নিরূপণ করিবার জন্যে পূর্ব্ববিধিমতে করা যায়, তখন পূর্ব্বোক্ত বিধিমতে জাহাজ যত টন ধরিতে পারে, তাহার মোটহইতে কলঘরের পরিমাণানুসারে তাহার অপ্রসর বাদ দিতে হইবে। অবশিষ্ট যে অঙ্ক থাকে জাহাজ তত টনধারী বলিয়া

aforesaid, and the remainder shall be deemed the true register tonnage of the said ship. The tonnage due to the cubical contents of the engine-room shall be determined in the following manner (that is to say),—measure the inside length of the engine-room in feet and decimal parts of a foot from the foremost to the aftermost bulk-head, then multiply the said length by the depth of the ship at the midship division as aforesaid, and the product by the inside breadth at the same division at two-fifths of the depth from the deck taken as aforesaid, and divide the last product by 92·4, and the quotient shall be deemed the tonnage due to the cubical contents of the engine-room.

রেজিষ্টর হইবে। কলঘরের ঘন পরিমাণ বিবেচনায় যত টন বাদ দিতে হইবে তাহা নিরূপণ করিবার বিধি এই। কলঘরের সম্মুখ প্রাচীরহইতে পশ্চাৎ প্রাচীর পর্য্যন্ত যত ফুট ও ফুটের যত দশাংশ হয় তাহার পরিমাণ লও। পরে জাহাজে পূর্ব্বোক্ত মধ্যভাগে যে গভীরতা নিরূপণ হইয়াছে তাহা এই কল ঘরের দীর্ঘতাতে পূরণ কর। ও গুণফলকে সেই মধ্যভাগের পঞ্চাংশের দ্বিতীয়াঙ্কে অন্তরীয় প্রশস্ততার পরিমাণ লইয়া সেই ফলিতাকে পূরণ কর। এই শেষ ফলিতাঙ্ক ৯২·৪ দ্বারা হরণ কর তাহাতে যে লব্ধ হয় কলঘরের ঘনপরিমাণানুসারে তত টন ধরিতে হইবে ইতি।

[Alterations in steam-vessels requiring new registry.]

XIV. The tonnage due to the cubical contents of the engine-room and also the length of the engine-room, shall be set forth in the Certificate of Registry as part of the description of the ship, and any alteration of such tonnage due to the cubical contents of the engine-room, or of such length of the engine-room, after registry, shall be deemed to be an alteration requiring registry *de novo*.

[ষ্টীমরের পরিবর্ত্তন হইয়া নূতন রেজিষ্টরীর প্রয়োজন হইলে তাহার কথা।]

১৪ ধারা। কলঘরের ঘন পরিমাণ বিবেচনায় তাহাব যত টন ধরিতে হইবে তাহা ও কলঘরের দীর্ঘতা জাহাজের বর্ণনার একাংশস্বরূপে রেজিষ্টরীর সংশিতপত্রে লিখিতে হইবে। রেজিষ্টরী হইবার পরে যদি কলঘরের ঘণ পরিমাণ পরিবর্ত্তন হওয়াতে অধিক কি অল্প টন ধরে কিম্বা যদি কলঘরের দীর্ঘতার পরিবর্ত্তন হয় তবে সেই পরিবর্ত্তন হেতুক নূতন রেজিষ্টরী হওয়া আবশ্যক জ্ঞান হইবে ইতি।

[Measurement of laden vessels.]

XV. For the purpose of ascertaing the tonnage of all such ships whether belonging to the United Kingdom or otherwise, as there shall be occasion to measure while their cargoes are on board, the following rule shall be observed and is hereby established (that is to say,)—measure, *first*, the length on the upper deck between the afterpart of the steam and the forepart of the sternpost; *secondly*, the inside breadth on the underside of the upper deck at the middle point of the length; and, *thirdly*, the depth from the underside of the upper deck down the pump well to the skin: multiply these three dimensions together, and divide the product by one hundred and thirty, and the quotient will be the amount of the register tonnage of such ships.

[বোঝাই জাহাজের পরিমাণ লইবার বিধি।]

১৫ ধারা। সংযুক্ত রাজ্যের কি অন্য দেশের জাহাজে মাল বোঝাই থাকিতে যদি তাহার পরিমাণ গ্রহণ করা প্রয়োজন হয়, তবে নিম্ন লিখিত বিধি অবধারিত হইয়াছে। সেই বিধিমতে কর্ম্ম করিতে হইবে। বিশেষতঃ প্রথমতঃ জাহাজের অগ্রভাগের অন্তরাংশহইতে পশ্চাদ্ভাগেব অন্তরাংশ পর্য্যন্ত উপরি তুতকের পরিমাণ। দ্বিতীয়তঃ ঐ দীর্ঘতার মধ্যভাগে তুতকের নিম্নাংশের প্রশস্ততার পরিমাণ, ও তৃতীয়, তুতকের নিম্নভাগহইতে জল তুলিবার কূপ দিয়া তলস্থ তক্তা পর্য্যন্ত গভীরতার পরিমাণ লইয়া ও তিন পরিমাণের অঙ্ক পূবণ করিয়া ফলিতাঙ্ক ১৩০ দ্বারা হরণ কর তাহাতে যে অঙ্ক লব্ধ হয় জাহাজের তত টন বোঝাই ধরিতে হইবে ইতি।

[Registered tonnage to be marked on main beam.]

XVI. The true amount of the register tonnage of every merchant ship belonging to the United Kingdom, to be ascertained according to the rule by this Act established in respect of such ships, shall be deeply carved or cut in figures of at least three inches in length on the main beam of every such ship, prior to her being registered.

[যত টনধারি বলিয়া জাহাজ রেজিষ্টর হয় তাহা প্রধান কড়ীতে অঙ্কিত করিবার কথা।]

১৬ ধারা। সংযুক্ত রাজ্যের কোন বাণিজ্য জাহাজে যত টন ধরে এই আইনেতে ঐ জাহাজ সম্পর্কে যে বিধি নিরূপণ হইয়াছে তদনুসারে তাহা যথার্থমতে অবধার্য্য হইলে পর, সেই জাহাজ রেজিষ্টর করিবার অগ্রে সেই অঙ্ক জাহাজের প্রধান কড়িতে তিন ইঞ্চির অন্যূন পরিমাণের অঙ্কে গভীররূপে খোদিত করা যাইবে ইতি।

[Registered tonnage to be repeated in every subsequent register.]

XVII. Whenever the tonnage of any ship shall have been ascertained according to the rules herein prescribed, such amount of tonnage

[পশ্চাৎ যতবার রেজিষ্টর করা যায় ততবার ঐ বোঝা ধার্য্য হইবার কথা।]

১৭ ধারা। কোন জাহাজে যত টন ধরে ইহা পূর্ব্ব বিধিমতে অবধার্য্য হইলে, যত কাল ঐ জাহাজের [illegible] কি কলঘরের পরিবর্ত্তন না হয় কিম্বা ঐ জাহাজে

[illegible]

shall ever after be deemed the tonnage of such ship, and shall be repeated in every subsequent registry of such ship, unless it shall happen that any alteration has been made in the form or burthen of such ship, or it shall be discovered that the tonnage of ship had been erroneously taken and computed.

[Fraudulent use of Certificate.]

XVIII. If such certificate as aforesaid shall be sold, lent, or otherwise disposed of to any person other than those for whose use it is granted, or shall be made use of for the service of any ship other than the ship for which it is granted, such certificate shall thenceforth be void, and the master or any owner of the ship who shall be proved to have sold, lent, or disposed of such certificate, or made use of the same as aforesaid, or shall have concurred in or been privy to the committing any such offence, shall be liable, upon conviction by information as aforesaid, to a penalty not exceeding ten thousand Rupees. In case such ships shall be lost or taken by the enemy, burnt or broken up, or otherwise prevented from returning to the port at which she is registered, or shall on any account have lost and forfeited the privileges of a British ship, or shall have been seized and legally condemned for illicit trading, or shall have been taken in execution for debt and sold by due process of law, or shall have been sold to the Crown, or shall under any circumstances have been registered *de novo*, the certificate, if preserved, shall be delivered up, within one month after the arrival of the master in any port or place in British India to the Registering Officer at such port, in default whereof the master or any of the owners shall be liable, on conviction by information as aforesaid, in a penalty not exceeding five thousand Rupees. If any person not being such subject as aforesaid shall purchase or otherwise become entitled to the whole or to any part or share of or any interest in such ship, and the same shall be within the limits or any port of British India, then and in such case the Certificate of Registry shall, within seven days after such purchase or transfer of property in such ship, be delivered up to the Registering Officer at such port, and if such ship shall be in any place not within British India when such purchase or transfer of property shall take place, then the certificate shall be delivered up within fourteen days after the arrival of such ship or of the master thereof in any port of British India to the Registering Officer at such port, in default whereof the master or any of the owners shall be liable, on conviction before any Justice of the Peace, in a penalty not exceeding five thousand Rupees.

যত টন ধরে তাহার হিসাব নিরূপণে প্রমাদ হইল ইহা যত কাল প্রকাশ না হয়, তত কাল পর্য্যন্ত ঐ জাহাজে তত টন ধরে এমত বোধ হইবে, ও জাহাজের যতবার রেজিস্টরী করিতে হয় ততবার ততটনধারি জাহাজ বলিয়া তাহা রেজিস্টরী করিতে হইবে ইতি।

[সংশিতপত্রের প্রতারণাভাবে ব্যবহার করিবার কথা।]

১৮ ধারা। পূর্ব্বোক্ত সংশিতপত্র যাঁহার ব্যবহারের নিমিত্তে দেওয়া গিয়াছে যদি তদ্ভিন্ন অন্য ব্যক্তিকে বিক্রয় করা কি ধার দেওয়া যায়, কিম্বা প্রকারান্তরে হস্তান্তর করা যায়, কিম্বা যে জাহাজের নিমিত্তে দেওয়া গিয়াছে তদ্ভিন্ন অন্য কোন জাহাজে ব্যবহার হয়, তবে ঐ সংশিতপত্র তদবধি ব্যর্থ হইবে। ও সেই সংশিতপত্র বিক্রয় করিয়াছেন কি ধার দিয়াছেন কি হস্তান্তর করিয়াছেন কিম্বা পূর্ব্বোক্তমতে ব্যবহার করিয়াছেন কিম্বা তদ্রূপ কোন অপরাধে সম্মত হইয়াছেন কি তদ্বিষয়ে সহজ্ঞানী ছিলেন এই কথা জাহাজের যে অধ্যক্ষের কি স্বামির নামে সপ্রমাণ হয়, তাঁহার প্রতি পূর্ব্বোক্ত জ্ঞাপনদ্বারা ঐ অপরাধ নির্ণয় হইলে তাঁহার দশ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি তদ্রূপ কোন জাহাজ হয় কি শত্রুর হস্তে পড়ে কি দগ্ধ কি ভগ্ন হয় কিম্বা যে বন্দরে রেজিস্টরী হইয়াছিল প্রকারান্তরের বিপত্তি হেতুক সেই বন্দরে প্রত্যাগমন করিতে না পারে, কিম্বা কোন কারণে ব্রিটনীয় জাহাজের লভ্য হত ও বর্জ্জিত হয় কিম্বা বিনানুমতির বণিজ্যাচরণ হেতুক ধৃত হইয়া আইনমতে দণ্ডিত হয়, কিম্বা ঋণ সাধন হেতুক ধৃত হইয়া আইনের ক্রমানুসারে বিক্রয় হয়, কিম্বা রাজার নিকটে বিক্রয় করা যায়, কিম্বা যদি কোন কারণে তাহার নূতন রেজিস্টর করিতে হয়, তবে ঐ সংশিতপত্র সুরক্ষিত হইলে অধ্যক্ষ যখন ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যান, তখন সেই স্থানে পঁহুছিলে পর এক মাসের মধ্যে ঐ বন্দরের রেজিস্টরী কার্য্যকারককে ঐ সংশিতপত্র দিবেন। যদি না দেন তবে পূর্ব্বোক্ত সম্বাদক্রমে ঐ অপরাধ নির্ণয় হইলে অধ্যক্ষের কিম্বা স্বামিরদের মধ্য কোন ব্যক্তির পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যদি পূর্ব্বোক্ত মতের প্রজাভিন্ন কোন ব্যক্তি ঐ জাহাজ ক্রয় করেন, কিম্বা প্রকারান্তরে ঐ জাহাজের সমুদয় কি এক অংশ কি ভাগ কি তাহাতে কোন সম্পর্ক প্রাপ্ত হন, ও সেই জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরের সীমার মধ্যে থাকে, তবে ঐ জাহাজ ক্রয় করণের কি জাহাজে স্বামিত্ব হস্তান্তর করণের পর সাত দিনের মধ্যে ঐ বন্দরস্থ রেজিস্টরী কার্য্যকারককে ঐ রেজিস্টরীর সংশিতপত্র অর্পণ করা যাইবে। যদি ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে জাহাজ থাকনকালে ঐ ক্রয় কি স্বামিত্ব হস্তান্তর করা যায়, তবে সেই জাহাজ কি তদধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছিলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ বন্দরের রেজিস্টরী কার্য্যকারককে ঐ সংশিতপত্র ফিরিয়া দিতে হইবে। যদি না দেওয়া যায় তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে অধ্যক্ষের কিম্বা স্বামিদের মধ্যে কোন ব্যক্তির পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Change of Master.]

XIX. When and so often as the master of any ship registered in manner hereinbefore directed shall be changed, the master or owner of such ship shall deliver to the person hereinbefore authorized to make such registry and grant such Certificates of Registry at the port where such change shall take place, if it be a port within British India the Certificate of Registry belonging to such ship, who shall thereupon indorse and subscribe a memorandum of such change, and shall forthwith give notice of the same to the proper officer of the port or place where such ship was last registered pursuant to this Act, who shall likewise make a memorandum of the same in the book of registers which is hereby directed and required to be kept, and shall forthwith give notice thereof in like manner as of the original entry. But if the change do not take place in any port within British India, then such delivery, memorandum, and endorsement shall be made and notice given at the first port within British India at which the new master shall arrive after such change. In default of such delivery of the certificate, such new master or any of the owners shall be liable, on conviction before a Justice of the Peace, to a penalty not exceeding five thousand Rupees.

[অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা।]

১৯ ধারা। উপর লিখিত নিয়মতে যে জাহাজ রেজিষ্টর করা যায় যদি অধ্যক্ষের পরিবর্ত্তন হয় তবে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে তদ্রূপ পরিবর্ত্তন হইলে যিনি সেই বন্দরে পূর্ব্বোক্ত রেজিষ্টরী করিবার ও রেজিষ্টরী সংশিতপত্র দিবার ক্ষমতাপন্ন হন, তাঁহাকে ঐ অধ্যক্ষ কি স্বামী ঐ জাহাজের রেজিষ্টরীর সংশিতপত্র দিবেন। তিনি ঐ পত্রের পৃষ্ঠে অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া এই আইন অনুসারে ঐ জাহাজ যে বন্দরে কি স্থানে অব্যবহিত পূর্ব্বে রেজিষ্টর করা যায়, তথাকার উপযুক্ত কার্য্যকারককে ঐ অধ্যক্ষ পরিবর্ত্তনের সম্বাদ দিবেন। তিনি সেই সম্বাদ পাইলে এই আইনেতে যে রেজিষ্টরী বহী করিয়া রাখিবার আজ্ঞা ও আদেশ হইয়াছে তাহার মধ্যে ঐ কথা লিখিবেন, এবং আদৌ তাহাতে লিখিলে যেরূপ সম্বাদ প্রচার করিতেন তদ্রূপই প্রচার করিবেন। যদি উক্ত পরিবর্ত্তন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত বন্দর ভিন্ন কোন স্থানে করা যায়, তবে নূতন অধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত প্রথম যে বন্দরে পঁহুছেন সেই বন্দরে ঐ সংশিতপত্র দেওয়া যাইবে ও পত্রের পৃষ্ঠে ঐ পরিবর্ত্তনের মন্তব্য কথা লেখা যাইবে ও ঐ সম্বাদ প্রচারিত হইবে। যদি ঐ সংশিতপত্র তদ্রূপে না দেওয়া যায়, তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে ঐ নূতন অধ্যক্ষের কি স্বামিদের কোন জনের পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Name of ship.]

XX. It shall not be lawful for any owner of any ship to give any name to such ship other than that by which she was first registered in pursuance of this Act. The owner of every ship which shall be so registered, shall, before such ship, after such registry, shall begin to take in any cargo, paint or cause to be painted, in white, or yellow letters of a length of not less than four inches, upon a black ground on some conspicuous part of the stern, the name by which such ship shall have been registered pursuant to this Act, and the port to which she belongs, in a distinct and legible manner, and shall so keep and preserve the same. If such owner or master of such ship shall permit such ship to begin to take in cargo before her name has been so painted as aforesaid, or shall wilfully alter, erase, obliterate, or in any wise hide or conceal, or cause or procure or permit the same to be done, or shall in any written or printed paper or other document describe such ship by any name other than that by which she was first registered pursuant to this Act, or shall verbally describe, or cause or procure or permit such ship to be described by any other name to any Officer of Revenue in the due execution of his duty, then and in every such case the Certificate of Registry shall thenceforth become void, and such owner or mas-

[জাহাজের নামের কথা।]

২০ ধারা। জাহাজ এই আইন অনুসারে যে নামে রেজিষ্টর হইয়াছে কোন স্বামী ঐ জাহাজের অন্য নাম দিতে পারিবেন না। পূর্ব্বোক্তমতে যে জাহাজ রেজিষ্টর করা যায় তাহা রেজিষ্টর হইলে পর ও তাহাতে কোন মাল বোঝাই করিতে আরম্ভ করিবার পূর্ব্বে ঐ জাহাজ এই আইনানুসারে যে নামে রেজিষ্টর করা যায়, স্বামী জাহাজের পশ্চাদ্ভাগে কৃষ্ণবর্ণ তক্তাদির উপর শুক্ল কি হরিদ্বর্ণ চারি ইঞ্চির অন্যূন পরিমাণের অক্ষরে ঐ নাম, ও জাহাজ যে বন্দরের হয় সেই বন্দরের নাম স্পষ্ট ও সুপাঠ্যরূপে লিখিবেন কি লেখাইবেন ও সেই নাম তদ্রূপই রাখিবেন ও রক্ষা করিবেন। যদি স্বামী কি অধ্যক্ষ জাহাজের নাম পূর্ব্বোক্তমতে লেখাইবার পূর্ব্বে সেই জাহাজে কোন মাল উঠাইতে দেন, কিম্বা নাম লেখা গেলে পর যদি ইচ্ছাপূর্ব্বক তাহা পরিবর্ত্তন কি অবমর্দন করেন, কি উঠাইয়া দেন, কিম্বা কোন প্রকারে লুকাইয়া রাখেন কি গুপ্ত করেন কিম্বা অন্য দ্বারা তদ্রূপ করান কি করিতে প্রবৃত্তি কি অনুমতি দেন, কিম্বা এই আইন অনুসারে জাহাজের যে নাম প্রথম রেজিষ্টর করা গিয়াছে যদি লিখিত কি মুদ্রিত কোন পত্রে কি অন্য লেখ্যে অন্য নামে ঐ জাহাজের বর্ণনা করেন, কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যকারক যে সময়ে আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিতেছেন সেই সময়ে যদি অন্য নামোল্লেখে ঐ জাহাজের বাচনিক বর্ণনা করেন কি অন্য দ্বারা করান কি করিতে প্রবৃত্তি কি অনুমতি দেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে রেজিষ্টরীর সংশিতপত্র তৎকালাবধি ব্যর্থ হইবে এবং পূর্ব্বোক্ত অধি-

ter of such ship shall be liable, on information as aforesaid, to a penalty not exceeding ten thousand Rupees.

[Certificate of building.]

কার্য্যকারক ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্তৃক ঐ কার্য্যে নিযুক্ত হন, তিনি যদি ঐ কথা সংশিতমতে জ্ঞাত করেন, ও যদি তাঁহার বিবেচনায়, ঐ আদ্য চুক্তির সম্পূর্ণরূপে সাধন করিবার আপত্তি না থাকে, তবে সেই খালাসী কি অন্য ব্যক্তি সেই অধিক চুক্তিক্রমে বদ্ধ যে জাহাজসংক্রান্ত ঐ চুক্তি করা যায় তাহাতে কর্ম্ম করিতে বদ্ধ আছেন জ্ঞান হইবে। তাহাতে সেই ব্যক্তি সর্ব্বতোভাবে জাহাজের লোকদের এক জন জ্ঞান হইবেন। যে খালাসির কি অন্য ব্যক্তিদের জন্যে তদ্রূপ সর্টিফিকটের প্রার্থনা হয়, তাহাদের প্রত্যেক জনের কারণ ভারতবর্ষের গবর্ণমেণ্ট দশ শিলিঙ্গের অনধিক যত ফী ধার্য্য করেন পূর্ব্বোক্ত কার্য্যকারককে ঐ প্রার্থকের তত ফী দিতে হইবে, ইতি।

[দেশান্তরগমনীয় জাহাজের ঐ নিয়মপত্র কেবল বিশেষ স্থলভিন্ন শিপিং মাষ্টরের সম্মুখে করিবার ও স্বাক্ষর করিবার কথা।]

৬৯ ধারা। ভিন্নদেশগমনীয় জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের যে কোন স্থানে রেজিষ্টরী করা যাউক সেই সকল জাহাজ সম্পর্কে নিয়মপত্রের এইং বিধি মানিতে হইবেক। অর্থাৎ

[নিয়মপত্রে নাবিকেরদের স্বাক্ষর করিবার কথা।]

১।—ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে সকল নিয়মপত্র করা যায় তাহাতে প্রত্যেক জন নাবিক শিপিং মাষ্টরের সাক্ষাতে স্বাক্ষর করিবে কিন্তু বদলীদের সঙ্গে যে নিয়ম করা যায় তাহার অন্য বিধি ইহার পরে বিশেষ করিয়া করা যাইতেছে।

[ঐ নিয়মপত্রের মর্ম্ম নাবিককে বুঝাইয়া দিবার কথা।]

২।—প্রত্যেক জন নাবিক যে ভাষা বুঝিতে পারে শিপিং মাষ্টর সাহেব সেই ভাষাতে তাহার নিকটে ঐ নিয়মপত্র পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন, কিম্বা তাহতে স্বাক্ষর করিবার অগ্রে তিনি তাহা নিতান্ত বুঝিয়াছেন ইহা নিশ্চয়মতে জানিবেন, ও প্রত্যেক জনের স্বাক্ষর বিষয়ে তিনিও সাক্ষিমতে স্বাক্ষর করিবেন।

[তাহা দোকর হইবার কথা।]

৩।—জাহাজী লোক সকলকে যখন প্রথমে নিযুক্ত করা যায় তখন ঐ নিয়মপত্রের দোকর কেতায় স্বাক্ষর করা যাইবে। এক কেতা শিপিং মাষ্টর সাহেব রাখিবেন। বদলীরদের কিম্বা জাহাজ প্রথমবার চলিয়া গেলে পর যে লোকেরা ভর্ত্তি হয় তাহাদের নামাদি লিখিবার ও স্বাক্ষর করিবার বিশেষ স্থান কি পাঠ ঐ নিয়মপত্রের দ্বিতীয় খানায় থাকিবে। ও তাহা কাপ্তান সাহেবকে দেওয়া যাইবেক।

[বদলীরদের বিধি।]

৪।—নাবিকেরা ঐ নিয়মপত্রে নিয়মিতরূপে স্বাক্ষর করিলে পর ও জাহাজ খুলিয়া সমুদ্রপথে পঁহুছিলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে যদি তাহাদের কেহ মরে কি পলায় কিম্বা পুর্ব্বের অজ্ঞাত কোন কারণে যদি কর্ম্ম করিতে না পারে, তবে তাহাদের কর্ম্মে যে বদলীরা নিযুক্ত হয় তাহাদের সঙ্গে যে নিয়ম করা যাইবে তাহা

Shipping Master duly appointed in the manner hereinbefore specified. Whenever such last-mentioned engagement cannot be so made, the master shall, before the ship puts to sea if practicable, and if not, as soon afterwards as possible, cause the agreement to be read over and explained to the seamen; and the seamen shall thereupon sign the same in the presence of a witness, who shall attest their signatures.

* * *

[Engagement between masters of foreign ships, and lascars.]

LXX. When the master of a foreign ship being at any port in British India engages any lascar or other Native seaman to proceed to any port out of British India, he shall enter into an agreement with such seaman, and the agreement shall be made before a Shipping Master in the manner hereinbefore provided for the making of agreements in the case of foreign-going ships, and all the provisions of Sections 66 and 69 respecting the form of such agreements, and the stipulations to be contained in them and the making and signing of the same, shall be applicable to the engagement of such seaman; and the master of such foreign ship shall give to the Shipping Master a bond with the security of some approved person resident in British India for an amount calculated at the rate of one hundred Rupees for every such seaman, and conditioned for the due performance of the said agreement and stipulations.

[Fees payable in respect of such engagements.]

LXXI. The fees prescribed in Section 51 shall be payable in respect of every such engagement, and deductions from the wages of seamen so engaged may be made to the extent and in the manner allowed by the said Section.

[Penalty for Master of foreign ship engaging lascars, otherwise than is allowed by Sections 71, 72. Shipping Master may board foreign ships suspected of unlawfully shipping lascars.]

LXXII. If any lascar or other Native seaman is engaged by the master of any foreign ship otherwise than is allowed in the two last preceding sections, such master shall be liable to a penalty of one hundred Rupees for every such seaman so engaged. It shall be lawful for the Shipping Master, by himself or his deputy, to enter on board any foreign ship upon which he shall have reason to believe that any such seaman has been shipped, and the provisions of Section 80 of this Act shall be applicable in respect of every such ship.

পূর্ব্ব নির্দ্দিষ্টমতে নিয়মিতরূপে নিযুক্ত কোন শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে করা যাইতে পারিলে করা যাইবে। যদি শেষোক্ত নিয়ম সেই প্রকারে করা যাইতে না পারে, তবে কাপ্তান সাহেব, জাহাজের সমুদ্রে পঁহুছিবার আগে করিতে পারিলে তখন নতুবা তাহার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র ঐ লোকেরদের নিকটে ঐ নিয়মপত্র পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন, তাহাতে সেই লোকেরা কোন সাক্ষির গোচরে তাহাতে স্বাক্ষর করিবেন ও সেই সাক্ষী তাহারদের স্বাক্ষরের প্রমাণে স্বাক্ষর করিবেন ইতি।

[ভিন্ন দেশীয় জাহাজের অধ্যক্ষের ও খালাসিরদের মধ্যে চুক্তির কথা।]

৭০ ধারা। যদি ভিন্নদেশীয় জাহাজের অধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে উপস্থিত হইয়া খালাসিকে কি এদেশীয় অন্য নাবিককে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে লইয়া যাইতে চাহেন, তবে তিনি ঐ নাবিকের সহিত চুক্তি করিবেন। ভিন্নাধিকার দেশগামি জাহাজ সংক্রান্ত চুক্তি করিবার যে বিধি পূর্ব্ব ধারাতে হইয়াছে ঐ চুক্তি সেই প্রকারে কোন শিপিং মাষ্টরের সাক্ষাতে সম্পাদন করিতে হইবে। এবং ৬৬ ও ৬৯ ধারাতে সেই চুক্তিপত্র লিখিবার পাঠের, ও তাহাতে যেং নিয়ম ধার্য্য হইবে তাহার, ও তাহা করিবার ও স্বাক্ষর করিবার যে বিধান হইয়াছে তাহাই ঐ নাবিকেরদের সহিত চুক্তির প্রতি বর্ত্তিবে। এবং ঐ ভিন্নাধিকার দেশীয় জাহাজের অধ্যক্ষ শিপিং মাষ্টর সাহেবকে ঐ চুক্তিপত্র ও নিয়ম উপযুক্তমতে সাধন হইবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিয়া একং জন নাবিক প্রতি এক শত টাকা হিসাবে যত হয় তত টাকার নিমিত্তে ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি কোন গ্রাহ্য ব্যক্তিকে প্রতিভূ রাখিবেন ইতি।

[ঐ চুক্তি সম্পর্কে যে ফী দিতে হইবে তাহার কথা।]

৭১ ধারা। ৫১ ধারাতে যে ফী নির্দ্ধার্য্য হইয়াছে, তাহা তদ্রূপ প্রত্যেক চুক্তির উপলক্ষে দেওয়া যাইবে। এবং উক্ত ধারাতে নাবিকেরদের যত বেতন যে প্রকারে কাটিয়া রাখিবার বিধান হইয়াছে তদ্রূপ চুক্তিবদ্ধ নাবিকেরদের বেতন সেইরূপে বাদ দিয়া রাখিতে পারা যাইবে ইতি।

[ভিন্নদেশীয় জাহাজের অধ্যক্ষ ৭১ ও ৭২ ধারার অনুমতিমত না করিয়া খালাসিদিগকে প্রকারান্তরে নিযুক্ত করিলে দণ্ডের কথা, ও খালাসিকে বেআইনীমতে জাহাজে লইবার সন্দেহ হইলে সেই জাহাজে শিপিং মাষ্টরের যাইতে পারিবার কথা।]

৭২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে খালাসিদিগকে কি এদেশীয় অন্য নাবিককে ভিন্নদেশীয় জাহাজে যেরূপে নিযুক্ত করিতে হয় যদি ঐ জাহাজের অধ্যক্ষ তাহারদিগকে অন্য প্রকারে নিযুক্ত করেন তবে তদ্রূপে নিযুক্ত প্রত্যেক জন নাবিক প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে। কোন জাহাজে তদ্রূপে কোন নাবিককে লওয়া গিয়াছে এমত বিশ্বাস করিবার হেতু পাইলে, শিপিং মাষ্টর আপনি কিম্বা তাঁহার ডেপুটী সেই জাহাজে প্রবেশ করিতে পারিবেন ও তদ্রূপ প্রত্যেক জাহাজের প্রতি এই আইনের ৮০ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[Foreign-going ships making short voyages may have running agreements.]

LXXIII. In the case of foreign-going ships making voyages averaging less than six months in duration, running agreements with the crew may be made to extend over two or more voyages, so that no such agreement shall extend beyond the next following 30th day of June or 31st day of December, or the first arrival of the ship at her port of destination in British India after such date, or the discharge of cargo consequent upon such arrival. Every person entering into such agreement, whether engaged upon the first commencement thereof or otherwise, shall enter into and sign the same in the manner hereby required for other foreign-going ships; and every person engaged thereunder, if discharged in any port in British India, shall be discharged in the manner hereby required for the discharge of seamen belonging to other foreign-going ships.

[Engagement and discharge of seamen in the meantime.]

LXXIV. The master of every foreign-going ship for which such a running agreement as aforesaid is made shall, upon every return to any port in British India before the final termination of the agreement, [illegible] charge or engage before the Shipping Master at such port [illegible] any seaman whom he is required by law so to discharge or [illegible] engage; and shall upon every such return endorse on the agreement a statement (as the case may be) either that no such discharges or engagements have been made or are intended to be made before the ship again leaves port, or that all such discharges or engagements have been duly made as hereinbefore required; and shall deliver the agreement so endorsed to the Shipping Master. Any master who wilfully makes a false statement in such endorsement shall incur a penalty not exceeding two hundred Rupees. The Shipping Master shall also sign an endorsement on the agreement to the effect that the provisions of this Act relating to such agreement have been complied with, and shall re-deliver the agreement so endorsed to the master.

[Fees to be paid on such running agreements.]

LXXV. For the purpose of determining the fees to be paid upon the engagement and discharge of seamen belonging to foreign-going ships which have running agreements as aforesaid, the crew shall be considered to be

[ভিন্নদেশগমনীয় যে জাহাজ অল্প দূরে যায় সেই জাহাজের চলিত নিয়ম করিবার কথা।]

৭৩ ধারা। যে স্থানে যাইতে আসিতে গড়ে ছয় মাসের ন্যূন লাগে যদি ভিন্নদেশগমনীয় জাহাজ এমত স্থানে যায় তবে জাহাজের লোকদের সঙ্গে দুই কি অধিক বার গমনাগমন করিবার একি নিয়ম করা যাইতে পারিবে, কিন্তু জুন মাসের ৩০ তারিখ কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের অধিক কালের নিমিত্তে, কিম্বা জাহাজ সেই তারিখের পরে প্রথম যে সময়ে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছে কিম্বা পঁহুছিলে পর যে সময়ে বোঝাই দ্রব্য উত্তরাইয়া দেয় তাহার অধিক কালের নিমিত্তে ঐ নিয়ম না চলে। ও যে কোন লোক সেই প্রকারের নিয়ম করেন, তিনি ঐ নিয়ম প্রথম হইবার সময়াবধি তাহাতে বদ্ধ হউন বা তাহার পরে হউন, এই আইনে ভিন্নদেশগমনীয় অন্য জাহাজের পক্ষে যেরূপে আজ্ঞা হইয়াছে তিনি সেইরূপে ঐ নিয়ম করিয়া নিয়মপত্রে স্বাক্ষর করিবেন। যদি সেই নিয়মক্রমে নিযুক্ত কোন লোককে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে বিদায় করা যায়, তবে এই আইনে ভিন্নদেশগমনীয় অন্য জাহাজের লোকদিগকে বিদায় করিবার যে বিধি হইয়াছে সেই বিধিমতে তাহাদিগকে বিদায় করা যাইবে ইতি।

[নাবিকদিগকে তৎপূর্ব্বে নিযুক্ত করিবার ও বিদায় করিবার কথা।]

৭৪ ধারা। ভিন্নদেশগমনীয় যে জাহাজের সম্পর্কে পূর্ব্বোক্ত চলিত নিয়ম করা যায়, এমত কোন জাহাজের কাপ্তান ঐ নিয়ম শেষ হইবার আগে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যত বার ফিরিয়া আইসেন, ততবার আইনমতে যে কোন নাবিককে বিদায় করিতে কি নূতন নিযুক্ত করিতে হয় তাহাকে ঐ বন্দরের শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় কি নিযুক্ত করিবেন। ও সেই প্রকারে যতবার ফিরিয়া আইসেন [illegible] নাবিককে বিদায় করা গেল না ও [illegible] ততবার, কোন [illegible] নূতন নিযুক্ত করা গেল না—অথবা ঐ বন্দরহইতে জাহাজের পুনরায় চলিয়া যাইবার আগে বিদায় কি নিযুক্ত করিবার মনস্থ নাই—অথবা সেই প্রকারে যত লোককে বিদায় কি নিযুক্ত করিতে হইয়াছিল তাহাদিগকে এই আইনের আজ্ঞাক্রমে নিয়মিতরূপে বিদায় কি নিযুক্ত করা গেল ইহার মধ্যে কোন কথা নিয়মপত্রের পৃষ্ঠে লিখিয়া শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। যদি কোন কাপ্তান নিয়মপত্রের ঐ পৃষ্ঠ লিপিতে ইচ্ছাপূর্ব্বক অসত্য কথা লেখেন, তবে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড লাগিবে। আরো ঐ নিয়মপত্রের বিষয়ে আইনের যে বিধান আছে সেই বিধানমতে কর্ম্ম হইয়াছে, এই মর্ম্মের কথা ঐ নিয়মপত্রের পৃষ্ঠে লিখিয়া, শিপিং মাষ্টর সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন ও কাপ্তানকে সেই পৃষ্ঠলিপিযুক্ত নিয়মপত্র ফিরিয়া দিবেন ইতি।

[সেই প্রকারে চলিত নিয়মের যে ফী দিতে হইবে তাহার কথা।]

৭৫ ধারা। ভিন্নদেশগমনীয় যে জাহাজের উক্ত প্রকার চলিত নিয়ম থাকে, সেই জাহাজের লোকদিগকে নূতন নিযুক্ত ও বিদায় করিবার সময়ে যে ফী দিতে হইবে তাহা নিরূপণ করিবার এই বিধি। যখন সেই নিয়মপত্রে প্রথমে স্বাক্ষর করা যায় তখনঅবধি জাহা-

engaged when the agreement is first signed, and to be discharged when the agreement finally terminates; and all intermediate engagements and discharges shall be considered to be engagements and discharges of single seamen.

[In Home-trade ships agreement to be entered into before a Shipping Master or other witness.]

LXXVI. In the case of Home-trade ships of a burden exceeding three hundred tons, crews or single seaman may, if the master thinks fit, be engaged before a Shipping Master in the manner hereinbefore directed with respect to foreign-going ships. In every case in which the engagement is not so made, the master shall, before the ship puts to sea if practicable, and if not, as soon afterwards as possible, cause the agreement to be read over and explained to each seaman, and the seaman shall thereupon sign the same in the presence of a witness, who shall attest his signature.

[Special agreements for Home-trade ships belonging to same owner.]

LXXVII In cases where several Home-trade ships belong to the same owner, the agreement with the seamen may, notwithstanding any thing herein contained, be made by the owner instead of by the master, and the seamen may be engaged to serve in any two or more of such ships, provided that the names of the ships and the nature of the service are specified in the agreement; but, with the foregoing exception, all provisions herein contained which relate to ordinary agreements for Home-trade ships shall be applicable to agreements made in pursuance of this Section.

[Penalty for shipping seamen without agreement duly executed.]

LXXVIII. If in any case a master carries any seaman to sea without entering into an agreement with him in the form and manner, and at the place and time hereby in such case required the master shall for each such offence incur a penalty not exceeding fifty Rupees.

[Changes in crew to be reported.]

LXXIX. The master of every foreign-going ship, of which the crew has been engaged before a Shipping Master, shall, before finally leaving British India, sign and send to the nearest Shipping Master a full and accurate statement in form sanctioned by the Governor General of India in Council, of every change which takes place in his crew before finally leaving British

জীয় সকল লোককে নিযুক্ত করা গেল, ও যখন নিয়মপত্রের কাল অতীত হয় তখন তাহাদিগকে বিদায় করা গেল এমত জানিতে হইবে। ইতিমধ্যে কোন লোককে নিযুক্ত কি বিদায় করা গেলে একং জন নাবিককে নিযুক্ত কি বিদায় করা জ্ঞান হইবে ইতি।

[দেশীয় বাণিজ্য জাহাজে শিপিং মাষ্টর সাহেবের কি অন্য সাক্ষির সম্মুখে ঐ নিয়ম করিবার কথা।]

৭৬ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তান উচিত বোধ করিলে, ভিন্নদেশগমনীয় জাহাজের যে বিধি ইহার পূর্ব্বে হইয়াছে, সেই বিধিমতে, শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে জাহাজী সমুদয় নাবিককে মোটে কিম্বা ভিন্নং করিয়া নিযুক্ত করিতে পারিবেন। ও তাহাদিগকে সেই প্রকারে নিযুক্ত না করা গেলে জাহাজের কাপ্তান সমুদ্রে যাইবার আগে করিতে পারিলে তখন, কিম্বা না করিতে পারিলে তাহার পর যত শীঘ্র হয় তত শীঘ্র ঐ নিয়মপত্র একং জন নাবিকের নিকটে পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন ও নাবিক কোন এক জন সাক্ষির সাক্ষাতে ঐ নিয়মপত্রে স্বাক্ষর করিবে ও তাহার স্বাক্ষরের প্রমাণে সেই সাক্ষীও স্বাক্ষর করিবে ইতি।

[দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ একি স্বামির হইলে তাহার বিশেষ নিয়ম।]

৭৭ ধারা। যদি একি স্বামির দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ থাকে তাহা হইলে এই আইনের মধ্যে যে কোন বিধি থাকুক, নাবিকদের সঙ্গে জাহাজের কাপ্তান নিয়ম না করিয়া স্বামী তাহা করিতে পারিবেন, ও সেই নাবিকদের সঙ্গে কোন দুই কি অধিক জাহাজে কর্ম্ম করিবার নিয়ম করিতে পারিবেন, কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ জাহাজের নাম ও ঐ নাবিকদের যে প্রকারের কর্ম্ম করিতে হইবেক তাহার কথা নিয়মপত্রে স্পষ্ট লেখা থাকে। পরন্তু দেশীয় বাণিজ্যের জাহাজের রীতিমত নিয়মের যে সকল বিধান এই আইনে লেখা আছে উক্ত কথাভিন্ন সেই বিধান এই ধারামতের সকল নিয়মেরউপর খাটিবে ইতি।

[নিয়মপত্র নিয়মিতরূপে সম্পাদন না করিয়া নাবিকদিগকে জাহাজে ভর্ত্তি করিবার দণ্ডের কথা।]

৭৮ ধারা। কোন নাবিককে সমুদ্রে লইয়া যাইবার যে পাঠে। ও যে প্রকারের নিয়ম যে সময়ে ও যে স্থানে করিবার আজ্ঞা হইয়াছে যদি কোন কাপ্তান সেই সময়ে ও স্থানে সেই প্রকারের নিয়ম না করিয়া কোন নাবিককে সমুদ্রে লইয়া যান, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ঐ কাপ্তানের পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।]

[জাহাজী লোকদের পরিবর্ত্তন হইলে রিপোর্ট করিবার কথা।]

৭৯ ধারা। দেশান্তরগমনীয় যে জাহাজের লোককে কোন শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে নিয়মমতে নিযুক্ত করা যায় সেই জাহাজের কাপ্তান ব্রিটনীয় ভারতবর্ষ ছাড়িয়া যাইবার আগে, তাঁহার জাহাজী লোকসকলের যে পরিবর্ত্তন হইয়াছে তাহার [illegible] যথার্থ বর্ণনা, সন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত পাঠে লিখিয়া স্বাক্ষর করিয়া নিকটস্থ শিপিং মাষ্টর সাহেবের কাছে

India, and in default shall for each offence incur a penalty not exceeding fifty Rupees; and such statement shall be admissible in evidence subject to all just exceptions.

[To prevent infraction of Act, Shipping Master may board vessels and muster seamen.]

LXXX. For the purpose of preventing any seamen from being shipped at any port in India contrary to the provisions of this Act, the Shipping Master by himself or his deputy may enter at any time on board any ship upon which he shall have reason to believe that seamen have been shipped and may muster and examine the several seamen employed therein. Any person who shall obstruct the said Shipping Master or deputy in such duty, shall be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Production of agreements and certificates for foreign-going ships.]

LXXXI. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for foreign-going ships (that is to say),—

(1)—The master of every foreign-going ship shall, on signing the agreement with his crew, produce to the Shipping Master before whom the same is signed, the certificates of competency or service which the said master and his mate are hereby required to possess; and upon such production being duly made, and the agreement being duly executed as hereby required, the Shipping Master shall sign and give to the master a certificate to that effect.

(2)—In the case of running agreements for foreign-going ships, the Shipping Master shall, before the second and every subsequent voyage made after the first commencement of the agreement, sign and give to the master, on his complying with the provisions herein contained with respect to such agreements, and producing to the Shipping Master the certificate of competency or service of any mate then first engaged by him a certificate to that effect.

(3.)—The master of every foreign-going ship, shall, before proceeding to sea, produce the certificate so to be given to him by the Shipping Master as aforesaid to the Collector of Customs, or if there be no Collector of Customs, to the Officer whose duty it is to grant a port-clearance. No Officer of Customs or other Officer shall clear any such ship outwards without such production; and if any such ship attempts to go to sea

পাঠাইবেন। যদি না পাঠান, তবে সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও ন্যায্যমতের বর্জ্জনীয় সকল কথা মানিয়া ঐ বর্ণনা প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[আইন লংঘন না হয় এই কারণে শিপিং মাষ্টর সাহেবের জাহাজে উঠিয়া সকল নাবিককে একত্র ডাকিতে পারিবার কথা।]

৮০ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কোন নাবিক এই আইনের বিধান বিপক্ষে জাহাজে ভর্ত্তি না হয় এই কারণে যদি শিপিং মাষ্টর সাহেব কোন জাহাজে নাবিকের ভর্ত্তি হইবার কথা জানিতে পান, তবে আপনি কিম্বা তাঁহার ডেপুটী সাহেব ঐ জাহাজে কোন সময়ে উঠিয়া, তাহাতে যে সকল নাবিকেরা কর্ম্ম করিতেছেন তাঁহারদিগকে একত্রে ডাকিয়া তদন্ত লইতে পারিবেন। ও সেই কর্ম্মেতে যদি কেহ শিপিং মাষ্টর সাহেবের কিম্বা তাঁহার ডেপুটী সাহেবের বাধা করেন তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[দেশান্তরগামী জাহাজের নিয়মপত্র ও সংশিতপত্র দেখাইবার বিধি।]

৮১ ধারা। দেশান্তরগমনীয় জাহাজের নিমিত্তে নিয়মপত্র ও যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্র দেখাইবার এই২ বিধি মানিতে হইবে।

১। দেশান্তরগমনীয় প্রত্যেক জাহাজের কাপ্তান আপন জাহাজী লোকেরদের সঙ্গে যৎকালে যে নিয়মপত্র করেন তৎকালে তাহাতে শিপিং মাষ্টর সাহেবের সাক্ষাতে স্বাক্ষর করিবেন এই আইনমতে কাপ্তানের কি মালিমের যোগ্যতার কি কর্ম্মের যে সংশিতপত্র থাকা আবশ্যক সেই সংশিতপত্র তাঁহাকেই দেখাইবেন। ও তাহা নিয়মিতরূপে দেখান গেলে, ও ঐ নিয়মপত্রে এই আইনের আজ্ঞামতে নিয়মিতরূপে স্বাক্ষর হইলে, শিপিং মাষ্টর সাহেব ঐ মর্ম্মের সংশিতপত্রে স্বাক্ষর করিয়া কাপ্তানকে দিবেন।

২। দেশান্তরগমনীয় জাহাজের চলিত নিয়ম থাকিলে, নিয়মপত্রের প্রারম্ভের পরে জাহাজ দ্বিতীয়বার ও পশ্চাৎ যতবার ভিন্নদেশে যায় ততবারের যাইবার পূর্ব্বে কাপ্তান ঐ নিয়মপত্র বিষয়ে এই আইনের লিখিত বিধানমতে কর্ম্ম করিয়া যে কোন মালিমকে নূতন নিযুক্ত করেন তাঁহার যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্র শিপিং মাষ্টর সাহেবকে দেখাইলে তিনি ঐ কর্ম্ম করিয়াছেন শিপিং মাষ্টর এই মর্ম্মের সংশিতপত্রে স্বাক্ষর করিয়া ঐ কাপ্তানকে দিবেন।

৩। দেশান্তরগমনীয় প্রত্যেক জাহাজের কাপ্তান শিপিং মাষ্টরের স্থানে ঐ প্রকারের যে সংশিতপত্র পান সমুদ্রে চলিয়া যাইবার আগে কষ্টমের কালেক্টর সাহেবকে তাহা দেখাইবেন, কিম্বা যদি কষ্টমের কালেক্টর সাহেব না থাকেন, তবে বন্দরহইতে জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার কর্ম্ম যে সাহেবের হাতে থাকে তাঁহাকে দেখাইবেন। সেইরূপ সংশিতপত্র না দেখান গেলে কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা অন্য কোন কার্য্যকারক ঐ জাহাজের চলিয়া

without a clearance, any such Officer may detain her until such certificate as aforesaid is produced.

(4)—The master of every foreign-going ship shall, within forty-eight hours after the ship's arrival at her final port of destination in British India or upon the discharge of the crew, whichever first happens, deliver such agreement to a Shipping Master at the place; and such Shipping Master shall thereupon give to the master a certificate of such delivery; and no Officer of Customs or other Officer shall clear any foreign-going ship inwards without the production of such certificate.

And if the master of any foreign-going ship fails to deliver the agreement to a Shipping Master at the time and in the manner hereby directed, he shall for every default incur a penalty not exceeding fifty Rupees.

[Rules as to production of agreements and certificates for Home-trade ships.]

LXXXII. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for Home-trade ships of a burden exceeding three hundred tons (that is to say),—

(1)—No such agreement shall extend beyond the next following thirtieth day of June or thirty-first day of December, or the first arrival of the ship at her final port of destination in British India after such date, or the discharge of cargo consequent upon such arrival.

(2)—The master or owner of every such ship shall, within twenty-one days after the thirtieth day of June and the thirty-first day of December in every year, or (if the ship is not at any port in British India within twenty-one days after either the thirtieth day of June or the thirty-first day of December in any year), within forty-eight hours after her next arrival at any port in British India, transmit or deliver to some Shipping Master in British India every agreement made within the six calendar months next preceding such days respectively, and shall also produce to the Shipping Master the certificates of competency or service which the said master and his mate are hereby required to possess.

(3)—The Shipping Master shall thereupon give to the master or owner a certificate of such delivery and production; and no Officer of Customs or other Officer authorized to grant a port-clearance shall grant a clearance for any such ship without the production of such certificate; and if any such

যাইবার অনুমতিপত্র দিবেন না। যদি তদ্রূপ কোন জাহাজ অনুমতিপত্র না পাইয়া সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ করে, যাবৎ তবে সেই প্রকারের সংশিতপত্র দেখান না যায় তাবৎ সেই কার্য্যকারক ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

৪। দেশান্তরগমনীয় কোন জাহাজ ভারতবর্ষের লক্ষিত শেষ বন্দরে পঁহুছিলে পর আটচল্লিশ ঘন্টার মধ্যে, অথবা জাহাজের কাপ্তান জাহাজীয় সকল লোককে তাহার অগ্রে বিদায় করিলে তৎসময়ে, সেই স্থানের শিপিং মাষ্টর সাহেবকে ঐ নিয়মপত্র দিবেন। ঐ শিপিং মাষ্টর সাহেব ঐ কাপ্তানকে ঐ নিয়মপত্র পাইবার সংশিতপত্র দিবেন। ও সেই সংশিতপত্র দেখান না গেলে কষ্টমের কার্য্যকারক কি অন্য কোন কার্য্যকারক দেশান্তরগমনীয় ঐ জাহাজকে বোঝাই লইবার অনুমতি দিবেন না।

দেশান্তরগমনীয় কোন জাহাজের কাপ্তান যদি এই ধারার লিখিত সময়ে ও প্রকারে শিপিং মাষ্টর সাহেবকে ঐ নিয়মপত্র না দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেক ইতি।

[দেশীয় বাণিজ্যের জাহাজের নিয়মপত্র ও সংশিতপত্র দেখাইবার বিধি।]

৮২ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের নিয়মপত্র ও যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্র দেখাইবার বিষয়ে এইং বিধি মানিতে হইবে।

১। সেই প্রকারের কোন নিয়মপত্র সম্পাদনের কালাবধি জুন মাসের ৩০ তারিখের কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের কিম্বা জাহাজ সেই তারিখের পরে ভারতবর্ষের লক্ষিত শেষ বন্দরে যৎকালে পঁহুছে তৎকালের কিম্বা তদ্রূপে পঁহুছিবার পরে বোঝাই দ্রব্য উতরিয়া দিবার অধিক কালের নিমিত্তে প্রবল হইবে না।

২। প্রতিবৎসর জুন মাসের ৩০ তারিখের ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুশদিনের মধ্যে, অথবা কোন বৎসর যদি ঐ জাহাজ জুন মাসের ঐ ৩০ তারিখের কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুশ দিনের মধ্যে ভারতবর্ষের কোন বন্দরে না থাকে, তবে ভারতবর্ষের কোন বন্দরে ঐ জাহাজের পঁহুছিবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে, সেই জাহাজের কাপ্তান কিম্বা স্বামী ঐ২ তারিখের পূর্ব্ব উপর্য্যুপরি গত ছয় মাসের মধ্যে যে সকল নিয়মপত্র করিয়াছেন তাহা ব্রিটনীয় ভারতবর্ষের কোন শিপিং মাষ্টর সাহেবের নিকটে পাঠাইবেন কি তাঁহাকে দিবেন, ও এই আইনমতে ঐ কাপ্তানের কি তাঁহার মালিমের যোগ্যতার কি কর্ম্মের যে সংশিতপত্র থাকা আবশ্যক তাহাও ঐ শিপিংমাষ্টর সাহেবকে দেখাইবেন।

৩। তাহাতে ঐ শিপিং মাষ্টর সাহেব ঐ কাপ্তানকে কি স্বামিককে ঐ নিয়মপত্র অর্পিত পাইবার ও দেখাইবার সংশিতপত্র দিবেন। ও সেই সংশিতপত্র না দেখাইলে কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা বন্দর-হইতে চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার ক্ষমতা পাওয়া অন্য কার্য্যকারক সেই জাহাজের যাইবার অনুমতি-

ship attempts to go to sea without such clearance, any such Officer may detain her until the said certificate is produced.

And if the agreement for any Home-trade ship is not delivered or transmitted by the master or owner to a Shipping Master at the time and in the manner hereby directed, such master or owner shall, for every default, incur a penalty not exceeding fifty Rupees.

[Alterations to be void, unless attested to have been made with the consent of all parties.]

LXXXIII. Every erasure, interlineation, or alteration in any such agreement with seamen, as is required by this Act (except additions so made as hereinbefore directed for shipping substitutes or persons engaged subsequently to the first departure of the ship), shall be wholly inoperative, unless proved to have been made with the consent of all the persons interested in such erasure, interlineation, or alteration by the written attestation (if made in Her Majesty's Dominions) of some Shipping Master, Justice, Officer of Customs, or other public functionary, or (if made out of Her Majesty's Dominions) of a British Consular Officer, or where there is no such Officer, of two respectable British Merchants.

[Copy of agreement to be made accessible to crew.]

LXXXIV. The master shall, at the commencement of every voyage or engagement cause a legible copy of the agreement, and if necessary a translation thereof in a language understood by the majority of the crew (omitting the signatures), to be placed or posted up in such part of the ship as to be accessible to the crew, and in default shall for each offence incur a penalty not exceeding fifty Rupees.

[Seamen discharged before voyage to have compensation.]

LXXXV. Any seaman who has signed an agreement, and is afterwards discharged before the commencement of the voyage, or before one month's wages are earned, without fault on his part justifying such discharge, and without his

পত্র দিবেন না। ও সেই প্রকারের কোন জাহাজ তদ্রূপ অনুমতিপত্র না পাইয়া যদি সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ করে, তবে ঐ সংশিতপত্র যাবৎ না দেখান যায় তাবৎ উক্ত কোন কার্য্যকারক সাহেব ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

দেশীয় বাণিজ্যের কোন জাহাজের ঐ নিয়মপত্র এই ধারার লিখিত সময়ে ও প্রকারে ঐ কাপ্তানের কি স্বামির দ্বারা শিপিং মাষ্টর সাহেবকে যদি না দেওয়া যায় কি তাঁহার নিকটে পাঠান না যায়, তবে ঐ কাপ্তানের কি স্বামির তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোন কথার পরিবর্ত্তন হইলে যদি তৎসম্পর্কীয় সমস্ত ব্যক্তির সম্মতিক্রমে হইবার প্রমাণে সাক্ষিরদের স্বাক্ষর না হয়, তবে বৃথা হইবার কথা।]

৮৩ ধারা। জাহাজে বদলীদিগকে কিম্বা জাহাজ প্রথমে প্রস্থান করিলে পর কোন লোকদিগকে ভর্ত্তি করিবার যে অতিরিক্ত কথা লিখিবার আজ্ঞা পূর্ব্বে করা গিয়াছে তদ্ভিন্ন এই আইনেতে নাবিকদের সঙ্গে যে নিয়মপত্র করিবার আজ্ঞা হয় তাহার কোন কথা যদি উঠাইয়া দেওয়া যায়, কিম্বা যদি দুই পঁক্তির মধ্যে অন্য কথা লেখা যায়, কি কোন কথার পরিবর্ত্তন হয়, তবে সেই উচ্ছিন্ন কি দুই পঁক্তির মধ্যে লিখিত কি পরিবর্ত্তিত কথাতে যে সকল লোকের ক্ষতিবৃদ্ধি হয় তাহারদের সম্মতিক্রমে হইল এই কথার প্রমাণে, (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের মধ্যে) কোন শিপিং মাস্টর সাহেবের কি জষ্টিস সাহেবের কি কষ্টমের কার্য্যকারক সাহেবের কিম্বা রাজকীয় অন্য কোন প্রধান কার্য্যকারক সাহেবের স্বাক্ষর না থাকিলে, অথবা (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের বহির্ভূত দেশে) কোন ব্রিটনীয় কনসল সাহেবের কিম্বা তিনি না হইলে ব্রিটনীয় সম্ভ্রান্ত দুই জন বণিকের স্বাক্ষর না থাকিলে, ঐ কথা সম্পূর্ণরূপে নিষ্ফল হইবে ইতি।

[ঐ নিয়মপত্রের প্রতিলিপি জাহাজী লোকেরদের দেখিতে পাইবার কথা।]

৮৪ ধারা। জাহাজের প্রত্যেকবার যাত্রার আরম্ভে কিম্বা জাহাজীয় লোকদিগকে নিযুক্ত করণ কালে জাহাজের কাপ্তান লোকেরদের স্বাক্ষরভিন্ন ঐ নিয়মপত্রের সুপাঠ্য প্রতিলিপি ও প্রায়োজন হইলে জাহাজীয়র অধিকাংশ লোকের বোধগম্য ভাষায় অনুবাদ করাইয়া জাহাজের যে স্থানে জাহাজীয় সকল নাবিক যাইতে পারে এমত স্থানে রাখিবেন কি লটকাইয়া দিবেন, ও তাহা না করিলে প্রত্যেকবার তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজের যাত্রার পূর্ব্বে নাবিকদিগকে বিদায় করা গেলে তাহারদের ক্ষতিপূরণের কথা।]

৮৫ ধারা। কোন নাবিক নিয়মপত্রে স্বাক্ষর করিলে পর যদি জাহাজের যাত্রার কিম্বা এক মাসের বেতন পাওনা হইবার আগে তাহাকে বিদায় করা যায়, অথচ যাহাতে তাহাকে বিদায় করা ন্যায় হয় যদি এমত কোন অপরাধ না করিয়া থাকে, ও

consent, shall be entitled to receive from the master or owner, in addition to any wages he may have earned, due compensation for the damage thereby caused to him, not exceeding one month's wages, and may, on adducing such evidence as the Court or Magistrate hearing the case deems satisfactory, of his having been so improperly discharged as aforesaid, recover such compensation as if it were wages duly earned.

[Relief of destitute lascars.]

LXXXVI. The Government of India shall take charge of and send home, or otherwise provide for, all persons being lascars or other Natives of British India who are found destitute in the United Kingdom; and if any such person is relieved or maintained by any guardians, overseers, or other persons administering the relief of the poor, such overseers, guardians, or other persons may, by letter sent through the Post or otherwise, give notice thereof in writing to the Permanent Under-Secretary of State for India, specifying, so far as is practicable, the following particulars, *viz.*:—

(1)—The name of the person so relieved or maintained.

(2) The Presidency or District or part of British India of which he professes to be a Native.

(3)—The name of the ship in which he was brought to the United Kingdom.

(4)—The port or place abroad from which such ship sailed, and the port or place in the United Kingdom at which such ship arrived, when he was so brought to the United Kingdom, and the time of such arrival.

And the Government of India shall repay to the said overseers, guardians, or other persons, out of the revenues of British India, all moneys duly expended by them in relieving or maintaining such destitute person, after the time at which such notice aforesaid is sent or otherwise given.

PART VIII.

OF SEAMEN'S WAGES.

(a)—Regulation of Advances.

[Regulation of advances and advance-notes.]

LXXXVII. No advance of wages shall be made or advance-note given to any person but the seaman himself. No advance of wages shall be made or advance-note given for any greater sum than the amount of one month's wages, nor unless the agreement contains a stipulation for the same and an accurate statement

তাহার নিজ সম্মতিতে যদি বিদায় না হয়, তবে তাহার যত বেতন পাওনা থাকে তত টাকা, ও তদ্ভিন্ন ঐরূপে বিদায় হওয়াতে তাহার যে ক্ষতি হইল তাহার পরিশোধে ঐ জাহাজের কাপ্তান কি স্বামির স্থানে এক মাসের বেতনের অধিক না হয় এমত উপযুক্ত টাকা পাইতে পারিবে, ও যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ লোকের পূর্ব্বোক্ত অনুচিতরূপে বিদায় হইবার যে প্রমাণ উপযুক্ত জ্ঞান করেন ঐ ব্যক্তি তাহা উপস্থিত করিলে নিয়মিতরূপে পাওনা বেতনের ন্যায় ঐ ক্ষতি পূরণের টাকা আদায় করিতে পারিবে ইতি।

[দুঃস্থ খালাসীরদের উপকারের কথা।]

৮৬ ধারা। কোন খালাসী কি ব্রিটনীয় ভারতবর্ষজাত অন্য ব্যক্তিকে যদি সংযুক্ত রাজ্যের মধ্যে নিরাশ্রয় দেখা যায়, তবে ভারতবর্ষের গবর্ণমেণ্ট তাহারদিগকে আশ্রয় দিয়া স্বদেশে ফিরিয়া পাঠাইবেন কিম্বা তাহারদের অন্য উপায় করিবেন। যদি তদ্রূপ কোন ব্যক্তি দীন দুঃখির অভিভাবক কি তত্ত্বাবধায়ক কিম্বা উপকার নিরূপক অন্য ব্যক্তিরদের দ্বারা আশ্রয় কি ভরণপোষণ পাইয়া থাকে, তবে সেই তত্ত্বাবধারক কি অভিভাবক কি অন্য ব্যক্তিরা ভারতবর্ষের পক্ষে ষ্টেটের চিরস্থায়ি ছোট সেক্রেটারী সাহেবকে তদ্বিষয়ের সম্বাদসূচক এক পত্র লিখিয়া ডাকযোগে কি প্রকারান্তরে পাঠাইবেন। ঐ পত্রে সাধ্যমতে এই২ বিবরণ লিখিবেন, যথা।

(১) যাহার আশ্রয় কি প্রতিপোষণ হইল তাহার নাম।

(২) নিজ কথামতে যে প্রেসিডেন্সীর কি জিলার কি ব্রিটনীয় ভারতবর্ষের যে স্থানের লোক হয়।

(৩) যে জাহাজে সংযুক্ত রাজ্যে আইসে।

(৪) যে যাত্রায় সংযুক্ত রাজ্যে আইসে সেই যাত্রায় জাহাজ যে বন্দর কি স্থানহইতে প্রস্থান করিয়া সংযুক্ত রাজ্যের যে বন্দরে কি স্থানে যে সময়ে পঁহুছে।

তদ্রূপ সম্বাদ প্রেরিত হইলে কি দেওয়া গেলে পর উক্ত তত্ত্বাবধায়কেরা ও অভিভাবকেরা কি অন্য ব্যক্তিরা এ নিরাশ্রয় ব্যক্তির উপকার কি ভরণপোষণের জন্যে উপযুক্তমতে যে সকল টাকা ব্যয় করিয়া থাকেন ভারতবর্ষের গবর্ণমেণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের রাজস্বহইতে তাঁহারদিগকে সেই টাকা ফিরিয়া দিবেন ইতি।

অষ্টম খণ্ড।

নাবিকেরদের বেতনের কথা।

(*a*)—টাকা আগাম দেওনের বিধি।

[আগাম টাকা ও আগাম টাকার পত্র দিবার বিধি।]

৮৭ ধারা। আগাম টাকা কি টাকা আগাম দিবার পত্র নাবিকভিন্ন কোন কাহার হাতে দিতে হইবে না। এক মাসের বেতনের অধিক আগাম টাকা কি তাহার বরাৎচিঠী দিতে হইবে না, ও টাকা আগাম দিবার নিয়ম ও যত দিতে হইবে নিয়মপত্রের মধ্যে ইহার স্পষ্ট লিখন না থাকিলে দেওয়া যাইবে না। ও যে কোন নাবিক শিপিং মাষ্টরের সম্মুখে নিয়ম-

of the amount thereof. No advance-note shall be given to any seaman who signs the agreement before a Shipping Master, unless in the presence of such Shipping Master.

[Advances irregularly or improperly made, not to be a discharge of wages.]

LXXXVIII. If any advance of wages is made or any advance-note given to any seaman in any such manner as to constitute a breach of any of the above provisions, the wages of such seaman shall be recoverable by him as if no such advance had been made or advance-note given, and in the case of any advance-note so given, no person shall be sued thereon under the provisions hereinafter contained, unless he was in person or by his agent a party to the irregular or improper manner of giving the same.

(b)—*Allotment of Wages.*

[Stipulations for allotment to be inserted in the agreement. Allotment-notes.]

LXXXIX. All stipulations for the allotment of any part of the wages of seaman during his absence, which are made at the commencement of the voyage, shall be inserted in the agreement, and shall state the amounts and times of the payments to be made. All allotment-notes shall be in forms sanctioned by the Local Government, and shall be made for the benefit only of a relative of the seaman or some member of his family to be named in the note, and shall be payable to the Shipping Master on account of such relative of the seaman or member of his family. Such allotment shall not in any case exceed one-third of the wages of the seamen.

[Owner, &c., to pay to Shipping Master the sums allotted. Suits on allotment-notes. Evidence.]

XC. The owner or any agent who has authorized the drawing of an allotment-note shall pay to the Shipping Master on demand the sums allotted by the note, when and as the same are made payable, unless the seaman is shewn in manner hereinafter mentioned to have forfeited or ceased to be entitled to the wages out of which the allotment is to be paid. In the event of such sums not being paid to the Shipping Master on demand the Shipping Master may sue for and recover them with costs. The seaman shall be presumed to be duly earning his wages, unless the contrary is shewn to the satisfaction of the Court or Magistrate, either by the official statement of the change in the crew caused by his absence made and signed by the master, as by this Act is required, or by a duly certified copy of some entry in the

পত্রে স্বাক্ষর করে, ঐ শিপিং মাষ্টরের সাক্ষাতে না হইলে তাহাকে আগাম টাকা পাইবার পত্র দিতে হইবে না ইতি।

[টাকা অনিয়মিতরূপে কি অনুচিতমতে আগাম দেওয়া গেলে বেতনস্বরূপ জ্ঞান না হইবার কথা।]

৮৮ ধারা। কোন নাবিককে বেতনের আগাম টাকা কিম্বা আগাম টাকার পত্র যেরূপে দেওয়া যায় তদ্দৃষ্টে যদি পূর্ব্বোক্ত কোন বিধির লংঘন হয়, তবে ঐ নাবিক সেই প্রকারের আগাম টাকা কিম্বা আগাম টাকার পত্র না পাইবার মতে আপনার বেতন আদায় করিতে পারিবে। ও আগাম টাকার পত্র সেই প্রকারে দেওয়া গেলে তজ্জন্যে নিম্নলিখিত বিধানমতে কোন লোকের নামে অভিযোগ হইতে পারিবে না, কিন্তু যদি ঐ ব্যক্তি আপনি কি আপনার পক্ষ কর্ম্মকারকের দ্বারা ঐ চিঠী অনিয়মিতরূপে কি অনুচিতমতে ঐ পত্র দেওয়ার কার্য্যেতে সহায় হয়, তবে অভিযোগ হইতে পারিবে ইতি।

(b)—বেতনের বরাৎ দিবার বিধি।

[নিয়মপত্রে বরাৎ দিবার নিয়ম লিখিবার ও বরাৎ চিঠীর কথা।]

৮৯ ধারা। নাবিকের বিদেশে থাকন সময়ে তাহার বেতনের কোন অংশের বরাৎ দিবার যে নিয়ম জাহাজের প্রথম যাত্রাকালে করা যায়, তাহা নিয়মপত্রে লিখিতে হইবে, ও যে সময়ে যত টাকা দিতে হইবে তাহাও নিয়ম করা যাইবে। সেই প্রকারের সকল বরাৎ চিঠী স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমত পাঠে লিখিতে হইবে। ও ঐ নাবিকের কোন বন্ধু কিম্বা পরিবারের লোক ভিন্ন তাহা কাহার উপকারের নিমিত্তে হইবে না, ও সেই বন্ধুপ্রভৃতির নাম চিঠীতে লেখা থাকিবে ও ঐ নাবিকের সেই বন্ধুকে কি তাহার পরিবারের সেই লোককে দিবার জন্যে সেই টাকা শিপিং মাষ্টর সাহেবকে দেওয়া যাইবে। কিন্তু সেই বরাতী টাকা ঐ নাবিকের বেতনের তিন ভাগের এক ভাগের অধিক কখন হইবে না ইতি।

[ঐ বরাতী টাকা শিপিং মাষ্টর সাহেবকে দিবার কথা ও বরাৎ চিঠীর উপর মোকদ্দমার ও প্রমাণের কথা।]

৯০ ধারা। জাহাজের যে স্বামী কি তাঁহার কোন কর্ম্মকারক বরাত চিঠীর টাকা দিবার অনুমতি দিয়াছেন শিপিং মাষ্টর সাহেব তাঁহার নিকটে চাহিলে ঐ বরাত চিঠীর টাকা যখন যে প্রকারে দিতে হয় তখন সেই প্রকারে দিবেন। কিন্তু ঐ বরাতের টাকা নাবিকের যে বেতন হইতে দিতে হয় তাহার সেই বেতন বন্ধ হইয়াছে কিম্বা পাওনা নাই ইহা নিম্নলিখিত প্রকারে দর্শান গেলে ঐ টাকা দেওয়া যাইবে না। সেই টাকা দাওয়া হইবার কালে যদি শিপিং মাষ্টর সাহেবকে না দেওয়া যায়, তবে ঐ শিপিং মাষ্টর সাহেব নালিশ করিয়া খরচাসমেত তাহা আদায় করিতে পারিবেন। নাবিক উচিতমতে কর্ম্ম করিয়া স্বীয় বেতনের যোগ্য হইয়ার নিত্য অনুভব করিতে হইবে। কিন্তু যদি আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সন্তোষমতে বিপরীত প্রমাণ হয়, যথা এই আইনমতে জাহাজের লোকেরদের পরিবর্ত্ত হইবার যে বর্ণনাপত্র কাপ্তানের লিখিয়া স্বাক্ষ

official log-book to the effect that he has died or left the ship, or by a credible letter from the master of the ship to the same effect, or by such other evidence, of whatever description, as the Court or Magistrate trying the case considers sufficient to shew satisfactorily that the seaman has ceased to be entitled to the wages out of which the allotment is to be paid.

করিবার আজ্ঞা হইল, ঐ নাবিক উপস্থিত না হওয়াতে যদি সেই পরিবর্ত্ত হইবার বর্ণনাপত্র অর্পণ করা যায় কিম্বা ঐ নাবিক মরিয়াছে কি জাহাজ ত্যাগ করিয়া গিয়াছে, জাহাজের টপনামার লেখা এমত কোন কথার প্রতিলিপি উচিতমতে স্বাক্ষর হইয়া অর্পণ করা যায় কিম্বা জাহাজের কাপ্তানের কোন বিশ্বাস যোগ্য পত্রেতে সেই প্রকারের কথা লেখা থাকে ইত্যাদি প্রকারের অন্য কোন প্রমাণেতে যদি ঐ মোকদ্দমা বিচারকারি আদালত কি মাজিষ্ট্রেট সাহেব হৃদ্বোধমতে বুঝিতে পান যে নাবিকের যে বেতনহইতে বরাতের টাকা দিতে হয় তাহা তাহার আর পাওনা নাই তবে সেই অনুভব ত্যাগ করিতে হইবে নতুবা নয় ইতি।

[Receipts and payments by Shipping Master on account of allotment-notes.]

XCI. The Shipping Master, on receiving any such sum as aforesaid, shall pay it over to the person named in the allotment-note. All such receipts and payments shall be entered in a book, and all entries in the said book shall be authenticated by the signature of the Shipping Master or his deputy, and the said book shall be at all times open to the inspection of the parties concerned.

[বরাৎ চিঠীর বলে শিপিং মাস্টর সাহেবের প্রাপ্ত টাকার রসীদ ও টাকা দিবার কথা।]

৯১ ধারা। শিপিং মাস্টর সাহেব পূর্ব্বোক্ত টাকা পাইলে, বরাৎ চিঠীতে যাঁহার নাম লেখা আছে তাঁহাকে দিবেন। সেই প্রকারে যে সকল টাকা পান ও দেন তাহার হিসাব খাতায় তুলিতে হইবে, ও সেই খাতার সকল কথাতে ঐ শিপিং মাস্টর সাহেবের কি তাঁহার ডেপুটী সাহেবের স্বাক্ষর করিতে হইবে। ও সেই টাকার দানাদানেতে যাহারদের কিছু সম্পর্ক থাকে তাঁহারা যখন চাহেন তখন সেই খাতা দেখিতে পাইবেন ইতি।

(c) *Discharge and payment of Wages.*

(c) বিদায় করিবার ও বেতন দিবার বিধি।

[Discharge from foreign-going ships to be made before Shipping Master.]

XCII. All seamen discharged from any foreign-going ship at any port in British India in whatever part of Her Majesty's dominions the ship is registered shall be discharged and receive their wages in the presence of a Shipping Master duly appointed under this Act, except in cases where some competent Court otherwise directs. And any master or owner of any such ship who discharges any seaman belonging thereto, or except as aforesaid pays his wages in any other manner, shall incur a penalty not exceeding one hundred Rupees. In the case of Home-trade ships of a burden exceeding three hundred tons, seamen may, if the owner or master so desires, be discharged and receive their wages in like manner.

[দেশান্তর গমনীয় জাহাজের লোককে বিদায় করা গেলে শিপিং মাস্টর সাহেবের সম্মুখে করিবার কথা।]

৯২ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের যে কোন স্থানে দেশান্তরগমনীয় জাহাজের রেজিস্টরী হউক, যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কোন নাবিককে বিদায় করা যায়, তবে এই আইনমতের নিয়মিতরূপে নিযুক্ত কোন শিপিং মাস্টর সাহেবের গোচরে তাঁহাকে বিদায় করিতে ও বেতন দিতে হইবে। কিন্তু যদি স্থলবিশেষে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালত অন্য রূপ আজ্ঞা করেন, তবে সেই আজ্ঞা প্রবল থাকিবে। যদি তদ্রূপ কোন জাহাজের কোন কাপ্তান কি স্বামী ঐ জাহাজের কোন নাবিককে প্রকারান্তরে বিদায় করেন কিম্বা পূর্ব্বোক্ত স্থলভিন্ন তাঁহাকে অন্য প্রকারে বেতন দেন, তবে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের স্বামী কি কাপ্তান ইচ্ছা করিলে, তাঁহারদের নাবিকদের প্রতি বিদায় হইবার ও বেতন পাইবার সেই বিধি বর্ত্তিবে ইতি।

[Master to deliver account of wages.]

XCIII. Every master shall, not less than twenty-four hours before paying off or discharging any seaman, deliver to him, or, if he is to be discharged before a Shipping Master, to such Shipping Master, a full and true account, in a form sanctioned by the Local Government, of his wages and of all deductions to be made therefrom on any account whatever, and in default shall for each offence incur a

[বেতনের হিসাব কাপ্তানের দিবার কথা।]

৯৩ ধারা। কাপ্তান কোন নাবিককে বেতন দিয়া বিদায় করিবার চব্বিশ ঘণ্টা থাকিতে ঐ নাবিকের বেতনের ও তাহাহইতে যে কারণে যাহা বাদ দিতে হইবে তাহার পূরা ও যথার্থ হিসাব, স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমত পাঠে তাঁহাকে দিবেন, কিম্বা শিপিং মাস্টর সাহেবের সম্মুখে বিদায় করিতে হইলে শিপিং মাস্টর সাহেবকে ঐ হিসাব দিবেন না। ও তাহা করিলে তাঁহার প্রত্যেকবার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। সেই হিসাবে ধরা না গেলে কোন

penalty not exceeding fifty Rupees. No deduction from the wages of any seaman (except in respect of any matter happening after such delivery) shall be allowed unless it is included in the account so delivered. The master shall during the voyage enter the various matters in respect of which such deductions are made, with the amounts of the respective deductions as they occur, in a book to be kept for that purpose, and shall, if required, produce such book at the time of the payment of wages and also upon the hearing before any competent authority of any complaint or question relating to such payments.

নাবিকের বেতন হইতে কিছু বাদ দিবার অনুমতি নাই। কিন্তু সেই হিসাব দিলে পর যদি তাঁহার বেতন কাটিবার কোন কারণ থাকে, তবে তাহা লইতে পারিবেন। জাহাজের যাত্রাকালে কাপ্তান একখান বহী রাখিয়া নাবিকদের যত বেতন যেং কারণে কাটিতে হইবে তাহা লিখিয়া রাখিবেন, ও ঐ বেতন দিবার সময়ে, ও উপযুক্ত কোন কার্য্যকারক সাহেবের সম্মুখে সেই বেতনের কোন অভিযোগের কি বিবাদের বিচার হইবার সময়ে, তাঁহাকে আজ্ঞা হইলে তাঁহার ঐ বহী আনিয়া দেখাইতে হইবে ইতি।

[On discharge, masters to give seamen certificates of discharge, and return certificates of competency or service to mates.]

XCIV. Upon the discharge of any seaman or upon payment of his wages, the master shall sign and give him a certificate of his discharge, in a form sanctioned by the Local Government, specifying the period of his service and the time and place of his discharge. If any master fails to sign and give to any such seaman such certificate of discharge, he shall, for each such offence, incur a penalty not exceeding one hundred Rupees. The master shall also, upon the discharge of every certificated mate whose certificate of competency or service has been delivered to and retained by him, return such certificate, and shall in default incur a penalty not exceeding two hundred Rupees.

[নাবিকদিগকে বিদায় করিলে বিদায় করিবার সংশিতপত্র ও মালিমদিগকে যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্রে দিবার কথা।]

৯৪ ধারা। কোন নাবিককে বিদায় করিবার কিম্বা তাহার বেতন দিবার সময়ে কাপ্তান স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমত পাঠে বিদায়ের সংশিতপত্রে স্বাক্ষর করিয়া তাঁহাকে দিবেন। নাবিক যত কাল কর্ম্ম করিয়াছে ও যে সময়ে ও স্থানে বিদায় হয় তাহা ঐ সংশিতপত্রে নির্দ্দিষ্ট থাকিবেক। যদি কোন কাপ্তান ঐ প্রকারের বিদায়ের সংশিতপত্র স্বাক্ষর করিয়া নাবিককে না দেন, তবে তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। আরো সংশিতপত্র প্রাপ্ত যে মালিমের যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্র কাপ্তানের হাতে দেওয়া গিয়াছিল ও তাঁহার কাছে আছে সেই মালিমকে বিদায় করিবার সময়ে ফিরিয়া দিবেন। না দিলে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Shipping Master may decide questions which parties refer to him. Enforcement of award.]

XCV. Every Shipping Master shall hear and decide any question whatever between a master or owner and any of his crew which both parties agree in writing to submit to him; and every award so made by him shall be binding on both parties, and shall in any legal proceeding which may be taken in the matter before any Court or Magistrate, be deemed to be conclusive as to the rights of the parties; and any document purporting to be such submission or award shall be *primâ facie* evidence thereof. An award made by a Shipping Master under this section may be enforced by a Magistrate in the same manner as an order for the payment of wages made by such Magistrate under the provision of Section 106.

[বিবাদ উপস্থিত হইলে শিপিং মাষ্টর সাহেবের সেই বিবাদ নিষ্পত্তি করিবার ও তাঁহার আজ্ঞা প্রবল করিবার কথা।]

৯৫ ধারা। কাপ্তানের কি স্বামির ও জাহাজী লোকেরদের মধ্যে কোন বিবাদ হইলে যদি উভয় পক্ষ শিপিং মাষ্টর সাহেবের নিষ্পত্তির জন্যে সেই বিবাদ অর্পণ করিবার সম্মতিপত্র লিখিয়া দেন তবে শিপিং মাষ্টর সাহেব ঐ বিবাদের বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও তাহাতে তিনি যে নির্ণয় করেন তাহা উভয় পক্ষের মানিতে হইবেক। ও যদি সেই কথা লইয়া কোন আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে উভয় পক্ষের স্বত্ত্ববিষয়ে ঐ নির্ণয় সিদ্ধান্ত জ্ঞান হইবে। ও তদ্রূপ বিবাদার্পণের কিম্বা নির্ণয়পত্রের লিপি বলিয়া যে লেখ্য থাকে তাহা আপাতত ঐ অর্পণের কি ঐ নির্ণয় পত্রের প্রমাণ হইবে। এই ধারামতে শিপিং মাষ্টর সাহেব যে নির্ণয় পত্র করেন মাজিষ্ট্রেট সাহেব ১০৬ ধারামতে বেতন দিবার আজ্ঞা করিয়া আপনার আজ্ঞা যেরূপে প্রবল করিতেন সেই রূপে উক্ত আজ্ঞাও প্রবল করিবেন ইতি।

[Master and others to produce ship's papers to shipping Masters and give evidence.]

XCVI. In any proceeding relating to the wages, claims, or discharge of any seaman carried on before any Shipping Master under the provisions of this Act

[শিপিং মাষ্টর সাহেবের নিকটে কাপ্তানের ও অন্য লোকদের জাহাজের লেখ্যপত্র দেখাইবার ও প্রমাণ দিবার কথা।]

৯৬ ধারা। এই আইনের বিধানমতে যখন শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে কোন নাবিকের বেতনের কি

such Shipping Master may call upon the owner or his agent or upon the master or any mate or other member of the crew, to produce any log-books, papers, or other documents in their respective possession or power relating to any matter in question in such proceeding, and may call before him and examine any of such persons being then at or near the place on any such matter. Every owner, agent, master, mate or other member of the crew who, when called upon by the Shipping Master, does not produce any such paper or document, as aforesaid if in his possession or power, or does not appear and give evidence, shall, unless he shews some reasonable excuse for such default, for each such offence incur a penalty not exceeding fifty Rupees.

[Rules as to settlement of wages.]

XCVII. The following rules shall be observed with respect to the settlement of wages (that is to say),—

[Release to be signed before and attested by the Shipping Master.]

(1) Upon the completion before a Shipping Master of any discharge and settlement, the master or owner and each seaman shall respectively in the presence of the Shipping Master, sign, in a form sanctioned by the Local Government, a mutual release of all claims in respect of the past voyage or engagement and the Shipping Master shall also sign and attest the release and shall retain the same.

[To be a discharge.]

(2)—Such release so signed and attested shall operate as a mutual discharge and settlement of all demands between the parties thereto in respect of the past voyage or engagement.

[And to be evidence.]

(3)—A copy of such release, certified under the hand of such Shipping Master to be a true copy, shall be given by him to any party thereto requiring the same, and such copy shall be receivable in evidence upon any future question touching such claims as aforesaid, and shall have all the effect of the original of which it purports to be a copy.

[No other receipt to be a discharge.]

(4)—In cases in which discharge and settlement before a Shipping Master are hereby required, no payment, receipt, settlement, or discharge otherwise made shall operate or be admitted as evidence of the release or satisfaction of any claim.

[*Government Gazette, 20th November* 1866.]

দাওয়ার কি বিদায় হইবার কথা লইয়া কোন মোকদ্দমা হয় তখন ঐ শিপিং মাষ্টর সাহেব জাহাজের স্বামিকে কি তাঁহার পক্ষীয় কর্ম্মকারককে কিম্বা কাপ্তানকে কি কোন মালিমকে কিম্বা জাহাজের অন্য কোন লোককে কোন টপনামা কি কাগজপত্র কিম্বা ঐ মোকদ্দমায় বিবাদের কোন কথাসংক্রান্ত অন্য যে লেখ্য তাহাদের নিকটে কি ক্ষমতার অধীনে থাকে তাহা দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন, ও উক্ত যে কোন লোক তৎকালে সেই স্থানে কি তাহার নিকটে থাকে তাহাকে আপনার সম্মুখে আহ্বান করিয়া ঐ কথার বিষয়ে তাহার উত্তর লইতে পারিবেন। ও শিপিং মাষ্টর সাহেব জাহাজের স্বামিকে কি তাহার পক্ষীয় কর্ম্মকারককে কি কাপ্তানকে কি মালিমকে কিম্বা জাহাজের অন্য লোককে আজ্ঞা করিলে যদি সেই লোক আপনার নিকট কি আপন ক্ষমতার অধীন পূর্ব্বোক্ত কোন কাগজপত্র কি লেখ্য না দেখায়, কিম্বা উপস্থিত হইয়া প্রমাণ না দেয়, তবে সেই প্রকার ত্রুটির কোন উপযুক্ত কারণ দেখাইতে না পারিলে তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বেতন নিষ্পত্তি করিবার কথা।]

৯৭ ধারা। বেতন নিষ্পত্তি করিবার কার্য্যেতে এইং বিধি মানিতে হইবে।

[শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে মুক্তিপত্রে স্বাক্ষর হইবার ও তাহার প্রমাণে তাঁহার স্বাক্ষর করিবার কথা।]

১। শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে কোন লোকের বিদায় করিবার ও বেতন নিষ্পত্তি করিবার কার্য্য সমাপ্ত হইলে, জাহাজের কাপ্তান কি স্বামী ও প্রত্যেক জন নাবিক ঐ শিপিং মাষ্টর সাহেবের গোচরে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমত পাঠে জাহাজের পূর্ব্ব যাত্রার কি নিয়মপত্রের সম্পর্কে সকল দাওয়ার এক মুক্তিপত্রে স্বাক্ষর করিবেন ও শিপিং মাষ্টর সাহেবও ঐ মুক্তিপত্রে স্বাক্ষর করিবেন ও সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন ও তাহা আপনার নিকটে রাখিবেন।

[তাহা মুক্তিপত্র হইবার কথা।]

২। ঐ মুক্তিপত্রে সেই প্রকারে স্বাক্ষর ও সাক্ষিস্বরূপে স্বাক্ষর হইলে পর জাহাজের পূর্ব্বযাত্রার কি নিয়মপত্রসম্পর্কে উভয়পক্ষের সকল দাওয়ার পরস্পর মুক্তিপত্র ও নিষ্পত্তির ন্যায় হইবে।

[ও প্রমাণ হইবার কথা।]

৩। ঐ মুক্তিপত্র সম্পর্কীয় কোন লোক যদি তাহার প্রতিলিপি চাহে, তবে প্রতিলিপিতে ঐ শিপিং মাষ্টর সাহেব অবিকল প্রতিলিপি বলিয়া স্বাক্ষর করিয়া তাহাকে সেই প্রতিলিপি দিবেন, পরে পূর্ব্বোক্ত দাওয়া লইয়া কোন বিবাদ হইলে ঐ প্রতিলিপি প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবেক, ও সে লিপির প্রতিলিপি বলিয়া জ্ঞান হয় সেই আদ্যলিপির তুল্য বলবৎ হইবে।

[অন্য কোন রসীদ মুক্তিপত্র না হইবার কথা।]

৪। এই ধারামতে যে২ স্থলে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় ও নিষ্পত্তি হইবার আজ্ঞা হইল সেই২ স্থলে যদি কিছু টাকা কি রসীদ অন্য কোন প্রকারে দেওয়া যায় কি টাকার নিষ্পত্তি কি মুক্তিপত্র হয় তাহা বলবৎ হইবে না ও মুক্তিপত্রের কিম্বা কোন দাওয়া পরিশোধের প্রমাণে গ্রাহ্য হইবে না।

[Voucher to be given to master and to be evidence.]

(5)—Upon any payment being made by a master before a Shipping Master, the Shipping Master shall, if required, sign and give to such master a statement of the whole amount so paid, and such statement shall, as between the master and his employer, be received as evidence that he has made the payments therein mentioned.

(d)—Legal Rights to Wages.

[Right to wages and provisions when to begin.]

XCVIII. A seaman's right to wages and provisions shall be taken to commence either at the time at which he commences work, or at the time specified in the agreement for his commencement of work or presence on board, whichever first happens.

[Seamen not to give up certain rights. Salvage services.]

XCIX. No seaman shall by any agreement forfeit his lien upon the ship, or be deprived of any remedy for the recovery of his wages to which he would otherwise have been entitled; and every stipulation in any agreement inconsistent with any provision of this Act, and every stipulation by which any seaman consents to forfeit his lien upon the ship, or to abandon any right which he may have or obtain in the nature of salvage, shall be wholly inoperative. Nothing contained in the former part of this section shall apply to the case of any stipulation made by the seamen belonging to any ship, which, according to the terms of the agreement, is to be employed on salvage service, with respect to the remuneration to be paid to them for salvage services to be rendered by such ship to any other ship or ships.

[Wages not to be dependent on the earning of freight.]

C. No right to wages shall be dependent on the earning of freight. Every seaman and apprentice who would be entitled to demand and recover any wages if the ship in which he has served had earned freight, shall, subject to all other rules of law and conditions applicable to the case, be entitled to claim and recover the same notwithstanding that freight has not been earned; but in all cases of wreck or loss of the ship, proof that he has not exerted himself to the utmost to save the ship cargo and stores, shall bar his claim.

[In case of death, such wages to be paid as after mentioned.]

CI. If any seaman or apprentice to whom wages are due under the last perceeding section dies before

[কাপ্তানকে রৌচয় দিবার ও তাহা প্রমাণ হইবার কথা।]

৫। জাহাজের কাপ্তান শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে টাকা দিলে পর, ঐ শিপিং মাষ্টর সাহেবের নিকটে প্রার্থনা হইলে সেইরূপ যত টাকা দেওয়া গিয়াছে তিনি তাহার সমুদয়ের বর্ণনাপত্রে স্বাক্ষর করিয়া ঐ কাপ্তানকে দিবেন, ও কাপ্তানের ও তাঁহার নিযোক্তার পক্ষে ঐ বর্ণনাপত্র ঐ টাকা দত্ত হইবার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক ইতি।

(d) বেতন পাইবার আইনসম্পার্কীয় স্বত্বের বিধি।

[বেতন ও খাদ্যাদি পাইবার অধিকার যে সময়াবধি আরম্ভ হয় তাহার কথা।]

৯৮ ধারা। কোন নাবিক যে সময়ে কর্ম্ম করিতে আরম্ভ করে, কিম্বা নিয়মপত্রে কর্ম্ম আরম্ভ করিবার কিম্বা জাহাজে উপস্থিত হইবার যে সময় নির্দ্দিষ্ট থাকে ইহার মধ্যে যাহা প্রথম হয় সেই সময়াবধি তাহার বেতন ও আহারীয় দ্রব্য পাইবার অধিকার চলে এমত জ্ঞান হইবে ইতি।

[নাবিকের কোন২ অধিকার ত্যাগ করিতে না পারিবার কথা। নষ্টোদ্যত জাহাজ রক্ষা করণের কথা।]

৯৯ ধারা। জাহাজের উপর কোন নাবিকের যে দাওয়া থাকে তাহা কোন নিয়ম করিয়া ত্যাগ করিতে পারিবে না, ও নিয়ম না করিলে তাহার বেতন আদায় করিবার যে উপায় থাকিত তাহা কোন নিয়মপত্র করিলেও রহিত হইবে না। ও কোন নিয়মপত্রে এই আইনের অসঙ্গত যে নিয়ম করে ও জাহাজ হারাণ গেলে আপনার বেতন পাইবার অধিকার ত্যাগ ও জাহাজের কোন দ্রব্য রক্ষা করিলে পুরস্কার পাইবার যে অধিকার থাকে কি প্রাপ্ত হয় তাহা ত্যাগ করিবার যে নিয়ম করে সেই নিয়ম সম্পূর্ণরূপে নিষ্ফল হইবে। যদি চুক্তি পত্রের নিয়মানুসারে জাহাজ নষ্টোদ্যত অন্য২ জাহাজের রক্ষার কর্ম্মে নিযুক্ত হয় তবে অন্য জাহাজের রক্ষার জন্যে পরিশ্রম করিলে নাবিকেরা পারিশ্রমিক সম্পার্কে যে কোন নিয়ম করে, এই ধারার পূর্ব্ব ভাগের কোন কথা তাহার প্রতি বর্ত্তিবে না ইতি।

[বোঝাই দ্রব্য পাওয়া গেলে কি না গেলেও বেতন চলিবার কথা।]

১০০ ধারা। বোঝাই দ্রব্য পাইবার উপর বেতন পাইবার স্বত্বের নির্ভর হইবে না। নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে কর্ম্ম করিয়াছে সেই জাহাজ বোঝাই দ্রব্য পাইলে যদি কোন বেতন দাওয়া ও আদায় করিতে পারিত, তবে সেই স্থলে যে আইন ও নিয়ম খাটে তৎসম্পার্কীয় অন্য সকল বিধি বজায় রাখিয়া বোঝাই দ্রব্য না পাওয়া গেলেও ঐ বেতন দাওয়া ও আদায় করিতে পারিবে। কিন্তু জাহাজ ভাঙ্গিলে কি মারা পড়িলে নাবিক জাহাজ ও বোঝাই দ্রব্য ও জাহাজী সরঞ্জাম রক্ষা করিতে সাধ্যমতে যত্ন করিল না ইহার প্রমাণ হইলে, তাহার দাওয়ার ব্যাঘাত হইতে পারিবে ইতি।

[মরিলে ঐ বেতন নীচের লিখিতমতে দেওয়া যাইবার কথা।]

১০১ ধারা। পূর্ব্ব ধারামতে যাহার [illegible] পাওনা আছে এমত কোন নাবিক কি [illegible]

the same are paid, they shall be paid and applied in the manner hereinafter specified with regard to the wages of seamen who die during a voyage.

[Rights to wages in case of termination of service by wreck or illness.]

CII. In cases where the service of any seamen terminates before the period contemplated in the agreement by reason of the wreck or loss of the ship, and also in cases where such service terminates before such period as aforesaid by reason of his being left on shore at any place abroad under a certificate of his unfitness or inability to proceed on the voyage granted under the provisions of the Merchant Shipping Act, 1854, such seaman shall be entitled to wages for the time of service prior to such termination as aforesaid, but not for any further period.

[Wages not to accrue during refusal to work or imprisonment.]

CIII. No seamen or apprentice shall be entitled to wages for any period during which he unlawfully refuses or neglects to work when required, whether before or after the time fixed by the agreement for his beginning work; nor, unless the Court or Magistrate hearing the case otherwise directs, for any period during which he is lawfully imprisoned for any offence committed by him.

[Period within which wages are to be paid.

CIV. The master or owner of every ship shall pay to every seaman his wages within three days after the cargo has been delivered, or within five days after the seaman's discharge, whichever first happens. The seaman shall, at the time of his discharge, be entitled to be paid on account a sum equal to one fourth part of the balance due to him. Every master or owner who neglects or refuses to make payment in manner aforesaid without sufficient cause, shall pay to the seaman a sum not exceeding the amount of two days' pay for each of the days not exceeding ten days during which payment is delayed beyond the respective periods aforesaid, and such sum shall be recoverable as wages.

[What sum in the current coin of India shall be recovered by seaman under an agreement expressing his wages, &c., to be payable in a foreign coin.]

CV. When any monies are payable in British India to any seaman or apprentice for wages, or otherwise under any agreement wherein such monies are expressed to be payable in some denomina-

ঐ বেতন পাইবার আগে মরেন, তবে জাহাজের যাত্রা-কালে নাবিক মরিলে তাহার বেতনের যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট হইতেছে সেই বিধিমতে তাহার বেতন দেওয়া যাইবে, ও বেতনের নিয়ম হইবে ইতি।

[জাহাজের ভঙ্গেতে কি নাবিকের পীড়াতে কর্ম্ম রহিত হইলে বেতনের অধিকারের কথা।]

১০২ ধারা। নিয়মপত্রেতে কোন নাবিকের কর্ম্ম করিবার যে কাল নিরূপণ হইয়াছে তাহা অতীত না হইলে, যদি জাহাজ ভাঙ্গাতে কি মারা পড়াতে, তাহার কর্ম্মের শেষ হয়, কিম্বা পূর্ব্বোক্ত মিয়াদ শেষ হইবার পূর্ব্বে তাহার সেই যাত্রায় চলিবার অযোগ্যতার কিম্বা অক্ষমতার সংশিতপত্র বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনের বিধানমতে দেওয়া গেলে, সেই সংশিত-পত্রমতে তাহাকে বিদেশের কোন স্থানে ছাড়িয়া যাইবাতে যদি তাহার কর্ম্মের শেষ হয়, তবে সেই নাবিক উক্তমতে তাহার কর্ম্ম রহিত হইবার পূর্ব্ব কালের বেতন পাইতে পারিবে, কিন্তু অধিক কালের নয় ইতি।

[কর্ম্ম করিতে স্বীকার না করিবার কি কারাবদ্ধ থাকি-বার কালে বেতন না চলিবার কথা।]

১০৩ ধারা। নিয়মপত্রেতে কোন নাবিকের কি শিক্ষার্থির কর্ম্ম আরম্ভ করিবার যে সময় নির্দ্ধার্য্য হই-য়াছে সেই সময়ের পূর্ব্বে কি পরে আজ্ঞা পাইলেও যদি সে কর্ম্ম করিতে অন্যায়মতে স্বীকার না করে কি কর্ম্ম না করে, তবে যত কাল কর্ম্ম না করে তত কা-লের বেতনের দাওয়া করিতে পারিবে না। কিম্বা যদি কোন অপরাধ করাতে তাহাকে ন্যায়মতে কারাবদ্ধ করা যায় তবে যত কাল কারাবদ্ধ থাকে, তত কালের বেতন পাইতে পারিবে না। কিন্তু যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ কথার বিচার করেন তিনি যদি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাঁহার আজ্ঞা বলবৎ থাকিবে ইতি।

[যে কালের মধ্যে বেতন দিতে হইবে তাহার কথা।]

১০৪ ধারা। জাহাজের বোঝাই দ্রব্য উত্তরাণ গেলে পর তিন দিনের মধ্যে, কিম্বা নাবিককে তাহার পূর্ব্বে বিদায় করা গেলে পাঁচ দিনের মধ্যে জাহাজের কাপ্তান কি স্বামী প্রত্যেক জন নাবিককে বেতন দিবেন। বিদায় হইবার সময়ে নাবিকের যত পাওনা থাকে সে তৎকালে সিকি ভাগ পাইতে পারিবে। ও যদি কাপ্তান কি স্বামী উপযুক্ত কারণ না থাকি-লেও উক্তমতে বেতন না দেন কি দিতে স্বীকার না করেন, তবে পূর্ব্বোক্ত তিন দিনের কি পাঁচ দিনের পর দশ দিনপর্য্যন্ত যত দিন তাহাকে বেতন না দেন তাহার দিন প্রতি ঐ নাবিককে দুই দিনের বেতনের অনধিক টাকা দিবেন, ও সেই টাকা বেতনের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[নিয়মপত্রেতে নাবিকের বেতনাদি ভিন্নদেশের মুদ্রাতে দিবার নিয়ম হইলে ভারতবর্ষের চলিত মুদ্রা বুঝিয়া যে হিসাবে পাইবে তাহার কথা।]

১০৫ ধারা। নিয়মপত্রমতে কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন প্রভৃতির টাকা ব্রিটনীয় ভারতবর্ষে দেনা হইলে, যে বন্দরে কি স্থানে দেনা হয় তথায় যে মুদ্রা চলন থাকে তদ্ভিন্ন যদি নিয়মপত্রে অন্য

tion of coin other than the current coin of the port or place wherein the same have become payable, the seaman or apprentice shall be entitled to demand and recover, in the current coin of such port or place, the amount due to him estimated according to the established par value of the coin wherein the same is so expressed to be payable.

(e)—Mode of recovering Wages.

[Sea... ... summarily before any Magis-...]

Any seaman or apprentice, or any person duly authorized on his behalf, may sue, in a summary manner, before any Magistrate acting in or near to the place at which the service has terminated, or at which the seamen or apprentice has been discharged, or at which any person upon whom the claim is made is or resides, for any amount of wages due to such seamen or apprentice not exceeding five hundred Rupees. Every order made by such Magistrate in the matter shall be final.

[Levy of wages by distress.]

CVII. When an order for the payment of wages is made by a Magistrate under the last preceding section, and the wages are not paid at the time and in the manner prescribed, the sum mentioned in the order, with such further sum as may be thereby awarded for costs, shall be levied by distress and sale of the goods and chattels of the person directed to pay the same under a warrant to be issued for that purpose by the Magistrate.

[No suit for wages under 500 Rupees to be instituted in Admiralty Court, &c, except in certain cases.]

CVIII. No suit or proceeding for the recovery of wages under the sum of five hundred Rupees shall be instituted by or on behalf of any seaman or apprentice in any Court of Admiralty or Vice-Admiralty, or in any Court of Civil Judicature other than the Court of Small Causes, where such Court exists, unless the owner of the ship is adjudged bankrupt or declared insolvent, or unless the ship is under arrest, or is sold by the authority of any such Court, or unless the Magistrate, acting under the authority of this Act, refers the case to be adjudged by such Court.

[Master to have some remedies for wages as seamen.]

CIX. Every master of a ship, whether British or foreign, shall, so far as the case permits, have

দেশের চলিত মুদ্রা লেখা থাকে তবে ঐ নাবিক কি শিক্ষার্থি যে বন্দরে কি স্থানে ঐ বেতনাদি পাইবে সেই বন্দরের কি দেশের চলিত মুদ্রাতে তাহা দাওয়া ও আদায় করিতে পারিবে। অর্থাৎ যে মুদ্রা দিবার নিয়ম হইয়াছে ভারতবর্ষের মুদ্রাতে তাহার সমান মূল্য বুঝিয়া পাইতে পারিবে ইতি।

(e) বেতন আদায় করিবার নিয়মের বিধি।

[৫০০৲ টাকাপর্য্যন্ত বেতনের নিমিত্তে মাজি- ...ষ্ট্রেটের নিকটে নাবিকের সরাসরীরূপে নালিশ ... করিবার কথা।]

১০৬ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পাঁচ শত টাকাপর্য্যন্ত বেতন পাওনা হইলে যে স্থানে তাহার কর্ম্মের শেষ হয়, কিম্বা যে স্থানে তাহাকে বিদায় করা যায়, কিম্বা যাঁহার উপর দাওয়া করা যায় সে ব্যক্তি যে স্থানে থাকেন কি বাস করেন, সেই স্থানের কি তন্নিকট কোন স্থানের কোন মাজি-ষ্ট্রেটের নিকটে ঐ নাবিক কি শিক্ষার্থি কিম্বা তাহার পক্ষে নালিশ করিবার নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন লোক, ঐ বেতনের জন্যে নালিশ করিতে পারিবে। তাহাতে ঐ মাজিষ্ট্রেট যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[দ্রব্য ধৃতি দ্বারা বেতনের টাকা আদায় করিবার কথা।]

১০৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্ব ধারার লিখনমতে বেতন দিবার আজ্ঞা করিলে, যদি ঐ আজ্ঞার নিরূপিত সময়ে ও প্রকারে সেই বেতন না দেওয়া যায়, তবে ঐ টাকা দিবার আজ্ঞা যে ব্যক্তির প্রতি করা যায়, মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্র প্রচার করণদ্বারা ঐ ব্যক্তির মাল ও দ্রব্য ধৃত করিয়া ঐ আজ্ঞামত টাকা এবং খরচা বলিয়া অধিক যত আজ্ঞা করেন তত টাকা আদায় করিবেন ইতি।

[কোন২ স্থলভিন্ন আডমিরলটি কোর্টপ্রভৃতি স্থানে ৫০০৲ টাকার ন্যূন বেতনের মোকদ্দমা উপস্থিত না করিবার কথা।]

১০৮ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থিদ্বারা কিম্বা তাহার পক্ষে কোন ব্যক্তি আডমিরলটি কোর্টে কি বৈস-আডমিরলটি কোর্টে কিম্বা দেওয়ানী কোন আদালতে পাঁচ শত টাকার কম বেতন আদায় করিবার কোন নালিশ কি মোকদ্দমা উপস্থিত করিবে না, কেবল যে স্থানে ক্ষুদ্র মোকদ্দমার আদালত থাকে সেই স্থানে ঐ আদালতে হইতে পারিবে। কিন্তু যদি জাহাজের স্বামী বিচারমতে দেউলিয়া কিম্বা যোত্রহীন প্রকাশ কিম্বা যদি জাহাজ রাজধৃত হয় ও উক্ত প্রকারের কোন আদালতের আজ্ঞামতে বিক্রয় হয় কিম্বা যদি মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ক্ষমতামতে কার্য্য করিয়া তদ্রূপ কোন আদালতে বিচার হইবার নিমিত্তে ঐ মোকদ্দমা অর্পণ করেন, তবে হইতে পারিবে ইতি।

[নাবিকের মত কাপ্তানের বেতন আদায় করিবার উপায়ের কথা।]

১০৯ ধারা। এই আইনমতে কিম্বা কোন আইন কি দাঁড়ামতে কাপ্তানভিন্ন কোন নাবিকের বেতন আদা-

the same rights, liens, and remedies for the recovery of his wages (subject to all just deductions) which by this Act or by any law or custom any seaman, not being a master, has for the recovery of his wages; and if, in any proceeding in any Court of Admiralty or Vice-Admiralty touching the claim of a master to wages, any right of set-off or counterclaim is set up, it shall be lawful for such Court to enter into and adjudicate upon all questions, and to settle all accounts then arising or outstanding and unsettled between the parties to the proceeding, and to direct payment of any balance which is found to be due.

Explanation.—A master is entitled, under this Section and Section 104, to double pay for the number of days (not exceeding ten) during which the payment of his wages is improperly withheld; but he is not so entitled if he himself causes the delay by improperly keeping back the accounts of the ship.

[*To be continued.*]

য়ের যে অধিকার ও দাওয়া ও উপায় থাকে, জাহাজের কাপ্তানের বেতন আদায়ের জন্যে বিধয় বুঝিয়া যে পর্য্যন্ত হইতে পারে সেই পর্য্যন্ত সেই অধিকার ও দাওয়া ও উপায় থাকিবে। ও কাপ্তানের বেতনের দাওয়ার কোন মোকদ্দমা কোন আডমিরলটি কোর্টে কি বৈস-আডমিরলটি কোর্টে উপস্থিত হইলে, যদি ঐ কাপ্তানের স্থানে কিছু পাওনার দাবী কিম্বা তাঁহার দাওয়া খণ্ডিবার অন্য দাওয়া প্রকাশ করা যায়, তবে ঐ আদালত সেই সকল কথার তদন্ত লইয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও মোকদ্দমার উভয় পক্ষের দেনাপাওনার যে সকল হিসাব তখন উত্থিত হয় কিম্বা পূর্ব্বঅবধি হইয়া তৎকাল পর্য্যন্ত নিষ্পত্তি না হয় সেই সকল হিসাব নিষ্পত্তি করিয়া যে বাকী পাওনা থাকে তাহা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অর্থ। যদি অধ্যক্ষের বেতন অনুপযুক্তমতে অদত্ত থাকে, তবে এই ধারা এবং ১০৪ ধারামতে দশ দিনের অনধিক যত দিন তাঁহার বেতন অদত্ত থাকে তত দিনের নিমিত্তে তিনি দ্বিগুণ বেতন পাইতে পারিবেন। কিন্তু জাহাজের অনুপযুক্তমতে হিসাব আটক করিয়া রাখাপ্রযুক্ত যদি আপনিই বেতন দেওয়ার বিলম্বের কারণ হন, তবে দ্বিগুণ বেতন পাইতে দাওয়া করিতে পারিবেন না।

[ক্রমশঃ প্রকাশ্য।]

FINANCIAL DEPARTMENT.

No. 3031.

Simla, the 29th October 1866.

NOTIFICATIONS.

Read the following Despatch from the Right Hon'ble the Secretary of State for India :—

FINANCIAL. — INDIA OFFICE.

No. 174. — *London, the 31st July* 1866.

To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council.

SIR,

I HAVE considered in Council your Financial letter dated the 7th March last, No. 62, requesting, with reference to the Financial Despatch, dated the 23rd December last, No. 290, to be furnished with further instructions as to the conditions, under which Native Judges are to be admitted to pensions, both as regards present incumbents and Officers who may be appointed hereafter.

2. In regard to certain present incumbents, you observe that they entered the service in the belief ttha they would be entitled to pensions under the old rules, *viz.*, to a pension equal to one-third salary after 15 years' service, and equal to one-half after 22 years service, when certified to be unfit for further duty.

3. It was not understood that the exceptional advantages granted by the old Uncovenanted

ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

৩০৩১ নম্বর।

সিমলা। ১৮৬৬ সাল ২৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিম্ন লিখিত পত্র পাঠ করা গেল।

ফিনান্সিয়ল। — ইণ্ডিয়া আফিস।

১৭৪ নম্বর। — লণ্ডন ১৮৬৬ সাল ৩১ জুলাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

মহাশয়

গত ডিসেম্বর মাসের ২৩ তারিখের ২৯০ নম্বরের রাজস্বসংক্রান্ত পত্রোপলক্ষে গত মার্চ মাসের ৭ তারিখের ৬২ নম্বরের আপনকার রাজস্বসংক্রান্ত পত্র আমি মন্ত্রিসভায় বিবেচনা করিয়াছি। সেই পত্রে দেশীয় বিচারকর্ত্তাগণ অর্থাৎ যাঁহারা এইক্ষণে নিযুক্ত আছেন ও ইহার পরে নিযুক্ত হইবেন তাঁহারা কোন্ নিয়মমতে পেন্সান পাইতে পারেন এই বিষয়ের অধিকতর উপদেশ প্রার্থনা করিয়াছেন।

২। আপনি কহিয়াছেন যে বর্ত্তমান কএক জন পুরাতন বিধিমতে পেন্সান পাইবার অর্থাৎ ১৫ বৎসর কর্ম্ম করিয়া কর্ম্মে অক্ষম হইলে বেতনের তিনাংশের একাংশ ও ২২ বৎসর কর্ম্ম করিয়া কর্ম্মাক্ষম হইলে বেতনের অর্দ্ধাংশ পাইবার আশাতে কর্ম্মে প্রবর্ত্ত হইয়াছেন।

৩। অচিহ্নিত কার্য্যকারকদের পুরাতন পেন্সান বিধিমতে দেশীয় বিচারকর্ত্তাদিগকে যে সকল প্রদা-

Service Pension Rules to "Native Judges" extended to Native Judicial Officers of other grades.

4. So far as relates to any Native Judges now in the service, who can be considered entitled to benefits granted by the old rules to Officers of that class, I am willing that they shall still be considered eligible to the pensions allowed by those rules; but, with reference to all future appointments, I see no ground for making a distinction between Native Judges and the general body of Uncovenanted Servants, for whom the new rules make liberal provision.

5. You will communicate this decision to the Governments of Madras and Bombay.

I have, &c.,

(Sd.) CRANBORNE.

No. 3209.

The 2nd November 1866.

The following rule, which is applicable to Officers in the Civil and Political Departments, is published by order of the Governor General of India in Council:—

An order which grants leave of absence to a public Officer without specifying the date from which the leave is to commence, will be current for one month from the date of its receipt by the Officer concerned.

E. H. LUSHINGTON,

Secy. to the Govt. of India.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2488.

APPOINTMENTS.

The 7th November 1866.

The Reverend A. O. Hardy to officiate as Chaplain of St. Paul's Cathedral and the Presidency Jail.

Mr. C. T. Metcalfe to officiate as Joint-Magistrate and Deputy Collector of Monghyr, during the absence, on deputation, of Mr. J. Geoghegan, or until further orders.

Mr. P. A. Humphrey to officiate as Joint-Magistrate and Deputy Collector of Rajshahye, with effect from the 29th ultimo.

Lieutenant W. F. Trotter, Assistant Commissioner, to have charge of the Sub-Division of Dhoobree, in the district of Gowalparah.

The 8th November 1866.

Baboo Gunganund Mookerjee to officiate as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833 in the Chota Nagpore Division; to be posted

মের অভিপ্রায় আছে তাহা এদেশীয় অন্যান্য শ্রেণীর বিচারকর্ত্তাগণের পক্ষে প্রচলিত করিবার অভিপ্রায় ছিল না।

৪। দেশীয় যে বিচারকর্ত্তারা এইক্ষণে কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহাদের পক্ষে উক্ত বিধি যে পর্য্যন্ত সম্পর্ক রাখে সেই শ্রেণীর কার্য্যকারকেরা উক্ত বিধিমতে পেন্স্যন পাইবার যোগ্য হন আমার এই ইচ্ছা। কিন্তু ভবিষ্যৎ নিয়োগোপলক্ষে দেশীয় বিচারকর্ত্তাগণের ও সাধারণ অচিহ্নিত কার্য্যকারকগণের মধ্যে বিভিন্নতা করণের কোন হেতু আমি দেখি না। নূতন বিধিতে তাঁহাদের পক্ষে ঔদার্য্যের বিধান হইয়াছে।

৫। আপনি এই নিষ্পত্তি মান্দ্রাজ ও বোম্বাই গবর্ণমেন্টকে জ্ঞাত করিবেন।

ক্রান্বর্ণ।

৩২০৯ নম্বর।

১৮৬৬ সাল ২ নবেম্বর।

সিবিল ও পোলিটিকাল ডিপার্টমেন্টের কার্য্যকারকদের প্রতি নিম্ন লিখিত যে বিধি বর্ত্তে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে প্রকাশিত হইল।

রাজকীয় কোন কার্য্যকারককে ছুটী দিবার আজ্ঞা হইলে কোন্ তারিখ অবধি সেই ছুটী আরম্ভ হইবে ইহা যদি সেই আজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট না থাকে, তবে উক্ত কার্য্যকারক যে তারিখে সেই ছুটীর আজ্ঞাপত্র পান সেই তারিখ অবধি এক মাস তাঁহার ছুটী চলিবে।

ই এচ লশিংটন,

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৪৮৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ৭ নবেম্বর।

পাদরী শ্রীযুত এ ও হার্ডি সাহেব সেণ্ট পালের কাথিড্রেলের ও প্রেসিডেন্সী জেলের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে গিওগান সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি টি মেটকাফ সাহেব মুঙ্গেরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করবেন।

শ্রীযুত পি এ হমৃফে সাহেব রাজশাহীর জাইণ্ট মাজিস্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন, উক্ত নিয়োগ গত মাসের ২৯ তারিখ অবধি প্রবল হইবে।

আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব গোয়ালপাড়া জিলার অন্তর্গত ধুবরী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

১৮৬৬ সাল ৮ নবেম্বর।

শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায় হাজারীবাগে অবস্থিত হইয়া ছোট নাগপুর খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিস্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। এবং

to Hazareebaugh, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the districts of that Division, during the absence, on special deputation, of Baboo Kalidas Palit, or until further orders.

The 9th November 1866.

The following Assistant Superintendents of Police are transferred to Cuttack, *viz.* :—

Mr. F. Dawson from Bhaugulpore.
" W. Mackenzie from Monghyr.
" C. E. S. Innes from Tirhoot.

The 10th November 1866.

Captain G. M. Bowie to be District Superintendent of Police, Gya, but to continue to officiate, until further orders, as Deputy Inspector-General of Police, Third Circle.

Mr. J. Lambert to officiate, temporarily, as District Superintendent of Police, Gya.

This cancels the transfer of Captain F. N. Miles, District Superintendent of Police, from Chumparun to Gya, and that of Lieutenant R. M. Skinner, District Superintendent, from Sarun to Chumparun, notified in the *Calcutta Gazette* of the 10th October last.

Mr. J. H. Thompson to be District Superintendent of Police, Pooree.

Mr. R. S. O'Connor to be District Superintendent of Police, Singbhoom.

Mr. R. W. King to be District Superintendent of Police, Maldah.

This cancels his appointment to Sarun, notified in the *Calcutta Gazette* of the 10th October last.

Mr. W. P. Davis to be District Superintendent of Police, Nowgong, but to continue to officiate as Deputy Commissioner of Police, Calcutta, until the return from leave of Major W. Reveley, or until further orders.

Mr. T. Weldon to be District Superintendent of Police, Durrung.

Mr. J. M. E. Gouldsbury to be District Superintendent of Police, Pubna.

Mr. H. W. J. Bamber to be a District Superintendent of the Fourth Grade, Chittagong, but to officiate as District Superintendent of Bograh, during the absence, on deputation, of Mr. H. L. Jones, or until further orders.

Mr. A. King to officiate as District Superintendent of Police, Chittagong.

Mr. H. G. Wilkins, Assistant Superintendent of Police, is transferred from Bograh to Burdwan.

শ্রীযুত বাবু কালিদাস পালিতের রাজকীয় বিশেষ কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা, ক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ৯ নবেম্বর।

নিম্ন লিখিত পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবেরা কটকে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

ভাগলপুরহইতে শ্রীযুত এফ ডাসন সাহেব।
মুঙ্গেরহইতে শ্রীযুত ডবলিউ মাকেঞ্জি সাহেব।
ত্রিহুতহইতে শ্রীযুত সি ই এস ইনিস্ সাহেব।

১৮৬৬ সাল ১০ নবেম্বর।

কাপ্তান শ্রীযুত জি এম বোই সাহেব গযার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তৃতীয় চক্রের পোলীসের ডেপুটী ইনিস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে লাম্বর্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে গযার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট কাপ্তান শ্রীযুত এফ এন্ মাইলস সাহেবের চাম্পারণহইতে গযায় নিযুক্ত হওনের এবং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট লেপ্টেনেন্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেবের সারণহইতে চাম্পারণে নিযুক্ত হওনের যে কথা গত অক্টোবর মাসের ১৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা হইতে রহিত হইল।

শ্রীযুত জে এচ তামসন সাহেব পুরীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত আর এস ও'কনর সাহেব সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত আর ডবলিউ কিং সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

তাঁহার সারণে নিযুক্ত হইবার যে কথা গত অক্টোবর মাসের ১৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব নোগাঁয়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন, কিন্তু মেজর শ্রীযুত ডবলিউ রেবলী সাহেবের ছুটী হইতে প্রত্যাগমন না করণ অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার পোলীসের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি ওয়েলডন সাহেব দরঙ্গের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত জে এম ই গুলসবরী সাহেব পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ জে বাম্বর সাহেব চট্টগ্রামে পোলীসের চতুর্থ শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন কিন্তু শ্রীযুত এচ এল জোন্স সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমন জন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বগুড়ার ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ কিং সাহেব চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এচ জি উইলকিন্স সাহেব বগুড়াহইতে বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন।

Lieutenant E. G. Lillingston, to officiate as Deputy Commissioner of Lohardugga, during the absence, on leave, of Mr. H. L. Oliphant, or until further orders, with effect from the 29th ultimo, the date on which he assumed charge.

The 12th November 1866.

Baboo Judoonath Bose, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Bhuboonh, and to exercise the powers of a Magistrate in Shahabad, during the absence, on leave, of Lalla Faqueer Chand Lall, or until further orders.

Mr. W. M. Souttar, Assistant Magistrate and Deputy Collector of Nurail, to have temporary charge of the Sub-Division of Magoorah, during the absence, on leave, of Mr. W. G. Deare, or until further orders.

Mr. W. D. Pratt, Assistant Superintendent of Police, Shahabad, is transferred to the Hill Tracts of Chittagong, and is also vested with the powers of an Assistant Commissioner in those Tracts.

Mr. P. G. Scott, Assistant Superintendent of Police, Hill Tracts of Chittagong, is transferred to Shahabad.

Mr. J. H. A. Branson to officiate as Second Judge of the Calcutta Court of Small Causes, during the absence, on leave, of Mr. N. H. Thomson, or until further orders.

Mr. G. C. Sconce to officiate as Magistrate of Police, Southern Division, Calcutta.

The 13th November 1866.

Lieutenant M. O. Boyd, 6th Regiment Native Infantry, to officiate as an Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, during the absence, on deputation, of Captain W. C. S. Clarke, or until further orders.

Lieutenant J. Gregory to be Deputy Commissioner of the Naga Hills.

Mr. R. B. Chapman to officiate as Commissioner of Revenue and Circuit of the Nuddea Division, during the absence, on special deputation, of Mr. H. L. Dampier, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 7th November 1866.

Baboo Rukhal Das Haldar, Deputy Collector of Survey, in Maunbhoom, is allowed leave of absence from the 31st May to 13th August last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৬ । ২০ নবেম্বর ।]

শ্রীযুত এচ এল অলিফান্ট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত ই জি লিলিংষ্টন সাহেব লোহারডাগার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মাসের ২৯ তারিখঅবধি প্রবল হইবে, সেই তারিখে তিনি উক্ত কর্ম্মের ভারগ্রহণ করেন।

১৮৬৬ সাল ১২ নবেম্বর।

শ্রীযুত লালা ফকিরচাঁদ লালের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু কিয়ৎকালের নিমিত্তে ভুবুয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও শাহাবাদে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নড়াইলের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এম স্যুটর সাহেব কিয়ৎকালের নিমিত্তে মাগুড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শাহাবাদের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে নিযুক্ত হইয়াছেন, আরো তিনি উক্ত প্রদেশে আসিষ্টান্ট কমিস্যনরের ক্ষমতা পাইয়াছেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত পি জি স্কট সাহেব শাহাবাদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত এন এচ তামসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা নাহওন পর্য্যন্ত শ্রীযুত জে এচ এ ব্রান্সন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের দ্বিতীয় জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি সি স্কন্স সাহেব কলিকাতার দক্ষিণ বিভাগের পোলীসের মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

দেশীয় ষষ্ঠ পদাতিক সৈন্যদলের লেপ্টেনেণ্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব আসামে আসিষ্টান্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, এবং কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব নাগা পর্ব্বতের ডেপুটী কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের রাজকীয় বিশেষ কার্য্যোপলক্ষে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর বি চাপমান সাহেব নদীয়া খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ৭ নবেম্বর।

মানভূমের জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখাল দাস হালদার অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মে মাসের ৩১ তারিখ অবধি আগষ্ট মাসের ১৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

Baboo Sreenath Mookerjee, Sub-Assistant Surgeon of the Charitable Dispensary at Mozufferpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. W. H. Coxe, Professor, Kishnaghur College, for six months, without pay, under the Financial Notification, dated 4th June 1864.

The 8th November 1866.

The late Mr. J. G. Medlicott, Inspector of Schools, South-West Division, obtained leave of absence, from the 13th April to 2nd May last, under pararaph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 9th November 1866.

Baboo Doorgaguty Banerjee, Speciail Sub-Registrar of Assurances, Gya, for ten days, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, in extension of the leave granted to him under orders of the 15th ultimo.

The 10th November 1866.

Mr H. L. Oliphant, Deputy Commissioner of Lohardugga, for one month, from the 29th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 12th November 1866

Lieutenant W. J. Williamson, Assistant Commissioner of the Garrow Hills, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Lalla Faqueer Chand Lall, Deputy Magistrate and Deputy Collector of Bhuboosh, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. W. G. Deare, Deputy Magistrate and Deputy Collector of Magoorah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

Mr. A. H. Giles, District Superintendent of Police, Nuddea, is allowed leave of absence from 18th to the 25th September last, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Lieutenant E. G. Lillingston, Assistant Commissioner, Lohardugga, for fifteen days, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 21st December next, or any subsequent date on which he may avail himself of the leave.

Baboo Grish Chunder Mitter, Uncovenanted Assistant to the Commissioner of Chota Nagpore.

[*Government Gazette, 20th November* 1866.]

মজঃফরপুরের দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কৃষ্ণনগর কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ এচ কক্স সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৮ নবেম্বর।

দক্ষিণ পশ্চিম খণ্ডের বিদ্যালয়সমূহের ভূতপূর্ব্ব তত্ত্বাবধায়ক শ্রীযুত জে জি মেডলিকট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত আপ্রিল মাসের ১৩ তারিখ অবধি মে মাসের ২ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ৯ নবেম্বর।

গয়ার নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দোপাধ্যায় গত মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১০ নবেম্বর।

লোহারডগার ডেপুটী কমিসানর শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ২৯ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ১২ নবেম্বর।

গারোপর্ব্বতের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জে উলিয়মসন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ভুবুয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত লালা ফকিরচাঁদ লাল যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মাগুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব যে তারিখে তাঁহার পদগ্রাহিদ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ এচ জাইলস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত সেপ্টেম্বর মাসের ১৮ অবধি ২৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

লোহারডাগার আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ই জি লিলিংষ্টন সাহেব আগামি ডিসেম্বর মাসের ২১ তারিখ অবধি কিম্বা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের অচিহ্নিত আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মিত্র যে তারিখে

for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Lukhikant Roy, Deputy Magistrate and Deputy Collector of Cox's Bazar, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may be relieved of the charge of the Sub-Division.

Lieutenant R. P. Davis, Officiating District Superintendent of Police, Howrah, for seventeen days, preparatory to proceeding to Europe on Medical leave.

Mr. J. A. Floyd, Officiating District Superintendent of Police, Gowalparah, for two months, from the 4th ultimo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. T. J. Maltby, District Superintendent of Police, Backergunge, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Dr. R. O'Conor, Medical Officer of Nowgong, for one month, from the 14th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. Dr. Imthurn, Medical Officer of Durrung, will take temporary charge of the Civil Station of Nowgong, during Dr. O'Conor's absence.

NOTIFICATIONS.

The 9th November 1866.

The services of Baboo Kalidas Palit, Deputy Collector of Hazareebaugh, are placed at the disposal of the Board of Revenue for employment, in connection with the Ramghur Estate. This cancels the leave granted to Baboo Kulidas Palit, under orders of the 12th ultimo.

The leave granted to Mr. F. J. R. Walker, Deputy Magistrate and Deputy Collector of Serajgunge, under orders of the 20th September last, is cancelled at his own request.

Captain A. E. Campbell, Officiating Deputy Commissioner of Gowalparah, having resumed his duties on the 9th ultimo, the unexpired portion of the leave granted to him, under orders of the 3rd idem, is cancelled.

Mr. C. T. Metcalfe, C. S., having reported his return by the Steamer *Golconda*, which reached the Sandheads on the 29th ultimo, the unexpired portion of his leave is cancelled.

NOTIFICATION.

The 5th November 1866.

Nilkunt Rai, son of Gour Persad Rai, late Record-keeper in the Office of the Magistrate of

ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কক্সবাজারের ডেপুটীর মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু লক্ষ্মীকান্ত রায় উক্ত শাখাখণ্ডের কর্ম্মের ভার হইতে যে তারিখে অবকাশ পান সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত আর পি ডেবিস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে সতের দিনের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এ ফ্লয়ড সাহেব ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত মাসের ৪ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত টি জে মালটবী সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নৌগাঁয়ের চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর ও'কনর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ১৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকালে দরঙ্গের চিকিৎসক ডাক্তর শ্রীযুত ইমথর্ণ সাহেব কিয়ৎকালের নিমিত্তে নৌগাঁয়ের সিবিল মোকামের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৯ নবেম্বর।

হাজারীবাগের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিদাস পালিত রামগড় মাহাল সংক্রান্ত কার্য্যে নিযুক্ত হওনার্থে রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন। অতএব গত মাসের ১২ তারিখের আজ্ঞামতে তিনি যে ছুটী পান তাহা ইহাতে রহিত হইল।

শেরাজগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেব গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত হইল।

গোয়ালপাড়ার একটিং ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব গত মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে ঐ মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত সি টি মেটকাফ সাহেব গলকণ্ডা নামক বাষ্পীয় জাহাজে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল। উক্ত জাহাজ গত মাসের ২৯ তারিখে গঙ্গাসাগরে পঁহুছে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৫ নবেম্বর।

পুরীর মাজিষ্ট্রেটের কার্য্যালয়ের ভূতপূর্ব্ব মহাফেজ শ্রীগৌর প্রসাদ রায়ের পুত্র শ্রীনীল কণ্ঠ রায় জাল

Pooree, having been convicted of preparing a forged power of attorney and of attempting to procure its attestation by the Deputy Magistrate of Pooree, and having been sentenced to five years' rigorous imprisonment, is hereby declared incapable of again serving Government in any capacity

মোক্তারনামা প্রস্তুত করণ এবং পুরীর ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা তাহাতে স্বাক্ষর করাইবার উদ্যোগ করণাপরাধী প্রমাণ হওয়াতে তাঁহার কঠিন পরিশ্রমের সহিত পাঁচ বৎসর কারাবন্ধনের আজ্ঞা হয়, অতএব ইহাতে প্রকাশ করা যাইতেছে যে তিনি পুনরায় গবর্ণমেণ্টের কোন কার্য্যে নিযুক্ত হইতে পারিবেন না।

NOTIFICATION.

The 13th November 1866.

It is hereby notified that, with the sanction of the Government of India, the Lieutenant-Governor has been pleased to abolish the Sub-Division of North Cachar, in Assam, and to constitute a separate district, consisting of that part of the district of Nowgong which lies on the right bank of the River Dhunseeri, the Naga Hills and the country on both banks of the River Doyeng.

The name of the district will, for the present, be the Naga Hills, and its Head-Quarters will be at Samoogooting. It will be administered by a Deputy Commissioner, under the control of the Commissioner of Assam.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৩ নবেম্বর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে আসামের অন্তর্গত উত্তর কাছাড়ের শাখাখণ্ড উঠিয়া দিয়া নৌগাঁ জিলার যে অংশ ধনশ্রী নদীর দক্ষিণ তটে আছে তাহা এবং নগাপর্ব্বত ও দোয়েং নদীর উভয় তটস্থ দেশ লইয়া স্বতন্ত্র এক জিলা করিলেন।

উক্ত জিলার নাম এখন নাগাপর্ব্বত, তাহার সদর মোকাম সামুগুটিঙ্গে হইবে। আসামের কমিসানর সাহেবের কর্তৃত্বাধীন হইয়া এক জন ডেপুটী কমিসানর তাহার কার্য্য সম্পাদন করিবেন।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 249.

The 22nd October 1866.

NOTIFICATION.

The following Rules having reference to the undermentioned three navigable channels in the Backergunge District, *viz.*:—

1. The River Damooda connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,—

2. The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from where the Jallakatty Bharani Khall rises,—

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২৪৯ নম্বর।

১৮৬৬ সাল ২২ অক্টোবর।

বিজ্ঞাপন।

খালের আইন (বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৫ আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত নৌকার গমনার্থ নিম্ন লিখিত তিন নালার বিষয়ে নিম্ন লিখিত বিধি প্রকাশ করিয়াছেন।

১। দামোদর নদ। এই নদের দ্বারা বালেশ্বর ও কোটচা ও কালীগঙ্গা নদীর সংযোগ হয়।

২। কোখালী নদী। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত ইহার সংযোগ স্থান অবধি জালাকাটী ভারণী খালের উৎপত্তি স্থান পর্য্যন্ত।

8. The Jallakatty Bharani Khall from its junction with River Cowcally to its opening into the River Jallakatty, have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of the *Canals' Act* (V. of 1864, B. L. C.) :—

৮। কৌখালী নদীর সহিত জলাকাটী ভারণী খালের সংযোগ স্থান অবধি জলাকাটী নদীতে ইহার সঙ্গম স্থান পর্য্যন্ত।

1. Every vessel on entering any of the above navigable channels shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be paid.

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন নালাতে প্রবেশ করে তখন দেয় মাসুল অবধারণ করণার্থে শুল্কঘাটের কার্য্যকারক তাহা মাপ করিতে পারিবেন।

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements :—

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(a.) The product of half the length of the vessel from stem to stern, measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel is to be taken as the number of maunds upon which toll should be levied.

(ক) গলহী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাসুল ধার্য্য করিতে হইবে।

(b.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে। চতুর্থাংশের ন্যূনাংশ ত্যজ্য।

(c.) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds, less than fifty maunds, is to be omitted; and a fraction exceeding fifty maunds is to be charged as fifty maunds only.

(গ) কত মাসুল লইতে হইবে ইহার হিসাব করিলে ১০০ মণের যে ভগ্নাংশ ৫০ মণের কম হয় তাহা ধরিতে হইবে না। ও ৫০ মণের অধিক যে ভগ্নাংশ তাহা কেবল ৫০ মণ ধরিতে হইবে।

3. No raft will be admitted into any of the channels in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos, or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন নালায় প্রবেশ করিতে পারিবে না। মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে শালাদি কাষ্ঠের কি বাঁশের কি ঘাসের মাড় নালায় প্রবেশ করিতে পারিবে না।

4. Every vessel entering any of the channels shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid.

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন নালায় প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাসুল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাসুল দেওয়া গেল তাহা ঐ টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে।

5. No vessels whatever, except such as are employed on works connected with the main-

৫। যে সকল নৌকা উক্ত কোন নালার রক্ষা কি সৌষ্ঠব করণসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হয় কেবল তাহা-

tenance or improvement of the lines of channels in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the days of entering and leaving being both included, and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in any one of the channels more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding 50 Rupees for any one offence.

No. 250.

The 22nd October 1866.

APPOINTMENT.

The Collector of Backergunge is appointed, under Sections VIII. and XIII. of Act V. of 1864 (B. L. C.,) Collector of Tolls and Supervisor of the Canals specified in the aforementioned Notification, with effect from the date on which the provisions of the foregoing Act came into operation on those Canals.

No. 251.

The 18th October 1866.

NOTIFICATION.

Agreeably to Section II. of the Canals' Act (V. of 1864, B. L. C.) it is hereby declared that the provisions of the said "Canals' Act, 1864," shall, from and after the 1st January 1867, apply to the under-mentioned navigable channels :—

Canal from Cuttack at Jugguthpore, on the River Beropa, to the Tidal Lock beyond Attaboa, to be called the Kendraparrah Canal.

1st Section (or from Cuttack to the Brahminee River) of the Canal from the River Beropa at Cuttack to Oolabarriah to be called the High Level Canal.

[*Government Gazette*, 20*th November* 1866.]

রই মাসুল লাগিবে না। অন্য সকল নৌকাদির মাসুল লাগিবে।

CXXXV. For the purpose of any such enquiry under Section 132 or Section 134, the Court, Board, or Officer may summon the master, mate, or engineer, as the case may be, to appear, and shall give him full opportunity of making a defence, either in person or otherwise, and may summon and examine witnesses, and may make such order with respect to the costs of such investigation, and may require such security for costs, as such Court, Board, or Officer may deem just. Every order in respect of costs under this section may be enforced in like manner as a fine may be enforced by a Magistrate in the port where such investigation is held.

[Local Government may cancel or suspend certificates in certain cases.]

CXXXVI. The Local Government may suspend or cancel the certificate (whether of competency or service) granted by such Local Government, or by any other Local Government, under

বোর্ডে পাঠাইবেন, এবং যদি কোন সংশিতপত্র স্থগিত কি ব্যর্থ করিতে স্থির করেন, তবে রিপোর্টসহিত ঐ বোর্ডে সেই সংশিতপত্র পাঠাইবেন যদি সেই সংশিতপত্র স্থানীয় কোন গবর্ণমেণ্টহইতে পাওয়া যায়, তবে আদালত ঐ স্থানীয় গবর্ণমেণ্টে প্রমাণসহিত সম্পূর্ণ রিপোর্ট প্রেরণ করিবেন ও যদি তদ্রূপ কোন সংশিতপত্র স্থগিত কি ব্যর্থ করিতে স্থির করেন, তবে রিপোর্টসহিত সেই সংশিতপত্রও ঐ স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ করিবেন ইতি।

[কর্ম্মের অযোগ্যতার ও অহিতাচারের মোকদ্দমার অনুসন্ধান করিবার বিষয়ে স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

১৩৪ ধারা। যদি স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন শিপিং মাষ্টর সাহেবের স্থানে সম্বাদপ্রাপ্ত হওয়াতে, কি অন্য কোন হেতুতে বোধ করেন যে, সেই কি স্থানবিশেষের অন্য গবর্ণমেণ্টহইতে যে অধ্যক্ষ কি মালিম কর্ম্ম যোগ্যতার কি কর্ম্মের সংশিতপত্র পাইয়াছেন, তিনি কর্ম্মের অযোগ্যতা কিম্বা অহিতাচার প্রযুক্ত আপন কর্ম্ম করিবার অনুপযুক্ত হইয়াছেন, তবে যে স্থানে উভয় পক্ষ ও তাঁহারদের সাক্ষিরা সুবিধামতে উপস্থিত হইতে পারেন সেই গবর্ণমেণ্ট তৎস্থানের কি অম্নিকটস্থ কোন বোর্ডকে কি কার্য্যকারককে তদ্বিষয়ের অনুসন্ধান করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে সেই বোর্ড কি কার্য্যকারক সেই কর্ম্মাযোগ্যতার কি অহিতাচারের অভিযোগের অনুসন্ধান লইয়া, সেই অনুসন্ধান সমাপ্ত হইলেই স্থানবিশেষের যে গবর্ণমেণ্ট অনুসন্ধানের আজ্ঞা করিলেন তাঁহার নিকটে মোকদ্দমার রিপোর্ট করিবেন ইতি।

[অনুসন্ধানের কার্য্যে আদালতপ্রভৃতির ক্ষমতার কথা।]

১৩৫ ধারা। আদালত, কি বোর্ড, কি কার্য্যকারক সাহেব ১৩২ কি ১৩৪ ধারামতের কোন অনুসন্ধান লওনাভিপ্রায়ে, কাপ্তানকে কি বিষয়বিশেষে মালিমকে, কি ইঞ্জিনিয়রকে উপস্থিত হইতে আহ্বান করিতে পারিবেন। এবং তাঁহাকে স্বয়ং কি প্রকারান্তরে অভিযোগের উত্তর দিবার সম্পূর্ণ সুযোগ করিয়া দিবেন, ও সাক্ষিদিগকে আহ্বান করিয়া তাহাদের সাক্ষ্য লইতে পারিবেন। এবং সেই অনুসন্ধান লওনের খরচা ও সেই খরচার প্রতিভূ বিষয়ে সেই আদালতের কি বোর্ডের কি কার্য্যকারক সাহেবের বিবেচনায় যে আজ্ঞা ন্যায্য হয় তাহা করিতে পারিবেন। ঐ অনুসন্ধান যে বন্দরে লওয়া যায় সেই বন্দরের কোন মাজিষ্ট্রেট সাহেব অর্থদণ্ডের টাকা যেরূপে আদায় করিতে পারেন, সেইরূপে এই ধারামতের খরচার আজ্ঞা প্রবল করিতে পারিবেন ইতি।

[স্থলবিশেষে স্থানবিশেষের গবর্ণমেণ্টের দ্বারা সংশিতপত্র স্থগিত কি রহিত হইবার কথা।]

১৩৬ ধারা। স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট ১৮৫৯ সালের উক্ত ১ আইন কিম্বা এই আইনমতে কোন কপ্তানকে কি মালিমকে কর্ম্ম যোগ্যতার কি কর্ম্মের যে সংশিতপত্র দেন সেই কি স্থানবিশেষের অন্য গবর্ণ-

Act No. I. of 1859, or this Act, to any master or mate, in the following cases (that is to say),—

[Loss, abandonment, or serious damage by default of master or mate.]

(1)—If upon any investigation conducted under the provisions of Sections 43, 44, and 45, it is reported that the loss or abandonment of, or serious damage to, any ship, or loss, or life, has been caused by his wrongful act or default:

[Incompetency, gross misconduct, drunkenness, or tyranny of master or mate.]

(2)—If upon any investigation held under Section 134, the master or mate shall be reported to be incompetent, or to have been guilty of any gross act of misconduct, drunkenness, or tyranny:

[Or after other investigations.]

(3)—If upon any investigation held under the provisions of the Merchant Shipping Act, 1854, or the Merchant Shipping Amendment Act, 1862, or upon any investigation made by a Naval Court constituted as is provided by any law for the time being in force, or upon any investigation made by any Court or Tribunal authorized or hereafter to be authorized by the Legislative authority in any British possession to make enquiry into charges of incompetency or misconduct on the part of masters or mates of ships, or as to shipwreck or other casualties affecting ships, it is reported that the loss or abandonment of, or serious damage to, any ship, or loss of life, has been caused by his wrongful act or default; or that he has been guilty of any gross act of misconduct, drunkenness, or tyranny. Provided always that, in the case of any report by any such lastmentioned Court or Tribunal, the report shall have been confirmed by the Governor or person administering the Government, of such possession:

[Supersession.]

(4)—If he has been superseded by the order of any Admiralty Court, or of any Naval Court constituted as provided by the Merchant Shipping Act, 1854, or any other law for the time being in force:

[Conviction of any offence.]

(5)—If he is shewn to have been convicted of any offence.

[Master, mate, or engineer to deliver up his certificate. Penalty otherwise. Report to other Local Governments.]

CXXXVII. Every master, mate, or engineer, whose certificate is cancelled or suspended under the provisions of this Act, shall deliver it to the Shipping Master, or to such other person as the

মেণ্ট পশ্চাৎলিখিত কোন গতিকে তাহা স্থগিত কি রহিত করিতে পারিবেন। অর্থাৎ

[কাপ্তানের কি মালিমের দোষেতে জাহাজের নাশ কি পরিত্যাগ কি গুরুতর হানি হইলে।]

১ প্রকরণ। ৪৩ ও ৪৪ ও ৪৫ ধারার বিধানমতে কোন অনুসন্ধানের কার্য্য হইয়া যদি এই রিপোর্ট হয়, যে, তাঁহার অন্যায্য ক্রিয়া কি দোষ দ্বারা জাহাজের নাশ কি পরিত্যক্ত হওন কিম্বা গুরুতর হানি কিম্বা প্রাণের হানি হইয়াছে।

কাপ্তানের কি মালিমের কর্ম্মাযোগ্যতা কি গুরুতর অহিতাচার কি উম্মত্ততা কি নিষ্ঠুরাচার হইলে।

২ প্রকরণ। ১৩৪ ধারামতে অনুসন্ধান হইয়া যদি রিপোর্ট হয়, যে, কাপ্তান কি মালিম কর্ম্মের অযোগ্য কিম্বা কোন গুরুতর অহিতাচারের কি উম্মত্ততার কি নিষ্ঠুরাচারের অপরাধী।

[কিম্বা অন্য অনুসন্ধান হইলে পর।]

৩ প্রকরণ। বাণিজ্য জাহাজ বিষয়ের ১৮৫৪ সালের আইনের কিম্বা বাণিজ্য জাহাজ বিষয়ের আইন সংশোধন করিবার ১৮৬২ সালের আইনের বিধানমতে কিম্বা তাৎকালিক প্রচলিত কোন আইনের বিধানানুসারে জাহাজীয় আদালত সংস্থাপিত হইয়া তদ্দ্বারা যে অনুসন্ধান করা যায়, অথবা জাহাজের কাপ্তানের কি মালিমের কর্ম্মাযোগ্যতার কি অহিতাচারের অভিযোগে কি জাহাজ ভঙ্গ কি তৎ সম্পর্কীয় অন্য দুর্ঘটনার অনুসন্ধান করিতে যে কোন আদালত কি বিচারকর্ত্তা ব্রিটনীয়েরদের অধিকৃত কোন দেশের ব্যবস্থাপক কার্য্যকারকগণের দ্বারা ক্ষমতাপন্ন হইয়াছেন কি উত্তরকালে হন, তাঁহার দ্বারা অনুসন্ধান হইয়া যদি এমত রিপোর্ট করা যায় যে, সেই কাপ্তানের কি মালিমের অন্যায্য ক্রিয়াতে কি দোষেতে কোন জাহাজের বিনাশ কি পরিত্যক্ত হওন, কি গুরুতর হানি, কিম্বা কোন ব্যক্তির প্রাণহানি হইয়াছে, কিম্বা সেই কাপ্তান কি মালিম কোন গুরুতর অহিতাচারের কি উম্মত্ততার কি নিষ্ঠুরাচারের অপরাধী হইয়াছে। পরন্তু শেষোক্ত প্রকার কোন আদালতের কি বিচারকর্ত্তার দ্বারা কোন রিপোর্ট হইলে, ব্রিটনীয়েরদের অধিকৃত উক্ত দেশের গবর্ণর সাহেবের কি কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক ব্যক্তির দ্বার সেই রিপোর্ট দৃঢ়তর হওয়া প্রয়োজন।

[পদচ্যুত হইলে।]

৪ প্রকরণ। যদি সেই কাপ্তান কি মালিম কোন আডমিরালটি কোর্টের আজ্ঞাদ্বারা কিম্বা বাণিজ্য জাহাজবিষয়ক ১৮৫৪ সালের আইন কিম্বা তাৎকালিক প্রচলিত অন্য কোন আইনের বিধানমতে সংস্থাপিত কোন জাহাজীয় আদালতের আজ্ঞাদ্বারা পদচ্যুত হইয়া থাকেন।

[কোন অপরাধের প্রমাণ হইলে।]

৫ প্রকরণ। যদি তাহার কোন অপরাধের প্রমাণ হইয়াছে দর্শান যায় ইতি।

[কাপ্তানের কি মালিমের কি ইঞ্জিনিয়রের সংশিত পত্র ত্যাগ করিতে হইবার কথা ও না করিলে দণ্ডের কথা ও স্থানবিশেষের অন্য গবর্ণমেণ্টের নিকটে রিপোর্ট করিবার কথা।]

১৩৭ ধারা। কোন কাপ্তানের, কি মালিমের, কি ইঞ্জিনিয়রের সংশিতপত্র এই আইনেরবিধানমতে স্থগিত কি ব্যর্থ হইলে তিনি শিপিং মাষ্টরকে সেই সংশিতপত্র কিম্বা যে আদালত কি স্থানবিশেষের যে গবর্ণমেণ্ট

Court or the Local Government, which cancelled or suspended the certificate, shall direct, and in default shall, for each offence, incur a penalty not exceeding five hundred Rupees. Provided that if the Local Government which cancels or suspends a certificate of a master or mate is not the Local Government that granted the same, the Local Government which so cancels or suspends the certificate shall report the proceedings, and the fact of cancelment or suspension, to the Local Government which granted such certificate: Provided also, that it shall be competent to any Local Government at any subsequent time to grant to any person whose certificate has been cancelled, a new certificate of the same or of any lower grade.

[Saving of powers vested in certain Admiralty Courts. Same powers may be exercised by Chief Criminal Court in British Indian Port, where there is no Admiralty Court.]

CXXXVIII. Nothing contained in Sections 132 to 137 both inclusive, shall be held to affect the powers of removal vested by Section 240 of the Merchant Shipping Act, 1854, or Section 131 of this Act, in Courts having Admiralty jurisdiction in British India. The said powers may be exercised by the principal Court of Ordinary Criminal Jurisdiction at any port in British India where there is no Court having Admiralty jurisdiction, if the master or mate shall have received his certificate from any Local Government.

[Offences of seamen and apprentices, and their punishments.]

CXXXIX. Whenever any seaman who has been lawfully engaged, or any apprentice to the sea-service, commits any of the following offences, he shall be liable to be punished summarily as follows (that is to say),—

[Desertion.]

(1)—For desertion he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour, and also to forfeit all or any part of the clothes and effects he leaves on board, and all or any part of the wages or emoluments which he has then earned; and also, if such desertion takes place at any port or place not in British India, at the discretion of the Court, to forfeit all or any part of the wages or emoluments he may earn in any other ship in which he may be employed until his next return to any port or place in British India, and to satisfy any excess of wages paid by the master or owner of the ship from which he deserts, to any substitute engaged in his place at

ঐ সংশিতপত্র ব্যর্থ কি স্থগিত করেন, তাঁহার নির্ণীত অন্য ব্যক্তিকে দিবেন। না দিলে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে। কিন্তু স্থানীয় যে গবর্ণমেণ্ট ঐ কাপ্তানের কি মালিমের সংশিতপত্র দিয়াছিলেন তদ্ভিন্ন যদি অন্য গবর্ণমেণ্ট সেই সংশিতপত্র ব্যর্থ কি রহিত করেন, তবে যে গবর্ণমেণ্ট তাহা ব্যর্থ কি রহিত করেন, অন্য যে গবর্ণমেণ্ট সেই সংশিতপত্র দিলেন, তাঁহার নিকটে সেই গবর্ণমেণ্ট ঐ সংশিতপত্র ব্যর্থ কি স্থগিত হইবার কথা ও তৎসম্পর্কীয় কার্য্যের রিপোর্ট করিবেন। কিন্তু যে ব্যক্তির সংশিতপত্র রহিত হইয়াছে স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট পশ্চাৎ তাঁহাকে কোন সময়ে আপনার পূর্ব্ব শ্রেণীর তুল্য কি অধঃস্থ কোন শ্রেণীর নূতন সংশিতপত্র দিতে পারিবেন ইতি।

[আডমিরালটি কোনং আদালতের প্রতি অর্পিত ক্ষমতারক্ষার, ও ব্রিটনীয় ভারতবর্ষীয় যে বন্দরে আডমিরালটি আদালত নাই তাহাতে প্রধান ফৌজদারী আদালতের সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবার কথা।]

১৩৮ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষস্থ যেং আদালতের আডমিরালটি ক্ষমতা থাকে, সেইং আদালতের প্রতি বাণিজ্য জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২৪০ ধারাক্রমে কিম্বা এই আইনের ১৩১ ধারাক্রমে অবসর করিবার যে ক্ষমতার্পণ হইয়াছে, তাহা এই আইনের ১৩২ অবধি ১৩৭ পর্য্যন্ত কোন ধারার কথাক্রমে খর্ব্ব হইল এমত জ্ঞান করিতে হইবে না। যদি কাপ্তান কি মালিম স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট হইতে সংশিতপত্র প্রাপ্ত হইয়া থাকেন তবে ব্রিটনীয় ভারতবর্ষস্থ যে বন্দরে আডমিরালটি ক্ষমতাপন্ন কোন আদালত নাই, সে বন্দরে ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার সাধারণ ক্ষমতাপন্ন প্রধান আদালত সেই ক্ষমতাক্রমে কার্য্য করি[illegible] পারিবেন ইতি।

[নাবিকদের ও শিক্ষা[illegible]দের অপরাধের ও দণ্ডের কথা।]

১৩৯ ধারা। যে নাবিককে আইনমতে নিযুক্ত করা গেল সেই কিম্বা সামুদ্রিক কর্ম্ম শিক্ষার্থি যদি নিম্ন লিখিত কোন অপরাধ করে, তবে সরাসীমতে তাহার এইং দণ্ড হইতে পারিবে। বিশেষতঃ—

[পলায়ন করিলে।]

১। পলায়ন করিলে, বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও জাহাজে যত বস্ত্র কি দ্রব্যসামগ্রী রাখিয়া যায় ও পরিশ্রমেতে তাহার যত বেতন কি উপরি টাকা তৎকালে পাওনা হয় তাহা সমুদয় কি তাহার কোন অংশ জব্দ হইবে। ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে কি স্থানে থাকিয়া যদি পলায়ন করে, তবে তৎপরে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে তাহার ফিরিয়া যাইবার আগে সে অন্য যে কোন জাহাজে কর্ম্ম পাইয়া থাকে, সেই জাহাজে পরিশ্রম করিয়া তাহার যত বেতন কি উপরি পাওনা হয়, আদালতের বিবেচনামতে উক্ত দণ্ডের অতিরিক্ত তৎসমুদয় কি তাহার কোন অংশ জব্দ হইতে পারিবে। ও যে জাহাজহইতে পলায়ন করিয়াছে সেই জাহাজে তাহার পরিবর্ত্তে যদি অধিক বেতন দিয়া অন্য লো-

a higher rate of wages than the rate stipulated to be paid to him:

Explanation.—"Desertion," as here used, means abandoning the ship without the intention of returning, and without just cause:

[Neglecting or refusing to join, or to go to sea; absence within twenty-four hours before sailing, and absence without leave.]

(2)—For neglecting or refusing, without reasonable cause, to join his ship or to proceed to sea in his ship, or for absence without leave at any time within twenty-four hours of the ship's sailing from any port either at the commencement or during the progress of any voyage, or for absence at any time without leave and without sufficient reason from his ship or from his duty not amounting to desertion or not treated as such by the master, he shall be liable to imprisonment for any period not exceeding ten weeks, with or without hard labour, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding the amount of two days' pay, and in addition for every twenty-four hours of absence, either a sum not exceeding six days' pay, or any expenses which have been properly incurred in hiring a substitute:

[Quitting without lea before ship is secured.]

(3)—For quitting the ship, without leave after her arrival at her port of delivery and before she is placed in security, he shall be liable to forfeit out of his wages a sum not exceeding one month's pay:

[Act of disobedience.]

(4)—For wilful disobedience to any lawful command he shall be liable to imprisonment for any period not exceeding four weeks, with or without hard labour, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding two days' pay:

[Continued disobedience.]

(5)—For continued wilful disobedience to lawful commands, or continued wilful neglect of duty, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour, and also at the discretion of the Court, to forfeit for every twenty-four hours' continuance of such disobedience or neglect, either a sum not exceeding six days' pay, or any expenses which have been properly incurred in hiring a substitute:

[Assault on Officers.]

(6)—For assaulting any master or mate he shall be liable to imprisonment for any period not

ককে নিযুক্ত করা যায়, তবে ঐ জাহাজের কাপ্তান কি স্বামী অতিরিক্ত যে বেতন দিয়াছেন, তাহা তাহার দিতে হইবে।

অর্থ। এই স্থলে পলায়ন যে শব্দের ব্যবহার হইয়াছে তাহাতে প্রত্যাগমনের অনভিপ্রায়ে ও যথার্থ কারণ ভিন্ন জাহাজ ত্যাগ করা বুঝায়।

[জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে, ও জাহাজ খুলিয়া যাইবার আগে চব্বিশ ঘন্টার মধ্যে উপস্থিত না থাকিলে ও ছুটী না লইয়া অনুপস্থিত হইলে।

২। উপযুক্ত কারণ না থাকিলে জাহাজে যাইতে, কিম্বা জাহাজে সমুদ্রে যাইতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে, কিম্বা কোন যাত্রার আরম্ভে, কি যাত্রার কালে জাহাজ কোন বন্দরহইতে যে সময়ে খুলিয়া যাইবে, তাহার আগে চব্বিশ ঘন্টার মধ্য কোন সময়ে ছুটী না পাইয়া অনুপস্থিত হইলে, কিম্বা কোন সময়ে ছুটী না পাইয়া ও উপযুক্ত কারণ না থাকিলেও জাহাজে কি কর্ম্মেতে যে অনুপস্থিতি পলায়নের তুল্য না হয়, ও কাপ্তান পলায়নের তুল্য জ্ঞান না করেন, এমত অনুপস্থিতি হইলে, সে দশ সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে, তদ্ভিন্ন যত কাল উপস্থিত না ছিল তত কালের নিমিত্তে চব্বিশ২ ঘন্টা প্রতি তাহার ছয়২ দিনের বেতন কাটা যাইতে পারিবে। অথবা তাহার পরিবর্ত্তে অন্য লোক নিযুক্ত করিবার যত খরচ হয় তাহার বেতনহইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে।

[জাহাজ শক্ত করিয়া বাঁধা যাইবার আগে ছুটী না পাইয়া চলিয়া গেলে।]

৩। জাহাজের মাল যে বন্দরে নামান যাইবে সেই বন্দরে পঁহুছিলে, জাহাজ লঙ্গর করিয়া ভালমতে রক্ষিত হইবার পূর্ব্বে কোন নাবিক ছুটী না লইয়া ছাড়িয়া গেলে, তাহার এক মাসের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা না মানিলে।]

৪। ন্যায্যমতো কোন আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক না মানিলে সে চারি সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা নিয়ত অমান্য করিলে।]

৫। ন্যায্যমত আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করিতে থাকিলে, কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করিতে থাকিলে, সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও যত কাল আজ্ঞা অমান্য কি কর্ম্মে শৈথিল্য করিয়াছে তত কাল আদালতের বিবেচনামতে চব্বিশ২ ঘন্টা প্রতি তাহার ছয়২ দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে, অথবা তাহার পরিবর্ত্তে অন্য লোক নিযুক্ত করিবার যত খরচ হয় তাহার বেতনহইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে।

[মালিম প্রভৃতির উপর আক্রমণ করিলে।]

৬। কাপ্তানের কি মালিমের উপর আক্রমণ করিলে বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন

exceeding twelve weeks, with or without hard labour.

[Combining to disobey.]

(7)—For combining with any other or others of the crew to disobey lawful commands, or to neglect duty, or to impede the navigation of the ship, or the progress of the voyage, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Wilful damage and embezzelment.]

(8)—For wilfully damaging the ship, or embezzling or wilfully damaging any of her stores or cargo, he shall be liable to forfeit out of his wages a sum equal in amount to the loss thereby sustained, and also, at the discretion of the Court, to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Act of smuggling, causing loss to owner.]

(9)—For any act of smuggling of which he is convicted, and whereby loss or damage is occasioned to the master or owner, he shall be liable to pay to such master or owner such a sum as is sufficient to reimburse the master or owner for such loss or damage; and the whole or a proportionate part of his wages may be retained in satisfaction or on account of such liability, without prejudice to any further remedy.

[Entry of offences to be made in official log, and to be read over, or a copy given to the offender: his reply, if any, to be also entered.]

CXL. Upon the commission of any of the offences enumerated in the last preceding section, an entry thereof shall be made in the official log-book, and shall be signed by the master, and also by the mate or one of the crew; and the offender, if still in the ship shall, before the next subsequent arrival of the ship at any port, or if she is at the time in port before her departure therefrom, either be furnished with a copy of such entry, or have the same read over distinctly and audibly to him, and may thereupon make such reply thereto as he thinks fit. A statement that a copy of the said entry has been so furnished, or that the same has been so read over as aforesaid, and the reply (if any) made by the offender shall likewise be entered and signed in manner aforesaid. In any subsequent legal proceeding, the entries hereinbefore required shall, if practicable, be produced or proved, and in default of such production or proof, the Court hearing the case may, at its discretion, refuse to receive evidence of the offence.

[*Government Gazette*, 27*th November* 1866.]

পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[আজ্ঞা অমান্য করিতে যোগ করিলে।]

৭। ন্যায় মতের আজ্ঞা অমান্য করিতে, কি কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিতে, কিম্বা জাহাজের গমনের কি যাত্রায় অগ্রসর হওয়ার বাধা করিতে, অন্য নাবিকের কি নাবিকদের সঙ্গে যোগ করিলে, সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[ইচ্ছাপূর্ব্বক হানি ও হরণ করিলে।]

৮। ইচ্ছাপূর্ব্বক জাহাজের হানি করিলে, কিম্বা জাহাজের দ্রব্যসামগ্রী কি মাল অপহরণ করিলে, কি ইচ্ছাপূর্ব্বক হানি করিলে, তাহাতে যত টাকার ক্ষতি হানি হয় তত টাকা তাহার বেতন হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবেক, ও আদালতের বিবেচনামতে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[স্বামির ক্ষতিকরণরূপে মাসুল বঞ্চনা করিলে।]

৯। তাহার মাসুলবঞ্চনার কোন দোষ প্রমাণ হইলে ও তাহাতে কাপ্তানের কি স্বামির কিছু ক্ষতি হইলে, যত টাকাতে ক্ষতি পরিশোধ হইতে পারে ঐ কাপ্তানকে কি স্বামিকে তাহার তত টাকা দিতে হইবেক। ও তাহার পরিশোধে কিম্বা সেই দায়ের জন্যে তাহার বেতনের সমুদয় কিম্বা এক অংশ আটক করিয়া রাখা যাইতে পারিবে, ও ইহাতে ক্ষতিপূরণের অন্য কোন উপায়ের ব্যাঘাত হইবে না।

[অপরাধের কথা জাহাজের টপনামায় লেখা যাইবার ও অপরাধির নিকটে তাহা পাঠ করা যাইবার কিম্বা তাহাকে প্রতিলিপি দিবার ও তাহাতে সে উত্তর করিলে তাহাও লিখিবার কথা।

১৪০ ধারা। পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধ করা গেলে, সেই কথা সরকারী টপনামায় লিখিতে হইবে ও তাহাতে কাপ্তান ও মালিম কিম্বা নাবিকেরদের এক জন স্বাক্ষর করিবে। ও অপরাধী যদি তৎকালে জাহাজে থাকে, তবে জাহাজ তৎপরে যে সময়ে কোন বন্দরে পঁহুছিবে তাহার পূর্ব্বে, কিম্বা তৎকালে জাহাজ কোন বন্দরে থাকিলে সেই বন্দর হইতে ছাড়িয়া যাইবার আগে, ঐ অপরাধিকে টপনামার লিখিত কথার প্রতিলিপি দেওয়া যাইবে, কিম্বা সেই কথা তাহার নিকটে স্পষ্ট ও শ্রাব্যরূপে পাঠ করা যাইবে। তাহাতে সে যে উত্তর করিতে চাহে করিতে পারিবে। আরও ঐ লিখিত কথার প্রতিলিপি তাহাকে দেওয়া গিয়াছে, কিম্বা তাহা উক্ত প্রকারে তাহার নিকট পাঠ করা গিয়াছে এই কথা, ও অপরাধী কিছু উত্তর করিলে তাহার সেই উত্তর সেই প্রকারে টপনামায় লেখা যাইবে, ও তাহাতে স্বাক্ষর করা যাইবে, ও তাহার পর কোন মোকদ্দমা হইলে এই ধারাতে যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা উপস্থিত করা যাইতে পারিলে উপস্থিত করা যাইবে কিম্বা তাহার প্রমাণ করা যাইবে, ও সেই প্রকারে উপস্থিত না করা গেলে কি তাহার প্রমাণ না হইলে, যে আদালত ঐ মোকদ্দমা শুনেন সেই আদালত আপনার বিবেচনামতে ঐ অপরাধের প্রমাণ লইতে অস্বীকার করিতে পারিবেন।

[Seamen whom masters of ships are compelled to convey, and persons going to sea in ships without leave, to be subject to penalties for breach of discipline.]

CXLI. Every sea-faring person whom the master of any ship is, under the authority of this Act or any Law, compelled to take on board and convey, and every person who goes to sea in any ship without the consent of the master or owner or other person entitled to give such consent, shall, so long as he remains in such ship, be subject to the same laws and regulations for preserving discipline, and to the same penalties and punishments for offences constituting or tending to a breach of discipline to which he would be subject if he were a member of the crew and had signed the agreement.

[Master or owner may apprehend deserters without warrant.]

CXLII. Whenever, either at the commencement or during the progress of any voyage, any seaman or apprentice neglects or refuses to join, or deserts from or refuses to proceed to sea in any ship in which he is duly engaged to serve, or is found otherwise absenting himself therefrom without leave, the master or any mate, or the owner, ship's husband, or consignee, may, with or without the assistance of Police Officers who are hereby directed to give the same if required, apprehend him without first procuring a warrant; and thereupon in any case, and shall, in case he so requires and it is practicable, convey him before some Court capable of taking cognizance of the matter, to be dealt with according to law; and may, for the purpose of conveying him before such Court, detain him in custody for a period not exceeding twenty-four hours or such shorter time as may be necessary; or may, if he does not so require, or if there is no such Court at or near the place, at once convey him on board. If any such apprehension appears to the Court before which the case is brought, to have been made on improper or on insufficient grounds, the master, mate, owner, ship's husband, or consignee, who makes the same or causes the same to be made shall incur a penalty not exceeding two hundred Rupees; but such penalty, if inflicted, shall be a bar to any suit for false imprisonment in respect of such apprehension.

[Deserters may be sent on board in lieu of being imprisoned.]

CXLIII. Whenever any seaman or apprentice is brought before any Court on the ground of

[যে নাবিকদিগকে কাপ্তানেরদের লইয়া যাওয়া আবশ্যক ও যাহারা অনুমতি বিনা জাহাজে যায়, তাহারদের সুশাসনের বিধি লঙ্ঘনের দণ্ড হইবার কথা।]

১৪১ ধারা। কোন জাহাজের কাপ্তান সমুদ্রে গমনশীল যে লোককে এই আইনের কিম্বা কোন আইনের শক্তিক্রমে, আপন জাহাজে লইয়া যাইতে বদ্ধ হন, ও কাপ্তানের কিম্বা স্বামির স্থানে, কিম্বা জাহাজে যাইবার অনুমতি দিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তির স্থানে যে কেহ অনুমতি না পাইয়া কোন জাহাজে সমুদ্রে যায়, সেই ব্যক্তি যত কাল জাহাজে থাকে তত কাল আপনি নাবিক হইয়া নিয়মপত্রে স্বাক্ষর করিলে, তাহার সুশাসন রক্ষা করিবার যে সকল আইন ও বিধি মানিতে হইত, সেই আইন ও বিধি মানিবে, ও যাহাতে সুশাসনের লঙ্ঘন হয় কি হইতে পারে এমত অপরাধ করিলে নাবিকের যে অর্থদণ্ড ও দণ্ড হইতে পারে তাহারও সেই অর্থদণ্ড ও দণ্ড হইবে ইতি।

[আজ্ঞাপত্রবিনা পলাতকদিগকে ধৃত করিবার কথা।]

১৪২ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী নিয়মিতরূপে যে কোন জাহাজে সমুদ্রে যাইতে নিযুক্ত হইয়াছে, সে যদি জাহাজের কোন যাত্রার আরম্ভ কালে কি যাত্রার কোন সময়ে জাহাজে যাইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, কি জাহাজহইতে পলায় কি সে জাহাজে সমুদ্রে যাইতে স্বীকার না করে, কিম্বা ছুটী না পাইয়াও অন্য প্রকারে অনুপস্থিত থাকে, তবে কাপ্তান কি কোন মালিম, কি স্বামী, কি জাহাজের কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী, আজ্ঞাপত্র বিনা পোলীসের কার্য্যকারকেরদের সাহায্য লইয়া কি তাহা বিনা তাহাকে ধৃত করিতে পারিবেন। ও পোলীসের কর্ম্মকারকেরদের সাহায্য চাহিলে ইহারা তাঁহারদের সাহায্য করিবার আজ্ঞা হইল। ও ঐ নাবিককে লইয়া আইনমতে কার্য্য হয় এই কারণে তাহাকে ঐ বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালতে লইয়া যাইতে পারিবেন, কিম্বা সেই নাবিক আপনি চাহিলে, ও আদালতে লইয়া যাইতে পারিলে, অবশ্য লইয়া যাইবেন। ও সেই আদালতে প্রেরণ করিবার জন্যে তাহাকে চব্বিশ ঘন্টার অনধিক কিম্বা তাহার ন্যূন যত কাল আবশ্যক তত কাল, আসেধে রাখিতে পারিবেন। কিম্বা যদি সেই লোক তদ্রূপ প্রার্থনা না করে, কিম্বা সে স্থানে কি তন্নিকটে সেই প্রকারের আদালত না থাকে, তবে তাহাকে একেবারে জাহাজে লইয়া যাইবেন। ঐ বিষয় যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালত যদি বোধ করেন, যে ঐ নাবিককে অনুপযুক্ত কিম্বা অপ্রচুর কারণে ধৃত করা গিয়াছে, তবে যে কাপ্তান, কি মালিম, কি স্বামী, কি জাহাজের যে কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী তাহাকে ধৃত করিয়াছিলেন কি করাইয়াছিলেন, তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যদি সেই অর্থদণ্ডের আজ্ঞা হয়, তবে সেই ধৃত করাপ্রযুক্ত অকারণে কারাবদ্ধ করিবার নালিশ হইতে পারিবে না ইতি।

[পলাতকদিগকে কারাবদ্ধ না করিয়া জাহাজে পাঠান যাইবার কথা।]

১৪৩ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়মিতরূপে ভর্ত্তি হইয়াছে সেই জা-

his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having deserted or otherwise absented himself therefrom without leave, such Court may, if the master or the owner or his agent so requires, instead of committing the offender to prison, cause him to be conveyed on board for the purpose of proceeding on the voyage, or deliver him to the master or any mate of the ship, or the owner or his agent, to be by them so conveyed, and may in such case order any costs and expenses properly incurred by or on behalf of the master or owner by reason of the offence, to be paid by the offender, and if necessary to be deducted from any wages which he has then earned, or which by virtue of his then existing engagement he may afterwards earn.

[Seammen, imprisoned for desertion or breach of discipline, may be sent on board before termination of sentence.]

CXLIV. If any seaman or apprentice is imprisoned on the ground of his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having deserted or otherwise absented himself therefrom without leave, or of his having committed any other breach of discipline, and if during such imprisonment and before his engagement is at an end his services are required on board his ship, any Magistrate may, at the request of the master or of the owner or his agent, cause such seaman or apprentice to be conveyed on board his said ship for the purpose of proceeding on the voyage, or to be delivered to the master or any mate of the ship, or to the owner or his agent, to be by them so conveyed, notwithstanding that the termination of the period for which he was sentenced to imprisonment has not arrived.

[Entries and certificates of desertion abroad to be copied, sent home, and admitted in evidence.]

CXLV. In all cases of desertion from any ship registered at a port or place in British India while such ship is at any place out of British India, the master shall produce the entry of such desertion in the official log-book to the person or persons required by the Merchant Shipping Act, 1854, to endorse on the agreement a certificate of such desertion. Such person or persons shall thereupon make and certify a copy of such entry and also a copy of the said certificate of desertion. The master shall forthwith transmit such copies

[Government Gazette, 27th November 1866.]

হাজে যাইতে শৈথিল্য করিয়াছে, কি স্বীকার করে না, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার করে না, কি পলাইয়াছে, কিম্বা ছুটী না লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হইয়াছে বলিয়া, যদি তাহাকে কোন আদালতের সম্মুখে আনা যায়, তবে কাপ্তান কি স্বামী কি তাঁহার মোক্তার প্রার্থনা করিলে, ঐ আদালত সেই অপরাধিকে কারাবদ্ধ না রাখিয়া, তাহাকে যাত্রায় যাইবার নিমিত্তে জাহাজে চালান করাইতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান করিবার নিমিত্তে তাহাকে কাপ্তানের, কি জাহাজের কোন মালিমের, কিম্বা স্বামির, কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিবেন। এমত স্থলে, ঐ অপরাধপ্রযুক্ত কাপ্তানের কি স্বামির, কিম্বা তাঁহারদের পক্ষে, উপযুক্তমতে যে খরচ হইয়া থাকে, তাহা ঐ অপরাধির দিতে আজ্ঞা করিবেন। ও যদি আবশ্যক হয়, তবে তৎকালে তাহার প্রাপ্য বেতনহইতে, কিম্বা তৎকালে তাহার যে নিয়মপত্র থাকে তৎক্রমে তাহার যে বেতন পরে প্রাপ্য হইবে, তাহাহইতে ঐ টাকা কাটিয়া লইবার আজ্ঞা করিবেন ইতি।

[কোন নাবিক পলাতক হইয়া কি সুশাসনের বিধি লঙ্ঘন করিয়া কারাবদ্ধ হইলে তাহার কারাবাসের কাল অতীত হইবার আগে তাহাকে জাহাজে পাঠাইবার কথা।]

১৪৪ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়ম করিয়াছে, সেই জাহাজে যাইতে শৈথিল্য করণ, কি স্বীকার না করণ, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার না করণ, কিম্বা পলায়ন, কি ছুটী না লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হওন কিম্বা কারপ্রান্তরে সুশাসনের বিধি লঙ্ঘনপ্রযুক্ত যদি তাহাকে কারাবদ্ধ করা যায়, ও সেই কারাবদ্ধ থাকিবার কালে, ও তাহার কর্ম্মের নিয়মের কাল অতীত হইবার আগে, যদি জাহাজে তাহার প্রয়োজন হয় তবে কাপ্তানের, কি স্বামির, কি তাঁহার মোক্তারের প্রার্থনা হইলে, ঐ নাবিকের কি শিক্ষার্থির যত কাল কারাবদ্ধ থাকিবার আজ্ঞা হইয়াছে সেই কাল অতীত না হইলেও, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ যাত্রায় গমনের নিমিত্তে উক্ত জাহাজে চালান করাইতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান হইবার জন্যে তাহাকে ঐ জাহাজের কাপ্তানের, কি কোন মালিমের কিম্বা স্বামির, কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিতে পারিবেন ইতি।

[বিদেশে পলায়ন করিবার যে কথা টপনামায় লেখা যায় তাহার, ও সংশিতপত্রের প্রতিলিপি দেশে পাঠাইবার, ও প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

১৪৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজের রেজিষ্টরী হইয়াছে, তাহা ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে থাকিতে যদি জাহাজের কোন লোক পলায়, তবে সরকারী টপনামায় তাহার পলায়নের যে কথা লেখা আছে বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনমতে নিয়মপত্রের পৃষ্ঠে তাহার পলাইবার সংশিতপত্র যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি লিখিবার আজ্ঞা হয়, কাপ্তান টপনামার লিখিত ঐ কথা তাঁহার কি তাঁহাদের নিকটে দেখাইবেন। তাহাতে সেই ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টপনামার লিখিত কথার প্রতিলিপি

to the Shipping Master at the port where such seaman was engaged, who shall, if required, cause the same to be produced in any legal proceeding. Such copies, if purporting to be so made and certified as aforesaid, shall in any legal proceeding relating to such desertion be received as evidence of the entries therein appearing.

ও পলাইবার উক্ত সংশিতপত্রেরও প্রতিলিপি করিয়া স্বাক্ষর করিবেন। সেই নাবিক যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল, কাপ্তান সেই বন্দরের শিপিং মাষ্টর সাহেবের নিকটে ঐ প্রতিলিপি অগৌণে পাঠাইবেন, ও তিনি প্রয়োজনমতে সেই প্রতিলিপি কোন মোকদ্দমাতেও দেখাইবেন। সেই পলায়ন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে সেই প্রতিলিপি উক্ত প্রকারে করা গেল ও স্বাক্ষর করা গেল বলিয়া উপস্থিত করা গেলে, ঐ প্রতিলিপির লিখিত কথার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[Facilities for proving desertions so far as concerns forfeiture wages.]

[বেতন দণ্ডসম্পর্কে পলায়নের প্রমাণ করিবার উপায়ের কথা।]

CXLVI. Whenever a question arises whether the wages of any seaman or apprentice are forfeited for desertion, it shall be sufficient for the party insisting on the forfeiture to shew that such seaman or apprentice was duly engaged in, or that he belonged to the ship from which he is alleged to have deserted, and that he quitted such ship before the completion of the voyage or engagement, or if such voyage was to terminate at any port or place in British India, and the ship has not returned, that he is absent from her, and that an entry of the desertion has been duly made in the official log-book. Thereupon the desertion shall, so far as relates to any forfeiture of wages or emoluments under the provisions hereinbefore contained, be deemed to be proved, unless the seaman or apprentice can produce a proper certificate of discharge, or can otherwise shew to the satisfaction of the Court, that he had sufficient reasons for leaving his ship.

১৪৬ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পলায়ন করাপ্রযুক্ত বেতন দণ্ড কর্ত্তব্য কি না যদি এই বিষয়ের বিবাদ হয়, তবে যে ব্যক্তি ঐ বেতন দণ্ড কর্ত্তব্য কহেন তিনি এই২ কথা দর্শাইতে পারিলে প্রচুর হইবে, বিশেষতঃ ঐ নাবিকের কি শিক্ষার্থির যে জাহাজহইতে পলাইবার কথা ব্যক্ত হইয়াছে সেই জাহাজে সে নিয়মমতে ভর্ত্তি হইয়াছিল, কিম্বা সেই জাহাজের লোক ছিল ও সেই জাহাজের যাত্রার শেষ না হইলে, কিম্বা সেই নিয়মের কাল অতীত না হইলে সেই লোক ঐ জাহাজ ছাড়িয়া গিয়াছিল, কিম্বা যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে ঐ যাত্রার শেষ হইবার নিয়মছিল, ও জাহাজ ফিরিয়া না আইলেও ঐ লোক জাহাজে ছিল না ও সরকারী টপনামায় তাহার পলাইবার কথা নিয়মিতরূপে লেখা আছে। যদি এই সকল কথা দেখাইতে পারেন, তবে এই আইনের লিখিত বিধানমতে তাহার বেতন কি উপরি টাকা দণ্ড হওয়ার উপলক্ষে ঐ কথা তাহার পলায়নের প্রমাণ জ্ঞান হইবে। যদি ঐ নাবিক কি শিক্ষার্থী বিদায় হইবার উপযুক্ত সংশিতপত্র দেখাইতে পারে, কিম্বা জাহাজ ছাড়িবার উপযুক্ত কারণ ছিল, ইহা যদি প্রকারান্তরে আদালতের সন্তোষমতে দর্শাইতে পারে, তবে তাহার বেতন দণ্ড হইবে না ইতি।

Explanation.—By desertion the wages for the whole voyage which was not completed at the time of the desertion are forfeited, but not the wages for any other completed voyage.

অর্থ। জাহাজের যে যাত্রাকালে পলায়ন করা যায়, সেই যাত্রা সম্পূর্ণরূপে সমাপ্ত না হইয়া যদি নাবিক পলায়ন করে, তবে সেই যাত্রার বেতন পাইবে না। অন্য যে যাত্রা পূর্ব্বে সমাপ্ত হইয়াছে তাহার বেতন পাইতে পারিবে।

[Costs of procuring imprisonment may, to the extent of 30 Rupees, be deducted from wages.]

[কারাবদ্ধ করাইবার ত্রিশ টাকাপর্য্যন্ত খরচ বেতনহইতে কাটিয়া লইবার কথা।]

CXLVII. Whenever in any proceeding relating to seamen's wages it is shewn that any seaman or apprentice has in the course of the voyage been convicted of any offence by any competent tribunal and rightfully punished therefor by imprisonment or otherwise, the Court hearing the case may direct a part of the wages due to such seaman, not exceeding thirty Rupees, to be applied in reimbursing any costs properly incurred by the master in procuring such conviction and punishment.

১৪৭ ধারা। নাবিকদের বেতন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে যদি ইহা দর্শান যায় যে জাহাজের যাত্রাকালে কোন নাবিকের কি শিক্ষার্থির কোন দোষ উপযুক্ত কোন আদালতে সপ্রমাণ হইয়াছে, ও তৎপ্রযুক্ত তাহার ন্যায্যমতে কারাবদ্ধ কি অন্য কোন দণ্ড হইয়াছে, তবে যে আদালত ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ নাবিকের পাওনা বেতনের ত্রিশ টাকাপর্য্যন্ত কাটিয়া লইয়া, ঐ দোষ সপ্রমাণ করাইবার ও দণ্ড করাইবার জন্যে কাপ্তানের যুক্তিসিদ্ধ যত খরচ হইয়াছে তাহার পরিশোধে দেওয়া যাক এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Amount of forfeiture how to be ascertained when seamen contract for the voyage.]

CXLVIII. Whenever any seaman contracts for wages by the voyage, or by the run, or by the share, and not by the month or other stated period of time, the amount of forfeiture to be incurred under this Act shall be taken to be an amount bearing the same proportion to the whole wages or share as the period hereinbefore mentioned in fixing the amount of such forfeiture (as the case may be) bears to the whole time spent in the voyage. If the whole time spent in the voyage does not exceed the period for which the pay is to be forfeited, the forfeiture shall extend to the whole wages or share.

[Application of forfeitures.]

CXLIX. All clothes, effects, wages, and emoluments which, under the provisions hereinbefore contained, are forfeited for desertion, shall be applied in the first instance in or towards the reimbursement of the expenses occasioned by such desertion to the master or owner of the ship from which the desertion has taken place, and may, if earned, subsequently to the desertion, be recovered by such master, or by the owner, or his agent, in the same manner as the deserter might have recovered the same if they had not been forfeited; and in any legal proceeding relating to such wages, the Court may order the same to be paid accordingly; and, subject to such reimbursement, the same shall be paid into the public Treasury and carried to the account of Government. In all other cases on forfeiture of wages under the provisions hereinbefore contained, the forfeiture shall, in the absence of any specific directions to the contary, be for the benefit of the master or owner by whom the wages are payable.

[Questions of forfeitures may be decided in suits for wages.]

CL. Any question concerning the forfeiture of or deductions from the wages of any seaman or apprentice may be determined in any proceeding lawfully instituted with respect to such wages, notwithstanding that the offence in respect of which such question arises, though hereby made punishable by imprisonment as well as forfeiture, has not been made the subject of any criminal proceeding.

[Penalty for false statement as to last ship or name.]

CLI. If any seaman, on or before being engaged, wilfully and fraudulently makes a false statement of the name of his last ship, or last alleged ship, or wilfully and fraudulently makes a false statement of his own name, he shall incur a

[নাবিকেরা যাত্রার নিমিত্তে নিয়ম করিলে তাহাদের যে বেতন দণ্ড করিতে হইবে তাহা নিরূপণের কথা।]

১৪৮ ধারা। যদি কোন নাবিক মাসেং কিম্বা নিরূপিত অন্য কালে বেতন লইবার নিয়ম না করিয়া, যাওয়া আসার কালের নিমিত্তে, কি এক স্থানহইতে অন্য স্থানে যাইবার কালের নিমিত্তে, কিম্বা অংশের হিসাবে নিয়ম করিয়া থাকে, তবে এই আইনমতে যত বেতন কাটিতে হইবে ইহার হিসাব করিবার নিয়ম এই। বিষয়বিশেষে যত বেতন কাটিতে হইবে তাহার নিরূপণে যে কাল এই আইনে পূর্ব্বে ব্যক্ত হইয়াছে তাহার সঙ্গে ঐ যাত্রার সমুদয় কালের বিশেষ বুঝিয়া, তদনুসারে ঐ সমুদয় বেতনের কি অংশের হিসাব ধরিয়া এক অংশ কাটিতে হইবে। ও যত কালের বেতন কাটিতে হইবে তাহা হইতে যদি ঐ যাওয়া আসার সমুদয় কাল অধিক না হয়, তবে সমুদয় বেতন কি অংশ কাটিতে হইবে ইতি।

[দণ্ডিত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৪৯ ধারা। পূর্ব্ব বিধানমতে পলায়ন করা প্রযুক্ত যে সকল বস্ত্র ও দ্রব্যসামগ্রী ও বেতন ও উপরি টাকা দণ্ড হয় যে জাহাজহইতে পলায়ন হইয়াছে, ঐ পলায়ন প্রযুক্ত সেই জাহাজের কাপ্তানের কি স্বামির যে অর্থ ব্যয় হইল ঐ টাকাতে প্রথমে তাহার পরিশোধ হইবে, কি তাহা পরিশোধের নিমিত্তে, দেওয়া যাইবে। পলায়ন করিবার পরে যদি তাহার সেই বেতনপ্রভৃতি প্রাপ্য হয়, তবে দণ্ড না হইলে ঐ পলাতক যে প্রকারে তাহা আদায় করিতে পারিত, সেই প্রকারে ঐ কাপ্তান কি স্বামী কিম্বা তাঁহার মোক্তার তাহা আদায় করিতে পারিবেন। ও সেই বেতনসম্পর্কীয় কোন মোকদ্দমা হইলে, আদালত সেই বেতনপ্রভৃতি তদনুসারে দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেইরূপে পরিশোধের অপেক্ষায়, ঐ টাকা রাজকীয় ট্রেজুরীতে গচ্ছিত করা যাইবে ও গবর্ণমেণ্টের নামে জমা হইবে। পূর্ব্বলিখিত বিধানমতে অন্য কোন প্রকারে যে বেতন দণ্ড হয় বিশেষ আজ্ঞা না থাকিলে, যে কাপ্তানের কি স্বামির ঐ বেতন দিতে হইত তাঁহারই প্রাপ্ত হইবে ইতি।

[বেতন পাইবার মোকদ্দমাতে দণ্ডের কথা নিষ্পত্তি হইবার কথা।]

১৫০ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন দণ্ড করিবার কি কাটিবার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিবাদ যে অপরাধের উপলক্ষে উত্থিত হয়, তজ্জন্যে এই আইনে সম্পত্তিদণ্ড সহিত কারাদণ্ড নিরূপণ হইলে ও সেই অপরাধ হেতুক ফৌজদারী মোকদ্দমা না হইলেও বেতনের নিমিত্তে আইনমত উপস্থিত কোন মোকদ্দমাতে ঐ বিবাদের নিষ্পত্তি হইতে পারিবে ইতি।

[জাহাজের কি নামের কোন মিথ্যা কথা কহিবার দণ্ডের কথা।]

১৫১ ধারা। কোন নাবিক নিয়মক্রমে ভর্ত্তি হইবার সময়ে কি তৎপূর্ব্বে শেষে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল কি তাহার কথামতে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল যদি ঐ জাহাজের কোন মিথ্যা নাম কিম্বা ইচ্ছাপূর্ব্বক ও প্রতারণা করিয়া আপনার কোন

penalty not exceeding fifty Rupees. Such penalty may be deducted from any wages he may earn by virtue of such engagement as aforesaid, and shall, subject to reimbursement of the loss and expense (if any) occasioned by any previous desertion, be paid and applied in the same manner as other penalties payable under this Act.

[Fines to be deducted from wages, and paid to Shipping Master.]

CLII. Whenever any seaman commits an act, of misconduct for which his agreement imposes a fine, and which it is intended to punish by enforcing such fine, an entry thereof shall be made in the official log-book, and a copy of such entry shall be furnished or the same shall be read over to the offender, and an entry of such reading over, and of the reply (if any) made by the offender, shall be made in the manner and subject to the conditions hereinbefore specified with respect to the offences against discipline specified in and punishable under this Act. Such fine shall be deducted and paid over as follows (that is to say), if the offender is discharged at any port or place in British India, and the offence, and other entries in respect thereof as aforesaid, are proved, in the case of a foreign-going ship to the satisfaction of the Shipping Master before whom the offender is discharged, and in the case of a Home-trade ship to the satisfaction of the Shipping Master at or nearest to the place at which the crew is discharged, the master or owner shall deduct such fine from the wages of the offender and pay the same over to such Shipping Master. If before the final discharge of the crew in British India, any such offender as aforesaid enters into any of Her Majesty's ships, or is discharged at any place not in British India, and the offence and such entries as aforesaid are proved to the satisfaction of the Officer in command of the ship into which he so enters, or of the Consular Officer, Officer of Customs, or other person by whose sanction he is so discharged, the fine shall thereupon be deducted as aforesaid, and an entry of such deduction shall then be made in the official log-book (if any) and signed by such Officer or other person. On the return of the ship to British India, the master or owner shall pay over such fine, in the case of foreign-going ships to the Shipping Master before whom the crew is discharged, and in the case of Home-trade ships to the Shipping Master at or nearest to the place at which the crew is discharged. If any master or owner neglects or refuses to pay over any such fine in manner aforesaid, he shall, for each such offence, incur a

কিম্বা আর জানার তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ঐ উক্তমতে ভর্ত্তি হওয়াতে তাহার পরিশ্রমজন্যে যে বেতন পাওনা হয়, তাহা হইতে ঐ দণ্ডের টাকা বাদ দেওয়া যাইতে পারিবে। যদি কোন জাহাজহইতে পূর্ব্বে পলায়ন করিয়া থাকে, তবে তাহাতে যে ক্ষতি ও ব্যয় হয় তাহা পরিশোধ করিয়া এই আইনমতের অন্য দণ্ডের টাকা লইয়া যেরূপে করিতে হয়, ঐ দণ্ডেরও টাকা লইয়া সেইরূপে করিতে হইবে ইতি।

[অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া শিপিং মাষ্টর সাহেবকে দিবার কথা।]

১৫২ ধারা। কোন নাবিক কোন দোষ করাতে যদি নিয়মমতে তাহার অর্থদণ্ড দিতে হয়, ও যদি সেই অর্থদণ্ডের টাকা আদায় করিবার মনস্থ থাকে, তবে সেই কথা সরকারী টপনামায় লিখিতে হইবে। ও সেই টপনামার লিখিত কথার প্রতিলিপি ঐ অপরাধিকে দেওয়া যাইবে, কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে। সুশাসনলঙ্ঘনজন্য এই আইনে নির্দ্দিষ্ট ও এই আইনমতে দণ্ডনীয় অপরাধ বিষয়ে যে নিয়ম এই আইনের পূর্ব্বলিখিত কোন ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মাধীনে ও তদনুসারে অপরাধির নিকট ঐ অপরাধের লিখন পাঠ হইবার কথা ও সে উত্তর করিলে ঐ উত্তর লিখিতে হইবে। ও সেই অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া এই২ প্রকারে দেওয়া যাইবে, অর্থাৎ, যদি অপরাধী ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে বিদায় হয়, ও দেশান্তরগমনীয় জাহাজ হইলে যে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে অপরাধিকে বিদায় করা যায় তাঁহার হৃদ্বোধমতে, ও দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায় করা যায় সেই স্থানের কি তাহার অতি নিকট স্থানের শিপিং মাষ্টর সাহেবের হৃদ্বোধমতে যদি ঐ অপরাধের ও পূর্ব্বোক্তমতে তাহার লিখিত কথার প্রমাণ করা যায়, তবে কাপ্তান কি স্বামী ঐ অপরাধির বেতনহইতে ঐ অর্থদণ্ডের টাকা কাটিয়া লইয়া ঐ শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে নাবিকদিগকে চূড়ান্তরূপে বিদায় করা যাইবার পূর্ব্বে, যদি উক্ত কোন অপরাধী শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হয়, কিম্বা যদি তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে বিদায় করা যায়, ও উক্ত প্রকারে যে জাহাজে ভর্ত্তি হয়, সেই জাহাজের কাপ্তানের হৃদ্বোধমতে কিম্বা কনসল সাহেবের কি কষ্টমের কার্য্যকারক সাহেবের কিম্বা অন্য যে সাহেবের অনুমতিক্রমে তাহাকে বিদায় করা যায় তাঁহার হৃদ্বোধমতে, যদি তাহার অপরাধের ও পূর্ব্বোক্তমতের লিখিত কথার প্রমাণ করা যায়, তবে ঐ অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে বেতনহইতে বাদ দেওয়া যাইবে, ও সরকারী টপনামা থাকিলে, ঐ বেতন বাদ দিবার কথা ঐ টপনামায় লিখিতে হইবে, ও তাহাতে ঐ কাপ্তানের কি ঐ অন্য ব্যক্তির স্বাক্ষর করিতে হইবে। যখন সেই জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষে ফিরিয়া আইসে তখন, দেশান্তরগমনীয় জাহাজ হইলে নাবিকদিগকে যে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় করা যায় কাপ্তান কি স্বামী সেই অর্থদণ্ডের টাকা, তাঁহাকে দিবেন, কিম্বা দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায়

penalty not exceeding six times the amount of the fine retained by him: Provided that no act of misconduct for which any such fine as aforesaid has been inflicted and paid, shall be otherwise punished under the provisions of this Act.

[Penalty for enticing to desert and harbouring deserters.]

CLIII. Every person who by any means whatever persuades or attempts to persuade any seaman or apprentice to neglect or refuse to join or proceed to sea in or to desert from his ship, or otherwise to absent himself from his duty, shall, for each such offence, in respect of each such seaman or apprentice, incur a penalty not exceeding one hundred Rupees. Every person who wilfully harbours or secretes any seaman or apprentice who has deserted from his ship, or who has wilfully neglected or refused to join or has deserted from his ship, knowing or having reason to believe such seaman or apprentice to have so done, shall, for every such seaman or apprentice so harboured or secreted, incur a penalty not exceeding one hundred Rupees.

[Penalty for obtaining passage surreptitiously.]

CLIV. Any person who secretes himself and goes to sea in any ship without the consent of either the owner, consignee, or master, or of a mate, or of any person in charge of such ship, or of any other person entitled to give such consent, shall incur a penalty not exceeding two hundred Rupees, or be liable to imprisonment, with or without hard labor, for any period not exceeding four weeks.

[On change of masters, documents hereby required to be handed over to successor.]

CLV. If during the progress of a voyage the master of any ship registered at any port or place in British India is superseded, or for any other reason quits the ship and is succeeded in the command by some other person, he shall deliver to his successor the various documents relating to the navigation of the ship and to the crew thereof which are in his custody; and shall in default incur a penalty not exceeding one thousand Rupees. Such successor shall, immediately on assum-

করা গেল সেই কি তন্নিকট স্থানের শিপিং মাষ্টার সাহেবকে দিবেন। ও যদি কোন কাপ্তান কি স্বামী অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে না দেন, কি দিতে স্বীকার না করেন, তবে যত টাকা আটক রাখিয়াছেন সেই প্রত্যেক অপরাধ হেতুক তাহার ছয়গুণ অর্থদণ্ড হইতে পরিবে। পরন্তু যে দোষের নিমিত্তে পূর্ব্বোক্ত প্রকারের অর্থদণ্ডের আজ্ঞা হইয়া আদায় হয় সেই দোষের জন্যে এই আইনের বিধানমতে অন্য দণ্ড হইবে না ইতি।

[পলায়ন করিতে ফুশলাইয়া লইবার ও পলাতকদিগকে আশ্রয় দিবার দণ্ডের কথা]

১৫৩ ধারা। যদি কোন লোক কোন নাবিককে কি শিক্ষার্থিকে আপন জাহাজে না যাইতে, কিম্বা জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে স্বীকার না করিতে কিম্বা জাহাজহইতে পলায়ন করিতে, কিম্বা অন্য প্রকারে আপন কর্ত্তব্য কর্ম্মেতে অনুপস্থিত থাকিতে কোন প্রকারে ফুশলায় কি ফুশলাইতে চেষ্টা করে, তবে যত নাবিককে কি শিক্ষার্থিকে ঐ দোষ করায় তাহারদের জন প্রতি তাহার এক২ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কোন নাবিক কি শিক্ষার্থী আপন জাহাজ ছাড়িয়া পলাইলে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক আপন জাহাজে না গেলে, কি জাহাজে যাইতে স্বীকার না করিলে, কি জাহাজহইতে পলাইলে, যে কোন লোক তাহা জানিয়া কিম্বা সেই নাবিক কি শিক্ষার্থী তাহা করিযাছে ইহা জানিবার কারণ পাইয়া, তাহাকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে, সে ব্যক্তি যত জন নাবিককে কি শিক্ষার্থিকে সেই প্রকারে আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে তাহারদের জন প্রতি তাহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গুপ্তরূপে কোন জাহাজে উঠিয়া চলিয়া যাইবার দণ্ডের কথা।]

finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited, shall be liable to a charge of four annas per 100 maunds.

XIX. The Canals may be closed once a year, for effecting the necessary repairs to them, on one month's notice of the intention so to close them; but in the event of any sudden emergency, the Canals may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of vessels or others for compensation on account of detention.

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of the "Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

—

No. 254.

The 18th October 1866.

With reference to Notification in this Department, No. 234, dated the 20th June 1865, it is hereby declared that, under Section VI. of the *Canals' Act*, 1864, the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the rates of toll laid down in the above Notification as the rates that are to be levied on the Midnapore Canal, and on the Balasore Canal, from the expiration of the period named in the Notification until further orders.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said *Canals' Act*, 1864, hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz.*, the Midnapore Canal and the Balasore Canal until further orders.

[*Government Gazette*, *27th November* 1866.]

হইতে স্থানান্তর না করা যায়, তাহার উপর ১০০ মণ প্রতি ।০ আনা লওয়া যাইবে।

১৯। প্রয়োজনমতে নালা সারাইবার জন্যে তাহা বৎসরে একবার বন্ধ হইতে পারিবে। বন্ধ করিবার পূর্ব্বে এক মাসের সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যদি হঠাৎ অত্যাবশ্যক হয় তবে পূর্ব্বে সম্বাদ না দিয়া তাহা কোন সময়ে বন্ধ হইতে পারিবে। তাহা হইলে কোন নৌকার স্বামিগণ কি অন্যেরা নৌকাদি বন্ধ রাখিবার জন্যে ক্ষতিপূরণের দাওয়া করিতে পারিবেন না।

২০। এই বিধি উল্লংঘন দোষের দণ্ড খালের ১৮৬৪ সালের আইনের ১৮ ধারার বিধানমতে হইবে। ও অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থ ঐ আইনের ১৭ ধারার লিখিতমতে আদায় হইতে পারিবে।

২১। এই বিধির মধ্যে খালের কার্য্যকারক যে শব্দ আছে ১৮৬৪ সালের খালের আইনের ৮ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে সেই শব্দে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে। এবং মাসুল আদায় করণার্থে যে ব্যক্তি নিযুক্ত হন, তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে বিশেষমতে অন্য যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, সেই শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।

—

২৫৪ নম্বর।

১৮৬৬ সাল ১৮ অক্টোবর।

এই ডিপার্টমেন্টহইতে ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের ২৩৪ নম্বরের যে জ্ঞাপনি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে ইহাতে প্রকাশ করা গেল যে ঐ জ্ঞাপনিতে যে কাল নিরূপণ হইয়াছে সেই কাল অতীত হওনের সময়াবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জ্ঞাপনিক্রমে মাসুল যে হারে লইতে হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের খালের আইনের ৬ ধারামতে মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে সেই হারে মাসুল লওয়া ধার্য্য করিয়াছেন।

২। ১৮৬৪ সালের উক্ত খালের আইনের ৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুক্রমে তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নৌকাদির গমনীয় উক্ত নালাতে অর্থাৎ মেদিনীপুরের খালে ও বালেশ্বরের খালে মাসুল আদায় করণার্থে ইস্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির এজেন্ট ও মানেজর যিনি যে সময়ে হন তাঁহাকে নিযুক্ত করিয়াছেন।

No. 201.

The 20th November 1866.

The following Rules having reference to the undermentioned navigable channel in the District of Dacca, *viz*:—The line of channel connecting the Booreegunga with the Baloo River near Teermony have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII. of "the Canals' Act, (No. V., 1864," B. L. C.):—

1. Every vessel on entering the above navigable channel shall be liable to measurement by the Officer in charge of the Toll Station, for the purpose of ascertaining the amount of toll to be levied.

2. The tonnage of every vessel, whether laden or empty, shall, for the purposes of the *Canals' Act* and of these Rules, be determined by the following measurements:—

(*a*.) The product of half the length of the vessel from the stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the vessel, multiplied by the depth from the water line to the bottom of the vessel, is to be taken as the number of maunds on which toll shall be levied.

(*b*.) The measurement of the length is to be made in feet, rejecting inches. The measurement of the breadth and depth is to be made in feet and quarters of feet, rejecting portions of less than a quarter of a foot.

(*c*.) In calculating the amount of toll to be levied, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only.

3. No raft will be admitted into the channel in excess of fifty feet in length or five feet in breadth. No timber, bamboos or grass will be admitted, except securely and compactly packed in the form of a raft.

4. Every vessel entering the channel shall, on paying the prescribed toll, be furnished with a ticket. The ticket will specify the date of entry, the maundage of the vessel, and the amount of toll paid, and must be produced whenever asked for by the Supervisor, or those duly authorized by him to do so. Payment at one Toll Station shall clear the vessel of the other Station, at which the ticket must be given up to the Toll Collector.

5. No vessels whatever, except such as are employed on works connected with the maintenance or improvement of the line of channel in question, shall be exempted from paying toll.

6. Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through the

২৯১ নম্বর।

১৮৬৬ সাল ২০ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব (১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৫ আইনের) অর্থাৎ খাল বিষয়ক আইনের ১১ ও ১২ ধারার বিধানমতে অদ্য ঢাকা জিলার অন্তর্গত নিম্ন লিখিত নৌকাগম্য খালের অর্থাৎ বুড়ীগঙ্গার সহিত ত্রিমোহনীর নিকট বালু নদী সংযোগকারি খালের নিম্নলিখিত বিধি প্রবল করিলেন।

১। প্রত্যেক নৌকা যখন উপরোক্ত কোন খালে প্রবেশ করে তখন দেয় মাস্থল অবধারণার্থে খালের কুত ঘাটের কার্য্যকারক তাহা মাপ করিবেন।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খালের আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলহী অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দির্ঘতা হয় তাহার অৰ্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ এবং জলরেখা অবধি নৌকার তল পর্য্যন্ত গভীরতা এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যাক্রমে মাস্থল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতার পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) কত মাস্থল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে ১০০/ মণের যে ভগ্নাংশ ৫০/ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ও ৫০/ মণের অধিক যে ভগ্নাংশ তাহা ৫০/ মণ ধরিতে হইবে।

৩। দীর্ঘে ৫০ ফুট ও প্রস্থে ৫ ফুটের অধিক হইলে মাড় উক্ত কোন খালে প্রবেশ করিতে পারিবে না। শালাদি কাষ্ঠ কি বাঁশ কি ঘাস মাড়ের মত দৃঢ়রূপে বান্ধা না হইলে লইয়া যাইতে পারিবে না।

৪। যে প্রত্যেক নৌকা উক্ত কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাস্থল দিলে তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। প্রবেশ করণের তারিখ, যত মণী নৌকা, যত মাস্থল দেওয়া গেল তাহা ঐ টিকিটে লেখা থাকিবে। এবং তত্ত্বাবধারক কিম্বা তৎকর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা চাহিবামাত্র দিতে হইবে। এক কুত ঘাটে মাস্থল দিলে অন্য যে কুত ঘাটে মাস্থল সংগ্রহকারিকে টিকিট দিতে হইবে সেখানে আর মাস্থল লাগিবে না।

৫। যে সকল নৌকা উক্ত খাল রক্ষা কি সৌষ্ঠব করণ সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত আছে কেবল তাহারই মাস্থল লাগিবে না, অন্য সকলের উপর মাস্থল লাগিবে।

৬। যে প্রত্যেক নৌকার কি মাড়ের মাস্থল দেওয়া হইয়াছে ঐ খালের মধ্যে তাহার প্রবেশ করিবার কি

channel, the days of entering and leaving being both included; and any vessel or raft remaining in any part of the channel longer than the period above fixed shall, for each day in excess of such period, be charged demurrage equal to one-half of the toll paid. Every vessel or raft remaining in the channel more than one month, without authority from the Supervisor, shall be subject to be summarily removed.

খালহইতে বাহির হইবার দিনসুদ্ধ খাল দিয়া গমনার্থে তিন দিনের অবকাশ দেওয়া যাইবে, ও যে নৌকা কি মাড় পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট কালের অধিক উক্ত খালের কোন স্থানে থাকে তাহার উপর বিলম্ব জন্য দিনপ্রতি অর্দ্ধেক হারে মাসুল লওয়া যাইবে। সুপরিন্টেণ্ডেন্টের অনুমতি ব্যতিরেকে কোন নৌকা এক মাসের অধিক কাল খালে থাকিলে তাহা সরাসরীমতে স্থানান্তর করা যাইতে পারিবে।

7. Any person infringing any of the above Rules, or wilfully interfering in their enforcement, shall be liable, under Section XI. of the *Canals' Act*, to a fine not exceeding fifty Rupees for any one offence.

৭। পূর্ব্বোক্ত কোন এক বিধি কোন ব্যক্তি লংঘন করিলে কি তাহার প্রবল হওয়ার নিবারণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক হস্তক্ষেপ করিলে খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার কোন এক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

জে, ই, টি, নিকলস, লেপ্টেনেন্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

Notification.

বিজ্ঞাপন।

The 22nd November 1866.

১৮৬৬ সাল ২২ নবেম্বর।

Leave of Absence for the late Dusserah vacation under paragraph 16 *of the Uncovenanted Absentee Rules.*

নিম্নলিখিত অচিহ্নিত কার্য্যকারকেরা ছুটীর বিধির ১৬ ধারামতে বিগত দুর্গোৎসবের বন্দকালীন ছুটী পাইয়াছেন।

Baboo Gokool Chand, Moonsiff of Arrarea, Zillah Purneah, Moulvee Ali Ajmul Hoossen, Moonsiff of Bahadoorgunge, Zillah ditto, Moulvee Mohmed Natiq, Moonsiff of Dandkhorah, Zillah ditto, Baboo Ram Coomar Roy, Moonsiff of Bongong, Zillah Nuddea, Baboo Tara Bilash Mitter, Moonsiff of Santipoor, Zillah ditto, Boboo Gour Bullub Ghose, Moonsiff of Indoss, Zillah East Burdwan, Baboo Umbica Churn Mitter, Moonsiff of Phulkoorgunge, Zillah Dinagepoor.

পূরণীয়া জিলার অররিয়ার মুনসেফ শ্রীযুত গোকুলচাঁদ বসু। ঐ জিলার বাহাদুর গঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আলী আজমল হুসেন। ঐ জিলার দণ্ডখোরার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক। নদীয়া জিলার বনগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায়। ঐ জিলার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু তারাবিলাশ মিত্র। পূর্ব্ব বর্দ্ধমান জিলার ইন্দসের মুনসেফ শ্রীযুত বাবু গৌরবল্লভ ঘোষ। দিনাজপুর জিলার ঠাকুরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র।

Moonshee Sudanund, Moonsiff of Chittra, Zillah Chota Nagpoor.

ছোটনাগপুরের চিত্রার মুনসেফ শ্রীযুত মুনশী সদানন্দ।

Moonshee Abdoos Sumood Ahmed, Moonsiff of Jehanabad, Zillah Hooghly.

হুগলী জিলার জাহানাবাদের মুনসেফ শ্রীযুত মুনশী আবদুস্ সমুদ আহম্মদ।

T. C. Ledlie,
for Offg. Registrar.

একটিং রেজিষ্ট্রারের পরিবর্ত্তে,
টি সি লেড্‌লী।
আসিষ্টান্ট রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

No. 1769.

NOTIFICATION.

It having come to the knowledge of the Board of Revenue, Lower Provinces, that the provisions of the Stamp Law are greatly evaded by the use of unstamped "Proxies," which are "Letters of Attorney" requiring a stamp of Rupees (4) four, as provided for in Article 43, Schedule A, Act X of 1862, it is hereby notified, for general information, that from and after this date any person or persons who may attempt thus to evade the Law will, on detection, be prosecuted in accordance with Section 52 of the Act.

By Order of the Board of Revenue, L. P.,

R. L. Mangles,

Junior Secretary.

Fort William,
The 15th November 1866.

১৭৮৯ নম্বর।

বিজ্ঞাপন।

বঙ্গ প্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা অবগত হইয়াছেন যে, প্রাক্সী নামক পত্র শাদা কাগজে লিখিয়া অনেকবার ইষ্টাম্পের আইন উপেক্ষা করা গিয়া থাকে। ফলতঃ ঐ পত্র মোক্তারনামা। ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৪৩ প্রকরণ মতে তাহার উপর ৪ টাকা ইষ্টাম্প লাগে। অতএব সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে, এতৎপরে যদি কোন ব্যক্তি সেই প্রকারে আইনের বিধি এড়াইতে চেষ্টা করেন, তবে ধৃত হইলে ঐ আইনের ৫২ ধারা-মতে তাহার নামে মোকদ্দমা হইবে।

বঙ্গ প্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর এল মাঙ্গলস।

দ্বিতীয় সেক্রেটারী

ফোর্ট উলিয়ম।
১৮৬৬ সাল ১৫ নবেম্বর।

১৪৩৬ নম্বর।

ইস্তেহার।

ফোর্ট উইলিয়ম, ১ অক্টোবর সন ১৮৬৬ সাল।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণ জনগণকে সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৮৬৭ সালের প্রকাশ্য নীলাম দ্বারা যে আফিম বিক্রয় করা যাইবেক তাহাতে ১৮৬৪।৬৫ ও ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন কাসিয়ার লিখিত পরিমাণে ২৪ চব্বিশ হাজার সিন্দুক বেহার ও ২৪ চব্বিশ হাজার সিন্দুক বানারস আফিম থাকিবেক সন ১৮৬৪।৬৫ সালের যে আফিম সঞ্চিত আছে তাহা অগ্রে বিক্রয় করা যাইবেক তৎপরে ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন আফিম বিক্রীত হইবেক অর্থাৎ আগামি জানুআরি মাসে যে বেহার আফিম বিক্রয় হইবে তন্মধ্যে ১৮৬৪।৬৫ সালের মৌজুদ আফিম ৭৬১ সিন্দুক এবং ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন ১২৩৯ সিন্দুক থাকিবেক এবং আগত জানুআরি ফেব্রুআরি ও মার্চ মাহায় যে বানারস আফিম বিক্রয় হইবে তাহাতে প্রত্যেক মাসিক নীলামে ১৮৬৪।৬৫ সালের সঞ্চিত আফিম ২ হাজার সিন্দুক করিয়া বিক্রয়ার্থ ধরা যাইবেক এবং তৎপরে এপ্রেল মাসে যে বানারস আফিম বিক্রয় হইবেক তাহাতে ১৮৬৪।৬৫ সালের আফিম ১০১৮ সিন্দুক ও ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন আফিম ৯৮২ সিন্দুক থাকিবে তৎপরে অবশিষ্ট যে ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন আফিম থাকিবে তাহা পরের নীলামে সমান পরিমাণে বিক্রয় করা যাইবেক অর্থাৎ বেহার ২০০০ সিন্দুক ও বানারস ২০০০ সিন্দুক প্রত্যেক নীলামে বিক্রীত হইবে নিম্ন লিখিত বিশেষ ২ তারিখে অথবা তাহার অগ্রপশ্চাৎ অবধারিত দিবসে পূর্ব্ব লিখিত নীলাম হইবে।

বেহারের আফিম।

সন ১৮৬৪।৬৫ সালের সঞ্চিত	৭৬১ সিন্দুক
সন ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন	২৩২৩৯ ঐ
	২৪০০০ সিন্দুক

বানারস আফিম।

সন ১৮৬৪।৬৫ সালের সঞ্চিত	৭০১৮ সিন্দুক
সন ১৮৬৫।৬৬ সালের উৎপন্ন	১৬৯৮২ ঐ
	২৪০০০ সিন্দুক
একুন ...	৪৮০০০ সিন্দুক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ১৯ নবেম্বর।]

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	সমুদয় সিন্দুক
সন ১৮৬৭ সালের ৯ জানুআরি বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৭ ফেব্রুআরি বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ১১ মার্চ সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ১০ এপ্রেল বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৯ মে বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ..	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ১০ জুন সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ১০ জুলাই বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৯ আগষ্ট শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ..	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৯ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৯ অক্টোবর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৭ নবেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
সন ১৮৬৭ সালের ৬ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ ...	২০০০	২০০০	৪০০০
এবুন	২৪০০০	২৪০০০	৪৮০০০

উল্লিখিত তারিখ সকল যদি পরিবর্ত্তন করা আবশ্যক বোধ হয় তাহা হইলে সাহেবান বোর্ড আলিসানের তাহা পরিবর্ত্ত করিবার ক্ষমতা থাকিবেক।

বিক্রয়ের নিয়মাবলী নিম্নে প্রকাশিত হইল।

১ দফা। কেবল সমুদ্র পথে রপ্তানী করিবার নিমিত্তই এই আফিম সকল বিক্রীত হইবেক ঐ প্রকার রপ্তানীর নিমিত্ত ভিন্ন অন্য কোন কারণে কাহাকেও সর্টিফিকেট প্রদান করা যাইবেক না।

২ দফা। ৮০০ টাকা করিয়া সিন্দুকের মূল্য হইলে উক্ত আফিমের অবধারিত মূল্য হইবেক এই নিয়মাবলীর দ্বাদশ প্রকরণের লিখিত নিয়ম ব্যতিরেকে যে সকল উক্ত মূল্য ডাকনাগা ব্যক্তিগণ উক্ত অবধারিত মূল্যের অধিক ডাকবেন তাহাদিগকেই আফিম বিক্রয় করা যাইবেক।

৩ দফা। পূর্ব্ব লিখিত বিজ্ঞাপনে যে সকল নীলামের নিরূপিত দিন ধার্য্য করা হইল সেই সকল প্রত্যেক দিবসের পূর্ব্বাহ্ণে ১১ এগার ঘটিকার সময় নীলাম আরম্ভ করা হইবেক এবং প্রতি দিবস অপরাহ্ণে ৫ পাঁচ ঘটিকার পর অধিক কাল নীলামের কার্য্য চালান হইবেক না যে সময়ের মধ্যে নীলামের লাট সকল বিক্রয় করিবার নিমিত্ত বিজ্ঞাপন দেওয়া হইল সেই সময়ের মধ্যে যদি কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে বোর্ডের সাহেবান আলিসান তৎপর দিবস রবিবার অথবা সাধারণ পর্ব্বোপলক্ষ বন্দের দিন না হইলে সেই দিবসে অপরাহ্ণ ১১ ঘটিকার সময়াবধি যে পর্য্যন্ত সমুদয় অবশিষ্ট লাট সকল নিঃশেষিত না হয় সে পর্য্যন্ত নীলাম করা যাইবেক যদ্যপি কোন গতিকে নিরূপিত দিনের মধ্যে ও বিজ্ঞাপনোক্ত সমুদয় আফিম বিক্রীত না হয় তাহা হইলে বোর্ডের সাহেবান আলিসানের ইচ্ছা ক্রমে সেই সকল অবিক্রীত লাট ভবিষ্যৎ নীলামে ধরা যাইবেক।

৪ দফা। প্রত্যেক লাটে ৫ পাঁচ সিন্দুক করিয়া আফিম থাকিবেক।

৫ দফা। নীলামের সময়ে এবং সেল বহীতে লাট শেষ হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ পার্শ্বে* লিখিত পরিমাণানুসারে প্রামিশারি নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক খরিদারগণকে বাঙ্গাল বেঙ্কের রসীদ অথবা তাহার পরিবর্ত্তে বাঙ্গাল গবর্ণমেণ্টের অন্য কোন প্রকার সরকারী মাতবরি নীলামের পর ৫ পঞ্চম দিবসে বেলা অপরাহ্ণ ৪ চারি ঘটিকার সময় কিম্বা তাহার পূর্ব্বে এই অফিসে দাখিল করিয়া উক্ত প্রমিশারি নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে উক্ত প্রকারে তমসুক খালাস করিয়া লওয়া না হয় তাহা হইলে সেই লাট অথবা লাট সমুদয়ের নিমিত্ত উপরি উক্ত বাঙ্গাল বেঙ্কের রসীদ কিম্বা অন্য কোন সরকারি মাতবরি দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট সকল পুনর্ব্বার নীলামে বিক্রয় করা যাইবেক পুনঃ নীলামের সময় ও সময়ত বোর্ডের সাহেবান যেরূপ ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করা হইবেক এই প্রকার পুনঃ বিক্রয় দ্বারায় যে কোন ক্ষতি বা ঘাটী হইবেক তাহার খেসারত খরীদারগণের নিকট হইতে আদায় করা যাইবেক এবং এইরূপ পুনঃ বিক্রয় করিয়া যে লাভ হইবে তাহা গবর্ণমেণ্টের প্রাপ্য হইবে।

৬ দফা। শেষ প্রকারে লিখিত নিয়মানুসারে নীলামের দিন যে প্রামিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবেক, তাহা যদি নীলামের পর পঞ্চম দিবসে বেলা ৪ চারি ঘণ্টার সময় খালাস করিয়া লওয়া না হয় তাহা হইলে সেই সকল প্রামিশরী নোট অর্থাৎ তমসুক আদায়ের নিমিত্ত সরকারী উকীলের হস্তে সমর্পণ করা যাইবেক, উকিল যেমন ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করিবেন।

৭ দফা। যে অবধি কোন লাট নীলামের পর দিনহইতে পঞ্চম দিবসের বেলা ৪ চারি ঘটিকা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল না করা হইবেক তাহার পরে সেই আফিমের নিমিত্ত আর টাকা কিম্বা বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোন সরকারী মাতবরি গ্রহণ করা যাইবেক।

[Government Gazette, 27th November 1856.]

* ডিপাজিট অর্থাৎ আমানত যৎকালে প্রত্যেক সিন্দুকে ১২০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে প্রত্যেক সিন্দুক ২০০ টাকা আমানত যৎকালে ১২০০ টাকার অধিক অথচ ১৬০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৩০০ টাকা, যৎকালে ১৬০০ টাকার অধিক অথচ ২০০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৪০০ টাকা, এই রূপ প্রত্যেক সিন্দুকে ৪০০ টাকার অধিক ডাক হইলেই আমানতের উপর ১০০ টাকা বৃদ্ধি হইবেক।

৮ দফা। আফিমের মূল্যের টাকা নীলামের দিনহইতে ১৫ পনেরো দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক। যদ্যপি কোন লাটের কি সিন্দুকের মূল্যের টাকা এইরূপ দাখিল কি নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম দফার নির্দ্দিষ্টমত সেই লাট কিম্বা সিন্দুকের উপর যে টাকা কিম্বা সরকারী মাতব্বরি আমানত করা হইবেক তাহা সরকারে বাজেয়াপ্ত হইবেক এবং ঐ আফিম সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক, যে সময়ে ও যে প্রকারে বিক্রীত হইবেক তাহা সাহেবান বোর্ড যেমন উপযুক্ত বিবেচনা করিবেন সেইরূপ অবধারিত হইবেক এইরূপ দ্বিতীয়বার বিক্রয়ের দাবা প্রথম মূল্য ও পুনঃবিক্রয়ের মূল্যের মধ্যে যে প্রভেদ বা ক্ষতি হইবেক তাহা প্রথম খরিদারের নিকট আদায় করিয়া লওয়া যাইবেক এবং পুনঃবিক্রয়দ্বারা যাহা লাভ হইবেক তাহাতে প্রথম খরিদারের কোন দাবী থাকিবেক না।

৯ দফা। খরিদারেরা পূর্ব্ব নির্দ্দিষ্ট সমুদয় মূল্যের টাকা প্রদান করিয়া যখন ডিলেবরি অর্থাৎ রওয়ানা পাইবার সর্টিফিকেট অথবা অনুমতিপত্র পাইবে তৎকালে তাহারা ইচ্ছা করিলে প্রত্যেক সর্টিফিকেট অথবা অনুমতিপত্রে তাহাদিগের খরিদা লাটের নাম ও সংখ্যা লেখাইয়া লইতে পারিবেক এবং ইহা স্পষ্টরূপে জ্ঞাত করা আবশ্যক যে ঐ প্রকারের গৃহীত সর্টিফিকেট অথবা অনুমতিপত্র সকল চূড়ান্ত বিবেচনা করা যাইবেক এবং প্রথমে একবার যে সকল লাট ও সিন্দুক সর্টিফিকেট অথবা অনুমতিপত্রভুক্ত করিবার প্রার্থনা গ্রাহ্য হইয়াছে সেই সকল লাট কিম্বা সিন্দুকের মধ্যে একটীমাত্র লাট, কিম্বা অন্য লাট কি সিন্দুক ডেলিবার অর্থাৎ রওয়ানা পাইবার নিমিত্ত আদি সর্টিফিকেট পরিবর্ত্তিত হইতে পারিবেক না।

১০ দফা। যে ব্যক্তির নাম সেল বহীতে খরিদারস্বরূপে লেখা হইবেক সেই ব্যক্তি স্বয়ং অথবা তাহার ক্ষমতা প্রাপ্ত গোমাস্তা ব্যতিরেকে আর কেহ যদি ৫ দফার লিখিত সরকারি মাতব্বরি আমানত করিতে আইসে তাহা হইলে তাহাদিগের হস্তে তদ্রূপ আমানত গ্রহণ করা যাইবেক না সরকারী মাতব্বরি রসিদ দিবার সময় কেবল খরিদারের নিজ নামেই তাহা প্রদান করা হইবেক ঐ প্রকারে আমানত করা সরকারের মাতব্বরি সকল যখন ফেরত দেওয়া হইবেক তখন সম্পূর্ণ টাকা দেওয়া হইয়াছে জানিলে খরিদারকে অথবা যাহাকে তিনি বরাত দেন সেই ব্যক্তিকে তাহা ফেরত দেওয়া যাইবেক।

১১ দফা। যে কর্ম্মচারী রেবিনিউ বোর্ডের পক্ষ হইয়া নীলামের অধ্যক্ষতা করিবেন তাহার এই ক্ষমতা থাকিবেক যে যদি কোন ব্যক্তি এই বিজ্ঞাপনের লিখিত ৫ পঞ্চম দফার নির্দ্দিষ্ট পরিমাণানুসারে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট নোট অথবা বাঙ্গাল বেঙ্কের রসিদ কিম্বা সরকারী মাতব্বরি আমানত করিয়া তমসুক লিখিয়া না দেও তাহা হইলে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট কর্ম্মচারি সেই সকল ব্যক্তির ডাক নামঞ্জুর করিতে পারিবেন।

১২ দফা। নীলামের প্রতিবন্ধকতা জন্মাইবার অভিপ্রায়ে যে সকল বৃথা ডাক উপস্থিত হইবেক তাহা নিবারণার্থ এই উপায় অবলম্বন করা হইতেছে যে, যে সরকারী কর্ম্মচারী গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত থাকিয়া বিক্রয়ের তত্ত্বাবধারকতা করিবেন তাহার এই ক্ষমতা থাকিবেক যে তিনি যে কোন অবিক্রীত লাট বাহির করিয়া যতক্ষণ পর্য্যন্ত ঐরূপ অবশিষ্ট লাট সকলের উপযুক্ত ডাক না হয় ততক্ষণ পর্য্যন্ত পুনঃপুনঃ তাহা নীলাম করাইতে পারিবেন এই সময়ে যে প্রথম ডাকনিয়ার ডাক যথেষ্ট হইবেক তাহাকেই সেই লাটের প্রকৃত খরিদার বলিয়া গ্রহণ করা যাইবেক গবর্ণমেণ্টের তত্ত্ববিধায়ক কর্ম্মচারির আরও ক্ষমতা থাকিবেক যে তিনি কথিত নিয়মানুসারে যতগুলি ঐরূপ অবশিষ্ট লাট বিক্রয় করা উচিত বোধ করেন তাহাতে বর্ণিত শরত আমলেআনিয়া তদনুসারি কার্য্য করিতে পারিবেন কিন্তু স্মরণ করা কর্ত্তব্য যে অবধারিত আট শত টাকা করিয়া সিন্দুকের যে মূল্য তদ্বিতীয় দফায় স্থির হইয়াছে তাহার অল্পমূল্যে কোন লাটই বিক্রয় করা যাইবেক না।

১৩ দফা। যদি ২৫ লাট হইতে পারে এমন উপযুক্ত সংখ্যা লাট মজুদ থাকে তাহা হইলে যে কোন লাট খরিদার হউন ইচ্ছা করিলে একবিধ এজেন্সীর আফিম পর সমান মূল্যে ও সমান সরতে নীলাম ডাকিয়া খরিদ করিতে পারিবেন কিন্তু ২৫ লাটের অধিক পারিবেন না।

১৪ দফা। এই ইস্তেহারের অন্তর্গত আফিম বিক্রয় অথবা তাহার হিসাব সম্বন্ধে যদ্যপি কোন বিবাদ অথবা মতভেদ কলহ উপস্থিত হয় তাহা হইলে সুবে বাঙ্গালার অন্তঃপাতী ফোর্টউইলিয়ম দুর্গের অধীন হাইকোর্ট নামকপ্রধানতম বিচারালয়ে তাহার বিচার ও চূড়ান্ত মীমাংসা হইবেক।

১৫ দফা। নিম্ন লিখিত কাগজ পত্র নীলামের দিবসে সাধারণের দৃষ্টি করণার্থ প্রদর্শিত হইবেক যদি কেহ তৎপূর্ব্বে দর্শন করিতে অভিলাষী হন তাহা হইলে বোর্ড অফ রেবেনিউয়ের জুনিয়ার সেক্রেটারীর কার্য্যালয়ে আবেদন করিলে দৃষ্ট করিতে পারিবেন।

যে আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন প্রচারিত হইল তাহার সর্টিফিকেট অর্থাৎ নিদর্শন পত্র দ্বিতীয় ঐ সকল আফিম পরীক্ষার রিপোর্ট।

১৬ দফা। এতদ্দ্বারা সর্ব্বসাধারণ ব্যক্তিগণকে জ্ঞাতকরা যাইতেছে যে আফিম প্রস্তুত করণ পক্ষে পূর্ব্ব, পূর্ব্ব বৎসর যেরূপ সাবধানতার সহিত বন্দোবস্ত করা হইয়া থাকে ১৮৬৫। ৬৬ সালের আফিমও সেইরূপ সাবধানতার সহিত প্রস্তুত করা হইয়াছে। ঔষধীয় আফিম অবিমিশ্র অবস্থায় প্রস্তুত ও প্রেরণ করা হইয়াছে। কেবল নির্দ্দিষ্ট পরিমিত পত্র দ্বারা বাইট বাঁধা গিয়াছে। প্রত্যেক বাইটে যে পরিমাণ আফিম আবশ্যক তদনুযায়ী তাহা রক্ষিত হইয়াছে বারানসী ও বেহার হইতে যে ওজনের ঔষধীয় আফিম গাঁইটবন্দী করিয়া সিন্দুকযাত করা হইয়াছে এবং তাহা কলিকাতায় পৌঁছিয়া গড়ে কত ওজনে পরিণত হইয়াছে তাহা তুলনা করিবার হিসাব বোর্ড অব রেবিনিউয়ের জুনিয়ার সেক্রেটরির কার্য্যালয়ে আবেদন করিলে দৃষ্টি হইতে পারিবেন।

১৭ দফা। যে আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন দেওয়া হইতেছে তাহার বিশেষ পরিমাণ ও গুণ আদিমার অন্যান্য বিবরণ বোর্ড অব রিবিনিউ কার্য্যালয়ে আবেদন করিলে অবগত হওয়া যাইবেক, বাণিজ্য এ সংক্রান্ত ব্যক্তিগণ যদি তাহা অবগত হইতে অভিলাষী হন উক্ত কার্য্যালয়হইতে সময়ে সময়ে তাহার বৃত্তান্ত জ্ঞাপন [illegible] আফিম জাহাজে বোঝাই করিবার নিমিত্ত বিক্রয় ও ডেলিবারি দেওয়া হইলে প্রচলিত নিয়ম।

নুসারে দ্রব্যের নিকৃষ্টতা ওজনের অল্পতা অথবা উৎকৃষ্ট আফিম বিমিশ্রিত প্রভৃতির কোন প্রকার আপত্তি উপস্থিত হইলে বোর্ড তাহা গ্রাহ্য অথবা তাহার ক্ষতি পুরণের নিমিত্ত দায়ী হইবেন না।

১৮ দফা। এতদ্দ্বারা আরও সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮১৫ খ্রীষ্টাব্দের ৭ মার্চ গ্রেটব্রিটেন ও ফ্রান্সের একত্রীভূত বাণিজ্য সন্ধির যে নিয়ম পত্র লিখিত হইয়াছে তাহার ৬ প্রকরণ অনুসারে করাসী গবর্ণমেণ্টের ভারতবর্ষস্থ এজেণ্ট অথবা তদনুরূপ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত নিয়োজিত কর্ম্মচারী গণের এই অধিকার আছে যে ১৮৬৭ সালের দ্বাদশ নীলামে বেহারের ও বানারসের উৎপন্ন যে সকল আফিম বিক্রয়ার্থ বিজ্ঞাপন দেওয়া হইল ইহার যে কোন নীলামের অথবা নীলাম সকলের মধ্যে যে রকমের ইচ্ছা কিয়ৎ পরিমত আফিম প্রার্থনা করিতে পারেন। কিন্তু ইহা প্রকাশ থাকা উচিত যে ঐ প্রার্থনা গড়ে ৩০০ তিন শত সিন্দুকের অধিক হইবেক না করাসী গবর্ণমেণ্টের এজেণ্টগণের উচিত যে তাহার কোন নীলামের কোন প্রকারের আফিম পাইবার প্রার্থনা রাখেন তাহা অভিপ্রেত নীলামের বিজ্ঞাপন প্রকাশের দিবস হইতে ৩০ ত্রিশ দিবসের মধ্যে লিখিয়া জানাইবেন আরো ফরাসী গবর্ণমেণ্টের এজেণ্টরা এই বিজ্ঞাপন প্রকাশের পর ৩০ ত্রিশ দিবসের মধ্যে ও সমুদয় আফিম পাইবার আবেদন করিতে পারেন যদি ফরাসী গবর্ণমেণ্টের এজেণ্টরা উপরি উক্ত নির্দ্ধারিত সময়ের মধ্যে আফিম পাইবার প্রার্থনা না করেন তাহা হইলে বেহার ও বানারস উক্ত সমুদয় আফিম অর্থাৎ ৪৮,০৩০ সিন্দুক বিক্রয় করা যাইবেক এবং যদি তাহার বিজ্ঞাপনোক্ত উক্ত দ্বাদশ নীলামের মধ্যগত কোন নীলামের কোন প্রকার আফিম হইতে কিয়দংশ পাইবার প্রার্থনায় আবেদন করেন অথচ টাকা দিবার নিয়মানুসারে নিরূপিত সময় মধ্যে টাকা না দেন তাহা হইলে বঙ্গদেশের গবর্ণমেণ্টে স্বীয় ক্ষমতায় ঐ রূপ ফরাসী গবর্ণমেণ্টের মূল্য দানের অন্যথা কৃত আফিম নীলাম করিতে পারিবেন তজ্জন্য নীলামের উপস্থিত পরিমাণ বৃদ্ধি করিয়া সেই দিনেই অথবা অন্য এক দিন ধার্য্য করিয়া প্রকাশ্যরূপে বিক্রীত হইতে পারিবেক।

		সিন্দুক
বেহার	... ...	২৪,০০০
বানারস	... ..	২৪,০০০
একুন		৪৮,০০০

পূর্ব্বোল্লিখিত একত্রীভূত সন্ধির নিয়ম পত্র ষষ্ঠ প্রকরণ।

আফিমের বাণিজ্য সম্পর্কে উভয় নিয়মবদ্ধ সম্প্রদায় মধ্যে এই নিয়ম হইতেছে যে এই দ্রব্যের প্রত্যেক সাময়িক নীলামের সময় ফরাসি গবর্ণমেণ্টের এজেণ্ট অথবা তদুপোযুক্ত কোন নিয়োজিত কর্ম্মচারীর প্রার্থন ক্রমে উক্ত গবর্ণমেণ্টের মহামান্য খ্রীষ্টীয়ান সম্রাটের নামে কিয়ৎ পরিমিত আফিম রওয়ানা দেওয়া হইবেক এই স্থানে ইহা প্রকাশ থাকুক যে প্রতিবৎসর ৩০০ সিন্দুকের অধিক আফিমের নিমিত্ত ঐরূপ প্রার্থনা করা হইবেক না প্রত্যেক সাময়িক নীলামের বিক্রয় আফিমের যে গড় মূল্য হইবেক তদনুসারে তাহার মূল্য লওয়া হইবেক না সম্রাটের এজেণ্টগণ যত আফিমের নিমিত্ত প্রার্থনা করিবেন তৎসমুদয় যদি রওয়ানার নির্দ্দিষ্ট সময় মধ্যে ফেরেঞ্চ গবর্ণমেণ্টের নিমিত্ত গ্রহণ করিতে না পারেন তাহা হইলে কথিত ৩০০ সিন্দুক হইতে সেই পরিমিত আফিম হ্রাস হইয়া গেলে এইরূপ বিবেচনা করা যাইবেক না আফিম বিক্রয়ার্থ গবর্ণমেণ্ট গেজেটে বিজ্ঞাপন প্রকাশিত হইলে তাহার ৩০ ত্রিশ দিনের মধ্যে উক্ত প্রকার আফিম পাইবার নিমিত্ত কলিকাতার গবর্ণর জেনরল বাহাদুরের নিকট আবেদন করিতে হইবেক।

বোর্ড অফ রেবিনিউয়ের আজ্ঞাক্রমে,
R. L. MANGLES, *Offg. Junior Secretary.*

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 10th day of December 1866, at the hour of 12 o'clock, noon, the Rights and Interests of the Defendent Rajah Pudonabh Deb of Killah Aul, in the said Killah of Aul, in satisfaction of certain Decrees held by Peary Deyee Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary estae, the permanent Jumma of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five (25) per cent on the amount bid, will be required to be paid in at the time of purchase, and the balance within a fortnight from the date of Sale.

W. WRIGHT,
P. S. Ameen.

CUTTACK, P. S. AMEEN'S COURT,
The 19*th November* 1866.

বিজ্ঞাপন

এলাকে কালেকুটরি জিলা ত্রিপুরা।

পং সরাইল হিং ।৶০ ও হিং ।/১২ গণ্ডার নীলামের দিন ১৮৬৬ ইং ২০ নবেম্বর ধার্য্য হইয়া ঐ সনের ২৩ অকটোবরে ১৪২১ নং গবর্ণমেণ্ট গেজেটে ছাপা হইয়াছে বাস্তবিক ঐ সকল মহালের নীলাম রহিত হইয়াছে ইতি ১৮৬৬ ইং ২ নবেম্বর।

F. G. MILLETT,
Collector.

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ সেপ্টম্বর পর্য্যন্ত বাকি মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ২২ ডিসেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৮ পৌষ তারিখে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক সন ১৮৬৬ সাল তারিখ ২৪ নবেম্বর।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়ওগয়রহ সদর জমা ... ৫৭৮০।৶৫
পুলিস ... ৬১৶৪
৫৮৪৪৷৶৯

১৬৭ নং ডিহি জুবড়া পং পাঁজনোর মালিক ঈশ্বরচন্দ্র মুস্তফীদিং সদর জমা ... ৫৭১৯॥৶২
পুলিস ... ৬২৸০
৫৭৮২।৶২

২১৬ নং ডিহি গোবরা পং পলাসি সেবারাম সাঞ্জিদিং সদর জমা ... ১০৭৫॥৭
পুলিস ... ১০।৬
১০৮৫৸৶১

৩৭১ নং ডিহি নাকাসীপাড়া পং বাগোয়ান শান্তিরাম রায়ওগয়রহ সদর জমা ... ৩৮২৯।৶০
পুলিস ... ৪১৸।৶৯
৩৮৭১৶৯

টেম্পারারি বন্দোবস্তী মহাল।

২৭৬৯ নং চর লক্ষ্মীডাঙ্গা গোড়ভাঙ্গা পং রাজপুর মালিক নবীনচন্দ্র মুখুর্য্যা সদর জমা ... ৬৩৭৶৮
সন ১৮৬৬ সাল তারিখ ২৩ নবেম্বর।

H. ULICK BROWNE,
Collector.

জিলা যশোহর।

জেলা যশরের নীলামের সংবাদ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত জেলার নি[illegible] লিখিত মহাল বর্ত্তমান সনের ২৮ সেপ্টম্বর পর্য্যন্তর বাকী জমার নিমিত্তে সন ১৮৬৬ সালের ৮ ডিসেম্বর মোতা[illegible] বেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২৪ অগ্রহায়ন রোজ শনিবার জেলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলা[illegible] ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৫ নবম্বর।

দ্বিতীয় শ্রেণীর মেয়াদি বন্দবস্ত হওয়া মহাল।

তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা ও মালেকের নাম	সদর জমা	
৫৮	চাঁদখালী মোং সুন্দরবন বন্দবস্তগৃহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাইত উমানাথ চৌধুরী মেয়াদ ইং ১২৬১ নাং ১২৭৪ সাল আবাদকারি স্বত্ত্ব।	১১৯০৸০	৪৪২৬ নং চক খড়িয়া ডেমশ[illegible] খালির কিস্তিবন্দীর লিখিত ম[illegible] ২৭৮৭৷৭ টাকা আদায় নিমি[illegible] এই মহাল কিস্তিবন্দী দস্তা উম[illegible] নাথ চৌধুরীর যে স্বত্ত্ব ও লভ[illegible] আছে তাহা নীলাম হইবেক।
৪৯২১	মোং সুন্দরবন পং মিলমাবাদ চক বাঁশবাড়িয়া বন্দবস্ত-গৃহীতা দুর্গাচরণ বন্দপাধ্যায়দিগর ইং ১২৬৫ নাং ১২৮৪ সাল ১২৭৩ সাল রসদ পুরা আবাদকারি স্বত্ত্ব।	১৫৬২৷৶০	
৪৯২২	মোং ঐ পং ঐ চক গাজিরঘাট বন্দবস্তগৃহীতা রাম-কানাই গুরুদিগর ১২৬৫ সালহইতে ৯৯ বৎসর আ-বাদকারি স্বত্ত্ব।	৮৯৬৸৶৩	

J. MONRO,
Offg. Collector.

BURDWAN MUNICIPALITY.

BYE-LAWS UNDER ACT III. (B. C.) OF 1864.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. EACH quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say:—

The instalment payable on account of the quarter ending		May be levied on and after	
	31st July		1st May.
	„ Oct.		„ Aug.
	„ Jan.		„ Nov.
	30th April.		„ Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rater and taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

[*Government Gazette, 27th November* 1866.]

বর্দ্ধমান মিউনিসিপলিটী।

১৮৬৪ সালের ৩ আইন সম্পর্কীয় অতিরিক্ত নিয়ম।

যে সময়ে ও যে প্রকারে রেট ও টাকস আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের লিখিত রেট এবং টাক্স ত্রৈমাসিক কিস্তিমতে আদায় হইবে। যে তিন মাসের জন্য ঐ কিস্তির টাকা দেয় হইবেক তাহার আরম্ভেই দেনা গণ্য করা যাইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইতে পারিবেক। অর্থাৎ

৩১ জুলাই	এই২ তারিখের শেষে যে২ কিস্তি দেনা হয় তাহা।	১ মে	তারিখে কি তাহার পর কোন সময়ে আদায় করা যাইবেক।
৩১ অকুটোবর		১ আগষ্ট	
৩১ জানুআরি		১ নবেম্বর	
৩০ আপ্রেল		১ ফেব্রুআরি	

২। উক্ত আইনের ২৯ ও ৩৯ ধারার বিধানমতে যে সকল লিষ্টি প্রস্তুত হয় তাহাহইতে তহসীলকারী কর্ম্মচারী ৪৪ ধারার নির্দ্দেশমত বিল তৈয়ার করিবে। ঐ রূপ বিল প্রস্তুত হইলে কমিস্যনরদিগের অথবা তাহারদের সম্পাদক থাকিলে তাহার দস্তখৎ যুক্তে টাকস মহকুমায় অধস্থঃ কর্ম্মচারিদিগকে দেওয়া যাইবে ও তাহারা পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে বিলের লিখিত ব্যক্তিদিগের নিকট ঐ বিল উপস্থিত করিবে।

৩। প্রত্যেক তহসীলকারী কর্ম্মচারীকে আদায় করণের ক্ষমতাপত্র দেওয়া যাইবে ও সেই প্রকার ক্ষমতাপত্রে মিউনিসিপাল আফিসে মোহর ও সমাজপতির দস্তখৎ থাকিবে। আদায় কালীন কেহ উক্ত ক্ষমতাপত্র দেখিতে চাহিলে প্রত্যেক সরকার তাহা দেখাইতে বাধ্য হইবে।

৪। তহসীলকারি সরকার পাওনা টাকা লইয়া তাহার রসীদ দিবে।

৫। যখন কোন সম্পত্তির স্বামীর নাম জানিতে পারা না যায় তখন উক্ত আইনানুসারে কোন নোটিস, বিল কি অপর কোন হুকুম প্রচার করিতে হইলে যে সম্পত্তির উপর টাকস ধার্য্য করা যায় তাহার স্বামী বলিয়া উল্লেখ করিলেই তাহাকে বুঝিবার নিমিত্ত প্রচুর হইবে।

৬। উক্ত আইনের লিখিত কোন টাকস বা রেট আদায়ের বাবৎ কোন বিল স্বয়ং ঐ বিলের লিখিত ব্যক্তিকে দিতে হইবে, যদি ঐরূপ বিলের লিখিত ব্যক্তিকে স্বয়ং ঐ বিল দেওয়া যাইতে না পারে তবে তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া আসিতে হইবে এবং ঐরূপ জারী হইলেই ৪৪ ধারানুসারে জারী হওয়া গণ্য হইবে।

7. The officer to whom a bill may be issued for presentation shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

৭। দিবার জন্য বিল যে সরকারের জিম্মা করা যায় সে বিল দিবার কালীন কি বিল দিবার সময়হইতে দশ দিনের মধ্যে কোন সময়ে ঐ বিলের টাকা লইবে।

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

৮। কমিসানরেরা আইনানুসারে যে সকল তপসীল বা রিটর্ন তলব করিতে পারেন তাহা লিখিত হুকুম দ্বারা কোন লোকের নিকট চাহিলে তাহাকে সেই প্রকার তপসীল বা রিটর্ন ৮১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে হুকুম জারী হইবার তারিখহইতে সপ্তাহের মধ্যে কমিস্যনরদিগের কাছারিতে দাখিল করিতে হইবে। যে কেহ তাহা না করিবে তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে এবং সতর্ক করিয়া দিবার পর যত দিন হুকুম তামীল না করিবেক প্রতিদিন ২৲ টাকার অনধিক দণ্ড দিতে হইবে। যে কেহ মিথ্যা বা অশুদ্ধ তফসীল বা রিটর্ন দাখিল করিবেক তাহার ৫৲ টাকা দণ্ড হইবে। পরন্তু এই অতিরিক্ত নিয়মের কোন কথাতে দণ্ডবিধির আইনানুসারে কার্য্যের বাধা হইবেক না।

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners or any person duly authorized by them in making such entry and inspection shall be liable to a fine not exceeding Rupees 20.

৯। কোন গাড়ীখানা বা আস্তাবলে গাড়ী কি কোন পশ্বাদি থাকা বিবেচনা হইলে ঐ গাড়ী কি পশ্বাদির উপর ৩৫ ধারামতে টাক্স ধার্য্য করণ সূর্য্যোদয়হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে কমিস্যনরদিগকে কি তাহাদের দ্বারা উপযুক্ত লিখিত হুকুমানুসারে নিযুক্ত কোন লোককে ঐ গাড়ীখানা কি আস্তাবল দেখিবার জন্য বাটীর স্বামী কি বাসাদার কি অপর ব্যক্তি ছাড়িয়া দিবে। যে কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি তাহারদের দ্বারা উপযুক্তমতে নিযোজিত কোন লোককে ঐরূপ প্রবেশ করিতে কি দেখিতে না দিবে তাহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

১০। কমিসানরেরা অন্যরূপ আদেশ না করিলে উক্ত আইনানুসারে যে সকল ক্রোক হইবেক তাহা আদায়কারী কর্ম্মচারির দ্বারা করা যাইবেক এবং যে দ্রব্য ক্রোক করা যায় তাহা নীলাম হওন বা বাকীদারের নিকট বাকী আদায় হওন পর্য্যন্ত টাক্স আদায়কারী কর্ম্মচারীর জিম্মায় থাকিবে এবং তাহাকে উক্ত আইনের নির্দ্দিষ্ট সি চিহ্নিত ফারমে ক্রোক করা দ্রব্যের এক ফর্দ্দ দিতে হইবে।

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of distraint; and on the day of sale notice shall be given by beat of drum

১১। ক্রোক করণের অব্যবহিত কাল পরেই ক্রোককারী আমলা ক্রোকের তারিখহইতে সাত দিনের কম না হয় এরূপে নীলামের দিন ধার্য্য করিয়া নীলামের এক কেতা নোটিস বাকীদারের বাটীতে লটকাইয়া দিবে এবং নীলামের দিনে ঢোলের দ্বারা জ্ঞাত করা যাইবেক।

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall,

১২। নীলাম হইবার পরক্ষণেই ক্রেতাকে বিক্রীত বস্তুর মূল্য দিতে হইবে ও বিক্রীত বস্তু খরিদারকে বুঝাইয়া দেওয়া যাইবে। যদি খরিদার আপন ডাকের সমুদয় টাকা দিতে না পারে তবে ক্রোককারী আমলা আপন বিবেচনামত সেই দিনে বা অন্য দিনে পুনরায় ঐ দ্রব্য নীলাম করিবে, এমত স্থলে যে কিছু ক্ষতি হইবে প্রথম খরিদার কমিস্যনরদের নিকট তাহার দায়ী

in such case, be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security of such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Commissioners that any person in their employ has been guilty of any violation of duty or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Commissioners may fix or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

হইবে এবং তাহারদের পাওনা টাকার ন্যায় তাহা আদায় হইবে।

কমিস্যনরদেরকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তিরদের ব্যবহার পরিচালনের নিয়ম।

১৩। কমিস্যনরদের কর্ত্তৃক নিযুক্ত কর্ম্মচারিগণকে কর্ম্মে রাখা আবশ্যক না হইলে এক মাসের পূর্ব্বে সংবাদ দিয়া কিম্বা অগ্রিম এক মাসের বেতন দিয়া তাহারদিগকে কর্ম্মহইতে অবসর করা যাইতে পারিবে এবং কোন কর্ম্মচারী কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে এক মাস পূর্ব্বে সংবাদ না দিলে তাহার এক মাসের বেতন কর্ত্তন করা যাইবেক।

১৪। কমিস্যনরদের অধীন এক্ষণে যে সকল কর্ম্মচারী নিযুক্ত আছে কি ভবিষ্যতে নিযুক্ত হইবে তাহারা হুকুম পাইলে কমিস্যনরদের দ্বারা নিরূপিত পরিমাণে সময়ে সময়ে জামিন দাখিল করিবে ও যে কোন কর্ম্মচারী উপযুক্ত সময় বা কমিস্যনরদের কর্ত্তৃক নির্দ্দিষ্ট কাল মধ্যে জামিন দাখিল না করিবে তাহাকে কর্ম্মচ্যুত করা যাইবে।

১৫। যখন কমিস্যনরদের হৃদ্বোধমতে প্রমাণ হইবে যে তাহারদের অধীন কোন ব্যক্তি আপন কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিয়াছে বা ইচ্ছাপূর্ব্বক কোন নিয়ম কি বিধি কি কোন উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির আজ্ঞা প্রতিপালন করে নাই কি প্রতিপালন করিতে ত্রুটি করিয়াছে কি বিনানুমতিতে কর্ম্ম ত্যাগ করিয়াছে কি কর্ম্ম ত্যাগ করণের এক মাস পূর্ব্বে সংবাদ দেয় নাই কি এরূপ কর্ম্ম করিয়াছে যাহা করাতে কি এরূপ কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছে যাহা না করাতে কমিস্যনরদের ক্ষতি কি হানি হইয়াছে কি হইবার সম্ভাবনা ছিল অথবা উপযুক্ত পরিশ্রমের সহিত কার্য্য করিতে ত্রুটি করিয়াছে কি প্রধান কোন কর্ম্মচারির নিকট কোন অবাধ্যতার কার্য্য করিয়াছে কি আপন কর্ম্মসম্বন্ধে নিয়মিত বেতন ভিন্ন আপনার জন্য কি অপরের জন্য কোন প্রকার উৎকোচ গ্রহণ করিয়াছে কি গ্রহণ করিবার চেষ্টা করিয়াছে অথবা কার্য্যোপলক্ষে এমত কোন সংবাদ দিয়াছে যাহা সে মিথ্যা বলিয়া জানে কি বিশ্বাস করে কি কোন আইনানুসারে দণ্ডনীয় কোন কার্য্য করিয়াছে তাহার এক মাসের বেতনের অনধিক দণ্ড হইবে অথবা কমিস্যনরদের দ্বারা নির্দ্ধারিত কোন সময় পর্য্যন্ত কর্ম্মহইতে সস্পেণ্ড অথবা নিম্ন পদস্থ হইবে কি সরাসরীমতে কর্ম্মচ্যুত হইবে ও তাহার অপর কোন আইনানুসারে যে দণ্ড হয় তাহা হইতে পারিবে। ঐরূপে যে কোন ব্যক্তি কর্ম্মচ্যুত হয় সমাজপতির বিবেচনানুসারে তাহার এক মাসের অনধিক পাওনা বেতন ও বারবরদারী কর্ত্তন হইবে।

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being or having been in their employ, with a view to the recovery of damages for any loss or injury which they may have sustained in consequence of any act done or omitted to be done by such person.

১৬। কমিস্যনরদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তির দুশ্চরিত্র বা তাহার কর্ত্তব্য কর্ম্মের শৈথিল্য বিষয়ে কোন অভিযোগ সমাজপতি অথবা সহকারী সমাজপতি উত্থাপন করিতে ও গ্রহণ করিতে অথবা অনুসন্ধান করিতে পারিবেন।

১৭। কমিস্যনরদের অধীনস্থ কোন ব্যক্তি কোন কর্ম্ম করাতে বা করিতে ত্রুটি করাতে তাহারদের যে ক্ষতি হয় সেই ক্ষতি পূরণের জন্য কোন দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে এই অতিরিক্ত নিয়ম দ্বারা কোন বাধা হইবে না।

On matters of Conservancy.

কন্সার বেন্সী সম্বন্ধীয় নিয়ম।

18. The external roofs and walls of any hut, or any other building whatever, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats, or any other inflammable material.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৮। কোন সাধারণের রাস্তার উপর কি তাহার নিকট কোন ঘরের বাহিরের চাল কি বেড়া নির্ম্মাণ বা মেরামত করিতে হইলে তাহা উলুখড় বিচালী বা কোন রকমের পাতা চাটাই বা দরমা কি অপর কোন দহ্য পদার্থে নির্ম্মাণ বা মেরামত করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতি দিন দণ্ড ৩৲ টাকা।

19. No person shall dig or make, or cause to be dug or made, in any place, any tank, pond, well, ditch, water-course, or other excavation, without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

১৯। কমিস্যনরদের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন স্থানে কোন দীর্ঘিকা কি পুষ্করিণী কি কূপ কি নরদমা কি জলপ্রণালী কি অন্য কোন খাৎ করিতে কি করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

২০। কোন ব্যক্তি জল নিকাশের জন্য কোন গৃহাদির উপর এরূপে নালী বা অন্য দ্রব্য বসাইতে পারিবে না যদ্দ্বারা জল সরেরাস্তার উপর বা অপর কোন বাজার আদি প্রকাশ্য স্থানে পতিত হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ১৲ টাকা।

21. No person shall deposit, or cause to be deposited in or by the side of any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

২১। কোন ব্যক্তি সরকারী নর্দ্দমার ভিতর কি তাহার পার্শ্বে এমত কোন দ্রব্য রাখিতে কি রাখাইতে পারিবে না যদ্দ্বারা উহা বন্দ হয় বা বন্দ হইবার সম্ভাবনা।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

22. No person shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

২২। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন এবং তাহারা যেমত আদেশ করেন তাহার বিপরীতে সরকারী নর্দ্দমার উপর বা তাহার পার্শ্বে কোন ব্যক্তি সেতু, কি মঞ্চ কি অন্য কিছু নির্ম্মাণ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সম্বাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any canal, or convey water by any canal, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

২৩। পতিত হওয়া বৃক্ষাদির স্বামী বা সেই বৃক্ষাদি যে স্থানে থাকে তাহার দখলীকার সংবাদ পাইলে কমিস্যনরদের কর্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই পতিত হওয়া বৃক্ষাদি স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

২৪। কোন গৃহ কি ভীত্তিআদি কি তাহার কোন অংশ সরে রাস্তা বা নর্দ্দমার উপর পতিত হইলে সেই গৃহাদির স্বামী সংবাদ পাইয়া কমিস্যনরদের কর্তৃক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্থানান্তর করিবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

২৫। কমিস্যনরেরা যে প্রকারে কহেন সেই মত ভিন্ন কোন ব্যক্তি কোন প্রকাশ্য স্থানের উপর দিয়া কোন নালা করিতে কি নালা করিয়া জল লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা

২৬। মিউনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুষ্করিণীতে বা খাতে পাট, কি শণ, কি অন্য কোন উদ্ভিজ্জ ডুবাইয়া রাখিতে পারিবে না যাহাতে ঐ পুষ্করিণী বা খাতের জল নষ্ট হইয়া নিকটবর্ত্তি লোকের অস্বাস্থ্যকর হইতে পারে।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা, সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

২৭। কমিস্যনরদিগের লিখিত অনুমতি ভিন্ন কোন ব্যক্তি কোন নালা বা জল প্রণালী বন্দ করিতে পারিবে না। কমিস্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্য উক্ত প্রতিবন্ধক উঠাইয়া দিতে পারিবেন।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা. সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে দিনপ্রতি দণ্ড ৪৲ টাকা।

২৮। কোন নালা বা জলস্রবের তীরস্থ কোন অংশ যাহার দখলে থাকে সে তাহাতে ময়লা কি গাঢ় জঙ্গল কি অপর কোন জঞ্জাল থাকিতে না দিয়া পরিস্কার রাখিবে এবং সাধারণের স্বাস্থ্যের জন্য কমিস্যনরদিগকে কি তাহারদের কর্তৃক উপযুক্তরূপে নিযুক্ত কোন কর্ম্মচারিকে সকল সময়ে উক্ত নালা বা জলস্রবে যাইতে দিবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে. প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

২৯। কোন ব্যক্তি শূকর ছাড়িয়া দিতে কি খোয়াড়ে বন্দ করিয়া রাখাভিন্ন অন্য প্রকারে রাখিতে পাইবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

[*Government Gazette, 27th November* 1866.]

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier or farmer, shall, without any delay, cause any meat, fish or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways or other thoroughfares in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way, or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. Every owner, occupier, or farmer of any bazar, shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

33. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

34. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tattee, privy, or urinal, within 4 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

35. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; and any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

36. No person shall carry night-soil through the streets, except between the hours of day-break and 8 A. M., in the six summer months, and

৩০। কোন বাজার বা দোকানের স্বামী দখলিকার কি ইজারদার ঐ বাজার কি দোকান অপরিষ্কার রাখিতে পারিবে না এবং ঐরূপ প্রত্যেক স্বামী দখলিকার কি ইজারদার গলিত বা অনাহার্য্য মাংস বা মৎস্য কি উদ্ভিজ্জ কমিস্যনরেরা যে স্থানে কহিবেন তথায় অবিলম্বে স্থানান্তর করিবে এবং সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কোন সময়ে ঐরূপ কোন দোকানের কি বাজারের স্বামী প্রভৃতি কমিস্যনরদের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তিকে দেখিবার জন্য ঐ সকল স্থানে প্রবেশ ও তদারক করিতে বাধা দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩১। কোন ব্যক্তি বিক্রয় দ্রব্য সাজাইয়া রাখিয়া বা জমা করিয়া কোন গলী কি রাস্তা কি সুড়িপথ অথবা বাজারের অন্য গমনাগমনের স্থান বন্দ করিতে পারিবে না:

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৩২। কমিস্যনরদিগের বিবেচনায় বাজারের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যের জন্য মলমূত্রাদি পরিত্যাগের স্থান যেমত আবশ্যক বোধ হয় সংবাদ পাইবার পর ১৪ দিনের মধ্যে প্রত্যেক বাজারের মালীক প্রভৃতি প্রস্তুত করিয়া দিবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৫৲ টাকা।

৩৩। কমিসানরদের কর্ত্তৃক নির্দ্দিষ্ট স্থানভিন্ন কোন ব্যক্তি আপন বাটীর বাহিরে মলমূত্রাদি ত্যাগ করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৩৪। কমিস্যনরদের দ্বারা নিষেধিত হইলে কোন ব্যক্তি সরেরাস্তায় ৪ ফিট মধ্যে টাটী কি পায়খানা কি প্রস্রাব করণের স্থান নির্ম্মাণ করিতে পারিবে না অথবা যাহাতে ঐ দূরত্ব রক্ষা না হয় এমত কোন ক্ষুদ্র আঙ্গিনার মধ্যে ঐরূপ টাটী আদি তৈয়ার করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ৩৲ টাকা।

৩৫। কোন ব্যক্তি কোন পায়খানার দ্বার সরেরাস্তার দিকে রাখিতে পারিবে না এবং যে কেহ পায়খানার দ্বার ঐরূপে রাখে কমিস্যনরদের নিকট সংবাদ পাইবামাত্র তাহাকে ঐ দ্বার পরিবর্ত্তন করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতিদিন দণ্ড ২৲ টাকা।

৩৬। গ্রীষ্ম ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৮ ঘন্টা পর্য্যন্ত ও শীত ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৯ ঘন্টার মধ্যে ভিন্ন অপর কোন সময়ে কেহ সরে রাস্তা

between the hours of day-break and 9 A. M., in the six winter months, or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

37. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

38. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

39. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of day-break and 6 A. M. in the six winter months and between the hours of day-break and 7 A. M., in the six winter months.

Penalty for infringement, Rupees 10.

40. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

41. All dirt, dust, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

42. No person shall put on any wall, or any roof of a house, or any bank, or tree, or on any other place or thing facing any road or public place, any preparation of dung to be used as fuel or for any other purpose.

Penalty for infringement, Rupees 5.

43. Every person, within whose premises any animal may die, shall, within 4 hours after its death, or if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conser-

দিয়া উত্তমরূপ আবরিত আধার ভিন্ন অন্য কিছুর দ্বারা ময়লা লইয়া যাইতে পারিবে না অথবা ময়লা ফেলিবার জন্য কমিস্যনরেরা যে স্থান মনোনীত করেন তদ্ভিন্ন অন্য কোন স্থানে ময়লা ফেলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩৭। কোন ব্যক্তি কোন কারখানা কি কার্য্যালয় কি আস্তাবল কি পায়খানা হইতে কোন দুর্গন্ধময় দ্রব্য কোন নদী নালা খাল পুষ্করিণী কি নর্দ্দমায় পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা সংবাদ পাইলে পর ক্রমাগত লঙ্ঘন করিতে থাকিলে প্রতি দিন দণ্ড ৫৲ টাকা।

৩৮। যাহাতে কাহারো বিরক্ত [illegible] কি সাধারণের স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর হয় এমত কোন স্থানে বা এমত কোন প্রকারে কোন ব্যক্তি ১২ ঘণ্টার অধিক কাল ময়লা বা হাড় বা মৃত দেহ, বা রাবীশ বা অন্য কোন অস্বাস্থ্যকর দ্রব্য রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৩৯। যে সকল ময়লা কি আবর্জ্জনা কি রাবীশ কমিস্যনরেরা পরিষ্কার করিতে প্রবৃত্ত হন তৎসমুদায় যে বাটী হইতে নির্গত হয় সেই বাটীর দ্বারের নিকট রাস্তার ধারে প্রত্যহ গ্রীষ্ম ছয় মাস সূর্য্যোদয় হইতে বেলা ৬ ঘণ্টার মধ্যে ও শীত ৬ মাস সূর্য্যোদয় হইতে ৭ ঘণ্টার মধ্যে রাখিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪০। কোন কারবার কি ব্যবসায় হইতে উৎপন্ন কোন আবর্জ্জনা পরিষ্কার করণের খরচ কমিস্যনরদের নির্দ্দিষ্ট হারে না দিলে তাঁহারা পরিষ্কার করিবেন না এবং সেজন্য যে খরচা হয় তাহা কমিস্যনরদের পাওনা টাকার ন্যায় আদায় হইবে।

৪১। সরেরাস্তা বাটী কি পায়খানা আদি হইতে সংগৃহীত আবর্জ্জনা ময়লা ও রাবিশ ইত্যাদি কমিস্যনরদিগের সম্পত্তি হইবে এবং সেই সকল আবর্জ্জনাদি তাহারা যেরূপে উপযুক্ত বিবেচনা করেন সেইরূপে বিক্রয়াদি করিতে পারিবেন এবং তাহাতে যে টাকা উৎপন্ন হইবে তাহা স্থানীয় মিউনিসিপাল উন্নতিকর আইনের কার্য্যে ব্যয় হইবে।

৪২। কোন ব্যক্তি রাস্তার ধারে অথবা কোন গমনাগমনের স্থানের সম্মুখে কোন ভিত্তিতে কি ঘরের ছাদে কি কোন পুষ্করিণীর পাহাড়ে কি গাছে কি অপর কোন স্থানে পোড়াইবার জন্য কি অপর কোন প্রয়োজনের নিমিত্ত গোময়াদি দ্বারা ঘুটে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ৫৲ টাকা।

৪৩। যাহার বাটীতে কোন পশ্বাদি মরে সে ব্যক্তি উহার মৃত্যুর পর ৪ ঘণ্টার মধ্যে কি রাত্রে মরিলে সূর্য্যোদয়ের পর ২ ঘণ্টার মধ্যে কমিস্যনরেরা যে স্থান মনোনীত করেন তথায় আপন-ব্যয়ে ফেলাইয়া দিবে অথবা সেই স্থানের কন্সারভেন্সী ওবরসিয়ারকে সংবাদ দিবে এমত স্থলে উক্ত ওবরসিয়ারকে ঐ মৃত পশ্বাদি ফেলাইবার জন্য কমিস্যনরেরা যে

vancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverandle as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rupees 20.

45. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 6 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 3 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

হার নিরূপণ করেন সেই হারে খরচা দিতে হইবে। উক্ত পশ্বাদি যদি সেই ব্যক্তির না হয় তবে ঐ পশ্বাদির স্বামি কে তাহা জানিতে পারিলে সে ঐ খরচার দায়ী হইবে এবং সেইরূপ খরচা কমিস্যনরদের পাওনা টাকার ন্যায় আদায় হইবে। কোন ওবরসিয়ার সংবাদ পাইলে মৃত পশ্বাদি স্থানান্তর করিতে ত্রুটি করিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন সরেরাস্তায় কি যে স্থান হইতে খুলিয়া সরেরাস্তায় যাইতে পারে এমত কোন স্থানে কোন রোগগ্রস্ত কি জীর্ণ পশুকে ছাড়িয়া দিতে কি আলগা রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৪৫। কমিস্যনরেরা সময়ে২ যে সকল স্থান নির্দিষ্ট করেন তদ্ভিন্ন অপর কোন স্থানে কেহ কোন মৃত পশ্বাদি কি তাহার কোন অংশ ফেলিতে কি ফেলাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। মনুষ্যের মৃত দেহ কোন শ্মশানে দাহ করা কি কবরস্থানে গোর দেওয়া ভিন্ন অন্য কোন প্রকারে কোন ব্যক্তি ফেলিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন শব দেহ পাকা কবরমধ্যে নিহিত করিতে হইলে মৃত্তিকার অন্যূন ৬ ফিট নীচে তাবুত বা দেহ স্থাপিত করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৮। কোন শব দেহ কাঁচা কবর মধ্যে নিহিত করিতে হইলে মৃত্তিকার অন্যূন ৬ ফিট নীচে স্থাপিত করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৪৯। কোন ব্যক্তি কোন বর্ত্তমান কবরের নিকট ৩ ফিটের মধ্যে কোন কবর নির্ম্মাণ করিতে কি খনন করিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন ব্যক্তি কোন কবরস্থানে কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট পঁক্তিভিন্ন অপর পঁক্তিতে কোন কবর নির্ম্মাণ করিতে কি খনন করিতে পরিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫১। কমিস্যনরদিগের অনুমতি ব্যতীত কোন পুর্ব্বের ব্যবহৃত কবর অপর মৃতের কবরের কারণ খনন করা যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 7 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

[*Government Gazette, 27th November* 1866.]

৫২। যে কেহ কোন মৃতদেহ কি তাহার কোন অংশ দাহ করিবার জন্য কোন শ্মশানে লইয়া যান তাহাকে উক্ত স্থানে পঁহুছিবার পর ৭ ঘণ্টার মধ্যে দাহ করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শ্মশানে কোন মৃতদেহ দাহ করিতে কি করাইতে গিয়া তাহা সম্পূর্ণ ভস্মশেষ না হইতে রাখিয়া আসিতে কি মৃতের বস্ত্রাদি ভস্ম না করিয়া শ্মশানে কি তাহার নিকটে পরিত্যাগ করিয়া আসিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা

৫৪। কোন শব দেহ কি তাহার কোন অংশ সুন্দররূপে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টির অগোচর না করিয়া কোন ব্যক্তি কোন সরেরাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৫৫। কোন ব্যক্তি মৃতদেহ লইয়া যাইতে২ মিউনিসিপাল সীমার কোন স্থানে সরেরাস্তার মধ্যে কি নিকটে কোন কারণে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

৫৬। প্রত্যেক শবদেহ বা দেহাংশ যাহা শরীর স্থান শিক্ষার কারণ সংচ্ছেদের জন্য রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা উত্তমরূপ আবরিত গাড়ি দ্বারা স্থানান্তর করিতে হইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৫৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণের গতিবিধির স্থানে পশ্বাদি বান্ধিতে কি শকটাদি একত্র করিতে কি তাম্বু খাটাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনে দণ্ড ১০৲ টাকা।

বিবিধবিধি।

৫৮। কমিস্যনরেরা কোন বড় রাস্তার নিকট কোন বাটীর কি এমারতের কি ভিত্তির প্রকাশ্য স্থানে ঐ রাস্তা যে নামে খ্যাত ঐ নাম লেখাইতে কি লটকাইতে পারিবেন। যে কেহ তাহা নষ্ট করিবে কি মুছিয়া ফেলিবে কি নাম লিখিত তক্তা খুলিয়া ফেলিবে তাহার ৫৲ টাকা অর্থদণ্ড হইবে।

৫৯। কমিস্যনরেরা কোন বাটীর বাহিরে প্রকাশ্য স্থানে বা সরেরাস্তার সম্মুখে কোন ঘেরা বাটীর দ্বারে নম্বর দিতে পারিবেন। যে কেহ ঐ নম্বর লিখিত তক্তা খুলিয়া ফেলিবে কি নষ্ট করিবে কি নম্বর মুছিয়া দিবে তাহার ৫৲ টাকা দণ্ড হইবে।

৬০। কমিস্যনরেরা উক্ত আইন কি উপবিধি অনুসারে লাইসেন্স দিবার কারণ ফীচ আদায় করিতে পারিবেন। এবং ঐরূপে যে ফীচ আদায় করা যায় তাহা গবর্ণমেণ্টের সম্মতিক্রমে কমিস্যনরেরা সময়ে২ নির্দ্ধারণ ও পরিবর্ত্তন করিবেন।

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

A. J. R. BAINBRIDGE,
Chairman, Burdwan Municipality.

৬১। যে কোন ব্যক্তির উক্ত আইন কি উপবিধি অনুসারে লাইসেন্স লওয়া আবশ্যক সে কোন্ কমিস্যনর কি তাঁহারদের লিখিত ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি ঐ লাইসেন্স দেখিতে চাহিলে তাহা দেখাইবে।

বিধি লঙ্ঘনে দণ্ড ২০৲ টাকা।

৬২। উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারার বিধানমতে যে সকল গাড়ী আদি রেজিষ্টরী করা হয় সেই সকল গাড়ী আদির মালিক উক্ত গাড়ী আদির প্রকাশ্য স্থানে রেজিষ্টরীর নম্বর বসাইয়া লইবে।

বিধি লংঘনে দণ্ড ৫৲ টাকা।

এ জে আর বেনব্রিজ,
চ্যারম্যান।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

ভূমি সম্পত্তি এবং নীলকুঠী বিক্রয়ের বিজ্ঞাপন।

কুঠী মোল্লাহাটী কানশরনের অন্তর্গত কুঠী রুদ্রপুর ডিবিজন আগামি ৩ ডিসেম্বর সোমবার ও তৎপর পর দিবসে প্রকাশ্য নীলামে কুঠী মোল্লাহাটী মোকাম বিক্রয় হইবেক।

উক্ত ডিবিজনের সামিল ডিহি উলাসীর ২৯ মৌজা, ও ডিহি গোপআঁচড়ার ২৬ মৌজা, ডিহি বাগআঁচড়ার ১৮ মৌজা, ডিহি সামটা পিপড়াগাছির ১৭ মৌজা, ডিহি চালতাবাড়িয়ার ৩ মৌজা, তরফ বেনাপোলের ২ মৌজা, ও দোয়েমকানন বন্দবস্তি ২ মৌজা, এব ৯ নয়টা নীল কুঠী ও অন্তর্গত পাট্টাই জমা ও জোত ও খরিদাবিত্তি ও জলকর ইত্যাদি বিক্রয় হইবেক।

প্রতিদিন দিবা দুই প্রহরের সময় নীলাম আরম্ভ হইবেক বিক্রয়ের নিয়ম এবং অপরাপর বৃত্তান্ত নিম্নের লিখিত স্বাক্ষরকারির নিকট পাওয়া যাইবেক।

স্বাক্ষর,
শ্রী মেঃ আরটি হিল সাহেব,
কুঠী মোল্লাহাটী,
বনগ্রামের ডাক ঠিকানা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৬। ২৭ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

[Native Passenger ship to sail only from ports appointed by Local Government.]

CLVII. No Native Passenger ship shall depart or proceed upon any voyage to which this Chapter extends from any port or place within British India other than such ports and places as the Local Government may from time to time appoint; and after any Native Passenger ship has departed or proceeded upon any such voyage from a port or place so to be appointed, no person whatsoever shall be received on board as a passenger, except at some other duly appointed port or place.

[Not to sail without obtaining a certificate.]

CLVIII. No Native Passenger ship shall depart or proceed upon any such voyage from any port or place appointed under this Chapter until the master shall have obtained a certificate from an Officer authorized to grant the same.

[Penalty for breach of provisions in Sections 157, 158.]

CLIX. If any Native Passenger ship departs or proceeds upon a voyage from any port or place within British India, or if any person is received as a passenger on board a Native Passenger ship in contravention of the provisions of the last two preceding Sections, the owner or master shall be liable to a penalty not exceeding one hundred Rupees for every passenger conveyed on a ship unlawfully departing or proceeding on such voyage, or for every passenger unlawfully received on board; and the ship, if found within two years in any place within British India, may be seized and detained by any Chief Officer of Customs until the penalties incurred under this Chapter have been adjudicated, and the payment thereof, with all costs, have been enforced under the provisions of Section 201.

[Appointment of Officers.]

CLX. The Local Government shall appoint such persons as it may deem proper to exercise and perform the powers and duties conferred and imposed by this Chapter.

[Master to give notice of day of sailing, &c.]

CLXI. The master of any Native passenger ship sailing from any port or place appointed under Section 157 shall give notice to the proper Officer that the ship is to carry Native passengers, and of her destination, and of the proposed day of sailing. Such notice shall be given not less than three days before the proposed day of sailing.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬১। ৪ ডিসেম্বর।]

[গবর্ণমেণ্টের নিরূপিত বন্দরভিন্ন এদেশীয় চড়নদারের জাহাজের অন্য বন্দরহইতে না যাইবার কথা।]

১৫৭ ধারা। এই অধ্যায় যেং স্থানে গমন বিষয়ে বর্ত্তে এদেশীয় চড়নদারবাহক কোন জাহাজ সেই স্থানে গমনার্থে সময়েং স্থানীয় গবর্ণমেণ্টের নিরূপিত বন্দর ও স্থানভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি অন্য কোন বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে না। আর এদেশীয় চড়নদারের কোন জাহাজ নিরূপিত কোন বন্দর কি স্থানহইতে প্রস্থান করিলে কি গেলে পর উপযুক্তমতে নিরূপিত অন্য কোন স্থানে কি বন্দরে না হইলে, কোন ব্যক্তিকে চড়নদার বলিয়া ঐ জাহাজে লওয়া যাইবে না ইতি।

[সংশিতপত্র না পাইলে জাহাজ না খুলিবার কথা।]

১৫৮ ধারা। যে কার্য্যকারক সাহেব সংশিতপত্র দিবার ক্ষমতাপন্ন হন তাঁহার স্থানে এদেশীয় চড়নদারের জাহাজের কাপ্তান যে পর্য্যন্ত সংশিতপত্র না পান সেই পর্য্যন্ত ঐ জাহাজ এই অধ্যায়মতে নিরূপিত কোন বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে না কি দেশান্তরে যাইবে না ইতি।

[১৫৭, ১৫৮ ধারার বিধি লংঘনের দণ্ডের কথা।]

১৫৯ ধারা। যদি এদেশীয় চড়নদারের কোন জাহাজ ইহার পূর্ব্বের দুই ধারার বিধান না মানিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি কোন বন্দর কি স্থানহইতে প্রস্থান করে কি দেশান্তরে যায় কিম্বা যদি কোন ব্যক্তিকে এদেশীয় চড়নদারের জাহাজে চড়নদারমতে লওয়া যায়, তবে সেইরূপে অবৈধমতে যে জাহাজ প্রস্থান করে কি যায় তাহাতে যত চড়নদারকে লইয়া যায় কিম্বা যত চড়নদারকে অবৈধমতে জাহাজে লওয়া যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে, জাহাজের স্বামির কি কাপ্তানের এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। আর যদি সেই জাহাজ দুই বৎসরের মধ্যে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে পাওয়া যায়, তবে এই আইনমতে যে দণ্ড হইতে পারে তাহার যে পর্য্যন্ত আজ্ঞা না হয় ও যে পর্য্যন্ত সেই টাকা খরচা সমেত ২০১ ধারামতে আদায় না হয় সেই পর্য্যন্ত কষ্টমের কোন প্রধান কর্ম্মকারক সাহেব ঐ জাহাজ ধৃত করিয়া আটকাইয়া রাখিতে পারিবেন ইতি।

[কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার কথা।]

১৬০ ধারা। এই আইনেতে যে সকল ক্ষমতা দেওয়া যায় ও যে কার্য্যের আজ্ঞা হয় স্থানীয় গবর্ণমেণ্ট সেই ক্ষমতামতে কর্ম্ম করিতে ও সেই কার্য্য করিতে যাঁহারদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে নিযুক্ত করিবেন ইতি।

[কাপ্তানের প্রস্থান করিবার দিনের সম্বাদ দিবার কথা।]

১৬১ ধারা। এদেশীয় চড়নদারের কোন জাহাজ যখন ১৫৭ ধারার নিরূপিত বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে তখন সেই জাহাজের কাপ্তান উপযুক্ত কার্য্যকারক সাহেবকে এই সম্বাদ দিবেন, যে সেই জাহাজ এদেশীয় চড়নদারদিগকে লইয়া অমুক স্থানে যাইবে ও অমুক দিনে খুলিবার মানস আছে। যে দিনে খুলিবার অভিপ্রায় হয় তাহার অন্যূন তিন দিন পূর্ব্বে ঐ সম্বাদ দিতে হইবে ইতি।

[Power to enter and inspect ship.]

CLXII. After receiving such notice, the Officer aforesaid, or any person authorized by him, shall be at liberty at all times to enter and inspect the ship and the fittings, provisions and stores therein. Any person impeding or refusing to allow such inspection shall be liable, on conviction, to a penalty not exceeding five hundred Rupees for each offence.

[Ship may be surveyed.]

CLXIII. The Officer aforesaid may, if he think fit, cause the ship to be surveyed at the expense of the master by a competent surveyor, who shall report whether the ship is, in his opinion, sea-worthy and fit for her intended voyage.

[Officer to be satisfied before giving certificate.]

CLXIV. The Officer aforesaid shall not give his certificate, unless he shall be satisfied—

[That the ship is sea-worthy.]

(1)—That the ship is sea-worthy and properly manned, equipped, fitted and ventilated; and has not on board any cargo likely, from its quality, quantity, or mode of stowage, to prejudice the health or safety of the passengers:

[That the space between-decks for passengers is sufficient.]

(2)—That the space appropriated to the passengers in the between-decks contains at the least nine superficial and fifty-four cubical feet of space for every adult passenger on board, that is to say, for every passenger above twelve years of age, and for every two passengers between the ages of one year and twelve years:

[That the space on the upper-deck is sufficient.]

(3)—That a space of four superficial feet per adult is left clear on the upper-deck for the use of the passengers:

[That there is a due supply of provisions.]

(4)—That provisions, fuel and water have been placed on board, of good quality, properly packed, and sufficient to supply the passengers on board during the declared duration of the intended voyage, according to the scale hereinafter contained.

[Number of passengers.]

CLXV. No such ship shall carry any greater number of passengers than, together with the master and crew, shall amount to the proportion of two persons for every three tons of the registered or estimated tonnage of the ship.

[*Government Gazette*, 4th *December* 1866.]

[জাহাজে গিয়া অনুসন্ধান করিবার ক্ষমতার কথা।]

১৬২ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক সাহেব কিম্বা তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সেই প্রকারের সম্বাদ পাইলে পর কোন সময়ে জাহাজে গিয়া ঐ জাহাজ ও তাহার দ্রব্যসামগ্রীও খাদ্য দ্রব্যপ্রভৃতি দেখিতে পারিবেন। যদি কেহ তদ্রূপে দেখিবার বাধা দেয় কি অনুমতি দিতে স্বীকার না করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে তাহার সেই প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজের অবস্থানুসন্ধান করিবার কথা।]

১৬৩ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক সাহেব যদি উচিত বোধ করেন, তবে উপযুক্ত সরবেয়রকে লইয়া কাপ্তানের ব্যয়ে জাহাজের অবস্থানুসন্ধান করাইতে পারিবেন। ঐ সরবেয়রের বিবেচনায় জাহাজ সমুদ্রে যাইবার ও লক্ষিত স্থানে যাতায়াতের যোগ্য কি না, তিনি এই কথার রিপোর্ট করিবেন ইতি।

[এই২ কথা হৃদ্বোধমতে না জানিলে কার্য্যকারকের সংশিতপত্র না দিবার কথা।]

১৬৪ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক সাহেব এই২ কথা হৃদ্বোধমতে না জানিলে সংশিতপত্র দিবেন না।

[জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত।]

১। জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও তাহাতে উচিতমত লোক ও সামগ্রী ও সরঞ্জাম আছে ও তাহাতে বাতাস খেলে। আর যে মাল জাহাজে বোঝাই থাকে তাহার ভার কিম্বা যত মাল আছে ও তাহা যে প্রকারে সাজাইয়া রাখা যায়, তাহা বুঝিয়া তাহাতে চড়নদারদের স্বাস্থ্যের কি নিরাপদের বিঘ্ন হইবার সম্ভাবনা নাই এই কথা।

[দুই তালার মধ্যে চড়নদারেরদের থাকিবার উপযুক্ত স্থানের কথা।]

২। দুই ভুতকের মধ্যে চড়নদারেরদের থাকিবার যে স্থান নিরূপণ আছে তাহাতে বয়ঃপ্রাপ্ত অর্থাৎ বারো বৎসরের ঊর্দ্ধ বয়সের এক২ জন চড়নদারের নিমিত্তে ও এক বৎসরাবধি বারো বৎসর পর্য্যন্ত বয়সের দুই২ জন চড়নদারের নিমিত্তে অতি ন্যূন কালিতে নয় ফুট ও চৌয়ান্ন ঘনফুট স্থান থাকে এই কথা।

[উপরের ভুতকে উপযুক্ত স্থান থাকিবার কথা।]

৩। চড়নদারেরদের জন্যে উপরের ভুতকে বয়ঃপ্রাপ্ত এক এক জনের নিমিত্তে কালিতে চারি ফুট স্থান থাকে এই কথা।

[আহারীয় দ্রব্যের মত উচিত তত থাকিবার কথা।]

৪। নীচের লিখিত তালিকামতে চড়নদারদিগের জন্যে উত্তম প্রকারের ও উত্তমরূপে বস্তাপ্রভৃতি বাঁধা, ও লক্ষিত স্থানে যাইতে যত কাল অনুভব তত কালের উপযুক্ত আহারের দ্রব্য ও কাষ্ঠ ও জল জাহাজে দেওয়া গিয়াছে এই কথা ইতি।

[যত জন যাইবে, তাহার কথা।]

১৬৫ ধারা। জাহাজ রেজিষ্টরিমতে কি অনুমানে যত টন বোঝাই ধরে তাহার তিন টন প্রতি দুই জনের হিসাবে যত জন হয়, কাপ্তান ও খালাসী সমেত তাহার অধিক জন চড়নদার তদ্রূপ কোন জাহাজে যাইবে না ইতি।

[List of passengers.]

CLXVI. The master of any such ship, before departing or proceeding on any such voyage from any port or place within British India shall sign two lists, specifying (as accurately as may be) the names of all the passengers, and stating the number of the crew; and shall deliver them to the Officer aforesaid, who shall thereupon (after having first mustered the passengers and compared the number and names of such passengers with the lists) countersign and return to the master one of such lists. The master shall note in writing on such last-mentioned list, and on any additional list to be made under Section 167, the date and supposed cause of death of any passenger who may die on the voyage, and shall forthwith, on the arrival of the ship at her destination or at any port in the said territories at which it may be proposed to land passengers, and before any passengers are landed, produce the list, with any additions thereto made, to any person lawfully exercising consular authority on behalf of Her Majesty at the port of arrival if it be a foreign port, or to the Chief Officer of Customs, or the Officer (if any) appointed under this Chapter at any port or place within British India at which it shall be intended to land the passengers or any of them. In case of non-compliance with any of the requirements of this Section on the part of the master, or if any false entry be wilfully made in any such list, the master shall be liable to a penalty not exceeding five hundred Rupees for each offence.

[Ship taking additional passengers and touching at intermediate port.]

CLXVII. If, after the ship shall have departed or proceeded on any such voyage, any additional passengers are taken on board at a port or place within British India appointed under this Chapter for the embarkation of passengers, or if such ship shall, upon her voyage, touch or arrive at any such port, having previously received on board additional passengers at any place out of British India, the master shall obtain a fresh certificate from the Officer at such port, and lists of all such additional passengers shall be made; and all the provisions hereinbefore contained in that behalf shall be applicable to any certificate to be granted, or any list to be made under this Section.

[Penalty for fraudulent alteration in ship after certificate obtained. XXI of 1858, Section 13.]

CLXVIII. If any master of a ship, after having obtained certificate under Section 158 or Section 167, shall fraudulently do or suffer to be done any act or thing whereby such certificate shall become inapplicable to the altered state

[চড়নদারেরদের নামাদির ফর্দ্দের কথা ।]

১৬৬ ধারা । তদ্রূপ কোন জাহাজের কাপ্তান ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবার কিম্বা দেশান্তরে যাইবার অগ্রে দুই ফর্দ্দেতে স্বাক্ষর করিবেন। সেই ফর্দ্দেতে সকল চড়নদারের নাম ও জাহাজের খালাসীপ্রভৃতি যত লোক থাকে তাহা সাধ্যমতে ঠিক লেখা থাকিবে। ও সেই ফর্দ্দ পূর্ব্বোক্ত কার্য্যকারক সাহেবকে দিবেন। তিনি তাহা পাইলে সকল চড়নদারকে একত্র ডাকিয়া তাহাদের সংখ্যা ও নাম ঐ ফর্দ্দের সঙ্গে মিলাইয়া এক ফর্দ্দেতে স্বাক্ষর করিয়া তাহা কাপ্তানকে ফিরিয়া দিবেন। পথে যাইতেং যদি কোন চড়নদার মরে তবে যে তারিখে ও অনুমান যে কারণে মরিয়াছে তাহা ঐ কাপ্তান শেষোক্ত ফর্দ্দেতে ও ১৬৭ ধারামতে অন্য যে কোন ফর্দ্দ করিতে হইবে তাহাতে লিখিয়া রাখিবেন। আর জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে, কিম্বা উক্ত দেশের যে কোন বন্দরে চড়নদারদিগকে নামাইয়া দিবার প্রস্তাব হয় সেই বন্দরে পঁহুছিলে, ও কোন চড়নদারের নামিবার অগ্রে, বিদেশীয় কোন বন্দরে পঁহুছিলে কাপ্তান শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে আইনসিদ্ধরূপে কন্সলের ক্ষমতামতে কার্য্যকারি কোন সাহেবকে, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি যে কোন বন্দরে কি স্থানে চড়নদারদিগকে কি তাহারদের মধ্যে কোন কাহাকে নামাইয়া দিবার কল্প হয় সেই বন্দরে কি স্থানে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবকে, কিম্বা এই আইনক্রমে নিযুক্ত কার্য্যকারক থাকিলে তাঁহাকে ঐ ফর্দ্দ ও তাহাতে অধিক যাহা কিছু লিখিয়াছেন তাহা দেখাইবেন। যদি কাপ্তান এই ধারার কোন আদেশমতে কর্ম্ম না করেন, কিম্বা যদি তদ্রূপ ফর্দ্দে ইচ্ছাপূর্ব্বক কোন অসত্য কথা লেখা যায়, তবে সেই কাপ্তানের ঐ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজে অধিক চড়নদার লইলে ও মধ্য কোন বন্দরে থামিলে তাহার কথা।]

১৬৭ ধারা। জাহাজ লক্ষিত স্থানে যাইবার নিমিত্তে যাত্রা করিলে পর, যদি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে এই আইনমতে চড়নদারদিগের জাহাজে উঠিবার নিরূপিত বন্দরে কি স্থানে অন্য কোন চড়নদারকে লওয়া যায়, কিম্বা উক্ত দেশের বহির্ভূত কোন স্থানে অধিক চড়নদারদিগকে লইয়া যদি সেই জাহাজ লক্ষিত স্থানে যাইবার সময়ে তদ্রূপ কোন বন্দরে থামে কি পঁহুছে, তবে জাহাজের কাপ্তান সেই বন্দরের কার্য্যকারক সাহেবের স্থানে নূতন এক সংশিতপত্র লইবেন, ও সেই নূতন সকল চড়নদারের নামাদির ফর্দ্দও করা যাইবে, আর এই আইনের পূর্ব্বভাগে সেই কর্ম্মের যে সকল বিধান করা গিয়াছে তাহা, এই ধারামতে যে কোন সংশিতপত্র দেওয়া যাইবে কি যে কোন ফর্দ্দ করা যাইবে তাহার উপর খাটিবে ইতি।

[সংশিতপত্র পাইলে পর ফাকী দিয়া জাহাজের পরিবর্ত্তন করিবার দণ্ডের কথা। ১৮৫৮ সা. ২১ আ. ১৩ ধা.।]

১৬৮ ধারা। জাহাজের কোন কাপ্তান ১৫৮ কি ১৬৭ ধারামতে সংশিতপত্র পাইলে পর, যদি ফাঁকী দিয়া কোন কর্ম্ম করেন কি করিতে দেন ও তাহাতে ঐ সংশিতপত্র জাহাজের পরিবর্ত্তিত অবস্থার কি তাহার চড়নদারেরদের উপর, কি অন্য যে বিষয়ের সঙ্গে

of the ship, its passengers, or other matters to which such certificate relates, he shall be liable to a penalty not exceeding two thousand Rupees.

[Information to be transmitted to ports of embarkation.]

CLXIX. The Chief Officer of Customs, or the Officer (if any) appointed under this Act, at any port or place within British India at which the ship shall touch or arrive, shall, with advertence to the requirements of this Chapter, transmit any particulars which he may deem important respecting the ship and the passengers conveyed therein, to the Officer at the port from which the ship commenced her voyage, and also to the Officer at any other port in British India where the passengers or any of them embarked.

[Report of Consul, &c., to be admissable in evidence.]

CLXX. In any proceeding for the adjudication of any penalty incurred under this Chapter, any document purporting to be a report of such particulars as are referred to in the last preceding Section, or a copy of the proceedings of any Court of Justice duly authenticated, and also any like document purporting to be made and signed by any person lawfully exercising consular authority on behalf of Her Majesty in any foreign port, shall be received in evidence, if the same appears to have been officially transmitted to any Officer at or near the place where the proceeding under this Chapter is had.

[Length of voyage to be fixed by proclamation.]

CLXXI. It shall be lawful for the Local Government, by any proclamation to be from time to time issued for that purpose and published in the *Gazette* or in one of the public newspapers to declare what shall be deemed, for the purposes of this Chapter, the duration of the voyage of any Native Passenger ship from any port or place to any other port or place.

[Quantity of provisions and water to be shipped.]

CLXXII. Every Native Passenger ship, at the time of departure from the port or place at which passengers shall be embarked under this Chapter, shall have on board good and wholesome provisions for the use and consumption of the passengers, over and above the victualling of the crew, to the amount, or in the proportion following, that is to say, a supply of water to the amount of five gallons to every week of the computed voyage for every passenger on board, such water being carried in tanks or sweet casks; and a supply of rice, flour, oatmeal, or

সম্পর্ক রাখে সেই বিষয়ের উপর খাটিতে না পারে, তবে সেই কাপ্তানের দুই সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চড়নদারেরা যে বন্দরে জাহাজে উঠে সেই বন্দরে সম্বাদ পাঠাইবার কথা।]

১৬৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি যে কোন বন্দরে কি স্থানে জাহাজ থামে কি পঁহুছে সেই বন্দরের কষ্টমের প্রধান কর্ম্মকারক সাহেব, কিম্বা এই আইনমতে কোন কার্য্যকারক নিযুক্ত থাকিলে তিনি, এই অধ্যায়ের আদেশ লক্ষ করিয়া, জাহাজ যে বন্দরহইতে প্রথমে খুলিয়াছিল সেই বন্দরের কার্য্যকারক সাহেবের নিকটে, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি অন্য যে কোন বন্দরে চড়নদারেরা কি তাহাদের কোন লোক জাহাজে উঠিয়াছিল সেই বন্দরের কর্ম্মকারকের নিকটে জাহাজের ও চড়নদারেরদের যে কোন কথা গুরুতর জ্ঞান করেন তাহা অগোণে জানাইবেন ইতি।

[কন্‌সল্‌প্রভৃতির রিপোর্ট প্রমাণে গ্রাহ্য হইবার কথা।]

১৭০ ধারা। এই অধ্যায়মতে যে কোন অর্থদণ্ড হইতে পারে তাহার আজ্ঞা করণার্থ কোন মোকদ্দমাতে পূর্ব্বধারার উল্লিখিত কোন বৃত্তান্তের রিপোর্ট স্বরূপ কোন লেখ্য কিম্বা কোন আদালতের কাগজপত্রের উপযুক্তমতে স্বাক্ষরিত প্রতিলিপি ও ভিন্ন দেশীয় কোন বন্দরে শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে কন্সলের ক্ষমতামতে আইনসিদ্ধরূপে কার্য্যকারি কোন ব্যক্তির কৃত ও স্বাক্ষরিত লেখ্য বলিয়া তদ্রূপের কোন লেখ্য এই অধ্যায়মতের মোকদ্দমাঘটিত কার্য্য যে স্থানে হয় সেই স্থানের কি তাহার নিকট স্থানের কোন কার্য্যকারক সাহেবের নিকটে রাজকীয় পত্রস্বরূপে রীতিক্রমে পাঠান গিয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে সেই লেখ্য প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[কোন স্থানে যাইতে যত দিন লাগিবে তাহা নির্ণয় করিবার ঘোষণাপত্রের কথা।]

১৭১ ধারা। এই অধ্যায়ের অভিপ্রায়ার্থে এদেশীয় চড়নদারের জাহাজের কোন এক বন্দর কি স্থানহইতে অন্য বন্দরে কি স্থানে যাইতে যত কাল উচিত বোধ হয় স্থানীয় গবর্ণমেণ্ট তাহা প্রকাশ করিবার ঘোষণাপত্র সময়ে২ প্রচার করিয়া গবর্ণমেণ্ট গেজেটে কিম্বা সাধারণ কোন এক সম্বাদপত্রে প্রকাশ করিবেন ইতি।

[জাহাজে যত আহারের দ্রব্য ও জল লইতে হইবে তাহার কথা।]

১৭২ ধারা। এই অধ্যায়মতে চড়নদারেরা যে বন্দরে কি স্থানে জাহাজে উঠে, তথাহইতে প্রস্থান করিবার সময়ে, ঐ জাহাজে খালাসীরদের আহারের দ্রব্য ছাড়া, চড়নদারের আহারের ও ব্যবহারের জন্যের নীচের লিখিত পরিমাণে কি হিসাবমতে উত্তম ও স্বাস্থ্যজনক দ্রব্য থাকিবে। বিশেষতঃ লক্ষিত স্থানে যাইতে অনুমান যত কাল লাগিবে তাহার একং সপ্তাহের নিমিত্তে একং জন চড়নদারের জন্যে পাঁচ গ্যালন জল। ঐ জল জলাশয়ে কি জল যে পীপাতে মিষ্ট থাকে এমত পীপাতে লইতে হইবে। আর যাইতে অনুমান যত কাল লাগিবে তাহার প্রতি সপ্তাহের

bread-stuffs to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such passenger: Provided always that, when any such ship shall be destined to call at a port or place in the course of her voyage for the purpose of filling up her water-casks, a supply of water at the rate before mentioned for every week of an avarage voyage to such port or place of calling shall be deemed to be a compliance with this Chapter. The provision of this Section regarding food shall be deemed to have been complied with in any case where it shall appear that, by the special authority of the Local Government, any other articles of food were substituted for the articles above enumerated as being equivalent thereto.

[Contract by passengers for supply of their own provisions.]

CLXXIII. The requirements of this Chapter respecting the supply of provisions for passengers shall not, except as to the supply of water, be applicable to any passenger who may have contracted to furnish his own provisions.

[Penalty on ships bringing excessive number of passengers from Red Sea or Persian Gulf to Indian ports.]

CLXXIV. If any ship bringing passengers from any port or place in the Red Sea or Persian Gulf to any port or place in British India shall have on board a greater number of passengers or persons than in the proportion prescribed by this Chapter, the master of such ship shall, in addition to any other penalty which he may have incurred under the provisions of this Chapter, be liable, on conviction, to a penalty not exceeding fifty Rupees for each person in excess of such proportion.

[Sections 156 to 174 not to apply to ships under contract with European States, or to mail steamers.]

CLXXV. Nothing contained in Sections 156 to 174, both inclusive, shall apply to any ship under contract with the Government of any European State, or to any sea-going steam-vessel regularly employed in the conveyance of the public mails under a contract.

Chapter 2.—Of Native Passengers in the Bay of Bengal.

[Number of Native passengers to be carried in unlicensed vessels.]

CLXXVI. No vessels shall carry Native passengers from any port or place under the Presidency of Fort St. George, or from Chittagong or from any port in the Province of Orissa, to any port or place on the eastern coast of the Bay

নিমিত্তে এক২ জন চড়নদারের জন্যে সাত পৌণ্ড অর্থাৎ সাড়ে তিন সের চাউল কি ময়দা কি ওটমীল কি রুটী করিবার দ্রব্য। পরন্তু যদি ঐ জাহাজের লক্ষিত শেষ স্থানে যাইবার পথে জলের পীপা পূর্ণ করিবার জন্যে কোন বন্দরে কি স্থানে থামিবার মনস্থ থাকে, তবে সেই বন্দরে কি স্থানে যাইতে গড়ে যত কাল লাগে তত কালের প্রতি সপ্তাহের নিমিত্তে পূর্ব্বোক্ত হিসাবমতে জল লইলে, এই অধ্যায়মত কার্য্য হইয়াছে জ্ঞান হইবে। যদি কোন স্থলে দৃষ্ট হয় যে স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ অনুমতিক্রমে পূর্ব্বের লিখিত আহারের দ্রব্যের পরিবর্ত্তে সমান প্রকারের অন্য কোন দ্রব্য লওয়া গিয়াছে, তবে আহারের দ্রব্যের বিষয়ে এই ধারার বিধানমতে কার্য্য হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[চড়নদারেরদের নিজ আহারের উপায় করিবার কথা।]

১৭৩ ধারা। যদি কোন চড়নদার আপনার আহারীয় দ্রব্যের উপায় করিতে নিয়ম করে, তবে সেই চড়নদারের পক্ষে জল দিবার বিধানভিন্ন আহারের দ্রব্য বিষয়ে এই অধ্যায়ের আজ্ঞা খাটিবে না ইতি।

[সুফসমুদ্র কি পারস্যোপসাগর হইতে অতিরিক্ত চড়নদারদিগকে ভারতবর্ষের কোন বন্দরে আনিলে দণ্ডের কথা।]

১৭৪ ধারা। সুফ সমুদ্রের কি পারস্যোপসাগরের কোন বন্দর কি স্থান হইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে কোন জাহাজে চড়নদারদিগকে আনা যায়, সেই জাহাজে এই অধ্যায়ের নির্দ্দিষ্ট যত লোককে লওয়া যাইতে পারে যদি তাহাতে অধিক জন চড়নদার কি লোক থাকে, তবে এই অধ্যায়ের বিধানমতে সেই জাহাজের কাপ্তানের অন্য যে দণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন ঐ হিসাবের অতিরিক্ত যত জন জাহাজে থাকে তাহারদের জনপ্রতি পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ইউরোপের অন্তর্গত দেশের সহিত জাহাজের কি ডাকপত্রবাহক ষ্টীমরের যে চুক্তি করা যায় তৎসম্পর্কে ১৫৬ অবধি ১৭৪ পর্য্যন্ত ধারা না খাটিবার কথা।]

১৭৫ ধারা। ইউরোপের অন্তর্গত কোন দেশের কর্ত্তৃপক্ষের সহিত যে জাহাজের কোন চুক্তি হয়, কিম্বা সমুদ্রগামি যে ষ্টীমর চুক্তিক্রমে রাজকীয় পত্রাদি লইবার কার্য্যে নিয়ত নিযুক্ত থাকে সেই জাহাজের কি ষ্টীমরের প্রতি ১৫৬ অবধি ১৭৪ পর্য্যন্ত কোন ধারার কথা বর্ত্তিবে না ইতি।

২ অধ্যায়। বঙ্গোপসাগরে এদেশীয় চড়নদারদিগের কথা।

[এদেশীয় যত লোককে অনুমতিপত্র ভিন্ন কোন জাহাজে লইতে পারিবে তাহার কথা।]

১৭৬ ধারা। কোন জাহাজের অনুমতিপত্র না থাকিলে, সেই জাহাজে যত বোঝাই ধরে তাহার চারি টন প্রতি এক জনের অধিক এই২ স্থানে লইয়া যাইতে পারিবে না। অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর অধীন কোন বন্দর কি স্থানহইতে কিম্বা চট্টগ্রাম কিম্বা উড়িষ্যা

of Bengal, or in the Straits of Malacca, or in Ceylon; or from any port or place on the eastern coast of the Bay of Bengal, or in the Straits of Malacca, to any port or place under the Presidency of Fort St. George, or to Chittagong, or to any port in the Province of Orissa, in a proportion greater than one passenger to every four tons of the burden of such vessel without a license.

[Number of Native passengers to be carried in licensed vessels. First exception. Second exception.]

CLXXVII. No vessels shall be licensed to carry passengers on any such voyage as is specified in Section 176, in a proportion greater than one passenger to every ton of burden, nor unless the vessel has space on a deck or platform under hatches reserved for the accommodation of the passengers in the proportion of six superficial feet for every passenger, with not less than five feet clear between the upper-deck and the lower-deck or platform: Except a vessel proceeding in ballast from any part of the coast of the Gulf of Manaar or Palks' Strait to any port or place in Ceylon which may be licensed to carry a number of passengers not exceeding the proportion of two and a half to every ton of her burden, provided that the whole of the space usually allotted for cargo and not occupied by ballast, be kept for the accommodation of the passengers, and for storing the provisions and water for their use, and that the space left clear for the accommodation of the passengers on the deck or decks of the vessel be not less than four superficial feet for each passenger: And except a vessel carrying Native passengers between Chittagong and any port or place on the coast of Arracan which may be licensed to carry a number of passengers not exceeding the proportion of two and a half to every ton of her burden, subject to such regulations as the Government of Bengal may prescribe.

[Penalty on master of unlicensed vessel.

CLXXVIII. The master or tindal of any vessel which shall carry Native passengers on any such voyage as is specified in Section 176, without a license, in a proportion exceeding that laid down in Section 176, shall be liable to a fine not exceeding twenty Rupees for each passenger in excess of such proportion.

[Penalty on master of licensed vessel.]

CLXXIX. The master or tindal of any licensed vessel which shall carry on any such voyage a greater number of passengers than is specified in the license, or in which the accommodation therein required shall not be afforded,

দেশের কোন বন্দরহইতে বঙ্গোপসাগরের পুর্ব্বাঞ্চলের কি মলাকার মোহনার কি সিংহলদ্বীপের কোন বন্দরে কি স্থানে অথবা বঙ্গোপসাগরের পুর্ব্বাঞ্চলের কি মলাকার মোহনার নিকট কোন বন্দর কি স্থানহইতে মাস্রাজ রাজধানীর অধীন কোন বন্দরে কি স্থানে কি চট্টগ্রামে কি উড়িষ্যা প্রদেশের কোন বন্দরে ইতি।

[অনুমতিপত্রপ্রাপ্ত জাহাজে দেশীয় যত জনকে লইয়া যাইতে পারে তাহার কথা ও প্রথম ও দ্বিতীয় বর্জ্জিত কথা।]

১৭৭ ধারা। ১৭৬ ধারার নির্দ্দিষ্ট কোন স্থানে কোন জাহাজের যাইবার কি আসিবার সময়ে বোঝাই প্রত্যেক টনের প্রতি এক জনের হিসাবে লইবার অনুমতি পত্র পাওয়া যাইতে পারে, তাহার অধিক নহে। আরো সেই লোকেরদের থাকিবার জন্যে ফলকাযুক্ত তুতকে কি পরাঞ্চাতে স্থান না থাকিলে, অর্থাৎ এক জনের নিমিত্তে আড়ে দীর্ঘে ছয় ফুট স্থান না থাকিলে, ও সেই তুতক কি পরাঞ্চা অবধি উপরের তুতক পর্য্যন্ত পাঁচ ফুট না থাকিলে, চড়নদারদিগকে লইবার অনুমতি হইতে পারিবে না। কিন্তু যে জাহাজ নিলম বোঝাই লইয়া মানারের খাড়ির কি পাকের মোহনার উপকুল কোন দেশহইতে সিংহল উপদ্বীপের কোন বন্দরে কি স্থানে যাইতেছে এমত জাহাজে বোঝাইয়ের এক২ টন প্রতি আড়াই জনের হিসাবে লইবার অনুমতিপত্র পাওয়া যাইতে পারিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে বোঝাই দ্রব্য রাখিবার যে সকল স্থানে নিলম না থাকে, সেই সকল স্থান চড়নদারেরদের থাকিবার জন্যে ও তাহাদের আহারীয় দ্রব্যের ও জল রাখিবার নিমিত্তে দেওয়া যায়, ও জাহাজের তুতকে এক২ জনের নিমিত্তে আড়ে দীর্ঘে চারি ফুট স্থান শূন্য থাকে, তাহার ন্যূন নহে। আরো যে জাহাজ এদেশীয় লোকদিগকে লইয়া চট্টগ্রামের ও আরাকাণের উপকুল কোন বন্দরের কি স্থানের মধ্যে যাওয়া আসা করে, সেই জাহাজে বোঝাইয়ের এক২ টন প্রতি আড়াই জনের হিসাবে লইবার অনুমতিপত্র পাওয়া যাইতে পারিবে, কিন্তু বঙ্গদেশের গর্ণবমেণ্ট যেং বিধি করেন সেইং বিধি মানিতে হইবে ইতি।

[জাহাজ অনুমতি পত্র না পাইলে কাপ্তানের দণ্ডের কথা।]

Part XI empowers seamen or apprentices to make complaints to a Magistrate against the master or any of the crew, and is identical with Section 72 of Act I. of 1859.

Part XII contains the provisions comprised in Sections 73—78 of Act I. of 1859, for the protection of seamen from imposition.

Part XIII *of discipline*, contains with the improvements abovementioned, the provisions relating to charges against masters and mates comprised in Sections 4—10 of Act XV. of 1863, and also the enactments as to discipline contained in Sections 79, 80, 83 to 99 of Act I. of 1859.

In Part XIV are comprised the provisions contained in the three existing Acts, Nos. XXI. of 1858, XXV. of 1859, and II. of 1860, relating to passengers by sea. The provisions as to coasting

[*Government Gazette, 4th December* 1866.]

ঐ জাহাজেরও প্রতি বার্ত্তবে। ভিন্নাধিকার দেশীয় জাহাজ ভগ্ন হইলে জাহাজ যে দেশের হয় সেই দেশের কনসল সাহেব স্বামির পক্ষীয় কর্ম্মকারক জ্ঞান হইবেন শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১৮ ও ১৯ বৎসরের আইনের ৯১ অধ্যায়ের ১৯ ধারানুযায়ি এই মর্ম্মের এক ধারা এই খণ্ডে দেওয়া গিয়াছে।

পঞ্চম খণ্ড। শিপিং আফিস সংক্রান্ত। এই খণ্ড ১৮৫৯ সালের ১ আইনের ২—৮ ধারার সঙ্গে মিলে।

অধ্যক্ষ ও মালিমগণের পরীক্ষা ও সংশিত্তপত্র বিষয়ক ষষ্ঠ খণ্ড ১৮৬৩ সালের ১৫ আইনের ২ ধারা-ক্রমে সঙ্কুচিত ১৮৫৯ সালের ১ আইনের ৯ অবধি ১৬ পর্য্যন্ত ধারার সঙ্গে মিলে।

নাবিকদিগকে নিযুক্ত করণবিষয়ক সপ্তম খণ্ড ১৮৫৯ সালের ১ আইনের ১৮—৩৫ ধারা।

অষ্টম খণ্ড। নাবিকদের বেতন সংক্রান্ত, ১৮৫৯ সালের ১ আইনের ৩৬—৫৮ ধারার সঙ্গে মিলে। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরীয়ার ২৫ ও ২৬ বৎসরের আইনের ৬৩ অধ্যায়ের ১৮ ধারাক্রমে এবং ইঙ্গলণ্ডীয় সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনের মধ্যে উক্ত ধারানুযায়ি ধারার বিষয়ে ইঙ্গলণ্ডীয় আডমি-রলাটী ও অন্যান্য আদালতের যে নিষ্পত্তি হয়ইাছে তদনুক্রমে এই খণ্ড সংশোধনীয় বোধ হওয়াতে সংশোধিত হইয়াছে।

নবম খণ্ড। মৃত নাবিকদিগের বেতন ও দ্রব্য সং-ক্রান্ত। ১৮৫৯ সালের ১ আইনের ৫৯—৬৩ ধারার সঙ্গে মিলে। শেষোক্ত বিধানের পক্ষে ১৮৬৫ সালের ভারত-বর্ষীয় উত্তরাধিকারিত্বের আইনের যে ফল সম্ভাবনা, উক্ত বিধান এই আইনে প্রকটিত হওয়াতে, ঐ বিষ-য়ের অন্য প্রশ্ন উথাপিত হইবে না।

দশম খণ্ড। ১৮৫৯ সালের ১ আইনের ৬৪—৭১ ধা-রার সঙ্গে মিলে। ইহাতে নাবিকেরদের আহারীয় দ্রব্য ও স্বাস্থ্য ও থাকিবার স্থানবিষয়ক বিধান হইয়াছে। দণ্ডবিধির আইনেতে এবং ভারতবর্ষীয় উত্তরাধিকা-রিত্ববিষয়ক ১৮৬৫ সালের আইনেতে যেমন কোনং ধারার অর্থকরণ সূচক কথা প্রকাশ হইল তেমনি এই খণ্ডেও হইয়াছে। সওদাগরী জাহাজের আইনে তদনুযায়ি যে ধারা আছে সেই ধারা সম্পর্কে ইঙ্গলণ্ডস্থ আদালতের যেং নিষ্পত্তি হইয়াছে তাহাও এই খণ্ডে গৃহীত হইল।

একাদশ খণ্ডমতে নাবিকেরা কি শিক্ষার্থিরা মাজি-ষ্ট্রেট সাহেবের নিকটে অধ্যক্ষের কি কোন নাবিকের নামে অভিযোগ করিতে পারিবেন। এই খণ্ড ১৮৫৯ সালের ১ আইনের ৭২ ধারার সমান।

নাবিকদিগকে প্রতারণাহইতে রক্ষা করিবার যে বিধান ১৮৫৯ সালের ১ আইনের ৭৩—৭৮ ধারাতে ব্যক্ত হইয়াছে, দ্বাদশ খণ্ডের সেই বিধান।

শাসন বিষয়ক ত্রয়োদশ খণ্ডে উপরোক্তমতে বিধির সৌষ্ঠব হইয়াছে। তদ্ভিন্ন ১৮৬৩ সালের ১৫ আইনের ৪—১০ ধারাতে অধ্যক্ষদের ও মালিমেরদের নামে অভিযোগ করিবার এবং ১৮৫৯ সালের ১ আইনের ৭৯, ৮০ ৮৩,—৯৯ ধারাতে শাসন বিষয়ক যে বিধি হইয়াছে তাহা গৃহীত হইল।

সমুদ্রপথে যাত্রিদের সংক্রান্ত যেং বিধান ১৮৫৮ সালের ২১ আইনে ও ১৮৫৯ সালের ২৫ আইনে ও ও ১৮৬০ সালের ২ আইনে আছে তাহা চতুর্দ্দশ খণ্ডে বর্ণিত হইল। সমুদ্র কূলেং গমনকারি ষ্টীমরের যে

steamers made by Sections 20—26 of Act XXI. of 1858 are also embodied in this Part.

Part XV relates to procedure and the enforcement of penalties under the Bill, and corresponds with Sections 112 and 113 of Act I. of 1859, Sections 30, 31 and 32 of Act XXI. of 1858, and Sections 16 and 17 of Act XXV of 1859.

As it is not probable that this Bill will become law before the time when the Straits' Settlement will cease to form part of British India, all reference to that Settlement has been omitted.

SIMLA, } H. S. MAINE.
The 25th September 1866. }

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India, Home Dept. (Legislative.)

বিধি ১৮৫৮ সালের ২১ আইনের ২০—২৬ ধারাতে আছে তাহাও এই খণ্ডে গৃহীত হইল।

পঞ্চদশ খণ্ডে এই পাণ্ডুলিপিক্রমে কার্য্যপ্রণালী ও অর্থদণ্ড আদায় করণ বিষয়ক যে বিধি আছে তাহা ১৮৫৯ সালের ১ আইনের ১১২ ও ১১৩ ধারার ও ১৮৫৮ সালের ২১ আইনের ৩০, ৩১, ৩২ ধারার ও ১৮৫৯ সালের ২৫ আইনের ১৬ ও ১৭ ধারার সঙ্গে মিলে।

ষ্ট্রেট সেটলমেন্ট ব্রিটনীয় ভারতবর্ষহইতে পৃথকীভূত হইবার সম্ভাবনা। তৎপূর্ব্বে এই পাণ্ডুলিপি আইনমতে প্রচলিত হইবার সম্ভাবনা না হওয়াতে ঐ সেটেলমেণ্টের কোন কথা এই পাণ্ডুলিপিতে ব্যক্ত হয় নাই।

এচ এস মেন।

শিমলা।
১৮৬৬ সাল ২৫ সেপ্টেম্বর।

উইটলী ষ্টোক্স,
দেশীয় (ব্যবস্থাপন) কার্য্য বিভাগে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

Agra Camp, the 20th November 1866.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it, are published for general information by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the Conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations :—

A Bill to empower Courts of Small Causes in the Mofussil to refer for decision questions arising in the execution of decrees.

[Preamble.]

Whereas it is expedient to enable the Courts constituted under Act No. XI of 1865 (*to consolidate and amend the law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original Civil jurisdiction of the High Courts of Judicature*) to refer for the decision of the High Court within whose jurisdiction they may respectively be situate questions of law or usage having the force of law arising in the execution of decrees in suits under the said Act; It is hereby enacted as follows:—

[Power to refer to High Court questions arising in the execution of decrees]

1. If in the execution of the decree in any suit under the said Act any question of law, or usage having the force of law, shall arise, the Court, in suits for an amount not exceeding five hundred Rupees, may, either of its own motion or on the application of any of the parties to the suit, and in suits for an amount greater than five

আগরা ১৮৬৬ সাল ২০ নবেম্বর।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের যে মন্ত্রিসভা হয় তাহার কার্য্য চালাইবার বিধির ১৯ ধারামতে আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপির এবং অভিপ্রায় ও হেতুর বর্ণনা মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ডিক্রী সাধনসংক্রান্ত যে বিবাদ উত্থিত হইলে নিষ্পত্তি হইবার জন্যে ঐ২ আদালতের তাহা সমর্পণ করিবার ক্ষমতা দানের আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন নামে ১৮৬৫ সালের ১১ আইনমতে যে আদালত সংস্থাপিত হয়, সেই আদালত উক্ত আইনমতে ডিক্রী সাধন করিলে যদি আইনঘটিত কি আইনের তুল্য বলবৎ আচারঘটিত কোন কথা ধরিয়া বিবাদ উপস্থিত হয়, তবে ঐ২ আদালত যে হাই কোর্টের বিচারাধিপত্যের অন্তর্গত থাকে সেই হাই কোর্টের প্রতি ঐ আদালতের ঐ বিবাদ সমর্পণ করিবার ক্ষমতা প্রদান করা বিহিত। এইহেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

[ডিক্রী সাধন কালীন উত্থাপিত বিবাদ হাই কোর্টের প্রতি অর্পণ করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। উক্ত আইনক্রমে কোন মোকদ্দমার ডিক্রী সাধন কালে যদি আইনঘটিত কি আইনের তুল্য বলবৎ আচারঘটিত কোন বিবাদ উত্থিত হয়, তবে মোকদ্দমার মূল্য পাঁচ শত টাকার অধিক না হইলে ঐ আদালত যে হাই কোর্টের অধিপত্যের মধ্যে থাকে তাঁহার নিষ্পত্তির নিমিত্তে স্বীয় ইচ্ছামতে কিম্বা অন্যতর পক্ষের প্রার্থনামতে, ঐ বিবাদের বর্ণনা ও অভিমতে

hundred Rupees shall, draw up a statement of the case and refer it with the Court's own opinion thereon to the decision of the High Court within whose jurisdiction such Court may be situate; and the execution of the decree shall be stayed until the receipt of the order of the High Court upon such reference.

[This Act to be read with Act XI of 1865.]

2. This Act shall be read with and taken as part of Act No. XI of 1865; and the provisions contained in Sections 24, 25, 26, 27 and 28 of that Act shall *mutatis mutandis* apply to cases referred under this Act.

STATEMENT OF OBJECTS AND REASONS.

Section 22 of Act No. XI of 1865, which consolidates and amends the law relating to the Mofussil Courts of Small Causes, empowers these Courts to refer to a superior Court questions of law or construction arising in the trial of suits under the Act. But it has been doubted whether there is power to refer this class of questions when they arise in the execution of the decree. The present Bill, which has been framed at the desire of the Government of the North-West Provinces, and at the instance of the High Court, precludes such doubts, by expressly giving the power last mentioned.

SIMLA, } H. S. MAINE.
The 5th November 1866. }

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

স্বীয়মত লিখিয়া প্রেরণ করিবেন। কিন্তু মোকদ্দমা পাঁচ শত টাকার অধিক হইলে, অবশ্যই তাহা প্রেরণ করিবেন। তদুপলক্ষে হাই কোর্টের আজ্ঞা যত কাল না পাওয়া যায়, তত কাল ঐ ডিক্রীসাধন কার্য্য স্থগিত থাকিবে ইতি।

[১৮৬৫ সালের ১১ আইনের সহিত এই আইন পাঠ্য হইবার কথা।]

২ ধারা। এই আইন ১৮৬৫ সালের ১১ আইনের সহিত তাহার একাংশস্বরূপ পাঠ করিতে হইবে। ও ঐ আইনের ২৪, ২৫, ২৬, ২৭, ২৮ ধারার বিধানের কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে সেই বিধানও এই আইন অনুসারে অর্পিত মোকদ্দমার প্রতি বর্ত্তিবে ইতি।

[অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।]

১৮৬৫ সালের ১১ আইনক্রমে ক্ষুদ্র মোকদ্দমার মফঃস্বল আদালত বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা গেল। ঐ আইনের ২২ ধারার বিধান এই যে, ঐ আইনমতে মোকদ্দমার বিচার কালে আইনের কি তদর্থের বিষয়ে কোন বিবাদ উদয় হইলে ঐ২ আদালতের উপরিস্থ কোন আদালতে ঐ২ বিবাদ অর্পণ করিতে পারিবেন। কিন্তু ডিক্রীসাধন কালে সেই প্রকারের বিবাদ উত্থিত হইলে তাহা তদ্রূপে অর্পণ করা যায় কি না এই বিষয়ের সন্দেহ হইয়াছে। উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের ইচ্ছা ও হাই কোর্টের অনুমতিমতে প্রণীত এই পাণ্ডুলিপিতে শেষোক্ত ক্ষমতা স্পষ্ট দান করণ দ্বারা ঐ সন্দেহ ভঞ্জন করা গেল।

শিমলা। } এচ এস মেন।
১৮৬৬ সাল ৫ নবেম্বর। }

উইটলী স্টোকস,
দেশীয় (ব্যবস্থাপক) কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 39.

To all Civil Judges,—(dated Calcutta, the 29th September 1866.)

THE Rules alluded to in Section 80 of the Indian Registration Act (XX. of 1866) having been framed by the Registrar-General of Assurances, and approved and published* by the Local Government, the Court are pleased, in continuation of paragraph 10 of Circular Order No. 24, dated 19th June last, to forward Rules 44 and 45 for

* Vide Notification dated 12th May 1866 at page 1046 of *Calcutta Gazette* of the 23rd May 1866.

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৩৯ নম্বর।

সকল দেওয়ানী বিচার কর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সাল ২৯ সেপ্টেম্বর।

ভারতবর্ষের রেজিষ্টরী (১৮৬৬ সালের ২০) আইনের ৮০ ধারাতে যে বিধির উল্লেখ হইয়াছে নিদর্শনপত্রের রেজিষ্ট্রার জেনরল সাহেব সেই বিধি প্রণয়ন করিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করিয়া প্রকাশ করিয়াছেন। হাই কোর্টের সাহেবেরা গত জুন মাসের ১৯ তারিখের ২৪ নং সরকুলর অর্ডরের ১০ দফার অতিরেকে মফঃস্বলের

* ১৮৬৬ সালের ২০ জুন তারিখে বাঙ্গলা গেজেটের ৮২৮ পৃষ্ঠা। ১৮৬৬ সালের ১২ মে তারিখের বিজ্ঞাপন দেখ।

the information of Judicial Officers of every grade in the Mofussil, and to request their particular attention to the instructions contained therein as to the Officer to whom the costs of registration are to be paid on realization.

Rule 44.—"The costs of registration of Memoranda under the above Section will be paid in by the several Courts to the Registrar's Office on realization; the form of Memorandum shall contain a specification of the fee to be levied, and the registration of the Memorandum shall not be delayed till the receipt of the fee.

Rule 45.—"A running list of unpaid fees due on registered Memoranda shall be kept up, and on the receipt of any fee, the entry relating to such fee shall be struck out; the total of unpaid fees shall be reported every month to the Registrar-General."

By order, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

(Civil Side.)

No. 40.

To all Judges of the Small Cause Courts,—(dated Calcutta, the 2nd October 1866.)

THE High Court is pleased to direct the destruction once a year of the records of all cases disposed of in the Courts of Small Causes, in which execution has been completely obtained, or in which three years have passed since the last attempt to execute was made, and when any further execution would be barred by the law of limitations. The Summons Book and Register will afford all information that can afterwards be required.

By order, &c.,
(Sd.) L. R. TOTTEHAM,
Offg. Registrar.

(Civil Side.)

No. 41.

To all Civil Judges,—(dated Calcutta, the 2nd October 1866.)

THE High Court have frequently observed that cases remain for an unreasonably long time pending in the Mofussil Courts, for the undelivered reports of Ameens entrusted with the duty of local investigations, and the delay on the part of these Officers is commonly attributed to the great number of cases with which they are charged. The Court has now ample proof before it that very many of the cases referred by Judges to Ameens for local inquiry never should have been so referred. With a view, therefore, of obviating the delay which occurs through a course of procedure not authorized by law, the High Court deem

প্রত্যেক শ্রেণীর বিচারকর্ত্তার জ্ঞাপনার্থে উক্ত বিধির ৪৪ ও ৪৫ ধারা প্রকাশ করিতেছেন, এবং রেজিষ্টরী করিবার ব্যয়ের টাকা আদায় হইলে যে কার্য্যকারককে দিতে হইবে তদ্বিষয়ের উপদেশের প্রতি বিশেষ মনোযোগ হইবার আদেশ করিতেছেন।

৪৪ বিধি। ৩৩ ধারামতে মর্ম্মাত্মকপত্র রেজিষ্টর করণার্থ যত টাকা লাগে তাহা নানা আদালত আদায় করিয়া রেজিষ্ট্রারের কার্য্যালয়ে প্রেরণ করিবেন। যত শুল্ক আদায় করিতে হয় তাহা ঐ মর্ম্মাত্মকপত্রের পাঠে নির্দ্দিষ্ট করা যাইবে, এবং ঐ ফী না পাওয়া পর্য্যন্ত মর্ম্মাত্মকপত্রের রেজিষ্টর করা বিলম্ব করিতে হইবে না।

৪৫ বিধি। রেজিষ্টরী করা মর্ম্মাত্মকপত্রের যে সকল ফী অদত্ত থাকে তাহার প্রচলিত হিসাব রাখিতে হইবে। ফী প্রাপ্ত হওয়া গেলে তৎসম্পর্কীয় যে কথা ঐ হিসাবে লেখা ছিল তাহা কাটিতে হইবে। যত ফী অদত্ত থাকে মাসে২ রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিতে হইবে।

আজ্ঞাক্রমে।
এল আর টটনহাম।
একটিং রেজিষ্ট্রার।

---

৪০ নম্বর।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সাল ২ অক্টোবর।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতে নিষ্পত্তি হইয়া যে সকল মোকদ্দমার কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইয়াছে, কিম্বা সাধন করিবার শেষ উদ্যোগ হইলে পর তিন বৎসর অতীত হওয়াতে মিয়াদের আইন অনুসারে যে মোকদ্দমার আজ্ঞা সাধনের অন্য কার্য্য হইতে না পারে হাই কোর্টের সাহেবেরা সেই সকল মোকদ্দমার কাগজপত্র বৎসরান্তে একবার নষ্ট করিতে আজ্ঞা করিতেছেন। যদি সেই২ মোকদ্দমার বিষয়ে পশ্চাৎ কোন কথা জ্ঞাত হওয়া প্রয়োজন হয়, তবে আহ্বানপত্রের বহীতে ও রেজিষ্টরী বহীতে তাহা জানা যাইতে পারিবে।

আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার

---

৪১ নম্বর।

সকল দেওয়ানী বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সাল ২ অক্টোবর।

হাই কোর্টের সাহেবেরা বারম্বার দেখিতে পাইয়াছেন যে স্থানীয় অনুসন্ধান করিবার ভার যে আমীনেরদের প্রতি অর্পিত হয় তাঁহারদের রিপোর্ট অর্পণ না হওয়া প্রযুক্ত মফঃসল আদালতে মোকদ্দমা অসঙ্গত দীর্ঘকাল উপস্থিত থাকে ও সেই২ কার্য্যকারকদের প্রতি বহু সংখ্যক মোকদ্দমা অর্পিত হওয়া ঐ বিলম্বের হেতু ব্যক্ত হইয়া থাকে। কিন্তু স্থানীয় অনুসন্ধান হইবার জন্যে বিচার কর্ত্তারা আমীনেরদের প্রতি যে২ মোকদ্দমা অর্পণ করেন তন্মধ্যে অনেক গুলিন অর্পিত না হওয়াই কর্ত্তব্য, হাই কোর্টের সাহেবেরা ইহার ভূরি প্রমাণ পাইয়াছেন। অতএব আইনের অবিহিত কার্য্য প্রণালীক্রমে যে বিলম্ব হয় তাহা নিবারণাভিপ্রায়ে হাই কোর্টের সাহেবেরা অবশ্য প্রত্যেক

it proper to impress upon the subordinate Courts of every grade that local investigations by Ameens should only be ordered in cases where they are absolutely required by the Courts on subordinate points, for a determination of the main issue in the case; for instance, in cases in which it is necessary to ascertain by measurement disputed areas of land, or to ascertain whether particular lands are identical with lands detailed in documents when the fact is disputed, and in such like instances. When, however, any fact can be elicited by evidence, that evidence should be heard by the Court itself, and not by an Ameen. With a view, too, both of shortening the trial in many cases, and of assisting the Courts in the examination of witnesses, it will be well if, when a map or measurement of the locality appears from the issues to be absolutely necessary, orders to prepare it are passed at the time of the fixing of issues. The map and the report of the Ameen can then be tested by the examination of the witnesses, and the Courts will be in a better position to conduct this examination than they are under the present system.

If these instructions be carried out, the High Court believe that Ameens being only employed in cases in which their services are essential, the Mofussil Courts will be enabled to dispose of suits more promptly and satisfactorily, and litigants will in many cases be saved the extra expense entailed by local investigations.

By order, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

No. 2020T.

From the Secretary to the Government of Bengal, to the Officiating Registrar, High Court,—(dated Darjeeling, the 6th September 1866.)

I AM directed to acknowledge the receipt of your letter No. 2873, dated the 27th ultimo, and in reply to state, for the information of the Hon'ble Judges of the High Court, that the Lieutenant-Governor, adopting the Court's view of the question, has been pleased to decide that Moonsiffs shall be placed on the same footing as Deputy Magistrates and Deputy Collectors, in respect to the indulgence of punkahs and punkah-pullers in the hot season.

2. All charges under these orders for the current year should be included in the contingent bills of the Zillah Judges; special provision being made for the charge in the estimates of ensuing years.

I have, &c.,
(Sd.) A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th December* 1866.]

শ্রেণীর আদালতের মনে এই কথা অঙ্কিত করিতে চাহেন, মোকদ্দমায় যে গুরুতর ইস্যু নির্ণয় করিতে হয় তদন্তর্গত ক্ষুদ্রতর বিষয়ে যদি স্থানীয় অনুসন্ধান করা আদালতের নিতান্ত আবশ্যক, তবে সেই স্থলে আমীন দ্বারা তদ্রূপ অনুসন্ধানের আজ্ঞা করিতে পারিবেন। যথা ভূমির পরিমাণ বিষয়ে বিবাদ হইলে মাপ করণ দ্বারা তাহা নির্ণয় করা, অথবা লেখ্যেতে যে ভূমি বর্ণিত হয় তদ্বিষয়ে বিবাদ হইলে বিবাদীয় ভূমি প্রকৃত সেই বর্ণিত ভূমি কি না ইহা নির্ণয় করা আবশ্যক হইলে, ও তদনুরূপ অন্যান্য স্থলে আমীনকে নিযুক্ত করা যাইতে পারে, নতুবা নহে। যদি সাক্ষ্য-দ্বারা কোন বৃত্তান্ত প্রকাশ হইতে পারে, তবে আদালতের স্বয়ং সেই সাক্ষ্য শ্রবণ করা কর্ত্তব্য, আমীনের দ্বারা নয়। আরো অনেক মোকদ্দমার লাঘব করণ ও সাক্ষির পরীক্ষা কার্য্যে আদালতের সহায়তা করণাভি-প্রায়ে কর্ত্তব্য যে ইস্যু ক্রমে স্থান বিশেষের মানচিত্র প্রাপ্ত হওয়া কি মাপ করা নিতান্ত আবশ্যক বোধ হইলে ইস্যু নিরূপণ কালে ঐ মানচিত্র প্রভৃতি প্রস্তুত করিবার আজ্ঞা করা যায়, পরে সাক্ষির পরীক্ষা দ্বারা ঐ মানচিত্রের ও আমীনের রিপোর্টের যথার্থতার নিরূ-পণ হইবে। এই প্রকারে ঐ আদালত বর্ত্তমান নিয়মানুসারে কার্য্য করণাপেক্ষা ঐ পরীক্ষা গ্রহণের সুবিধা দেখিবেন।

যদি এই উপদেশানুসারে কার্য্য করা যায়, তবে হাই কোর্টের বিবেচনায় যে স্থলে নিতান্ত আবশ্যক সেই স্থলভিন্ন আমীনেরা নিযুক্ত না হওয়াতে মফঃসল আদালত অপেক্ষাকৃত ত্বরায় ও সন্তোষজনকরূপে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন, এবং স্থানীয় অনুসন্ধান দ্বারা বাদি প্রতিবাদির যে অতিরিক্ত খরচ হয় তাহাও বাঁচিতে পারিবে।

আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

২০২০T নম্বর।

হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের পত্র।

দারজিলিং ১৮৬৬ সাল ৬ সেপ্টেম্বর।

আপনকার গত মাসের ২৭ তারিখের ২৮৭০ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তদুত্তরে হাই কোর্টের মান্যবর বিচারকর্ত্তাদের জ্ঞাপনার্থে আজ্ঞাক্রমে এই কথা জানাইতেছি। কোর্টের সাহেবেরা লক্ষিত বিষয়ে যে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহাতে সম্মত হইয়া স্থির করিয়াছেন যে গ্রীষ্মকালে পাখার ও পাখা টানিবার লোকদের বিষয়ে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরদের পক্ষে যে বিধি মুনসেফেরদের পক্ষেও সেই বিধি বর্ত্তিবে।

২। চলিত বৎসরে এই উপলক্ষে যে টাকা ব্যয় হয় তাহা জিলার জজ সাহেবদের নৈমিত্তিক বিলে ধরিতে হইবে। আরং বৎসরের ব্যয়নিরূপণপত্রে তাহার বিশেষ দফা লিখিতে হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

No. 42.

Forwarded for the information and guidance of the Civil Authorities in the Lower Provinces.

By order of the High Court,

(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

HIGH COURT, &c.,
The 2nd October 1866.

(*Criminal Side.*)

No. 11.

To the Criminal Authorities,—(dated Calcutta, the 1st October 1866.)

IT having come to the Court's knowledge that the Register of Warrants prescribed by the Sudder Nizamut Court's Circular Order No. 167 of the 15th of May 1835 has in many districts fallen into disuse, the High Court desire me to call your attention to the above-order, and to request that you will in future carefully keep up the prescribed Register, column 6 being omitted, as it is no longer required. Instances have lately occurred of prisoners being illegally detained in Jail after their term of sentence had expired, which would not have happened if the Registers of Warrants had been properly kept up.

I have, &c.,
(Sd.) L. R. TOTTENHAM,
Offg. Registrar.

৪২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানীকর্ত্তৃপক্ষের জ্ঞান ও উপদেশার্থে পুর্ব্ব লিখিত সরকুলর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রেরণ করা গেল।

এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট
১৮৬৬ সাল ২ অক্টোবর

ফৌজদারী পক্ষ।

১১ নম্বর।

ফৌজদারী কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৬ সল ১ অক্টোবর।

সদর নিজামত আদালত ১৮৩৫ সালের মে মাসের ১৫ তারিখের ১৬৭ নং সকুলর অর্ডরক্রমে ওয়ারেন্টের যে রেজিষ্টর রাখিবার আদেশ করিয়াছিলেন অনেক জিলাতে তাহার প্রায় অব্যবহার হইয়াছে, হাইকোর্টের সাহেবেরা ইহা অবগত হইয়া সেই আজ্ঞারপ্রতি মনোযোগকরণপূর্ব্বক ঐ নির্দ্দিষ্ট রেজিষ্টর সাবধানে রাখিতে আদেশ করিতেছেন, কেবল উহার ষষ্ঠ ঘর অপ্রয়োজন বশতঃ ত্যাগ করিতে হইবে। সম্প্রতি কোন২ বন্দিদের কারাবন্ধনের কাল অতীত হইলেও তাহাদিগকে অবৈধরূপে কারাগারে আটক রাখা গিয়াছে, কিন্তু ঐ ওয়ারেন্টের রেজিষ্টর উপযুক্ত মতে রাখা গেলে তাহা হইত না।

এল আর টটনহাম,
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINOON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2595.

APPOINTMENTS.

The 19th November 1866.

Baboo Doorgapersad Ghose to be a Judge of the Court of Small Causes at Jessore, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

The 21st November 1866.

Mr. V. Irwin, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Nurail, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in the District of Jessore.

The 22nd November 1866.

Captain G. B. Fisher to be a Municipal Commissioner for the Town of Comillah.

The 23rd November 1866.

Mr. H. W. Barber, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, is transferred to Chittagong, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

বঙ্গদেশের শ্রীযুত লেপেটনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৫৯৫ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ নবেম্বর।

শ্রীযুত বাবু দুর্গা প্রসাদ ঘোষ যশোহরের ক্ষুদ্র মোমোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২১ নবেম্বর।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বি অরউইন সাহেব নড়াইল শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং যশোহর জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৬ সাল ২২ নবেম্বর।

কাপ্তান শ্রীযুত জি বি ফিশর সাহেব কমিল্লা নগরের মুনিসিপল কমিসানর হইবেন।

১৮৬৬ সাল ২৩ নবেম্বর।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব চট্টগ্রামে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

Mr. F. Hill is appointed to the Third Grade of the Bengal Educational Service, and to be Professor of Civil Engineering in the Presidency College, with effect from the 11th ultimo.

Captain D. Macdonald, Revenue Surveyor, is vested with the powers of a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Province of Assam.

The 24th November 1866.

Captain W. Gordon to be Superintendent of Police on that portion of the East India Railway which lies within the jurisdiction of the Lieutenant-Governor of Bengal.

The 26th November 1866.

Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Bograh, is transferred to Rungpore, and vested with the powers of a Magistrate in the latter District.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector of Rungpore, is transferred to Bograh, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

The following gentlemen to be Visitors of the Lunatic Asylum at Cuttack, under Section 2, Act XXXVI. of 1858:—

Baboo Issen Chunder Banerjee.
" Lukhinarain Chowdry.

In supersession of the orders of the 20th instant, notified in the *Calcutta Gazette* of the 21st idem, Mr. H. O. Wilson is appointed to be Medical Officer of Rajshahye.

This cancels the appointment of Dr. C. M. Russell to Rajshahye notified in the same *Gazette*. Dr. Russell will continue to be employed as Medical Officer of Gya until further orders.

Baboo Juloonath Bose, B. A., Deputy Magistrate and Deputy Collector, to officiate as Uncovenanted Assistant to the Commissioner of Patna, during the absence, on leave, of Baboo Heeralall Dutt, or until further orders. This cancels his appointment to the Sub-Division of Bhuboonah, notified in the *Calcutta Gazette* of the 14th instant.

Mr. W. Heysham, Junior, to officiate as a Deputy Collector, under Regulation IX. of 1833, in Upper Assam, and to be employed under the Superintendent of Survey in demarcation operations.

The 27th November 1866.

Mr. W. Lloyd to be Vice-Chairman of the Municipal Commissioners of Darjeeling.

Mr. A. Knyvett to be an Assistant Superintendent of Police in Shahabad.

শ্রীযুত এফ হিল সাহেব বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, তিনি প্রেসিডেন্সী কালেজে সিবিল ইঞ্জিনিয়রিঙ্গের অধ্যাপক হইবেন। উক্ত নিয়োগ গত মাসের ১১ তারিখ অবধি প্রবল হইবে।

রাজস্বের জরীপী কার্য্যকারক কাপ্তান শ্রীযুত ডি মাকডোনাল্ড সাহেব আসাম প্রদেশে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৪ নবেম্বর।

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অধিকারের মধ্যে আছে কাপ্তান শ্রীযুত ডবলিউ গর্ডন সাহেব সেই অংশের পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

১৮৬৬ সাল ২৬ নবেম্বর।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকা চরণ রায় চৌধুরী রঙ্গপুরে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধব চন্দ্র মৈত্র বগুড়ায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্ন লিখিত মহাশয়েরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে কটকের ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক হইবেন, অর্থাৎ—

শ্রীযুত বাবু ঈশান চন্দ্র বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুত বাবু লক্ষ্মী নারায়ণ চৌধুরী।

এই মাসের ২০ তারিখের যে আজ্ঞা এই মাসের ২১ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হওয়াতে শ্রীযুত এচ ও উইলসন সাহেব রাজশাহীর চিকিৎসকের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি এম রসল সাহেবের রাজশাহীতে নিযুক্ত হইবার যে কথা ঐ গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত রসল সাহেব গয়ার চিকিৎসকের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু হীরালাল দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু বি, এ, পাটনার কমিসনর সাহেবের অতিরিক্ত আসিষ্টান্টের কর্ম্ম করিবেন। ভুবনা সবডিবিজনে তাঁহার নিযুক্ত হইবার যে কথা এই মাসের ১৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত ছোট ডবলিউ হেশাম সাহেব উত্তর আসামে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। এবং জরীপের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অধীনে ভূমির চিহ্ন দেওন কার্য্যে নিযুক্ত হইবেন।

১৮৬৬ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ লয়ড সাহেব দার্জিলিঙ্গের মুনিসিপল কমিসনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত এ নিবেট সাহেব শাহাবাদের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

Mr. G. Toynbee, Assistant Magistrate and Collector, Moorshedabad, is transferred temporarily to Pooree, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District.

Mr. G. Smeaton, Assistant Magistrate and Collector, Jessore, is transferred temporarily to Cuttack, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Baboo Chunder Seekur Banerjee is appointed to officiate temporarily as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, to be posted to Cuttack, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

Dr. J. Ewart to officiate as Principal of the Calcutta Medical College, and also Professor of Medicine in the College, and Ex-officio First Physician of the College Hospital, during the absence, on leave, of Dr. N. Chevers, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 21st November 1866.

Mr. A. C. Marshall, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, for four months, from the 20th September last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Heeralall Dutt, Uncovenanted Assistant to the Commissioner of Patna, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

The 26th November 1866.

Mr. G. E. Makgill, Officiating Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, for four weeks, from the 9th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 21st November 1866.

The leave of absence granted to Mr. W. Wright, Judge of the Small Cause Court of Cuttack, under orders of the 6th ultimo, is cancelled at his own request.

The 26th November 1866.

The leave granted to Lalla Faqueer Chand Lall, Deputy Magistrate and Deputy Collector of Bhuboonah, under orders of the 12th instant, is cancelled at his own request.

Mr. B. B. Ford, Medical Officer of Balasore, having returned to duty on the 29th ultimo, the unexpired portion of the leave which was granted to him under orders of the 21st September last, and of which he availed himself on the 2nd idem, is cancelled.

[গবর্ণমেন্ট গেজেট, ১৮৬৬ । ৫ ডিসেম্বর ।]

মুরশিদাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত জি টয়নবি সাহেব কিয়ৎকালের নিমিত্তে পুরীতে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীস্থ মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

যশোহরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত জি স্মীটন সাহেব কিয়ৎকালের নিমিত্তে কটকে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু চন্দ্র শিখর বন্দোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে কটক খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটর হইয়া কটকে অবস্থিত হইবেন এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডাক্তর শ্রীযুত এন চীবর্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কালেজের ডাক্তর শ্রীযুত জে হওট সাহেব কলিকাতার মেডিকাল কালেজের প্রিন্সিপল আরও উক্ত কালেজে ঔষধের অধ্যাপকের এবং স্বীয় পদোপলক্ষে কালেজ হাসপাতালের প্রথম চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২১ নবেম্বর।

২৪ পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ সি মার্শল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখ অবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার কমিসানর সাহেবের অচিহ্নিত আসিষ্টান্ট শ্রীযুত বাবু হীরালাল দত্ত ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৬ নবেম্বর।

২৪ পরগনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জি, ই, মাকগিল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ৯ তারিখ অবধি চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ নবেম্বর।

কটকের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত ডবলিউ রাইট সাহেব গত মাসের ৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৬ সাল ২৬ নবেম্বর।

ভুবুয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত লালা ফকীর চাঁদ লাল এই মাসের ১২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বালেশ্বরের চিকিৎসক শ্রীযুত বি, বি, ফোর্ড সাহেব গত মাসের ২৯ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান ও ঐ মাসের ২ তারিখ অবধি গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

NOTIFICATION.

The 14th November 1866.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, entitled "an Act for the Regulation of Police," to the undermentioned Towns :—

Sooree	...	In the District of Beerbhoom.
Bancoorah	..	In the District of Bancoorah.
Raneegunge	...	
Rugoonathpore		
Bishenpore	...	
Joypore	...	
Kutulpore	...	

NOTIFICATION.

The 19th November 1866.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, entitled "an Act for the Regulation of Police," to the Town of Howrah.

NOTIFICATION.

The 22nd November 1866.

The following Rules passed by His Honor the Lieutenant-Governor of Bengal, pursuant to the provisions of Section 6, Act XX. of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mookhtears in the Mofussil Courts, subordinate to the High Court of Judicature at Fort William in Bengal, are published for general information :—

For the higher grade of Pleaders.

1. In order to facilitate the ascertainment of the qualifications of candidates for admission as Pleaders in the Courts abovementioned, the Lieutenant-Governor of Bengal will, from time to time, appoint Examiners, to be called Government Examiners of Pleaders. Such presons are hereinafter referred to by the words, the Government Examiners.

2. A local examination of candidates for the higher grade of Pleaders shall be held on the last Monday in January in each year.

3. The local examination of candidates for Pleaderships of the higher grade shall be held at the head-quarters of the Division before a Local Committee, consisting of the Judge who shall preside, the Magistrate, and the Principal Sudder Ameen at that place, with any other officer of Government whom the Lieutenant-Governor may think fit to appoint.

4. The examination shall be conducted in English.

5. There shall be an examination by written questions, and answers in writing thereto, and also a *vivâ voce* examination.

6. Previously to each examination the Government Examiners shall prepare written questions, of

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৪ নবেম্বর।

শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৫ ধারা নিম্ন লিখিত নগরে প্রচলিত করিলেন, যথা—

বীরভুম জিলার অন্তর্গত	...	শিউড়ীতে।
বাঁকুড়া জিলার অন্তর্গত।	...	বাঁকুড়াতে।
		রাণীগঞ্জে।
		রঘুনাথপুরে।
		বিষ্ণুপুরে।
		জয়পুরে।
		কোতলপুরে।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১৯ নবেম্বর।

শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারা হাবড়া নগরে প্রচলিত করিলেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২২ নবেম্বর।

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে যে ব্যক্তিরা প্লীডর কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হওনাকাঙ্ক্ষী হন তাঁহাদের পরীক্ষা করিবার জন্যে বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারার বিধানমতে নিম্ন লিখিত বিধি প্রচারন করিয়াছেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

উচ্চ শ্রেণীর উকিলের বিধি।

১। যে ব্যক্তিরা পূর্ব্বোক্ত আদালতে প্লীডরস্বরূপে গ্রাহ্য হইবার আকাঙ্ক্ষা হন তাঁহাদের যোগ্যতা নির্ণয় কার্য্য সহজ করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব পরীক্ষক নিযুক্ত করিবেন। তাঁহারা গবর্ণমেণ্টের উকীল পরীক্ষক নামে খ্যাত হইবেন। এই বিধির মধ্যে "গবর্ণমেণ্ট পরীক্ষক" এই শব্দেতে তাঁহাদিগকে বুঝাইবে।

২। প্রতিবৎসর জানুআরি মাসের শেষ সোমবারে স্থানে উচ্চ শ্রেণীর প্লীডরের কর্ম্মকাঙ্ক্ষির পরীক্ষা হইবে।

৩। উচ্চ শ্রেণীর প্লীডরের কর্ম্মাকাঙ্ক্ষিদের পরীক্ষা দেশের ভিন্ন২ খণ্ডের সদর স্থানে স্থানীয় কমিটীর সম্মুখে হইবে। সেই কমিটীতে জজ সাহেব অধিপতি, এবং ঐ স্থানের মাজিষ্ট্রেট সাহেব ও প্রধান সদর আমীন এবং শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব গবর্ণমেণ্টের অন্য যে কোন কার্য্যকারককে নিযুক্ত করা উচিত বোধ করেন তিনি কমিটী হইবেন।

৪। ইংলণ্ডীয় ভাষায় পরীক্ষা হইবে।

৫। লিখিত প্রশ্ন দ্বারা পরীক্ষা হইয়া তাহার লিখিত উত্তর লওয়া যাইবে। তদ্ভিন্ন বাচনিক পরীক্ষাও হইবে।

৬। পরীক্ষা হইবার প্রত্যেক বার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের তিন পত্র প্রস্তুত করিবেন।

which there shall be three papers, one paper shall be upon Criminal Law and Procedure.

7. Each paper shall contain twelve questions. The number of marks to which a candidate shall be entitled for a full answer, shall be separately specified for each question by the Government Examiners at the time of preparing the questions.

8. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

9. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

10. The written questions, and also the questions which shall be put upon the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Clause 2, Section 6 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtears in Mofussil Courts, and published in the *Calcutta Gazette* of the 9th of May 1866, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects in the said Clause. Where two or more Text Books are mentioned in the alternative, the questions shall be framed in such a manner that they can be answered by persons who have studied any one of such Text Books.

11. The written questions shall be sent by the Government Examiners to the Registrar of the High Court, who shall forward them to the President of the Local Committee of Examiners.

12. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers to the written questions, shall be determined by the Government Examiners. The number of marks to which each candidate shall be entitled for his answers on the *vivâ voce* examination shall be determined by the Local Committee.

13. To be entitled to pass as a Pleader of the higher grade, a candidate must obtain not less than 100 marks in each of the three written papers, and not less than 30 marks in the *vivâ voce* examination.

14. A candidate who shall obtain not less than 80 marks in each of the written papers, and not less than 20 marks in the *vivâ voce* examination, shall be qualified as a Pleader of the lower grade.

15. After the local examination shall have been concluded, the Committee shall forward to the Government Examiners, through the Registrar of the High Court, the answers of the several candidates to the written questions, together with a certificate, signed by the President of the Local

এক পত্রেতে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

৭। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর দিলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

৮। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

৯। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্ক পাত হইবে।

১০। হাইকোর্টের সাহেবেরা মফঃসল আদালতের প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়া ১৮৬৬ সালের মে মাসের ১২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করেন, সেই বিধির ৬ ধারার ২ প্রকরণে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষদের সেইং বিষয়ের জ্ঞানানুভূতি হয়। ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত প্রকরণের নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন। যদি দুই কি অধিক পুস্তকের উল্লেখ হইয়া স্বেচ্ছামতে অন্যতর পুস্তকের আলোচনা হইতে পারে, তবে যে প্রশ্ন এমত লিখিতে হইবে যে উক্ত অন্যতর পুস্তক আলোচনা করিলে প্রশ্নের উত্তর দেওয়া যায়।

১১। গবর্ণমেণ্ট পরীক্ষকেরা ঐ লিখিত প্রশ্ন হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন, তিনি স্থানীয় পরীক্ষক কমিটীর অধিপতির নিকটে প্রেরণ করিবেন।

১২। লিখিত প্রশ্নের উত্তর দেওয়া গেলে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্ক পাত হইবে তাহা গবর্ণমেণ্ট পরীক্ষকেরা নিরূপণ করিবেন। বাচনিক পরীক্ষার উত্তরের জন্যে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে তাহা স্থানীয় কমিটী নিরূপণ করিবেন।

১৩। কোন পদাকাঙ্ক্ষী লিখিত তিন পত্রের প্রত্যেক পত্রেতে ১০০ অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন পাইলে তিনি উচ্চ শ্রেণীর প্লীডরস্বরূপ উত্তীর্ণ হইবেন না।

১৪। কোন পদাকাঙ্ক্ষী লিখিত প্রত্যেক পত্রের উপলক্ষে ৮০ অঙ্কের অন্যূন ও বাচনিক পরীক্ষাতে ২০ অঙ্কের অন্যূন প্রাপ্ত হইলে তিনি দ্বিতীয় শ্রেণীর প্লীডরের পদযোগ্য হইবেন।

১৫। স্থানীয় পরীক্ষা সমাপ্ত হইলে পর কমিটী হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের দ্বারা গবর্ণমেণ্ট পরীক্ষকেরদের নিকটে প্রত্যেক পদাকাঙ্ক্ষির ঐ লিখিত প্রশ্নের উত্তর এবং বাচনিক পরীক্ষাতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইয়াছে স্থানীয় কমিটীর অধিপতির স্বাক্ষরিত সেই বিষয়ের সংশিত-

Committee, of the number of marks awarded to each candidate in the *vivâ voce* examination; whereupon the Government Examiners shall proceed to examine the answers to the written questions and determine to what number of marks each candidate is entitled for such answers, and declare as to each candidate whether, according to the rules above laid down, he has or has not passed the examination; provided that the Local Committee shall not forward to the Government Examiners the written answers of any candidate who shall fail to obtain 20 marks in the *vivâ voce* examination.

16. As soon as the examination shall have been concluded, the Government Examiners shall submit a report of their proceedings to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

17. The names of the successful candidates shall be published in the *Government Gazette.*

Examinations for the lower grade of Pleaders.

18. An examination shall be held once in each year, at each Zillah Station, on the last Monday in January.

19. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

20. The examination shall be held by the Zillah Judge, assisted, if he think fit, by any subordinate Judge whom he may call in.

21. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Zillah Judge.

22. There shall also be a *vivâ voce* examination conducted by the Judge, assisted as abovementioned, if he think fit to call in assistance.

23. There shall be twelve questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

24. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

25. The full number of marks for the *vivâ vôce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

26. The written questions, and also the questions upon the *vivâ voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 18 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtears

পত্র প্রেরণ করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের উত্তর সমালোচনা করিয়া ঐ উত্তরের উপলক্ষে যাঁহার নামে যত অঙ্ক পাত্ত হইবে তাহা নিরূপণ করিয়া পূর্ব্বোক্ত বিধিমতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে ইনি পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিবেন। কিন্তু কোন পদাকাঙ্ক্ষী বাচনিক পরীক্ষা দিয়া যদি ২০ অঙ্ক পাইতে না পারেন, তবে স্থানীয় কমিটী গবর্ণমেণ্ট পরীক্ষকেরদের নিকটে তাঁহার লিখিত উত্তর পাঠাইবেন না।

১৬। পরীক্ষা সমাপ্ত হইলে পর গবর্ণমেণ্ট পরীক্ষকেরা হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে আপনারদের কার্য্যের রিপোর্ট অর্পণ করিবেন, তিনি গবর্ণমেণ্টে তাহা পাঠাইবেন।

১৭। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবে।

নিম্ন শ্রেণীর প্লীডরের পরীক্ষা।

১৮। প্রতিবৎসর জানুআরি মাসের শেষ সোমবারে প্রত্যেক জিলার প্রধান নগরে পরীক্ষা হইবে।

১৯। ঐ পরীক্ষা পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার প্রচলিত ভাষায় হইবে।

২০। জিলার জজ সাহেব পরীক্ষা গ্রহণ করিবেন। তিনি উচিত বোধ করিলে অধীন কোন বিচার কর্ত্তাকে সহায় স্বরূপ আহ্বান করিবেন।

২১। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া জিলার জজ সাহেবের নিকটে প্রেরণ করিবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্য বিধানের ও অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্য বিধানের প্রশ্ন থাকিবে।

২২। তদ্ভিন্ন জজ সাহেব বাচনিক পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে স্বীয় সাহায্যার্থে পূর্ব্বোক্ত সহায়কে আহ্বান করিবেন।

২৩। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ ষাইট অঙ্ক হইবে।

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরে ৫০ অঙ্ক পাত হইবে।

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফঃস্বল আদালতে প্লীডর ও মোক্তারদিগের [illegible] তার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ১৮ ধারাতে যে [illegible] উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষিদের

in Mofussil Courts abovementioned, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text Books set opposite to the respective subjects in the said Section.

27. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 marks in the *virâ voce* examination.

28. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *virâ voce* examination, shall be determined by the Judge with such assistance as abovementioned, if called in; and the Judge shall thereupon declare as to each candidate whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

29. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.*

EXAMINATION OF MOOKHTEARS.

30. The examination of Mookhtears, under Section 34 of the abovementioned rules passed by the High Court, shall be held by the Zillah Judge in every District. Candidates for admission as Mookhtears in Districts where there is no resident Judge will be examined by the Judge of the Zillah to which the Magistracy is subordinate.

31. The examination shall be held once in each year, on the second Monday in February, and shall be by questions in writing and *virâ voce.*

32. The examination shall be conducted in English, or in the Vernacular of the District, at the option of the candidate.

33. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Judge.

34. There shall also be a *virâ voce* examination.

35. There shall be six questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

36. The aggregate number of marks for full answers to the whole of the six questions shall be 160.

to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for spoil Bank and Tank for Railway, Chooadangah Station, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, *bgs.* 19-9-4 in extent, situated in Mouzah Chooadangah, Pergunnah Thahaoojeeah, bounded on the North by Jhenidah Feeder Road; South by the Road from Sub-Divisional Cutcherry to Railway Station; East by Railway line, and West by the lands of Modeehuddeen Joardar, Foyzolla Mullick, Nozeeboollah Mullick, Hakeem Biswas, Kinoo Mundle, and others, is required for the said purpose.

This Declaration is made under Section 2 of Act VI. of 1857.

By Order of the Lieutent-Governor of Bengal,

F. S. TAYLOR, *Capt.*, *R. E.*,
Joint-Secy. to Govt. of Bengal.

-লার অন্তর্গত চুয়াডাঙ্গা রেলওয়ে ইষ্টেশনে খণিত মাটী ফেলিবার ও পুষ্করিণী করিবার জন্যে রাজকীয় অর্থ-ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে থাহাউজিয়া পরগনার চুয়াডাঙ্গা মৌজায় স্থিত ১৯।৪।০ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ঝিনিদহ ইষ্টেশনে গমনের পথ, দক্ষিণ সীমা শাখাখণ্ডের কাছারীহইতে রেলওয়ে ষ্টেশন পর্য্যন্ত পথ, পূর্ব্ব সীমা রেল পথ, পশ্চিম সীমা মদীহুদ্দীন জোয়ারদারের ও ফৈজুল্লা মল্লিকের ও নজীবুল্লা মল্লিকের ও হাকিম বিশ্বাসের ও কিনু মণ্ডল প্রভৃতির ভূমি।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর কাপ্তান আর, ই,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

১৭৮৯ নং

ইস্তেহার।

যে সকল মোক্তারনামা সন ১৮৬২ সালের ১০ আইনের এ তপসিলের ৬৩ ধারামতে ৪৲ চারি টাকার মূল্যের ইষ্টাম্পের হওয়া উচিত তাহা না হইয়া ইষ্টাম্প আইনের বিরুদ্ধে সাদা কাগজে হয় ইহা নিম্ন প্রদেশের রেবিনিউ বোর্ড জ্ঞাত হইয়া সর্ব্ব সাধারণকে জ্ঞাত করিতেছে যে অদ্যকার তারিখ হইতে যে কোন ব্যক্তি বা ব্যক্তিরা ঐরূপ ইষ্টাম্প আইনের বিরুদ্ধে আচরণ করিবেন তাহার বা তাহাদিগের নামে উক্ত আইনের ৫২ ধারানুসারে ফৌজদারী আদালতে নালিশ হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম সন ১৮৬৬ সাল তারিখ ১৫ নবেম্বর।

আর এল মাংলেস,
একটিং ছোট সেক্রেটারী।

নং ১৯৪০

ইস্তেহার।

সন ১৮৬৬ সালের ১৭ ফেব্রুআরি তারিখের ১৫৭ নং সাহেবান বোর্ডের ইস্তেহারের মর্ম্মানুসারে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে বাঙ্গলা ও উড়িষ্যা প্রদেশের ভিন্ন২ মোকামে যে যে রকম সরকারি নেমক অবিক্রী আছে তাহার দর মাসুল ছাড়া নিম্নের লিখিতমত অদ্য ন্যূন করা হইল।

মোকামহায়		দর ফি শত মন			
প্রসিডেন্সীর সালিখা ও ঘুসুড়িতে	সকল রকম পাঙ্গা নেমক,	৯৬	টাকা হইতে	৭০	টাকা পর্য্যন্ত ন্যূন হইল
	মান্দরাজ করকচ নেমক,	৭১	ঐ	৬০	ঐ
	চিলকা ঐ	৬১	ঐ	৩৫	ঐ
	সিন্ধু, ঐ	৯১	ঐ	৫০	ঐ
হিজলী, ...	পাঙ্গা নেমক,	৭৪	ঐ	৬০	ঐ
তমলুক, ...	ঐ	৮১	ঐ	৭০	ঐ
পুরী,	পাঙ্গা নেমক, ...	৭৪	ঐ	৬০	ঐ
	করকচ ...	৩১	ঐ	১৫	ঐ

বিমৌজীব হুকুম সাহেবান আলীসান বোর্ড রেবিনিউ ফোর্ট উলিয়ম তারিখ ১ ডিসেম্বর ১৮৬৬।

আর এল মাংলেস,
একটিং ছোট সেক্রেটারী।

[*Government Gazette, 4th December* 1866.]

LAND ADVERTISEMENTS. ভূমি বিক্রয়ের ইশতিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 10th day of December 1866, at the hour of 12 o'clock, noon, the Rights and Interests of the Defendent Rajah Pudonabh Deb of Killah Aul, in the said Killah of Aul, in satisfaction of certain Decrees held by Peary Deyee Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary estae, the permanent Jumma of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five (25) per cent on the amount bid, will be required to be paid in at the time of purchase, and the balance within a fortnight from the date of Sale.

W. WRIGHT,
P. S. Ameen.

CUTTACK. P. S. AMEEN'S COURT,
The 19th November 1866.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এতদ্দারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাতার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজি ১৮৬৬ সালের ১৪ ডিসেম্বর তারিখে মোতাবেক সন ১২৭৩ বাঙ্গালা তারিখ ৩০ অগ্রহায়ন রোজ শুক্রবার এই কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলাম করা যাইবেক ইতি সন ১৮৬৬ ইংরাজি তারিখ ২২ নবেম্বর।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

২৫৬২ নং তরফ রামভদ্র কাননগোয় মালিক অর্জুন বন ভারতি মোহন্ত ও বদ্রিজান বিবি ও ভৈরবচরণ ও চণ্ডীচরণ ও ছাকআলি মুনশী ও দুর্গাচরণ দাস ও গীরিশচন্দ্র দাস ও ইন্দ্রনারায়ণ চৌধুরী ও কালাচরন ও মাগন দাস ও মহরুল্লা মুনশী ও নিত্যানন্দ সেন ও পীতাম্বর ও পীতাম্বর কাননগোয় ও রাজচন্দ্র ও রামদাস ও রামমোহন সেন ও রামসুন্দর সেন ও রাধাকান্ত ভারতি ও রামসুন্দর ও কালীকিঙ্কর মোহন্ত ও তারিণীশঙ্কর কাননগোয় ও ত্রিপুরাচরণ ও অম্বদাচরণ ও নিত্যানন্দ সেন ও ষষ্ঠীচরণ চৌধুরী ও চণ্ডীচরণ কর্ম্মী ও চণ্ডীচরণ কর্ম্মী ও চণ্ডীচরণ ধর ও বৈষ্ণবচরণ পোদ্দার ও রামসেবক পোদ্দার ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও অর্জুন ভারতি মোহন্ত ও গোলাম মোচন ও চণ্ডীচরণ ধর ও রামসেবক বনিক ও আবদুল্লা নালানদার ও ষষ্ঠীচরণ ও ঈশানচন্দ্র কাননগোয় ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও দিগম্বর সেন ও উজির আলি প্রকাশ পোতন ও তারিণীচরণ বিশ্বাস ও হরিদাস দে ও গোকুলচন্দ্র দে ও আরাধন দের ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও রামসাগর ধর ও ভদাচরের মধ্যে রামসুন্দর সেন ও তস্য ভ্রাতা রামমোহন সেন ও দুর্গাদাস ও ছাদক আলি মুনশী ও নিত্যানন্দ সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও চণ্ডীচরণ কর্ম্মী ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও পীতাম্বর কাননগোয় ও গোলাম মোচন ও ঈশানচন্দ্র কাননগোয় ও অবশিষ্ট হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ষষ্ঠীচরণ চৌধুরীর মং ৩৯।১২ পাই জমার বাকিপড়া হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ৯২০।৵০

২৫৮৮ নং নীলাম রামমোহন ইমাম সরিপ মালিক রামমোহন সেন ও রামসুন্দর সেন সদর জমা ৫৫০।৶৬

G. L. HARRIS,
Offg. Collector.

NOTICE

Is hereby given that a Sale of 82 serviceable and 19 unserviceable logs of Saul wood, lying at Dhamrah Ghât, belonging to the Madras Government, measuring about 10 to 15 feet long and varying in circumference from 4 to 6 feet, will be put up to Public Auction at the Cutcherry of the Collector of Balasore on Tuesday, the 15th January 1867, at noon, and sold to the highest bidders.

BALASORE
COLLR.'S OFFICE,
The 28th November 1866.

H. MUSPRATT,
Collector.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে খবর জানান যাইতেছে যে ধামরাঘাটে মান্দ্রাজ গবর্ণমেণ্ট এলাকায় ৮২ টা কর্ম্মাক্ষিম ও ১৯ টা অকর্ম্মাক্ষিম কাষ্ঠ কি তাহার পরিমাণ ১০ ফুট হইতে ১৫ ফুট লম্বা ও ৪ ফুট হইতে ৬ ফুট মোটা যাহা উক্ত স্থানে পড়ে আছে আগত সন ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৫ তারিখ মঙ্গলবার দুই প্রহরের সময়ে বালেশ্বর জেলার কালেক্টর সাহেবের কাছারিতে নীলাম হইবেক যে ব্যক্তি বেশী দর ডাকিবেক তাহাকে দেওয়া যাইবেক ইতি।

এচ মসপ্রাট,
কালেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৫ ডিসেম্বর।]

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৬ সালের ২৮ সেপ্টম্বর পর্য্যন্ত বাকি মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৬ সালের ২২ ডিসেম্বর মোতাবেক সন ১২৭৩ সালের ৮ পৌষ তারিখে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক সন ১৮৬৬ সাল তারিখ ২৪ নবেম্বর।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়ওগয়রহ সদর জমা	...	৫৭৮০৶৫
পুলিস	...	৬৪৶৪
		৫৮৪৪৸৯
১৬৭ নং ডিহি হুবড়া পং পাঁজনোর মালিক ঈশ্বরচন্দ্র মুস্তফীদিং সদর জমা	...	৫৭১৯॥৶২
পুলিস	...	৬২৸০
		৫৭৮২।৶২
২১৬ নং ডিহি গোবরা পং পলাসি সেবারাম সাঞ্জিদিং সদর জমা	...	১০৭৫॥৭
পুলিস	...	১০।৬
		১০৮৫৸৴১
৩৭১ নং ডিহি নাকাসীপাড়া পং বাগোয়ান শান্তিরাম রায়ওগয়রহ সদর জমা	...	৩৮২৯৶০
পুলিস	...	৪১৸৶৯
		৩৮৭১৶৯

টেম্পরারি বন্দোবস্তী মহাল।

২৭৬৯ নং চর লতিডাঙ্গা গোড়ভাঙ্গা পং রাজপুর মালিক নবীনচন্দ্র মুখুর্য্যা সদর জমা	...	৬৩৭৴৮

সন ১৮৬৬ সাল তারিখ ২৩ নবেম্বর।

H. ULICK BROWNE,
Collector.

জিলা যশোহর।

জেলা যশরের নীলামের সংবাদ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত জেলার নিম্ন লিখিত মহাল বর্ত্তমান সনের ২৮ সেপ্টম্বর পর্য্যন্তর বাকী জমার নিমিত্তে সন ১৮৬৬ সালের ৮ ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ২৪ অগ্রহায়ন রোজ শনিবার জেলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৬ সাল তারিখ ১৫ নবম্বর।

দ্বিতীয় শ্রেণীর মেয়াদি বন্দবস্ত হওয়া মহাল।

তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা ও মালেকের নাম	সদর জমা	
৫৮	চাঁদখালী মোং সুন্দরবন বন্দবস্তগৃহীতা ৺ রামচন্দ্র ঠাকুর দিগর সেবাইত উমানাথ চৌধুরী মেয়াদ ইং ১২৬৫ নাং ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব।	১১৯০৸০	৪৪২৬ নং চক খড়িয়া ডেমশাখালির কিস্তিবন্দীর লিখিত মং ২৭৮৭৲৭ টাকা আদায় নিমিত্ত এই মহাল কিস্তিবন্দী দাতা উমানাথ চৌধুরীর যে স্বত্ব ও লভ্য আছে তাহা নীলাম হইবেক।
৪৯২১	মোং সুন্দরবন পং সিলমাবাদ চক বাঁশবাড়িয়া বন্দবস্তগৃহীতা দুর্গাচরণ বন্দপাধ্যায়দিগর ইং ১২৬৫ নাং ১২৮৪ সাল ১২৭৩ সাল রসদ পুরা আবাদকারি স্বত্ব।	১২৬২৶০	
৪৯২২	মোং ঐ পং ঐ চক গাজিরঘাট বন্দবস্তগৃহীতা রামকানাই গুহদিগর ১২৬৫ সালহইতে ৯৯ বৎসর আবাদকারি স্বত্ব।	৮৯৬৸৶৩	

J. MONRO,
Offg. Collector.

MIDNAPORE MUNICIPALITY.

Bye-Laws under Act III. (B. C.) of 1864.

"The following Bye-Laws having received the sanction of His Honor the Lieutnant-Governor of Bengal, are published according to Section LXXXV of Act III (B. C.) of 1864, for general information, any person having any objection to offer is requested to communicate it to the undersigned.

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1 Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending ...	May be levied on and after
31st July.	1st May.
" Oct.	" Aug.
" Jan.	" Nov.
30th April	" Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one, to the subordinate officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein in the manner hereinafter described.

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect ; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to shew this certificate if required.

4. The collecting officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named therein in person ; but if such personal presentation be found impossible, the bill shall be left at his usual place of abode, and such delivery shall be deemed to be the presentation required by Section 44.

মেদিনীপুরস্থ মিউনিসিপালীটি।

সন ১৮৬৪ সালের বঙ্গদেশের মন্ত্রিসভার ৩ আইন সংক্রান্ত উপবিধি।

নিম্নের লিখিত উপবিধি বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মঞ্জুর পরে সাধারণের জ্ঞাতার্থে সন ১৮৬৪ সালের বঙ্গদেশের মন্ত্রিসভার ৩ আইনের ৮৫ ধারার মর্ম্মানুযায়ি প্রকাশ করা গেল এই উপবিধিতে যদ্যপি কাহারো কিছু আপত্তি থাকে তবে সেই ব্যক্তি নিম্নের স্বাক্ষরকারির নিকট জানাইবে।

টাকুস আদায় করিবার কাল ও ধারা সুনিয়ম বিষয়ক উপবিধি।

১। এই আইন অনুসারে প্রত্যেক কোয়ার্টারের যে টাকুস প্রাপ্য হইবেক তাহা সেই কোয়ার্টরের প্রথম হইতেই প্রাপ্য বলিয়া গণ্য করিতে হইবেক এবং ঐ কোয়ার্টরের আরম্ভ হইতে যে কোন সময়েই হউক আদায় করা যাইতে পারিবেক অর্থাৎ ৩১ জুলাই তারিখে যে কোয়ার্টার শেষ হইবেক তাহার প্রাপ্য টাকুস ১ মেই অথবা তাহার কোন সময় পরে আদায় করা যাইবেক সেইমত ৩১ অকুটোবর ৩১ জানুআরি ও ৩০ আপ্রিল তারিখসকলে যেং কোয়ার্টার শেষ হয় তাহাদের প্রাপ্য টাকুস ১ আগস্ট ১ নবেম্বর ও ১ ফেব্রুআরি এই সকল তারিখে অথবা ঐং কোয়ার্টরের ঐং তারিখের পর কোন সময়ে আদায় করা যাইতে পারিবেক।

২। এই আইনের ২৯ ও ৩৯ ধারার মর্ম্মমতে যে সকল ফিরিস্তি হইয়াছে ঐ সকল ফিরিস্তি অনুসারে তহসিলদারেরা ৪৪ ধারামত বিল প্রস্তুত করিবেক। এই প্রকার বিল প্রস্তুত হইলে কমিস্যনরদিগের অথবা তাঁহাদিগের তরফ সম্পাদক থাকিলে তাঁহার স্বাক্ষর সম্বলিত অধীনস্থ তহসিল আমলার জিম্মা করিয়া দিতে হইবেক এবং পরে ঐ সকল আমলা কর্ত্তৃক বিলের লিখিত নাম ও নিম্ন লিখিত প্রণালীমতে জারি করিয়া দিবেক।

৩। প্রত্যেক তহসিল আমলাকে আদায় করণ ক্ষমতাস্বরূপ এক খানি সর্টিফিকেট দেওয়া যাইবেক ঐ সর্টিফিকেটে মিউনিসিপাল মোহর ও সভাপতির স্বাক্ষর করিয়া দিতে হইবেক। আর তহসিলদারেরা আদায় করণ কালীন যদি কেহ ঐ সর্টিফিকেট দেখিতে চাহে তবে তাহাকে দেখাইবে।

৪। তহসিল আমলা আদায় করণ কালীন যে টাকা লইবেক তাহার রসিদ দিতে হইবেক।

৫। যদি কোন মালিকের নামের ঠিকানা না পাওয়া যায় তাহা হইলে নোটিস, বিল, অথবা অন্য কোন কাগজে কেবল অমুক বিষয়ের মালিকের নামে টাকুস ধার্য্য করা গেল বলিলেই প্রচুর হইবেক আর কিছু লিখিতে হইবেক না।

৬। এই আইন অনুসারে টাকুস আদায় করণের বিল টাকুস দেনদারের হস্তে দিতে পারিলেই ভাল হয় কিন্তু যদি এরূপ হস্তে দেওয়া অসম্ভব বোধ হয় তাহা হইলে তাহার বাসস্থানে রাখিয়া আইলেই ৪৪ ধারামত দাখিল বলিয়া গণ্য করা যাইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৪ ডিসেম্বর।]

7. The officer to whom a bill may be issued for presentation, shall receive the amount of such bill at the time of presentation, or at any time within ten days from the date on which the bill shall have been first presented by him.

8. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in Section 81 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rupees 5 for the omission, and to a penalty not exceeding Rupees 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rupees 5, provided that nothing in this Bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

9. Every owner, occupier, or other person, shall permit the Commissioners, or any one appointed by them, under a written authority, for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any coach-house or stable in which there is reason to believe that there is any vehicle or animal liable to taxation under Section 35 of the Act. Any person obstructing the Commissioners, or any person duly authorized by them in making such entry and inspection, shall be liable to a fine not exceeding Rupees 20.

10. Every distraint made under the Act shall be executed by the collecting officer, unless the Commissioners may otherwise direct, and the property distrained shall, pending sale or recovery from the defaulter of the amount due, remain in charge of the collecting officer, who shall deliver a list in the Form C., prescribed in the Act, of the property distrained.

11. Immediately on distraint the distraining officer shall post upon the house of the defaulter a notice of sale, fixing a day for the sale, not less than seven days from the date of the distraint; and on the day of sale notice shall be given by beat of drum.

12. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such

[*Government Gazette*, *4th December* 1866.]

৭। যে আমলার হস্তে বিল সকল জারিকরণ জন্য সমর্পণ করা যায় সে বিল জারি করিবার সময় অথবা সেই দিবস হইতে ১০ দিবসের মধ্যে কোন সময়ে ঐ টাকা লইতে পারিবে।

৮। যে কোন ব্যক্তির নিকট কমিস্যনরেরা আইন মোতাবক কোন তফসিল অথবা রিটারণ তলব করিবেন ঐ তলব পত্রিকার লিখিত তারিখ হইতে সপ্তাহ কাল মধ্যে এই আইনের ৮১ ধারার প্রণালীমতে দাখিল করিবে এ বিষয়ে যে ব্যক্তি ত্রুটি করিবে তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক জরিমানা হইবেক আর এক বার সতর্ক হইলেও যদি পুনঃরায় ঐ প্রকারে ত্রুটি করে তাহা হইলে ঐ সতর্কতার পর যে কএক দিন ঐ প্রকার ত্রুটি করিবেক প্রত্যেক দিন দুই২ টাকার অনধিক জরিমানা দিতে হইবেক যদি কোন ব্যক্তি মিথ্যা অথবা অশুদ্ধ f ডিউল কি রিটারণ দেয় তাহা হইলে তাহার ৫ পাঁচ টাকা জরিমানা হইবেক কিন্তু দণ্ডবিধি আইনানুসারে যাহার প্রতিকূলে ফৌজদারী আদালতে নালীশ রুজু করিতে পারা যাইবেক তৎপক্ষে ঐ আইনে কিছুমাত্র প্রতিবন্ধকতা নাই।

৯। প্রত্যেক দখিলকার, মালিক অথবা অন্য কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কিম্বা তাঁহাদিগের কর্তৃক লিখিত আদেশমত বাহালি কোন ব্যক্তিকে সূর্য্যউদয় ও অস্ত কাল মধ্যে কোন গাড়ি অথবা অশ্বশালার ৩৫ ধারামত টাকুস হওন যোগ্য কোন গাড়ি অথবা ঘোড়া আছে বলিয়া যাইতে চাহিলে তাহাকে যাইতে ও তদন্ত করিতে অনুমতি করিবেক যদি কোন ব্যক্তি কমিস্যনরদিগকে কি তাঁহাদের নিযুক্ত কোন ব্যক্তিকে এইরূপ যাইয়া তদন্ত করিতে প্রতিবন্ধক করে তবে তাহার ২০ কুড়ি টাকার অনধিক অর্থদণ্ড হইবেক।

১০। কমিস্যনরেরা অন্য মত আদেশ না করিলে এই আইনঅনুসারে ক্রোক সকল তহসিলদারদিগের কর্তৃক হইবেক আর ক্রোকি মাল সকল বিক্রয় হওন কাল পর্য্যন্ত অথবা দেনদারের নিকট টাকা আদায় না হওয়া পর্য্যন্ত তাহাদের জিম্মায় থাকে ও তাহারা আইনের সি চিহ্নিত ফারম মোতাবেক ঐ সকল দ্রব্যের একটা ফিরিস্তি করিয়া দেয়।

১১। ক্রোক করার পরক্ষণেই ক্রোককারি আমলা দেনদারের বাটীতে ৭ দিবসের কম না হয় বিক্রয়ের তারিখ লিখিয়া এক নোটিশ জারি করিয়া দিবে পুনরায় বিক্রয়ের তারিখে ঢেণ্ডারার দ্বারায় ঘোষণা করাইতে হইবেক।

১২। নীলামের পরক্ষণেই বিক্রীত বস্তুর মূল্য খরিদারের নিকট লইয়া মাল তাহাকে দেওয়া হইবেক এবং যদি খরিদার তাহার ডাক মত সমস্ত টাকা দিতে না পারে তবে ক্রোককারি আমলা বিবেচনা মতে পুনরায় ঐ দিবসে কিম্বা অন্য কোন দিবসে নীলাম করিতে পারিবেক এবং এই নীলামে যে কিছু কমিস্যনরদিগের

case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

13. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

14. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

15. Whenever it shall be proved to the satisfaction of the Chairman that any person in the employ of the Commissioners has been guilty of any violation of duty, or wilful breach or neglect of any rule, regulation, or order made or given by competent authority, or has withdrawn from the duties of his office without permission, or without having given previous notice for the period of one month, or has done any act by the performance of which, or has omitted to do any act by the non-performance of which, the Commissioners shall have suffered, or may have incurred the risk of suffering loss or injury, or has failed to perform any duty with all due diligence, or has been guilty of any act of insubordination towards any superior officer, or has accepted or obtained, or agreed to accept or attempted to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than authorized remuneration, in respect of any official act, or has in his official capacity given any information which he knows or believes to be false, or has committed any offence punishable under any law, such person shall be liable to punishment by fine not exceeding one month's pay, or by suspension from office for such period as the Chairman may fix, or by degradation, or by summary dismissal from his situation, in addition to any penalty to which he may be liable under the provisions of any law. Any person so dismissed shall be liable, at the discretion of the Chairman, to forfeit all pay and allowances due to him, not exceeding the pay and allowances for one month.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ৪ ডিসেম্বর।]

ক্ষতি বোধ হইবেক তাহা প্রথম খরিদারের নিকট হইতে প্রাপ্য টাকার ন্যায় আদায় করা যাইবেক।

কমিসন্যরদিগেরকর্তৃক বহালি আমলাগণের চরিত্রের সুনিয়ম করিবার বিষয়।

১৩। কমিসন্যরদিগের বহালি যে সকল আমলাদিগের কার্য্য আর আবশ্যক হইবে না তাহাদের এক মাসের পূর্ব্বে নোটিশ দিয়া অথবা অগ্রিম এক মাসের বেতন দিয়া বরখাস্ত করা যাইবেক এবং কোন আমলা কর্ম্ম ত্যাগ করিতে হইলে ও এক মাস পূর্ব্বে নোটিশ না দিয়া ছাড়িতে পারিবে, না ছাড়িলে তাহার এক মাসের বেতন নষ্ট হইবে।

১৪। যে সকল ব্যক্তিরা এক্ষণে কমিসন্যরদিগের অধীন কর্ম্ম করিতেছে অথবা অতপরনিযুক্ত হইবে তাহাদিগের নিকট জামিন চাহিলে যে টাকার পরিমাণে কমিসন্যরেরা সময়ে২ নির্দ্ধারিত করিয়া দিবেন সেই পরিমাণে জামিন দিতে হইবেক এবং যদি কোন আমলা উপযুক্ত সময়ের মধ্যে অথবা কমিসন্যরেরা যে সময় নির্দ্ধারিত করিয়া দিবেন ঐ সময়ের মধ্যে জামিন দিতে না পারে তাহা হইলে সেই আমলা কর্ম্মচ্যুত হইবেক।

১৫। যখন সভাপতির সন্তোষ জনক প্রমাণ হইবেক যে কমিসন্যরদিগের বাহালি কোন আমলা কোন কর্ত্তব্য কর্ম্মের লঙ্ঘন অথবা জানিয়া শুনিয়া কোন আইন নিয়ম অথবা উপযুক্ত ক্ষমতার প্রদত্ত কোন হুকুম লঙ্ঘন করিয়াছে অথবা বিনানুমতিতে কি এক মাস পূর্ব্বে সংবাদ না দিয়া কর্ম্ম পরিত্যাগ করিয়াছে অথবা এমত কোন কর্ম্ম না করায় অপরাধ করিয়াছে যদ্দ্বারায় কমিসন্যরেরা কোন ক্ষতি সহ্য করেন কি সহ্য করিবার সম্ভাবনা হয় অথবা কোন কার্য্য শীঘ্র না করা অথবা কোন প্রকারে উপরিস্থ আমলার প্রতি অবজ্ঞা করা অথবা যথার্থ বেতন সেওয়ায় আপনার নিমিত্তে হউক বা অন্য কোন ব্যক্তির নিমিত্তে হউক কাহার নিকট সরকারি কার্য্য সম্বন্ধে কোন উৎকচ গ্রহণ করিয়াছে কিম্বা প্রাপ্ত হইয়াছে অথবা সরকারি কার্য্যে থাকিয়া মিথ্যা জানিয়া কোন সংবাদ প্রদান করিয়াছে অথবা কোন আইন মোতাবেক দণ্ডনীয় কোন অপরাধ করিয়াছে, তবে এমত ব্যক্তিকে এক মাসের বেতনের অনধিক টাকা জরিমানা অথবা সভাপতির নিরাকরণ মধ্যে কিছু দিনের নিমিত্তে সসপেন্সন অথবা নিম্ন পদে অধোগতি করিয়া অথবা সরাসরিরূপে এক কালীন পদচ্যুত করিয়া দেওয়া প্রভৃতি দণ্ড আইনানুযায়ি দণ্ডের সহিত দেওয়া যাইতে পারিবেক এবং সভাপতির বিবেচনা অনুসারে এপ্রকার বরখাস্তি ব্যক্তির যে কিছু বেতন বাকি থাকে তাহা এক মাসের অধিক না হইলে সমস্ত কর্ত্তন করিয়া লইতে পারেন।

16. The Chairman or Vice-Chairman may originate, receive, or enquire into a complaint of misconduct or neglect in the performance of duty against any person employed by the Commissioners.

17. Nothing herein contained shall be held to debar the Commissioners from instituting proceedings in any Civil Court having jurisdiction against any person being, or having been, in their employ, with a view to the recovery or damages for any loss or injury which they may have sustained in consequence of any act done, or omitted to be done, by such person.

On matters of Conservancy.

18. The external walls of huts, and other buildings, about to be erected or renewed in or near any public highway, shall not be made of grass, leaves, mats or other such inflammable materials, and the external roofs of huts or other buildings about to be erected or renewed in or near any public highway declared to be a highway for the purposes of this second part of this section shall not be made of any such inflammable materials.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

19. No person shall dig any tank, pond, well, ditch, or other excavation in or close to any highway without the written permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

20. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout, or other thing, intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, 1 Rupee daily.

21. No person shall deposit, or cause to be deposited, in, or by the side of, any public drain, any substance or thing whereby the said drain is, or may be, in any way obstructed.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

22. No person shall construct, or place over or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind,

১৬। সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি কমিস্যনরদিগের যাহাদি কোন আমলার নামে অসদাচরণ কিম্বা সরকারি কার্য্যের ত্রুটি সংক্রান্ত নালিশ রুজু করিতে, গ্রহণ করিতে অথবা তাহার তদন্ত করিতেও পারিবেন।

১৭। এ আইন মধ্যে কোন অংশ এমত নাই যাহাতে কমিস্যনরেরা নিজ অধীন আমলাগণের কর্তৃক কোন হানি হইলে পর তাহার ক্ষতিপূরণের নিমিত্ত দেওয়ানী আদালতে নালিশ করিতে পারেন না।

পারিপাট্য বিষয়ক নিয়ম।

১৮। সরকারী বড় রাস্তার নিকট কোন কুঠির কিম্বা কোন ইমারৎ প্রস্তুত হইবার কি পুনঃনির্ম্মাণ করার উদ্যোগ হইলে তাহার বাহিরের দেওয়াল খড়, পাতা, চাটাই অথবা অন্য কোন জ্বলনীয় পদার্থে তৈয়ার হইতে পারিবে না, এবং এই ধারার এই দ্বিতীয় অংশের মর্ম্ম সকল জন্য যেই রাজপথ প্রকাশ্যরূপে স্থির হইয়াছে সেই রাজপথের ধারে যে কুঠির কিম্বা ইমারৎ প্রস্তুত অথবা পুনঃনির্ম্মাণের উদ্যোগ হইবে তাহার বাহিরের ছাদ কোন জ্বলনীয় বস্তুতে নির্ম্মাণ হইবেক না।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরীমানা হইবেক আর নোটিশ দেওয়ার পর পুনরায় উল্লঙ্ঘন করিলে প্রতিদিন ৩৲ তিন টাকা করিয়া জরীমানা হইতে থাকিবেক।

১৯। কোন ব্যক্তি কোন রাজপথে কি তাহার নিকট পুষ্করিণী, কি কূপ, গর্ত্ত অথবা কোন প্রকার কোন গর্ত্ত কমিস্যনরদিগের লিখিত অনুমতি বিনা খোদিত করিতে পারিবে না।

এই আইন উল্লঙ্ঘনে ১০৲ দশ টাকা জরীমানা হইবেক এবং নোটিশ প্রাপ্ত হওয়ার পর পুনরায় লঙ্ঘন করিলে কি রোজ ৩৲ তিন টাকা করিয়া জরিমানা হইতে থাকিবে।

২০। কোন ব্যক্তি কোন ঘরে অথবা ইমারতের জল চালাওনের নিমিত্তে কোন নালী কি অন্য কোন দ্রব্য এমত অবস্থায় না রাখে যাহাতে করিয়া জলনির্গত হইয়া কোন সাধারণ রাস্তায় পড়ে।

এই আইন উল্লঙ্ঘন করিলে ৫৲ পাঁচ টাকা জরিমানা হইবেক এবং নোটিশ দেওয়ার পর পুনরুল্লঙ্ঘন করিলে কি রোজ ১৲ এক টাকা করিয়া জরিমানা হইতে থাকিবে।

২১। কোন ব্যক্তি কোন সাধারণ নরদমার মধ্যে তাহার নিকট এমত কোন দ্রব্য রাখিতে পারিবে না যদ্দ্বারায় উক্ত নরদমা কোন প্রকারে রুদ্ধ হইয়া যায় অথবা হইতে পারে।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক আর নোটিশ পাইয়াও পুনঃলঙ্ঘন করিলে প্রতিদিন ৩৲ তিন টাকা করিয়া জরিমানা হইতে থাকিবে।

২২। কমিস্যনরদিগের বিনা লিখিত অনুমতিতে ও তাঁহারা যে প্রকারে আদেশ করিবেন তদ্ভিন্ন অন্য প্রকারে কোন ব্যক্তি কোন সরকারি রাস্তার নিকটস্থ

except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

23. Any person being the owner of any fallen trees or shrubs, or the owner or occupier of the land on which such trees or shrubs may have been growing, shall remove them after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

24. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice, within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

25. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

26. No person shall steep in any tank, or ditch, within municipal limits, any jute, hemp, or other vegetable matter, likely to render the water of such tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2.

27. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 4 daily.

28. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly

নরদমার উপর কি তাহার পার্শ্বে কোন পুল, তক্তা, এমারৎ অথবা কোন প্রকার কোন দ্রব্য নির্ম্মাণ করিতে কিম্বা রাখিতে পারিবে না।

এই আইন উল্লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক আর নোটিশ দেওয়া যাইলে পর পুনরুল্লঙ্ঘন করিলে প্রতিদিন ৩৲ তিন টাকা করিয়া জরিমানা হইতে থাকিবে।

২৩। যে কোন ব্যক্তির অধিকারে কোন পতিত বৃক্ষ অথবা ঝোড় থাকে অথবা তাহার অধিকারে এমত জমী থাকে যাহাতে এমত পতিত বৃক্ষ কি ঝোড় আছে তাহা হইলে উক্ত মালিক উক্ত দ্রব্য সকল সংবাদ প্রাপ্তের পর কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট সময় মধ্যে তফাৎ করিয়া ফেলিবে।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক আর নোটিশ পাইয়াও পুনরুল্লঙ্ঘন করিলে প্রতিদিন ২৲ দুই টাকা করিয়া জরিমানা হইতে থাকিবে।

২৪। যদি কোন সরকারি রাস্তার উপর অথবা কোন সাধারণ নরদমার উপর কাহারো কোন বাটী দেওয়াল অথবা অন্য কোন ইমারৎ কি তাহার কিয়দংশ পড়ে তাহা হইলে উক্ত বাটী দেওয়াল অথবা ইমারতের মালিক নোটিশ পাইলে কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট সময় মধ্যে তাহা উঠাইয়া ফেলিবে।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক আর নোটিশ দেওয়ার পর পুনরুল্লঙ্ঘন করিলে প্রতিদিন ৫৲ পাঁচ টাকা করিয়া জরিমানা হইতে থাকিবেক।

২৫। কোন ব্যক্তি প্রথমত কমিস্যনরদিগের সম্মতি না লইয়া কোন সরকারি রাস্তার মধ্যস্থল দিয়া কোন খাল কাটাইতে কিম্বা কোন খালের দ্বারায় জল লইয়া যাইতে পারিবে না।

লঙ্ঘনে ১০৲ দশ টাকা জরিমানা আর নোটিশ পাওয়ার পর পুনরুল্লঙ্ঘন করিলে প্রত্যহ ২৲ দুই টাকা করিয়া জরিমানা হইতে থাকিবেক।

২৬। কোন ব্যক্তি মিউনিসিপালিটীর অন্তর্গত কোন পুষ্করিণী অথবা খালেতে পাট কিম্বা শণ অথবা যদ্দ্বারায় এমত পুষ্করিণী কি খালের জল নিকটস্থ প্রতিবাসিগণের হানি জনক হইতে পারে এমত সকল দ্রব্য তাহাতে ভিজাইতে পারিবে না।

নিয়ম লঙ্ঘনে ৫৲ পাঁচ টাকা জরিমানা সংবাদ প্রাপ্তের পর পুনরুল্লঙ্ঘনে ২৲ দুই টাকা জরিমানা।

২৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের লিখিত অনুমতি ব্যতীত কোন নালা কি জল পথ রুদ্ধ করিতে পারিবেন এবং কমিস্যনরেরা সাধারণের স্বাস্থ্যতার নিমিত্ত এমত প্রতিবন্ধকতা উঠাইয়া দিতে পারিবেন।

লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক এবং নোটিষ পাইয়া ও পুনরুল্লঙ্ঘন ৪৲ চারি টাকা প্রতিদিন।

২৮। কোন নালার কিম্বা জল পথের কোন তটের-মালিক কি দখিলকার আপন অধিকারের তট ময়লা ও ঘন বৃক্ষ বদ্ধন অথবা অন্যান্য প্রতিবন্ধক হইতে পরিষ্কার রাখিবে এবং সকল সময়েই কমিস্যনরদিগকে অথবা তাঁহাদের পক্ষ কোন ক্ষমতা প্রাপ্ত কর্ম্মচারিকে

authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

29. No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes.

Penalty for infringement, Rupees 5; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

30. No owner, occupier, or farmer, of any bazar or shop, shall keep the same in other than a clean and proper state; and every such owner, occupier, or farmer, shall, without any delay, cause any meat, fish, or vegetable matter in a noxious state or unfit for food to be at once removed to a place to be notified to him by the Municipal Commissioners. No such owner, occupier, or farmer, shall obstruct any person, appointed by the Commissioners for that purpose, from entering and inspecting any such premises at any time between sun-rise and sun-set.

Penalty for infringement, Rupees 20.

31. No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways, or other thoroughfares, in any bazar, by exposing for sale or accumulating any thing on any such lane, walk, bye-way, or thoroughfare.

Penalty for infringement, Rupees 10.

32. No person shall perform any office of nature in any place outside private premises, other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

33. No person shall build, or cause to be built, or keep, after prohibition by the Commissioners, any tatee, privy, or urinal, within 5 feet of any public road or street, or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, Rupees 10; penalty for continued infringement after notice, Rupees 3 daily.

34. No person shall make the door of any private privy to open directly on any public thoroughfare; any person having the door of his privy so constructed, shall alter it upon receipt of notice to that effect from the Commissioners.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 2 daily.

[*Government Gazette 4th December* 1860.]

কোন সাধারণ পরিপাট্যের বিষয় সমন্ধে ঐ নালা কি জলপথ দৃষ্টি করিতে যাইতে দিবেক।

লঙ্ঘনে ১০৲ দশ টাকা জরিমানা ও সংবাদ পাইয়া পুনরুল্লঙ্ঘন করিলে প্রতি দিন ৫৲ পাঁচ টাকা করিয়া জরিমানা হইতে থাকিবেক।

২৯। কোন ব্যক্তি বন্দ করা খোঁয়াড়ের মধ্যে ব্যতীত কখন কোন শূকর ছাড়িয়া দিতে পারিবে না।

লঙ্ঘন করিলে ৫৲ পাঁচ টাকা জরিমানা এবং নোটিশের পর পুনরুল্লঙ্ঘন করিলে প্রতি দিন ২৲ দুই টাক করিয়া জরিমানা হইতে থাকিবেক।

৩০। কোন বাজার অথবা দোকানের মালিক কি দখিলকার কি ইজারদার আপন দোকান পরিষ্কার উপযুক্ত অবস্থায় ব্যতীত রাখিতে পারিবেন এবং এমত দোকানদার কি ইজারদার খাদ্য অনুপযুক্ত পচা মাংস মৎস্য অথবা উদ্ভিজ্জ যদ্দারায় সাধারণের স্বাস্থ্যতার হানি হইতে পারে তাহা অবিলম্বে মিউনিসিপাল কমিসানরদিগের কর্তৃক নির্দ্দিষ্ট কোন স্থানে স্থানান্তর করে। এমত ইজারদার কি দোকানদার কমিসানরদিগের বাহালি কোন ব্যক্তি ঐ কারণ নিমিত্ত সূর্য্যোদয় অস্ত কাল মধ্যে কোন সময়ে ঐ বাটীর মধ্যে তদন্ত করিবার নিমিত্ত প্রবেশ করিতে চাহিলে তাহাকে কোন প্রতি বন্ধক করিবে না।

লঙ্ঘন করিলে ২০৲ কুড়ি টাকা জরিমানা।

৩১। কোন ব্যক্তি কোন প্রকারে বিক্রয় করিবার নিমিত্ত দ্রব্যাদি কোন বাজারের সাধারণ রাস্তায় কি গলিতে অথবা অন্য প্রকার পথে রাখিয়া তাহা রুদ্ধ করিতে পারিবে না এবং কাহাকে ও রুদ্ধ করিতে দিবে না।

উক্ত লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক।

৩২। কোন ব্যক্তি বাটীর বাহিরে কমিসানরদিগের নির্দ্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোন স্থানে মল মূত্র পরিত্যাগ করিতে পারিবে না কিন্তু যদি ঐ বাহিরের স্থান কমিসানরদিগেরকর্তৃক নির্দ্দিষ্ট হইয়া থাকে তাহা হইলে তথায় পরিত্যাগ করিতে পারে।

এই আইন লঙ্ঘনে ১০ দশ টাকা জরিমানা।

৩৩। কোন ব্যক্তি কমিসানরদিগেরকর্তৃক নিষেধ হইলে টাটি, পায়খানা অথবা প্রস্রাব পরিত্যাগের স্থান কোন সরকারী রাস্তা কি গলি হইতে ৫ পাঁচ ফিটের মধ্যে তৈয়ার করিতে কি রাখিতে পারিবে না অথবা এমত উঠানেও রাখিতে পারিবে না যাহা রাস্তা হইতে ঐ নির্দ্দিষ্টরূপ দূরবর্ত্তি নহে।

এ আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা এবং সংবাদ পাইয়া পুনরুল্লঙ্ঘন করিলে প্রতি দিন ৩৲ তিন টাকা করিয়া জরিমানা হইতে থাকিবেক।

৩৪। কোন ব্যক্তি সরকারী রাস্তার সম্মুখে পায়খানার দ্বার রাখিবে না এবং কাহারো ঐ প্রকার দ্বার থাকিলেও কমিসানরদিগের নিকট হইতে ঐ সম্বন্ধে নোটিশ পাইবামাত্র পরিবর্ত্তন করিবে।

লঙ্ঘন করিলে ২০৲ কুড়ি টাকা জরিমানা আর নোটিশ পাইলে পর পুনঃরুল্লঙ্ঘন করিলে প্রতি দিন ২৲ দুই টাকা করিয়া জরিমানা হইতে থাকিবেক।

35. No person shall carry night-soil through the streets, except between the hours of midnight and sun-rise, or otherwise than in a closely covered receptacle, or use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil.

Penalty for infringement, Rupees 20.

৩৫। কোন ব্যক্তি রাত্রি ২ প্রহর হইতে সূর্য্যোদয় সময়ের মধ্যে কোন সময় ব্যতীত অন্য কোন সময়ে সরকারী রাস্তা দিয়া ময়লা লইয়া যাইতে পারিবেক না কিম্বা অন্য সময়ে লইয়া যাইতে হইলে আচ্ছাদিত পাত্র করিয়া লইয়া যাইবেক এবং এই সকল ময়লা রাখিবার নিমিত্তে কমিস্যনরদিগেরকর্ত্তৃক নিরূপিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে ফেলিতে পারিবে না।

লঙ্ঘনে ২০৲ কুড়ি টাকা জরিমানা।

36. No person shall suffer any offensive matter from any manufactory, place of business, stable, or cook-house, to flow into any river, nullah, canal, tank, or surface drain.

Penalty for infringement, Rupees 20; penalty for continued infringement after notice, Rupees 5 daily.

৩৬। কোন ব্যক্তি কারখানাঘর, কর্ম্ম স্থান, আস্তাবল অথবা বাবুরচিখানাহইতে কোন হানিজনক দ্রব্য কোন নদী, নালা, খাল, পুকুর অথবা খোলা নরদামায় ফেলিতে পারিবে না।

এই আইন লঙ্ঘন করিলে ২০৲ কুড়ি টাকা জরিমানা হইবেক এবং নোটিশ পাইয়া পুনঃরুল্লঙ্ঘন করিলে প্রতি দিন ৫৲ পাঁচ টাকা জরিমানাহইতে থাকিবেক।

37. No person shall keep filth, dirt, dung, bones, dead bodies, rubbish, or other matter of a noisome kind, for more than twelve hours, in such a place or manner as to cause annoyance to any person, or injury to the public health.

Penalty for infringement, Rupees 20.

৩৭। কোন ব্যক্তি, বিষ্ঠা, ময়লা, গোবর, হাড়, মৃত দেহ জঞ্জাল অথবা অন্য কোন হানিজনক দ্রব্য বার ঘন্টার অধিক এমত কোন স্থানে কি প্রকারে রাখিতে পারিবেক না যাহাতে কোন ব্যক্তির অথবা সাধারণ রাস্তার হানি হয়।

লঙ্ঘনে ২০৲ কুড়ি টাকা জরিমানা।

38. All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited on the side of the road near the entrance of the premises from which it has come, between the hours of midnight and 8 A. M.

Penalty for infringement, Rupees 10.

৩৮। যে সকল জঞ্জাল ও ধুলি ময়লা প্রভৃতি স্থানান্তর করাইবার ভার কমিস্যনরেরা গ্রহণ করিয়াছেন তাহা যে সকল বাটী হইতে নিক্ষিপ্ত হয় ঐ বাটীর দ্বারদেশে সরকারী রাস্তার পার্শ্বে রাত্রি দুই প্রহর হইতে বেলা ৮ আট ঘন্টার মধ্যে রাশীকৃত করিয়া রাখিতে হইবেক।

লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা।

39. No refuse resulting from any business, trade, or profession, shall be removed by the Municipal Commissioners, except on payment for removal at such rate as the Commissioners may determine; and any expense incurred on this account shall be recoverable as a debt due to the Commissioners.

৩৯। মিউনিসিপাল কমিস্যনরেরা কোন ব্যবসার কার্য্য অথবা কারখানা হইতে উৎপন্ন কোন ময়লা তাহাদের নির্দ্দিষ্ট দর অনুসারে খরচা না দিলে স্থানান্তর করিবে না এবং এই নিমিত্ত যে কিছু খরচা হইবেক তাহা কমিস্যনরদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করা যাইবেক।

40. All dust, dirt, ashes, rubbish, sewerage, soil, dung, and filth collected from the highways, houses, privies, sewers, and cess-pools by the Municipal Commissioners, shall be the property of the Commissioners, who shall have power to sell or dispose of the same as they may think proper, and the money arising from the sale thereof, shall be applied to the purposes of the District Municipal Improvement Act.

৪০। যে সকল ময়লা মাটি, ছাই জঞ্জাল প্রভৃতি অন্যান্য দ্রব্য রাস্তা বাটীর পায়খানা এবং নরদমা হইতে মিউনিসিপল কমিস্যনরেরা সংগ্রহ করে তাহা তাঁহাদের সম্পত্তি ও ঐ সকল দ্রব্য ভাল বিবেচনা হইলে বিক্রয় করিতে ও পারিবে এবং এইরূপ বিক্রয় হইতে যে টাকা উৎপন্ন হইবেক তাহা শহরের উন্নতির কার্য্যে নিয়োজিত হইবেক।

41. Every person, within whose premises any animal may die, shall, before the dead body becomes offensive, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass; and in cases where the Com

৪১। যে কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিবেক সে ঐ মৃত পশু পচিয়া যাইবার পূর্ব্বে হয় নিজের খরচে কমিস্যনরদিগের নির্দ্দিষ্ট স্থানে ফেলাইয়া দিবে কিম্বা যে এলাকায় ঐ বাটী সেই ডিবিজানের কন্সারবেন্সী ওবারসিএরের নিকট খবর দিবেক কিন্তু তাহা হইলে ঐ ওবারসিএরকে মৃত দেহ স্থানান্তর করার খরচা দিতে হইবেক কিন্তু যদি ঐ ব্যক্তি ঐ পশুর মালিক না হয় আর যদি যথার্থ মালিক জানিতে পারা যায় তাহা হইলে তাহারই নিকট এই টাকা কর্জের ন্যায় আদায় করা হইবেক। কন্সারবেন্সী ওবারসিয়ারকে কোন

said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rupees 10.

42. No person shall let any diseased or worn-out animal stray into any highway.

Penalty for infringement, Rupees 20.

43. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may, from time to time, be appointed by the Commissioners for the reception of such carcasses.

Penalty for infringement, Rupees 10.

44. No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground.

Penalty for infringement, Rupees 10.

45. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than 4 feet from the surface ground.

Penalty for infringement, Rupees 10.

46. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than 5 feet deep. Every such grave shall be filled in with at least 2 feet of pressed earth below the leval of the ground.

Penalty for infringement, Rupees 10.

47. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 3 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

48. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

49. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

50. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or

মৃত দেহ সরাইবার জন্য ডাকিলেই যাইতে ত্রুটি করিবে না।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক।

৪২। কোন ব্যক্তি কোন পীড়িত কি জীর্ণপশু কোন সরকারী রাস্তায় ছাড়িয়া দিবে না।

এই আইন লংঙ্ঘনে ২০৲ কুড়ি টাকা জরিমানা।

৪৩। পশুর মৃত দেহ ফেলাইবার জন্য কমিস্যনরেরা সময়ে২ যে স্থান নিরূপণ করিয়া দিবেন ঐ স্থান ব্যতীত অন্য কোন স্থানে কোন ব্যক্তি কোন মৃত দেহ অথবা তাহার কোন অংশ রাখিয়া আসিতে পারিবেক না।

আইন লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৪৪। আইন নির্দ্দিষ্ট শ্মশান ঘাট অথবা কবর স্থান ব্যতীত অন্য কোন স্থানে কেহ কোন শব কিম্বা শবের কিয়দংশ দাহ করিতে অথবা গোর দিতে পারিবেক না।

লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক।

৪৫। পাকা কবর হইলে কফিনের উপরি ভাগ অথবা কফিন না থাকিলে শব মৃত্তিকাহইতে ৪ ফিট নীচে কবর দিতে হইবেক এমত প্রণালী ব্যতীত অন্য কোন প্রণালীতে কোন ব্যক্তি কোন শব কি তাহার কিয়দংশ কোন গোরোস্থানে গোর দিতে অথবা দেওয়াইতে পারিবেক না।

এই আইন লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরীমানা হইবেক।

৪৬। কবর কাঁচা হইলে পাঁচ ফিট গভীর ভিন্ন কেহ তাহাতে কোন শব অথবা তাহার কিয়দংশ গোর দিতে পারিবেক না ঐ রূপে প্রত্যেক গোরে জমিনের নীচে ন্যূন সংখ্যা ২ দুই ফিট মাটি সুন্দররূপ চাপা দিয়া ভর্ত্তি করিতে হইবেক।

লঙ্ঘন করিলে ১০৲ দশ টাকা জরিমানা হইবেক।

৪৭। অন্য কবর হইতে তিন ফিটের কম দূরে কোন নূতন কবর কেহ খুদিতে অথবা নির্ম্মাণ করিতে কিম্বা করাইতে পারিবেক না।

এই আইন লঙ্ঘন করিলে ২০৲ টাকা জরিমানা হইবেক।

৪৮। কবর স্থানে কমিস্যনরেরা যে রেখা নির্ণয় করিয়া দিবেন সেই রেখা ব্যতীত অন্য কোন রেখায় কেহ কোন কবর স্থান খুদিতে কি নির্ম্মাণ করিতে অথবা খোদাইতে কি নির্ম্মাণ করাইতে পারিবেক না।

এই আইন লঙ্ঘন করিলে ২০৲ কুড়ি টাকা জরিমানা হইবেক।

৪৯। কমিস্যনরদের বিনানুমতিতে একবার ব্যবহার্য্য হওয়া কবরের উপর পুনরায় কাহাকেও গোর দেওয়া যাইবেক না।

লঙ্ঘন করিলে ২০৲ কুড়ি টাকা জরিমানা হইবেক।

৫০। যে কোন ব্যক্তি দাহ করিবার নিমিত্ত কোন শব অথবা তাহার কোন অংশ কোন শ্মশানে আনি-

part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 6 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

51. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

52. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

53. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

54. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

Miscellaneous.

55. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any houses building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

56. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number, shall be liable to a fine of Rupees 5.

57. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or the Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

58. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৬। ৫ ডিসেম্বর।]

